



# মহানিৰ্বাণতত্ত্ব ।

মূল ও অনুবাদ ।

ভট্টপল্লী-নিবাসী

পণ্ডিতবর শ্রীপঞ্চানন তর্করত্ন কর্তৃক  
সম্পাদিত ।

কলিকাতা,

১৪১ কলুটোলা স্ট্রীট, বঙ্গবাসী-শ্রীম-মোগিন প্রেসে

শ্রীঅরুণোদয় রায় দ্বারা

মুদ্রিত ও প্রকাশিত ।

১৩০৪ সাল ।

মূল্য ১/০ বায় আনা মাত্র ।



## সূচীপত্র ।

|                                                                                                                                                                                                                                       |     |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----|
| প্রথম উল্লাস ।—মহাদেবের নিকট ভগবতীর প্রণোপক্রম, মহাদেবের অনুমতি-<br>দান এবং দেবীকর্তৃক কলিকাল-প্রাপ্ত মানবগণের নিস্তারোপায় জিজ্ঞাসা ...                                                                                              | ১   |
| ২য় উল্লাস ।—মহাদেব কর্তৃক প্রণ-প্রশংসা, কলিকালে "ভগবত অবলম্বনীয়"<br>এই আদেশ, প্রণোক্ত্যরত্ত, ব্রহ্মস্বরূপ-কথন, ব্রহ্মোপাসনা-প্রশংসা এবং ব্রহ্ম ও<br>আদ্যা এতদুভয়ের উপাসনার তুল্যতা কথন ...                                         | ৮   |
| ৩য় উল্লাস —ব্রহ্মোপাসনা-বিধি-বিষয়ে দেবীর প্রশ্ন ও মহাদেবের উত্তর দান ...                                                                                                                                                            | ১৪  |
| ৪র্থ উল্লাস ।—ভগবতী কর্তৃক নিজ সাধন বিষয়ে বিধি জিজ্ঞাসা, মহাদেবের<br>তত্বস্বরূপ, কলিকালে পশুভাবের নিষেধ, আদ্যাস্বরূপ কথন, কুলাচার-প্রশংসা,<br>কলিযুগ নিরূপণ এবং কুলাচার অনুসারে সর্বকর্মের কর্তব্যতা নিরূপণ ...                      | ৩১  |
| ৫ম উল্লাস ।—বিশেষরূপে আদ্যা-সাধন-কথন, আত্মাহিক কৃত্য, সুবিদ্যা-<br>শোধন, আদ্যামন্ত্রোক্ত্যর, বটোস্থাপন এবং পঞ্চতন্ত্র-সংস্কারাদি কথন ...                                                                                              | ৪২  |
| ৬ষ্ঠ উল্লাস ।—বিশেষরূপে পঞ্চতন্ত্র জিজ্ঞাসা, তত্বস্বরূপ কথন, ত্রিপাত্র-স্থাপন-<br>প্রকার-এবং হোমচক্র করণাদি কথন ...                                                                                                                   | ৬৫  |
| ৭ম উল্লাস ।—আদ্যার স্তোত্র, কবচ, পুরাণগ্রন্থ, কুল ও কুলাচার-তত্ত্বাদিকথন ...                                                                                                                                                          | ৮৭  |
| ৮ম উল্লাস ।—ধর্ম, আশ্রম ও বর্ণাশ্রমের আচার বিষয়ে ভগবতীর প্রশ্ন,<br>মহাদেবের তত্ত্ব-কথন প্রসঙ্গে শৈববিবাহ, ভৈরবাচরণ ও তত্ত্বচক্রের অনুষ্ঠান এবং<br>সম্যাসম্বন্ধ কথন ...                                                               | ১১১ |
| ৯ম উল্লাস ।—কুশতিকা ও দশবিধ সংস্কার কথন ...                                                                                                                                                                                           | ১২৫ |
| ১০ম উল্লাস ।—বুদ্ধিশ্রদ্ধা-বিধি, বুদ্ধিশ্রদ্ধা ও কুশতিকা-কাল, হেতু জিজ্ঞাসা,<br>পঞ্চদেবতা ও মাতৃকা-পূজাদির কর্তব্যতা, বুদ্ধিশ্রদ্ধা, পার্শ্বিন, একাদিষ্ট, অশৌচ,<br>শ্রোতশ্রদ্ধা ও শ্রোতোদেহোদ্যানাদি এবং পূর্বাভিষেকের প্রকরণ কথন ... | ১৫৫ |
| ১১ম উল্লাস ।—অকৃত-বর্ণাশ্রমধর্ম মানবের উপায় জিজ্ঞাসা, তত্বপায়<br>নির্দেশ এবং রাজধর্ম ও আয়শ্চিন্তা-বিধি ...                                                                                                                         | ১৭০ |

১২শ উল্লাস ।—দায়ভাগ-ব্যবস্থা ... ১৯৪

১৩শ উল্লাস ।—মহাকালীরূপের সম্ভাবনা জিজ্ঞাসা, তৎকর্তৃন-প্রসঙ্গে দেবতা  
ও জলাশয়াদি প্রতিষ্ঠা, বাস্তব্যাগ, গ্রহবাগ এবং দেবালয়াদির উৎসর্গবিধি ... ২০৭

১৪শ উল্লাস ।—অচল শিবলিঙ্গের প্রতিষ্ঠাবিধি ও ফলদিবসে ভগবতীৰ প্রণা,  
মহাদেবের তৎফল ও তদ্বিধি কথন ; প্রতিষ্ঠিত শিবলিঙ্গের পূজাবোধে ও  
দেবতার অন্তর্বেকল্যে কর্তব্যাতোপদেশ ; জ্ঞান ও কর্মের জন্ত জনকতা ; জ্ঞান  
ব্যতিরেকে মুক্তির অসম্ভবতা কথন এবং চতুর্বিধ অধুতলক্ষণ নির্দেশ .... ২৩৭

# মহানির্বাণতন্ত্রম্ ।

## প্রথম উল্লাসঃ ।

স্মিতীশাশ্বত্রে বসন্তে নানারূপ-  
শোভিতে । নানাবৃক্ষলতাকর্ণে নানাপক্ষিরবে-  
শুতে ॥ ১ ॥ সর্বভুতুমাগোদী-মোদিতু স্তম্বনো-  
হবে । শৈত্যমোগন্যামান্যচ্যমকটিকপবী-  
জিতে ॥ ২ ॥ অমরোণমঙ্গীত-কলধ্বনি নিন-  
দিতে । স্থিরচ্ছায়ামচ্ছায়াম্ছাদিতে স্নিগ্ধ-  
মঞ্জুষ্ম ॥ ৩ ॥ মত্তকোকিলসুন্দোহ-সংঘট-  
বিপিনান্তরে । সর্বদা সগঠৈঃ সাক্ষিগৃহবাজ-  
নিষেবিতৈ ॥ ৪ ॥ সিদ্ধচারণ-গন্ধর্ব-গাণ-  
পত্যগঠৈবৃতে । তত্র মৌনধরং দেবং চরা-

নানা প্রকার বহু দ্বারা উপশোভিত,  
বিবিধ বৃক্ষলতায় পরিব্যাপ্ত, নানা পক্ষিব-  
যুক্ত, সর্ব স্বতন্ত্র পুষ্প-গন্ধে আত্মোদিত,  
স্তম্বনোহর, শৈত্য-মোগন্যামান্যযুক্ত বায়ু  
দ্বারা উপবীজিত, অমরোণমঙ্গীত মঙ্গীতজাত  
মধুর ধ্বনি দ্বারা শব্দিত, অচঞ্চল-ছায়ামুক্ত-  
রম্যচ্ছায়া দ্বারা আচ্ছাদিত, স্নিগ্ধ অথচ  
মঞ্জুল অর্থাৎ সুন্দর, মত্ত কোকিল-সংঘ  
দ্বারা সম্যক শব্দিত-বনান্তরং সর্ব সময়ে  
ব্রহ্মাদির সহিত বাহুরাজ বসন্ত কর্তৃক  
সেবিত, সিদ্ধ চারণ গন্ধর্ব-গাণপত্য সকল,

চবঙ্গগদগদম্ ॥ ৫ ॥ সদাশিবঃ সদানন্দঃ  
করণ্যমুত্তমামরম্ । কপু রক্তা ধবলঃ সাক্ষদ্য-  
ময়ঃ বিভূম্ ॥ ৬ ॥ দিগম্বরঃ দীনাথঃ  
যোগীশ্বরঃ যোগিবহ্নঃম্ । গঙ্গানীকরমঃসিদ্ধ-  
জটামণ্ডলমণ্ডিতম্ ॥ ৭ ॥ বিভূতিভূষিতঃ  
শান্তঃ ক্যালমালাঃ কপালিনম্ । ত্রিলোচনঃ  
ত্রিলোকেশঃ ত্রিশূলবরধারিনম্ ॥ ৮ ॥ আত-  
তোষঃ স্ত্রানমঃ কৈবল্যফলদায়কম্ । নিমি-  
কমঃ নিরাতমঃ নিকীলেশঃ নিরঞ্জনম্ ॥ ৯ ॥

দ্বারা আবৃত,—এই প্রকার রমণীয় নিরীক্ষা  
অর্থাৎ কৈলাস পর্বতের নিখর। মৌনোন্মী,  
চরাচর ভগবতের স্বরূপ, দক্ষ-ভূতের সমুদ্র,  
কপু ব এবং কুন্দপুষ্পের ছায় শ্রেতবর্ণ, পরি-  
শুদ্ধ মত্তমগ্নময়, ব্যাপক পুরম সিদ্ধপদ-  
পরিধায়া, দীন মকলের নাথ, স্তম্ব যোগি-  
শেষ্ঠ, যোগিবর্ষে । প্রিয়, গঙ্গা জলকণ দ্বারা  
মহাসত্তা জটাসমূহে মণ্ডিত, ভ্রম দ্বারা অল-  
কিত, শান্ত অর্থাৎ সংযতাক্ষকরণ, স্বপমালা-  
য় । নর-কপালমালা, ত্রিলোকের অধ্বজ,  
ত্রিশূ দারী, আততোষ, স্ত্রানময়, নিমি-  
কফলদাতা, নিকীলকম, জালকারবিত্ত, নিরঞ্-

সর্বেষং হিতকর্তারং দেবদেবং নিরাময়ম্ ।  
 ঐশ্বর্যবদনুর্ বীক্ষ্য লোকানাং হিতকাম্যয়া ।  
 বিনয়াবনতা দেবী পার্শ্বতী শিবমব্রবীৎ ॥১০॥  
 শ্রীপার্কভূবাচ । দেবদো জগন্নাথ মন্নাথ  
 করুণানিধে । ত্বদধীনাশ্মি দেবেশ ত্বাক্ষ-  
 কারিণী সদা ॥ ১১ ॥ বিনাজ্ঞয়া ময়া কিকি-  
 দ্ভ্যসিতুং নৈব শক্যতে । কৃপাবলেনো মযি  
 চেৎ স্নেহোহস্তি যদি মাং প্রীতি । তদা নিবে-  
 দ্যতে কিকিমনসা যদ্বিচারিতম্ ॥ ১২ ॥ ত্বদন্তঃ  
 সংশয়শ্চাস্ত কস্ত্রিলোক্যাং মহেশ্বর । ছেত্তা  
 ভবিতুমর্হি বা সর্বজ্ঞঃ সর্বশাস্ত্রবিৎ ॥ ১৩ ॥  
 শ্রীসদাশিব উবাচ । কিমুচ্যতে মহাপ্রাজ্ঞে

শেষ, নিরঞ্জন, নিরাময়, সকলেব হিতকর্তা,  
 দেব-দেব, ঐশ্বর্য-বদন, সদানন্দ সদাশিব  
 দেবকে দর্শন করিয়া বিনয়াবনতা পার্শ্বতী-  
 দেবী লোকহিতার্থে তাঁহাকে কহিলেন  
 ১—১০ । পার্শ্বতী কহিলেন,—হে দেব-  
 দেব জগন্নাথ মন্নাথ করুণানিধে । আমি  
 ত্বদধীনা । হে দেবেশ । আমি সর্বদা  
 তোমার আর্জ্যকারিণী, তোমার আদেশ  
 ব্যতিরেকে কিকি কহিতে সমর্থ নহি ।  
 যদি আমাতে কৃপালেন থাকে এবং যদি  
 আমাতে স্নেহ থাকে, তবে, আমার মনে  
 কিকিৎ য'হা বিচারিত হইয়াছে, তাহা  
 নিবেদন করি । হে মহেশ্বর ! ত্রিলোকীর  
 মধ্যে তোমা অপেক্ষা অন্য কোন ব্যক্তি এই  
 সংশয়ের ছেদন করিতে যোগ্য হইবে ?  
 তুমি সর্বজ্ঞ এবং সর্বশাস্ত্রবেত্তা ১১—১৩ ।  
 সদাশিব কহিলেন,—হে মহাপ্রাজ্ঞে । হে

কথ্যতাং প্রাণবল্লভে । যদকথ্যং গণেশেহি  
 সন্দে সেনাপতঙ্গপি ॥ ১৪ ॥ ত্বাং কথয়ি-  
 যামি স্নোগোপ্যমপি যদ্বৈবৎ । কিমস্তি ত্রি-  
 লোকেযু গেষ্টিনীযং তবাগ্রতঃ ॥ ১৫ ॥ মম  
 রূপাসি দেবি ত্বং ন ভেদোহস্তি ত্বয়া মম ।  
 সর্বজ্ঞা কিং ন জানাসি ত্বনভিজ্ঞেব পৃচ্ছসি ॥  
 ১৬ ॥ ইতি দেববচঃ শ্রুত্ব পার্শ্বতী হৃষ্টমানসা  
 বিনয়াবনতা সাধ্বী পরিপত্রচ্ছ শঙ্করম্ ॥ ১৭ ॥  
 শ্রীমাদ্যোবাচ । ভগবন্ সর্বভূতেশ সর্বধর্ম-  
 বিদাংবব কৃপাবত্বা ভগবতা ক্রমাস্তুর্যামিণা  
 পুরা ॥ ১৮ ॥ প্রকাশিতাঃ চতুর্বেদাঃ সর্ব-  
 ধর্মোপবৃংহিতাঃ । বর্ণাশ্রমাদিনিয়মা যত্র চৈব

প্রাণবল্লভে । তুমি কি কহিতে ইচ্ছা করি-  
 য'ছ, তাহা বল । স্নোগোপ্য হইলো, শ্রিয়-  
 পুত্র গণেশ এবং সেনাপতি কার্ত্তিকেরকেও  
 যাহা অকথ্য, তাহা তোমার আগ্রহ কহিব ।  
 ত্রিলোকীতে তোমার আগ্রহ কি গোপনীয়  
 তা'ছে ? হে দেবি ! তুমি আমানন্দ রূপ,  
 তোমার সহিত আমার ভেদ নাই । তুমি  
 সর্বজ্ঞ ; কি না জান যে, অনভিজ্ঞের  
 ছায় জিজ্ঞাসা করিতেছ ? এই প্রকার  
 মহাদেবের বাক্য শ্রবণ করিয়া হৃষ্টমানসা  
 সাধ্বী পার্শ্বতী বিনয়াবনতা হইয়া শঙ্করকে  
 জিজ্ঞাসা করিলেন ১৪—১৭ । আনন্দা কহি-  
 লেন,—হে ভগবন্ ! হে সর্বভূতেশ ! হে  
 সর্বধর্মবিদাংবব । তুমি যদৈশ্বর্যশালী,  
 কৃপাবান এবং সকলের অন্তর্যামী ; তোমা  
 দ্বারা পূর্বে চতুর্বেদ প্রকাশিত হইয়াছিল ।  
 এই বেদ সকল দ্বারা সর্ব ধর্ম বৃদ্ধি-প্রাপ্ত

প্রতিষ্ঠিতাঃ ॥ ১৯ ॥ তদুক্তযোগমজ্ঞা দৈ-  
কর্ম্যভির্ভুবি মানবাঃ । দেবানাং পিতৃনৃপীণ-  
যন্তঃ পুণ্যশীলাঃ কৃত্য যুগে ॥ ২০ ॥ আধায়-  
ধান-তপসা দয়া-দানৈর্জিতে দিযাঃ । মহা-  
বলা মহাবীৰ্যা মহামত্তপাক্রমাঃ ॥ ২১ ॥  
দেবায়তনগা মর্ত্যা দেবকন্ধ্যা দৃঢ়ব্রতঃ ।  
সত্যধর্মপরাঃ সর্বৈ মাধবঃ সত্যবাদিনঃ ॥ ২২ ॥  
রাজানঃ সত্যমকল্যাণঃ প্রজাপালনতঃপরঃ ।  
মাতৃবৎ পরধোষিৎসু পুত্রবৎ পরসু ॥ ২৩ ॥  
লোষ্ট্রবৎ পরবিস্তেযু পশুস্তো মানবাস্তদা ।  
অসিনু বধর্মনিরতাঃ সদা সন্মানিত্বিনঃ ॥  
২৪ ॥ ন মিথ্যাত্তামিণঃ কেচিৎ প্রমাদরতঃ

এবং বর্ণাশ্রমাদির নিয়ম প্রতিষ্ঠিত হই-  
যাচ্ছে। সেই বেদোক্ত বর্ণ যজ্ঞাদি রূপ  
কর্ম সকল দ্বারা পৃথিবীতে পুণ্যানীল মানব  
সকল, কৃত অর্থাৎ সত্যযুগে দেবতা সক-  
লকে এবং পিতৃগণকে প্রীতিমুক্ত করিয়া-  
ছিলেন। ১৮—২০। সেই সত্যযুগে মানব-  
গণ আধায়, ধ্যান, তপসা, দয়া ও দানাদি  
দ্বারা জিতেছিলেন। তাহারা মহা-  
বল, মহাবীৰ্য্য এবং অত্যন্ত সত্যপবাক্রম  
ছিলেন। তাহারা মরণধর্মশীল মানব হই-  
যাও দেবায়তনগ অর্থাৎ স্বর্গাদি নামে সমর্থ,  
দেবভূষা, দৃঢ়নিয়মাবলম্বী, সকলেই সাধু,  
সত্যধর্মপর, সত্যবাদী ছিলেন। সেই যুগে  
রাজবর্গ সত্যমকল এবং প্রজাপালন-তঃপর  
ছিলেন; তাহাদের পরস্পরিতে মাতৃবৎ প্রজা,  
পরপুত্রে পুত্রভূষা মেহ ছিল। তদানীন্তন  
মানবগণ পরধন লোষ্ট্র-সদৃশ দেখিতেছেন:

কচিৎ । ন চৌরা ন পরমোহকারকা ন  
ভূরাশ্রয়াঃ ॥ ২৫ ॥ ন মৎসরা নাতিজ্ঞে-  
নাতিপ্রকা ন কামুকাঃ । মদন্তঃকরণাঃ সর্ব-  
সর্বদানন্দমানসাঃ ॥ ২৬ ॥ ভূময়ঃ সর্ব-  
শত্রুচাঃ পরজ্ঞাঃ কালবর্ধিণঃ । গাবোহপি  
ভূমসম্পরাঃ পাদপাঃ কলশালিনঃ ॥ ২৭ ॥  
নাকালমৃতাশ্চ ব্রাহ্মীণ ভূক্তিমাং ন বা কল্যঃ ।  
অষ্টাঃ পুষ্টাঃ সদারোগ্যাস্তোষো-রূপ-অণা-  
বিভাঃ ॥ ২৮ ॥ শ্রিয়ো ন ব্যভিচারিণাঃ পতি-  
ভক্তিপবায়ণাঃ । ভ্রাক্ষণাঃ শ্রীতিয়া বৈশা-  
শ্রুদঃ আচারবর্জিনঃ ॥ ২৯ ॥ তৈবৈ শ্রৈবৈ

তঁহারা অবর্ম-নিরত ও সম্পদাশ্রয়ী  
ছিলেন। সেই সত্যযুগে কোন ব্যক্তিই  
মিথ্যাবাদী, কোন মময়েই কেহ প্রমাদরত,  
চৌর্য্যবৃত্তি-অবলম্বী, পরমোহকারক ও ভূরা-  
শ্রয় ছিল না। ২১—২৫। কোন ব্যক্তিই  
মৎসর, অতিজ্ঞেয়ী, অতি-লোভী, কামুক  
ছিল না। সকলেই মদন্তঃকরন, সর্বদা  
আনন্দ-আনন্দ ছিলেন। সেই কালে ভূমি  
সকল সর্বশত্রুচা, মেনসকল যথাকালে  
বর্ধনকারী, গো সকল বজ্রকন্যতী, ব্রহ্ম সকল  
প্রচুর কলশালী ছিল। সেই যুগে কোন  
জীব অকালে মৃত্যুমুখে পতিত হইত না,  
ভূক্তি বা রোগ হইত না। প্রজাবর্গ সকলে  
অষ্টপুষ্ট, সর্বদাই আশ্রয়িত, তেজ রূপ ও  
কলমস্পন্ন ছিলেন। শ্রীলব অবর্মভট্টানি  
এবং পতিভক্তি-পরায়ণা ছিলেন। সেই  
সত্যযুগে ভ্রাক্ষণ, অরিয়, বৈশ্য ও শূদ্রগণ  
আচারবর্জী হইয়া বিত্ত নিয়ন্ত্রণ

যজ্ঞন্ত্যস্তে নিস্তারপদবীং গতঃ । কৃত্যে বাতীতে  
 ত্রেতায়াং দৃষ্টা ধর্মব্যতিক্রমম্ ॥ ৩০ ॥  
 বেদোক্তকর্মভির্মর্ত্যানাং ন শক্তাঃ স্বেষ্টসাধনে ।  
 বহুক্রমকরং কর্ম বৈদিকং ভূবিসাধনম্ ॥  
 ৩১ ॥ কর্তুং ন যোগ্যা মনুজাশ্চিহ্নাব্যাকুল-  
 গানসাঃ । তজ্জুং কর্তুং ন চাইত্তি সদা  
 কাতরচেতসঃ ॥ ৩২ ॥ বেদার্থযুক্তশাস্ত্রাণি  
 স্মৃতিরূপাণি ভূতলে । তদা তুং প্রকটীকৃত্য  
 তপঃসাধ্যায়ত্নকর্মলান্ । লোকাঃ তাবয়ঃ পাপাদ  
 দুঃখশোকাময়প্রদং ॥ ৩৩ ॥ ত্বাং বিনা  
 কেহন্তি জীবানাং শোবসংসারসাগরে । ভর্তা  
 পাতা মমুক্তর্তা পিতৃপ্রদকং প্রভুঃ ॥ ৩৪ ॥

বিহিত ধর্ম্যানুষ্ঠানপূর্ণক সকলেই নিস্তার  
 পদবী প্রাপ্ত হইয়াছেন । সত্যযুগ অতীত  
 হইলে, এই সকল ধর্ম্যে । ব্যতিক্রম দৃষ্ট  
 হইল । তৎকালে মানবগণ বেদোক্ত কর্ম  
 সকল দ্বারা নিজ নিজ অতীষ্ট সম্পাদনে  
 সমর্থ ছিলেন না । তখন ভূবিসাধন সম্পন্ন  
 বৈদিক কর্ম বহুক্রমকর হইয়াছিল ; মনুষ্য  
 সকল চিন্তাতে ব্যাকুল হইয়া তদাচরণ  
 করিতে সমর্থ হন নাই । অথচ বৈদিক  
 কর্ম ভোগের নানা দোষ প্রবণ হেতু তাঁহারা  
 সেই কর্ম ভোগ করিতেও সমর্থ হন নাই ।  
 প্রভুত্ব হইয়া এই অসামর্থ্য জন্ত সর্বদাই  
 কাতর-চিন্ত ছিলেন । ২৬—৩২ । সেই  
 সময়ে আপনি ভূতলে স্মৃতিরূপ বেদার্থযুক্ত  
 শাস্ত্র সকলকে প্রকাশ করিয়াছিলেন ।  
 তদ্বারা দুঃখ, শোক, রোগপ্রব পাপ হইতে,  
 তপস্যা-সাধ্যায় বিয়য়ে দুর্কল লোক সকলকে

ওতোহপি দ্বাপরে প্রাপ্তে স্মৃত্যুক্তমুক্রতো-  
 জ্জনিতে ধর্ম্মলোপে মনুষ্যে আধিব্যাধি-  
 সমাকুলে । সংহিতার্হুপিদেশেন স্ত্রৈয়েবোক্তা-  
 বিতানবাঃ ॥ ৩৫ ॥ আয়াতে পাপিনি কলৌ  
 পির্বধর্ম্মবিলোপিনি । দ্বাচারে দুপ্রপক্ষে  
 দুষ্টকর্ম্মপ্রবর্ত্তকে ॥ ৩৬ ॥ ন বেদাঃ প্রভব-  
 ক্ষত্র স্মৃতীনাং শ্রবণং কৃতং । নানেন্তি-  
 হাসমুক্তানাং নানামার্গপ্রদর্শিনাম্ ॥ ৩৭ ॥  
 বহুনাং পুরাণানাং বিনাশোভবিতা বিজ্ঞো ।  
 তদা বোদ্ধা ভবিষ্যন্তি ধর্ম্মকর্ম্মবহির্মুখাঃ ॥  
 ৩৮ ॥ চ্ছজ্ঞান মদোন্মত্তঃ পাপকর্ম্মরতঃ  
 সদা । কামুকা লোভূপাঃ ক্রুরা নির্ভূগা দুর্ম্মখাঃ  
 শঠাঃ ॥ ৩৯ ॥ অজ্ঞানমদমত্তয়ো রোগ-শোক-

আপনি ভারণ করিয়াছেন । এই ভয়ানক  
 সংসার-সমুদ্রে আপনি ভিন্ন জীব সকলের  
 ভরণকর্তা, ব্রহ্মকর্তা, উদ্ধারকর্তা, পিতার  
 স্থায় প্রিয়কাবী প্রভু আর কে আছে ?  
 তৎপরে দ্বাপর যুগ প্রাপ্ত হইলে মনুষ্যের  
 স্মৃত্যুক্ত মুক্রতি ভাগ হইল ; ধর্ম্মার্হ লোপ  
 পাইল ; মনুষ্য,—মনোব্যথা ও ব্যাধি দ্বারা  
 আকুল হইল । তখন তোমাবর্ত্তক ব্যাসাধি-  
 রূপে সংহিতা শাস্ত্রাদির উপদেশ দ্বারা সেই  
 নর সকল উদ্ধার প্রাপ্ত হইয়াছে । তৎপরে  
 পাপরূপী, সর্বধর্ম্ম-বিলোপকারী, দ্বাচার  
 দুষ্কর্ম্ম-বিস্তারকারী, দুষ্টকর্ম্ম-প্রবর্ত্তক কলি-  
 যুগ আগমন করিল । এখন বেদ সকল প্রভু  
 অর্থাৎ নাক্তিগন নছেন ; স্মৃতি সকলের  
 শ্রবণ কোথায় ? নানা ইতিহাসমুক্ত নানা  
 পথ-প্রদর্শনকারী পুরাণ সকলের বিনাশ

সমাকুলঃ । নিঃশ্রীক নিৰ্বল নীচ নীচা-  
চারপরায়ণঃ ॥ ৪০ ॥ নীচমৎসর্গনিরতঃ পর-  
বিত্তাপহারকঃ । পরনিন্দাপরদোহ-পণীবাদ-  
পরাঃ খণ্ডাঃ ॥ ৪১ ॥ প-শ্রীহরণে পাপাঃ  
শঙ্কাভয়বিবর্জিতাঃ । নিরিন্দা মলিনা দীন-  
দরিদ্রাশ্চিররোগিণঃ ॥ ৪২ ॥ বিপ্রাঃ শূদ্র-  
সমাচারঃ সন্ধ্যাবন্দনবর্জিতাঃ । অযাজ্য-  
যাজকা লুকা দুর্বৃত্তাঃ পাপকারিণঃ ॥ ৪৩ ॥  
জ্ঞানভ্রান্তাশ্চৈব মূর্খা দান্তিকা হুপ্রাপকাঃ ।  
কথাবিক্রয়িণো ভ্রাতৃত্বপোষিতপরাডম্বাঃ ॥  
৪৪ ॥ লোকপ্রত্যাহারার্থম্ জপপুঞ্জপারাবণাঃ ।

হইবে। হে বিত্তো! পুরাণাদি শাস্ত্রের  
বিনাশ হইলে সেই সময়ে লোক সকল  
ধর্মকর্মবহির্মুখ হইবে এবং শ্রদ্ধা-রহিত  
হইয়া, মদেতে উন্মত্ত, পাপকর্মের বত,  
কামুক, অতি লুকা, নির্দয়, দুঃসুখ, শত্রু,  
স্বপ্ন, মন্দবুদ্ধি, রোগ-শোকে সমাকুল  
আকুল, শ্রী-রহিত, বল-রহিত, নীচ, নীচের  
আচার-পরায়ণ, নীচমৎসর্গে নিরন্তর রত,  
পরবিত্তাপহারক, পরনিন্দায় বত, পরদোহ-  
কারী, পরগণানি পরায়ণ হইবে। পরশ্রী  
হরণে পাপশকা ও ভয়বিবর্জিত হইবে এবং  
সকলে নির্দীন, মলিন, দীন, দরিদ্র, চিররোগী  
হইবে। ৩৩—৪২। বিপ্রা সকল, সন্ধ্যা-  
বন্দনাদি-বর্জিত হইয়া শূদ্রসম আচার-  
বিশিষ্ট হইবে এবং অযাজ্য অপকষ্ট জাতির  
যাজক, লুকা, দুর্বৃত্ত, পাপকারী, মিথ্যাবাদী,  
মূর্খ, দান্তিক, হুপ্র, কথাবিত্তারকারী, কত-  
বলকারী, সংসারহীন ও উপায়া-প্রত-পরায়ণ

পায়ণ্ডাঃ পালিতসম্রাটঃ সন্ধ্যাবন্দনবিবর্জিতাঃ ॥  
৪৫ কদাহারিঃ কদাচারী মৃতকামঃ শূদ্রসেবকাঃ ।  
শূদ্রমভ্যাজিনঃ জুরা বৃষগীরতিকামুকাঃ ॥ ৪৬ ॥  
দায়ুস্তি মনলোভেন পদানান্ নীচজাতিম্ ।  
ভ্রাতৃপাতিভ্রাতৃমেজাবৎ কেবলং শূদ্রোপেয়ম্ ॥  
৪৭ ॥ নৈব পানাদিনিয়মো ভক্ষ্যভক্ষ্য-  
বিবেচনম্ । ধর্মশাস্ত্রে সদা নিন্দা সাধুতোহা  
নিরন্তরম্ ॥ ৪৮ ॥ মৎসর্গলাপমাত্মনো ন ভোগে  
মনসি কচিৎ ত্বয়া ততানি তস্মাৎ জীনো-  
দ্ধাবণং ততঃ ॥ ৪৯ ॥ নিগমগমজাতানি  
ভুক্তিভুক্তিকরানি চ । দেবানাং যত্র দেবানাং  
মজাযজ্ঞাদিসাধনম্ ॥ ৫০ ॥ কথিতা বহনো

হইবে। তাহার লোক-প্রত্যাহার নিমিত্ত  
অপ-পুঞ্জ-পরাধন, পায়ণ্ডা-ব্যবহারী, অপ-  
নাকে পশ্চিম বলিয়া গাত্ৰকাণ্ডী এবং অজ্ঞা  
ও অজ্ঞি-রহিত হইবে। কলির ভাঙ্গণ  
সকল কদম্বা আহারী ও কদম্বা আচার-  
ব্যবহারে রত এবং মৃতক অর্থাৎ নিরোদর-  
ভ্রাতৃপাতি ভ্রাতৃমেজাবর্তী, শূদ্র-সেবক, শূদ্র মভ্যাজী,  
জুরা, শূদ্রপত্রিতে রতি-মভ্যাপেয় হইবে।  
ইহারা মনলোভে নিজ জ্ঞানকে নীচ জাতিতে  
দান করিলে, ইহাদিগের ভাঙ্গণমঙ্গলী চিত্র  
কেবল শূদ্রসংস্রব মানি পাইলে এবং ভাঙ্গণ-  
দিগের পানাদির নিয়ম এবং ভক্ষ্যভক্ষ্য-  
বিচার থাকিলে না। ইহারা মৎসর্গা ধর্ম-  
শাস্ত্রের নিন্দা ও সাধু সকলের মোহ  
করিলে। ৪৩—৫০। তাহাদের মনো-বন্দন  
মৎসর্গা আচার মাত্র থাকিলে না। জীনা-  
উদ্ধাবণের নিমিত্ত তেমা কষ্টক ভ্রাতৃপাতি

ভ্রাসাঃ স্থিতিস্থিত্যাদিশঙ্কণাঃ । বন্ধপদ্যাসনা-  
দীনি গদিতাত্ত্বপি ভূবিশঃ ॥৫১॥ পশু-বীর-  
দিব্যভাবৌ দেবতামন্ত্রসিদ্ধিদাঃ । শবাসনং  
চিত্তাবোহো মুক্তসাধনম্বেব চ ॥ ৫২ ॥ লতা-  
সাধনকর্মাণি ত্রয়োক্তানি সহস্রশঃ । পশু-  
ভাব-দিব্যভাবৌ স্বয়মেব নিবারিতৌ ॥ ৫৩ ॥  
কলৌ ন পশুভাবোহস্তি দিব্যভাবঃ কুতো  
ভবেৎ । পত্রং পুষ্পং ফলং তোয়ং স্বয়মে-  
বাহরেৎ পশুঃ ॥৫৪॥ ন শূদ্রদর্শনং কুর্ধ্যান্মনসা  
ন স্ত্রিয়ং স্মরেৎ । দব্যশ্চ দেবতাপ্রায়ঃ  
শুদ্ধান্তঃকরণঃ সদা ॥ ৫৫ ॥ ব্রহ্মাতীতো বী-  
বাগঃ সর্বভূতমমঃ স্মরী কলিকায়যুক্তানাং

কৃত হইয়াছে এবং ভোগ ও মুক্তিপ্রদ নিগম  
আগম ধর্ম-সমুদয়ও কৃত হইয়াছে । এই  
তন্ত্রাদি শাস্ত্রে দেবদেবীগণের মন্ত্র যজ্ঞাদি  
সাধন, স্থিতিস্থিতি সংহারস্বরূপ বহু ভ্রাস ও  
বন্ধ-পদ্যাসন আদি ২৩ প্রকার আসন কথিত  
হইয়াছে এবং দেবতা সকলের মন্ত্রসিদ্ধিপ্রদ  
পশুভাব, বীরভাব, দিব্যভাবও উক্ত হই-  
য়াছে । ইহাভে শবাসন, চিত্তাবোহন, মুক্ত-  
সাধন, লতাসাধনাদি অসংখ্য কর্ম সকল  
তোমা কর্তৃক উক্ত হইয়াছে । পরন্তু এই  
তন্ত্রশাস্ত্রে পশুভাব, দিব্যভাব, স্বয়ং তোমা  
কর্তৃক নিবারিত হইয়াছে । কলিতে পশু-  
ভাবই নাই; দিব্যভাব কি প্রকারে  
হইতে পারে ? কারণ, পশুভাবালসীদিগের  
কর্তব্য,--তাহারা পত্র, পুষ্প, ফল, জল,  
জগৎই-স্বাহরণ করিলে, শূদ্র দর্শন করিলে  
না, এবং মন, দ্বারাও স্ত্রী স্মরণ করিলে না ।

সর্বদান্ধিবচেতসাম্ ॥ ৫৬ ॥ মিট্রালম্ভম-  
জ্ঞানং ভাবশুদ্ধিঃ কথং ভবেৎ । বীর-  
সাধনকর্মাণি পঞ্চতন্ত্রাদিতানি চ ॥ ৫৭ ॥  
মদ্যং মাংসং তথা মৎস্তমুদোমৈথুনম্বেব চ ।  
এতানি পঞ্চতন্ত্রানি ত্রয়া প্রোক্তানি শঙ্কর ॥  
৫৮ ॥ কলিজা-মানবা লুন্নাঃ শিরোদরপরা-  
য়ণাঃ । লোভাৎ তত্র পতিযান্তি ন করি-  
যান্তি সাধনম্ ॥৫৯॥ ইন্দ্রিয়ানাং সুখার্থায় পীড়  
চ বহুশং মধু । ভবিষ্যন্তি মদোন্মত্তা-  
হিতবিবর্জিতাঃ ॥৬০॥ পরস্মীর্ষকাঃ কেচিদ্-  
দম্ভবো হিবো ভূবি । ন করিযান্তি তে মস্তাঃ

দিব্যভাবাপন্ন ব্যক্তি দেহতুলা হন, সর্বদা  
শুদ্ধান্তঃকরণ, ব্রহ্মসংহিতা, বাসনা-রহিত, সর্ব-  
ভূতে সমভাবাকামী, ক্ষমাবান হন । ইহ  
এক্ষণকার লোক কলির পাপযুক্ত, সর্বদা  
অস্থিরচিত্ত, মিট্রা ও আলম্ভে প্রসক্ত ।  
ইহাদের ভাবশুদ্ধি কি একাবে হইবে ?  
৫০--৫৭ । তে শঙ্কর । আপনা কর্তৃক  
পঞ্চতন্ত্র কথিত হইয়াছে, তাহাতে বীরসাধন  
উক্ত হইয়াছে ; মদ্য, মাংস, মৎস্ত, মুদ্রা,  
মৈথুন--এই পঞ্চতন্ত্র আপনি কহিয়াছেন ।  
কলি কাল-জাত মানুষ সকল লুন্না ও শিরো-  
দর-পরায়ণ ; তাহারা লোভ হেতু সেই  
পঞ্চতন্ত্রে পতিত হইবে, সাধন করিবে না ।  
তাহারা ইন্দ্রিয়সুখের নিমিত্ত বহুতর মধুপান  
করিয়া মদোন্মত্ত ও হিতাহিত-জ্ঞান-শূন্য  
হইবে । তাহাদের মধ্যে কোন কোন ব্যক্তি  
পঞ্চভোগ্যক অর্থাৎ পরস্মীর্ষকের ভাতিভব-  
কর্তা হইবে, বহুজন চৌধ্যবৃদ্ধি অবগামন

পাপ। যোনিবিচারণম্ ॥ ৬১ ॥ অতিপানাদি-  
দোষেণ রোগিণে। বহবঃ শ্রুতিমিতো । শক্তি-  
হীন। বুদ্ধিহীন। ভূত। চ বিকলেন্দ্রিয়াঃ ॥ ৬২ ॥  
হ্রদে গর্তে প্রান্তরে চ প্রাণাদাং পৰ্বতা-  
দপি । পতিমাস্তি মরিয়াস্তি মনুজা মপ-  
বিহ্বলাঃ ॥ ৬৩ ॥ কেচিদ্ধিবাঁদ্রিয়ান্তি শুক্লভিঃ  
স্বজনৈরপি । কেচিমোনা মৃতপ্রাণা অপরে  
বহুজ্ঞানকঃ ॥ ৬৪ ॥ অকার্যকারিণঃ ত্রুণা ধর্ম-  
মর্গবিলোপকৃঃ । হিতায় যানি কৰ্ম্মানি  
কথিতানি ত্বয়া প্রভো ॥ ৬৫ ॥ যুগ্মে তানি  
মহাদেব বিপরীতানি মানবে । কোবা যোগং  
করিয়ান্তি জ্ঞানজাতানি কেহপি বা ॥ ৬৬ ॥

করিবে ; মহাপাপী সেই মত সকল যোনি-  
বিচার করিবে না । ৬৮—৬২ । অপরিমিত  
পানাদি দোষে পৃথিবীতে মদবিহ্বল বহুজন  
শক্তিহীন, রোগ, বুদ্ধিহীন এবং বিকলেন্দ্রিয়  
হইয়া হ্রদে, গর্তে, প্রান্তরে, প্রাণাদ হইতে,  
পৰ্বতে হইতে পতিত হইবে এবং মৃত্যু  
লাভ করিবে । এই সকল মত লোকেবা  
কেহ বা শুক্লবর্গের সহিত ও স্বজনবর্গের  
নহিত বিবাদ করিবে ; কেহ বা মোনা-  
লম্বী হইবে ; কেহ বা অতি পান জ্ঞান  
মৃতপ্রাণ, কেহ বা বহুভাষী হইবে । ইহা-  
অকার্যকারী, ত্রুণকর্ম্ম এবং ধর্মপথ-  
বিলোপকরী হইবে । হে প্রভো । মহাদেব ।  
হিতসাধনের নিমিত্ত যে সকল কর্ম্ম আপনা  
কর্তৃক কথিত হইয়াছে, সেই সকল কর্ম্ম  
মানবগণের পক্ষে বিপরীত হইয়া পড়িলে ।  
কোন ব্যক্তি বা যোগাশ্রয় করিবে ? কোন

জ্ঞানপাঠং যন্ত্রলিখ্যং পুণ্যচর্য্যং জগৎপতে  
যুগধর্ম্মপ্রভাবেন স্বভাবেন কলৌ নরাঃ ॥ ৬৭ ॥  
ভবিষ্যন্ত্যতিদুর্লভাঃ সর্গদা পাপকারিণঃ ।  
তেযামুপাশ্রয়ং দীনেন কৃপয়া কথয় প্রভো ॥  
৬৮ ॥ আয়ুর্ব্যোগ্যবর্জ্যং বলবীৰ্য্যবিবর্জনম্ ।  
বিদ্যানুজ্ঞাপদং নৃণামপ্রায়শ্চতুষ্করম্ ॥ ৬৯ ॥  
যেন লোকা ভবিষ্যন্তি মহাবলপরাক্রমাঃ ।  
শুকচিহ্নাঃ পরহিতা মাতাপিতৃণাঃ শ্রিয়ক্ষরাঃ ॥  
৭০ ॥ সদাননিষ্ঠাঃ পুরুষাঃ পরদ্রোহ পরাধ্বাঃ ।  
দেবতা-শুক্রভক্তাশ্চ পুত্র-স্বজনপোষকাঃ ॥  
৭১ ॥ ব্রহ্মজ্ঞা ব্রহ্মবিদ্যাশ্চ ব্রহ্মচিন্তনমানসাঃ ।

ব্যক্তি বা জ্ঞানসমূহ করিতে শক্তি হইবে ?  
কেই বা জ্ঞান পাঠ করিবে ? কোন জন  
বা ধর্ম্মাধারে পূজা বা যজ্ঞধারণ করিবে ?  
কোন ব্যক্তি বা পুণ্যচরণ করিবে ? হে  
জগৎপতে । যুগধর্ম্ম-প্রভাবেন স্বভাবতই  
মনুষ্যাগণ অতি দুর্লভ এবং সর্গদা পাপ-  
কারী হইবে । হে দীনেন প্রভো । কৃপা  
করিয়া কলিযুগে মানবগণের নিস্তারোপায়  
বুঝ, যাহাতে তাহাদের আয়ু, আরোগ্য,  
তেজ, বল ও বীৰ্য্য বৃদ্ধি হয় ; বিদ্যা-বুদ্ধি  
প্রাপ্তি হয় ; আয়ু ব্যতিরেকে পরম মঙ্গল  
লাভ হয় ;—যদিও লোক সকল মহাবল  
পরাক্রমশালী হয় ; পরিত্রস্ত হইয়া  
পরহিত রত হয় ; মাতাপিতার শ্রিয়কারী  
হয় ;—যাহাতে পুরুষ সকল সদাননিষ্ঠ ও  
পরদ্রোহবিমূখ হইয়া দেবতা-শুক্রভক্ত ও পুত্র  
স্বজনাদিন পোষক হয় ;—যে উপায় দ্বারা  
এই সকল লোক ব্রহ্মজ্ঞ, ব্রহ্মবিদ্যাগামী ও

সিদ্ধার্থঃ লোকযাত্রায়াঃ কথয়ন্ত হিতায় যৎ ॥

৭২ ॥ কর্তব্যং যদকর্তব্যং বর্ণাশ্রমবিভেদতঃ  
বিনা ত্বাং সৰ্বলোকানাং কৃতাভা ভূম-  
ন্যয়ে ॥ ৭৩ ॥

ইতি শ্রীমহানির্বাণতন্ত্রে সৰ্বভক্তোত্তমো-

ত্তমে সৰ্বধৰ্মনির্ণয়মারে শ্রীমদাদ্যাসদা-

শিবসংবাদে জীবনিষ্ঠারোপায়প্রণো-

নাম প্রথম উল্লাসঃ ॥ ১ ॥

### দ্বিতীয় উল্লাসঃ ।

ইতি দেব্যা বচঃ শ্রুত্বা শঙ্করো লোক-  
শঙ্করঃ । কথয়ামাস তত্ত্বেন মহাকারণ্য-  
বারিধিঃ ॥ ॥ শ্রীমদশিব উবাচ । সাধু পৃষ্টং

ব্রহ্মচিন্তাশীল হয়; মনুষ্যের লোক-যাত্রা  
নির্বাহের নিমিত্ত ও পারলৌকিক হিতের  
নিমিত্ত আপনি কৃপা করিয়া তাহাই কীৰ্ত্তন  
করুন । ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রাদির বর্ণ  
এবং আশ্রমভেদে যাহা কর্তব্য ও অকর্তব্য,  
তাহাও কৃপা করিয়া প্রকাশ করুন । ত্রিভু-  
বনে আপনা ব্যতিরেকে সকল লোকের  
প্রাণকর্তা কে আছে ? ৬৩—৭৩ ।

প্রথম উল্লাস সমাপ্ত ॥ ১ ॥

### দ্বিতীয় উল্লাস ।

মহাকারণ্য-সমুদ্র, লোক সকলের  
কল্যাণকর শঙ্কর, এই প্রকার আদ্যা-দেবীর  
বাক্য শ্রবণ করিয়া প্রকৃত কথা কহিতে

মহাভাগে জগতঃ হিতকারিণি । এতাদৃশঃ

শুভঃ প্রণো ন কেনাপি পূন্যকৃতঃ ॥ ২

ধম্মাসি সুকৃতজ্ঞাসি হি ত্বাসি কলিকল্পনাম্ ।

যদ্বদ্বক্তং ত্বয়া ভজে গতং সত্যং যথা-

র্থকঃ ॥ ৩ ॥ সৰ্বজ্ঞা ত্বং ত্রিকালজ্ঞা ধৰ্ম্মজ্ঞা

পরমেশ্বর । ভূতং ভবন্তবিষয়ক ধৰ্ম্মযুক্তং

ত্বয়া প্রিয়ে ॥ ৪ ॥ যথাতত্ত্বং যথাত্মায়ং যথা-

যোগং ন সংশয়ঃ । কলিকল্পাধীনানাং

দ্বিজাদীনাং সুরেশ্বরী ॥ ৫ ॥ মেধ্যামেধ্যাবিচা-

রাণং ন জ্ঞানো শ্রোতকৰ্ম্মণা । ন সংহি-

তাদ্যোঃ স্মৃতিভিরিষ্টসিদ্ধিনুগাং ভবেৎ ৬ ॥

আরম্ভ করিলেন । সদাশিব কহিলেন,—

হে মহাভাগে ! তুমি জগতের হিতকারিণী,

তুমি উত্তম প্রণা করিয়াছ । তদ্বৎ মঙ্গল-

কথা পূর্বে কেহ জিজ্ঞাসা করে নাই । হে

ভজ । তুমি ধম্মা, সুকৃতজ্ঞা (অর্থাৎ

জীবের সুকৃতি তুমি জ্ঞাত আছ,) কলিকাল-

জাত সকলের তুমিই যথার্থ হিতকারিণী ;

তোমা কর্তৃক যাহা যাহা উক্ত হইল, সে

সকল অতীব সত্য, সন্দেহ নাই । হে

পরমেশ্বর । তুমি ধৰ্ম্মজ্ঞা, ত্রিকালজ্ঞা,

অতএব সৰ্বজ্ঞা । প্রিয়ে । ভূত ভবিষ্যৎ

বর্তমান ধৰ্ম্মযুক্ত বাক্য যাহা কহিলে, তাহা

যথার্থ, যথাযোগ্য ; এবং আয়োপপন্ন, এ

বিষয়ে সংশয় নাই । হে সুরেশ্বরী । কলি-

যুগে কলুষ দ্বারা দুর্গতি-বিশিষ্ট, পবিত্রা-

পবিত্র-বিচার-শূন্য ব্রাহ্মণাদি বর্ণের শ্রোত-

অর্থাৎ বেদোক্ত কৰ্ম্ম দ্বারা শুদ্ধি হইবে না ;

পুণ্য, সংহিতা এবং স্মৃতি সকল দ্বারাও

সত্যং সত্যং পুনঃ সত্যং সত্যং সত্যং  
ময়োচ্যতে । বিনা আগমমার্গান কলৌ নাস্তি  
গতিঃ • প্রিয়ে ॥ ৭৯ ॥ প্রতিশ্রুতিপুরাণাদৌ  
মতৈর্বোক্তং পূর্বা শিবে । আগমোক্তবিধিনেন  
কলৌ দেবানু মজেৎ সুধীঃ ॥ ৮০ ॥ কলাগমঃ  
মুখ্যতয়া যোহম্মার্গে প্রবর্ততে । ন তু  
গতিরস্তুতি সত্যং সত্যং ন সংশয়ঃ ॥ ৯ ॥  
সর্বৈর্বৈদৈঃ পুঠৈশ্চ স্মৃতিভিঃ সংহিতাদিভিঃ ।  
প্রতিপাদ্যোহস্মি নাহ্মোহস্তি প্রভূর্জগতি মাং  
বিনা ॥ ১০ ॥ আমনস্তি চ তে সর্বে মৎপদং  
লোকপাবনম্ । মমার্গবিমুখা লোকান্ পায়তা  
ব্রহ্মহতিনঃ ॥ ১১ ॥ অতো মমাত্মং স্বজ্য যো

মহুযোর ইষ্টসিদ্ধি হইবে না । ১—৬ ।  
হে প্রিয়ে • আমি সত্য সত্য, পুনঃ সত্য  
বলিতেছি, কলিকালে আগমোক্ত পথ  
ব্যক্তিরেকে গতি নাই । হে শিবে । পূর্বে  
ঋতি, স্মৃতি, পুরাণাদিতে আমা কর্তৃকই  
উক্ত হইয়াছে যে, কলিকালে ধীর ব্যক্তি  
আগমোক্ত সিধান দ্বারা দেবগণকে যজ্ঞন  
করিবে । হে শঙ্করি । কলিযুগে আগম-  
শাস্ত্রকে লঙ্ঘন করিয়া যে ব্যক্তি অম্ম পথে  
প্রবর্তিত হইবে, তাহার গতি নাই, ইহা  
সত্য সত্য বলিতেছি ; সংশয় নাই ।  
সকল বেদ, পুরাণ, স্মৃতি এবং সংহিতাদি  
শাস্ত্র দ্বারা আমিই প্রতিপাদ্য, অম্ম কেহ  
প্রতিপাদ্য নাই এবং জগতে আমা ভিন্ন  
সর্বের প্রভু কেহই নাই । বেদাদি শাস্ত্র  
সকল আমার পদকে লোকপাবন বলিয়া  
বোধ করান ; মৎপথ-বিমুখ লোক সকল

যৎ কর্ম সমাচরেৎ । নিশ্চলং তদবেদেবি  
কর্তাপি নারকী ভবেৎ ॥ ১২ ॥ মূঢ়ে মমাত্মং  
স্বজ্য যোহম্মাত্মমুপাভ্যসেৎ । ব্রহ্মহা পিতৃহা  
ক্রোধঃ স ভবেমাত্র সংশয়ঃ ॥ ১৩ ॥ কলৌ তদ্রো-  
দিতা মজাঃ সিদ্ধাস্তুর্নগল প্রদাঃ । শত্ৰাঃ কর্মসু  
সর্বৈষু জপযজ্ঞক্রিয়ানিসু ॥ ১৪ ॥ নিম্নাধীয়াঃ  
শ্রীতজাতীয়া নিম্নাধীনোরগা ইব । সত্যাদৌ  
সফলা আসনু কলৌ তে মৃতকা ইব ॥ ১৫ ॥  
পাকালিকা যথা ভিক্ষো সর্বৈশ্চিহ্নসমাদিতাঃ ।  
অমুরশক্তাঃ কার্যেণ তথাহ্মে মমরাময়ঃ ॥ ১৬ ॥

ব্রহ্মহাতী এবং পায়ত । এই হেতু আমার  
মতকে ত্যাগ করিয়া যে ব্যক্তি যে কর্ম  
আচরণ করে, হে দেবি । সেই কর্ম নিশ্চল  
হয় এবং সেই কর্মকর্তাও নারকী হয় ।  
যে মূঢ় আমার মত ত্যাগ করিয়া অম্ম  
মতকে আশ্রয় করে, সে ব্যক্তি ব্রহ্মহত্যা-  
কারী, পিতৃহত্যাকারী, ক্রোধাক্রোধের সমুদ্র  
পাতকী হইবে, ইহাতে সংশয় নাই ।  
৭—১৩ । কলিতে তদ্রোদিত মন সকল  
সিদ্ধ ও ভাস্ত্র ফলপ্রদ ; জপ যজ্ঞ ক্রিয়ান  
দিতে এবং সর্বকর্মে প্রশস্ত । কলিকালে  
যেদোক্ত মন সকল নিম্নাধীন মর্পের অম্ম  
বীর্ঘ্যরহিত হইয়াছে । সত্যাদি যুগে সেই  
সকল মন বসদানে শাস্ত্র ছিলেন, কলিকালে  
তাহারা মৃতের চায় নিশ্চল হইয়াছেন ।  
ভিক্ষিতে নিম্নিত পুতলিকা যেকণ চক্ৰ-  
কর্ম-নাসিকাদি সর্বৈশ্চিহ্ন-মুক্ত হইয়া  
কার্যে অর্ণব এবং বদন-গমনাদিতে অশক্ত  
হয়, সেই প্রকার তদ্রোদিত মন অম্ম মন-

অন্তঃসত্ত্বা কৃতং কৰ্ম্ম বক্ষ্যামীসঙ্গমো যথা ।  
 ন তত্র ফলসিদ্ধিঃ স্ত্যং শ্রম এব হি  
 কেবলম্ ॥১৭॥ কলাবন্তোদিতেৰ্গার্গৈঃ সিদ্ধি-  
 মিচ্ছতি যো নরঃ । তৃষিতো জাহ্নবীতীরে  
 কূপং খনতি দুৰ্ম্মতিঃ ॥১৮॥ মনস্ত্রুতুদিতং ধৰ্ম্মং  
 হিতান্ত্রকৰ্ম্মমীহতে । অমৃতং স্বগৃহে ত্যক্তা  
 ক্ষীরমার্কং স বাপ্ততি ॥ ১৯ ॥ নাস্ত্যঃ পন্থা  
 মুক্তিহেতুরিহামুত্র সুখাপ্তয়ে । যথা তন্মো-  
 দিতো মার্গো মোক্ষায় চ সুখায় চ ॥ ২০ ॥  
 তত্রাপি বহুধোক্তানি নানাখ্যানাধিতানি চ ।  
 সিদ্ধানাং সাধকানাঞ্চ বিধানানি চ ভূরিধঃ ॥  
 ২১ ॥ অধিকারিবিভেদেন পশুবাছল্যতঃ প্রিয়ে ।

রানি তত্ত্বং কার্যফলের অনিপ্পাদক হন ।  
 তন্মোক্ত ভিন্ন অল্প মন্ত দ্বারা কৰ্ম্ম অনুষ্ঠিত  
 হইলে, তাহাতে ফলসিদ্ধি হয় না ; যেমন  
 বক্ষ্যামীসঙ্গম অপত্যরূপ ফলের সাধক হয়  
 না, ইহাও সেই প্রকার, কেবল শ্রম মাত্র ।  
 যে নর এই কলিযুগে অল্প শাস্ত্রোক্ত পথ  
 দ্বারা সিদ্ধি ইচ্ছা করেন, সেই দুৰ্ম্মতি  
 তৃষিত হইয়া গাজতীরে কূপ খনন করে ।  
 আমার মুখোদিত ধৰ্ম্মকে ত্যাগ করিয়া,  
 যে মূঢ় অল্প ধৰ্ম্ম বাপ্তা করে, সে স্বগৃহস্থিত  
 অমৃত ত্যাগ করিয়া অর্কবৃক্ষজাত দুগ্ধ বাপ্তা  
 করে । তন্মোদিত পথ যেরূপ সুখ ও  
 মোক্ষের হেতু, এরূপ মুক্তিকারণ এবং ইহ-  
 লোকে ও পরলোকে সুখপ্রাপ্তির নিমিত্ত  
 অল্প পথ নাই । ১৪—২০ । হে প্রিয়ে ।  
 নানা আখ্যানযুক্ত বহু প্রকার তন্ত্র আমি  
 কর্তৃক উক্ত হইয়াছে ; সিদ্ধ সকল এবং

কুলাচারোদিতং ধৰ্ম্মং ওস্ত্যর্ণং কথিতং  
 কচিৎ ॥ ২২ ॥ জীবপ্রবৃত্তিকারীণি কানিচিৎ  
 কথিতান্যপি । দেবা নানাবিধাঃ প্রোক্তা  
 দেবোহাপি বহুঃ প্রিয়ে ॥ ২৩ ॥ ভৈরবাস্টম  
 বেতালা বটকা নায়িকাগণাঃ । শ্মাস্তাঃ শৈবা  
 বৈষ্ণবাশ্চ সৌরা গাণপত্যাদয়ঃ ॥ ২৪ ॥  
 নানামন্ত্ৰাশ্চ যজ্ঞানি সিদ্ধোপায়ানেকশঃ ।  
 ভূরিপ্রয়াসসাধ্যানি যথোক্তীফলদানি চ ॥ ২৫ ॥  
 যথা যথা কৃত্যঃ প্রমা যেন যেন যদা যদা  
 তদা তন্মোক্ষপুকারায় তথৈবোক্তং ময়া প্রিয়ে ॥  
 ২৬ ॥ সৰ্ব্বলোকোপকারায় সৰ্ব্বপ্রাণিহিতায়

সাধক সকলের বিধান ভূরি ভূরি উক্ত হই-  
 যাচ্ছে । পশু সকলের বাছল্য হেতু অধি-  
 কারি-বিভেদে কুলাচারোদিত ধৰ্ম্ম কোন  
 স্থানে গোপন করিবার নিমিত্তও কহিয়াছি ;  
 জীবগণের প্রবৃত্তিকারী কোন কোন তন্ত্র-  
 কৰ্ম্মও বলিয়াছি ; নানাবিধ দেব এবং বহু-  
 প্রকার দেবীর বিষয় বলা হইয়াছে । ভৈরব-  
 গণ, বেতালাগণ, বটকগণ, নায়িকা সকল  
 এবং শাস্ত্র, শৈব, বৈষ্ণব, সৌর, গাণপত্য  
 সকলও উক্ত হইয়াছে । নানা প্রকার  
 মন্ত্র, যজ্ঞ এবং অনেক প্রকার সিদ্ধোপায়ও  
 কথিত হইয়াছে । হে প্রিয়ে । যে যে  
 সময়ে যে যে ব্যক্তি কর্তৃক যে যে প্রকার  
 প্রমা কৃত হইয়াছে, আমি সেই সেই সময়ে  
 তাহাদিগের উপকারার্থে তদনুরূপ কহি-  
 য়াছি ২১—২৬ হে পরমহংস । সৰ্ব্বলোকের  
 উপকারের নিমিত্ত, সকল প্রাণীর হিতের  
 জন্য, মূগ-ধৰ্ম্মানুসারে যথাতথ্যরূপে, তোমা

চ । যুগধর্ম্মানুসারেণ যাযাতথোম পার্শ্বতি ॥  
২৭ ॥ ত্রয়া যাদৃকৃ কৃত্যঃ ত্রয়া ন কেনাপি  
পুবা কৃত্যঃ । তৱ মেহেন বক্ষ্যামি সারং-  
সারং পরাৎপরম্ ॥ ২৮ ॥ বেদানামা-  
গমানাক্ত তজ্জাগত্বে বিশেষতঃ । সারগুদ্ধত্য,  
দেবেশি তবাত্তে কথ্যতে ময়া ॥ ২৯ ॥ যথ  
নরেষু তজ্জজ্ঞাঃ সরিতাং জাহ্নবী যথা ।  
যথাহং ত্রিদিবেশানামগিমানামিদং তথা ॥ ৩০ ॥  
কিং বেদৈঃ কিং পুণ্যৈঃ কিং শাস্ত্রৈর্বহুভিঃ  
শিবে । বিজ্ঞাতোহস্মিন্ মহাত্মনে সর্বমিচ্ছী-  
শ্বরো ভবেৎ ॥ ৩১ ॥ যতো জগৎস্বলায়  
ত্বয়াহং বিনিযোজিতঃ অতস্তে কথয়িষ্যামি  
যদ্বিশ্বহিতকৃতবেৎ ॥ ৩২ ॥ কৃতে বিশ্বহিতে

কর্তৃক যাদৃকৃ কৃত হইল, ঐদৃশ ত্রয়  
পূর্বে কোন ব্যক্তি কর্তৃক কৃত হয় নাই ।  
তোমার স্নেহে বেশীভূত হইয়া এই সার-  
সার পরাৎপর বিষয় বলিতেছি । হে  
দেবেশি ! বেদ, আগম, বিশেষতঃ তজ্জ  
সকলের সার উদ্ধার করিয়া তোমার নিকটে  
বলিতেছি । যেমন মনুস্যের মধ্যে তজ্জ-  
জ্ঞানী শ্রেষ্ঠ, যেমন নদী সকলের মধ্যে  
গঙ্গা শ্রেষ্ঠা, যেমন দেবগণের মধ্যে আমি  
শ্রেষ্ঠ, সেইরূপ সমুদায় আগম-শাস্ত্রের মধ্যে  
এই মহানির্বাণ তজ্জই শ্রেষ্ঠ । হে শিবে ।  
বেদ সকল দ্বারা, বা পুরাণ সকল দ্বারা, বা  
বহু শাস্ত্র দ্বারা কি ফল লাভ হইবে ? এক  
মাত্র এই মহাত্ম বিশেষরূপে জ্ঞাত হইলে,  
জীব সর্বমিচ্ছীশ্বর হয় । ২৭—৩১ ।  
যেহেতু জগতের মঙ্গলের নিমিত্ত তোমা-

দেবি বিশ্বেশঃ পরমেশ্বর । শীতো ভবতি  
বিশ্রামা যতো বিশ্বং তদাশ্রিতম্ ॥ ২৩ ॥ ম  
এক এব সঙ্গমঃ সত্যোহমৃতঃ পরাৎপরঃ ।  
স্বপ্রকাশঃ সঙ্গপূর্ণঃ সচ্চিদানন্দস্বরূপঃ ॥ ২৪ ॥  
নির্দ্বিকারো নিরাধারো নির্দিশো নো নিরা-  
কুলঃ । ঐশ্বর্যাতীতঃ সর্বমঙ্গী সর্বমামা  
সর্বদৃশিত্বঃ ॥ ২৫ ॥ গচ্ছঃ সর্বমু জুজু-  
সর্বব্যাপী সনাতনঃ । সর্বৈশ্বর্যব্যাভাসঃ  
সর্বৈশ্বর্যবিত্তিত্বঃ ॥ ২৬ ॥ লোকাতীতো  
লোকহেতুরবাস্তবমগোচরঃ । ম বেতি

কর্তৃক আমি নিযুক্ত হইয়াছি, অতএব যেইটা  
বিষয়ের হিতকারী হইবে, তাহা আমি বলি-  
তেছি । হে দেবি, হে পরমেশ্বর । বিশ্বের  
হিত করিলে বিশ্বের সমগ্র পীড় ঘন ;  
কাবণ তিনিই বিশ্বের আশ্রয়, বিশ্ব কঁাহাকেই  
আশ্রয় করিয়া আছে । তিনি এক, আদি-  
ভীত, সত্য, সঙ্গম, পরাৎপর, স্বপ্রকাশ,  
সর্বদা পূর্ণ এবং সচ্চিদানন্দ স্বরূপ ।  
তিনি নির্দ্বিকার, নিরাধার, নির্দিশো, নিরা-  
কুল অর্থাৎ আকুলতান্বিত ; তিনি ঐশ্বর্যাতীত,  
সর্ব প্রকার ভুভাভুত কর্ম্মের সাক্ষাৎ অর্থাৎ  
সকলের আশ্রয়, সর্বদৃশ, বিজ্ঞ । তিনি  
সর্বব্যাপী, সর্বভূতে গচ্ছমানে অবস্থিতি  
করিতেছেন অর্থাৎ আদ্যন্তশূন্য, তিনি সর্ব  
সর্বৈশ্বর্য-রহিত অথচ সকল ইচ্ছিয়া এবং  
ইচ্ছিয়-নিয়ম কঁাহা হইতে দীক্ষি পাই-  
তেছে । তিনি লোকাতীত, ত্রিজগতের  
হেতু বা গীজ স্বরূপ এবং বাক্য মনের  
অগোচর, তিনি সর্বমঙ্গ, তিনি বিশ্বেশ

বিধং সৰ্ব্বজ্ঞঃ ন জানাতি কশ্চন ॥ ৩৭ ॥  
 তদধীনং জগৎ সৰ্বং ত্রৈলোক্যং সচরাচরম্ ।  
 তদালম্বনভস্তিষ্ঠেদবিতৰ্ক্যমিদং জগৎ ॥ ৩৮ ॥  
 তৎসদ্যত্মপাশ্রিত্য সমুদ্ভাতি পৃথক্  
 পৃথক্ । তেনৈব হেতুভূতেন বয়ং জাতা  
 মহেশ্বরী ॥ ৩৯ ॥ কাংগং সৰ্বভূতানাং স  
 একঃ পরমেশ্বরঃ । লোকেক্ষু সৃষ্টিকৰণাৎ  
 অষ্টা ব্রহ্মেতি গীযতে ॥ ৪০ ॥ বিষ্ণুঃ পাল-  
 যিতা দেবি সংহর্তাহং তদিচ্ছয়া । ইন্দ্রাদয়ো  
 লোকপালাঃ সৰ্ব্বৈ তদ্ব্যবর্তিনঃ ॥ ৪১ ॥ হে

সকলই জানিতেছেন, তাঁহাকে কোন  
 ব্যক্তি জানে না । ৩৭—৩৯ । এই জগৎ  
 সমুদয় তদধীন, স্বাবর জগৎ সহিত এই  
 ত্রৈলোক্য তাঁহাকেই অবলম্বন করিয়া  
 আছে । এই বিতৰ্ক-বিষয়-রহিত জগৎ পব-  
 নাত্মার সত্যত্ব আশ্রয় করিয়া, এই পৃথিবী,  
 এই জল, এই বায়ু ইত্যাদি রূপে পৃথক্  
 পৃথক্ সত্যের ক্ষায় প্রকাশ পাইতেছে । হে  
 মহেশ্বরী ! সেই ব্রহ্ম হেতুভূত হওয়াতে  
 আমবাও জাত হইয়াছি । সেই পরমেশ্বর  
 সৰ্ব্ব প্রাণীর একমাত্র কাবণ ; ব্রহ্মা ( সেই  
 পরমেশ্বর কর্তৃক নিযুক্ত হইয়া ) লোক  
 সকলে সৃষ্টিকরণ হেতু অষ্টা বলিয়া কথিত  
 হইতেছেন ; তাঁহার ইচ্ছা প্রযুক্ত বিষ্ণু এই  
 জগৎকে পালন করিতে পালয়িতা বলিয়া  
 কথিত হইতেছেন ; তাঁহার ইচ্ছায় সংহার-  
 করণ প্রযুক্ত আমি জগতে সংহর্তা বলিয়া  
 অভিহিত হইতেছি । ইন্দ্রাদি লোকপাল-  
 গণও সকলেই তাঁহার বশতায়, স্ব স্ব জমি-

বেহমিকারে নিরতাস্তে শাসতি তদাজ্ঞয়া ।  
 তৎ গীবা প্রকৃতিস্তম্ভ পূজ্যাসি ভুবনভয়ে ॥  
 ৪২ ॥ তেনাজ্যমিবাপেণ তত্ত্বদ্বিষয়যোজিতাঃ ।  
 স্বস্বকৰ্ম্ম প্রকৃতিবৃত্তি ন স্বতন্ত্রাঃ কদাচন ॥ ৪৩ ॥  
 মনুষ্যাশ্রয়িতা বাতোহপি সূর্য্যাস্তপুতি যন্তয়াৎ ।  
 বর্য্যস্তি তোয়মাঃ কালৈ পুষ্পান্তি তরবো বনে ॥  
 ৪৪ ॥ কালং কালয়তে কালৈ মৃত্যোমৃত্যু-  
 ভিযো ভয়ম্ । বেদান্তবেদো ভগবান্ যজ্ঞ-  
 চ্ছাখ্যাপলক্ষিতঃ ॥ ৪৫ ॥ সৰ্ব্বৈ দেবাস্ত  
 দেবাস্ত তন্ময়াঃ সুরবন্দিতৈ । আত্রস্তম-  
 পর্য্যন্ত তন্ময়ং সকলং জগৎ ॥ ৪৬ ॥

কারে নিযুক্ত হইয়া, তাঁহারই আজ্ঞানুসারে  
 জগৎ শাসন করিতেছেন । তুমি তাঁহার  
 পরাপ্রকৃতি, এই হেতু ত্রিভুবনে পূজ্য ।  
 ৩৮—৪২ । সেই পরমাত্মা অন্তর্ধ্যামিরূপে  
 তাঁহাদিগকে সেই সেই বিষয়ে নিযুক্ত করিয়া  
 নিজ নিজ কৰ্ম্ম করান, জগৎ কোন কালেই  
 স্বাধীন নহে । হে দেবি ! তাঁহার ভয় হেতু  
 বায়ু প্রবাহিত হইতেছে ; যদ্বজ্রে ভীত  
 হইয়া সূর্য্য তাপ দিতেছেন, মেঘ সকল  
 যথাসময়ে বর্ষণ করিতেছে, যৎ-শাসনে বনে  
 তরু সকল পুষ্প-ফলিষ্ট হইতেছে । যিনি  
 প্রলয়কালে সাক্ষাৎ কালকেও নাশ প্রাপ্ত  
 করান, যিনি সাক্ষাৎ মৃত্যুর মৃত্যুধরুণ এবং  
 ভয়ের ভয়স্বরূপ, তিনিই বেদান্ত-বেদ্য ভগ-  
 বান্, তিনি ‘যৎ-তৎ’ শব্দ দ্বারা বোধিত হন ।  
 হে সুরবন্দিতৈ ! সকল দেব এবং দেবীগণ,  
 ইহারা তন্ময় অর্থাৎ পরমাত্মস্বরূপ ; আত্রস্তম-  
 পর্য্যন্ত অর্থাৎ ব্রহ্মা হইতে তৃণাদিও

তন্মিৎ স্তোত্রে জগৎ তুষ্ণং প্রীণিতে প্রীণিতং  
জগৎ । তদাৰাধনতো দেবি সৰ্বেষাং প্রীণনং  
ভবেৎ ॥ ৪৭ ॥ তন্মুগ্ধাভিষেকেন যথা  
তদুজ্জপল্লবঃ । তপ্যন্তি তদনুষ্ঠানাৎ তথা  
সৰ্বৈঃ সমরাদয়ঃ ॥ ৪৮ ॥ যথা তব চিত্তান্ধানাৎ  
পুজনা জপনাৎ প্রিয়ে । ভবন্তি তুষ্ণঃ স্তুত্যা-  
স্তথা জানীহি সূত্রেতে ॥ ৪৯ ॥ যথ গচ্ছন্তি  
সরিতে হবশেনাপি সরিতপতিম্ । তথা চ-  
দৌনি কৰ্ম্মানি তদুদ্ভিষ্টানি পার্জতি ॥ ৫০ ॥  
যো যো যানু যনু যজ্ঞেদেবানু জ্ঞানদা যদু-  
যদাপ্তযে । তত্তদদতি সোহিযাম ইত্যুদ্ভিষ্ট-  
দেবঃ ॥

গণে, শিবে ॥ ৪১ ॥ - জনার কিম্বদন্তি  
তথাতো কথ্যতে প্রিয়ে । মোক্ষ পূজা-  
সুখারাম্যন্তং বিনা নাশ্বি মুক্তয়ে ॥ ৪২ ॥  
নাম্যামো নোপসাম্যন্ত কাহকে শা ন  
বিদ্যতে । নৈমিত্তাদিনিমিত্তা নোপচাৰ্য্যন্ত  
ভূমিঃ ॥ ৪৩ ॥ ন দিকালনিচিৎ প্রোহপি ন  
মুদাচ্যামসংহতিঃ । যদমাগনে কুলেশান ত্রা-  
বিনা কোহুচ্যামসংহতিঃ ॥ ৪৪ ॥

ইতি শ্রীমহানিষ্কাশঃ স্তোত্রঃ  
ক্রমো নাম দ্বিতীয় উল্লাসঃ ॥ ২ ॥

সহকারে পূজা করেন, হে শিব ! সেই  
অধ্যক্ষ পুরুষ সেই সেই দেবগণ দ্বারা সেই  
সেই বন সেই সেই ন্যাসকে হরণ  
করেন । হে প্রিয়ে ! এ বিষয় এক আর কি  
বলিব, তোমার অঙ্গে এই মাত্র বলি, সেই  
পঃমঃ প্রাতঃসংকীর্তন মূল্যে নিমিত্ত মোক্ষ,  
পূজা এবং সুখারাম্য আর মাই । সেই মাত্র-  
বিশেষ উপাসনায় আশ্রয় নাই, -  
নাই, শরীর মঙ্গলায় কোন কষ্ট নাই, জ্ঞান-  
নাদির নিয়ম নাই, এক উপচারাদির আশ্রয়  
কতা রাখে না ; দিকৃ জাৎ কালাদি ১১৮।  
নাই ; মুদা বা নামোপসাম্যেন নাই  
হে কুলেশানি । যাহার মনে ন্যাসের  
আশ্রয় নাই, তাঁহাকে শিব মোক্ষ  
কাহাকে আশ্রয় কাহাকে ১৮। ১৮।

দ্বিতীয় উল্লাস সমাপ্ত ॥ ২ ॥

পর্যন্ত সকল জগৎ ওয়ায় অর্থাৎ পরব্রহ্ম  
স্বরূপ হন । সেই পবমায়া পরিতুষ্ট হইলে  
জগৎ পরিতুষ্ট হন ; তাহাকে পীত করিলে  
সমুদায় জগৎকে প্রীত করা হয় ; তাহান  
আরাধনা করিলে সকলেবই পীতি উৎপাদন  
করা হয় । দেবি ! যেমত বৃক্ষের মূল সেচন  
দ্বারা তাহাবি ভুজ-পল্লব সকল ভৃগু হয়,  
সেইরূপ পরমেশ্বরের আরাধনা করিলে  
অমরাদি সকলে পবিত্র হন । ৪৩-৪৮ ।  
হে সূত্রেতে প্রিয়ে ! যেমত তোমা । ভাচনা,  
ন্যাস, পূজা ও জপ দ্বারা সমুদায় দেবীগণ তুষ্ট  
হন, পরমাশ্রয় অর্চনাদি দ্বারা সেই মত  
সর্ব দেবতা প্রীত হইয়া থাকেন, তানিবে ।  
যেমন নদী-সমূহ অবশ হইয়াও সারিতপতি  
সমুদ্রে গমন কবে, সেইরূপ সর্বদেব-পূজাদি  
কৰ্ম্ম হে পার্জতি ! সেই পবমায়া উদ্ভি-  
ষ্টেই অরুষ্ঠিত হয় । যে যে ব্যক্তি যে যে  
ল লাভের নিমিত্ত যে যে দেবতাকে শ্রদ্ধা

## তৃতীয় উল্লাস ।

শ্রীদেবীবাচ । দেবদেব মহাদেব দেব-  
তানাং গুবো গুরো । বক্তা ত্বং সৰ্বশাস্ত্রাণাং  
মন্ত্রাণাং সাধনশ্চ চ ॥ ১ ॥ কথিতং যং  
পরং ব্রহ্ম পরমেশং পরাংপরম্ । যঃশ্রাপা-  
সনতো মর্ত্যো ভুক্তিং মুক্তিকং বিদতি  
কেনোপায়েন ভগবান্ পরমাত্মা প্রসীদতি ॥  
২ ॥ কিং তস্য সাধনং দেব মন্ত্রঃ কো বা  
প্রকীৰ্ত্তিতঃ । কিং ধ্যানং কিং বিধানঞ্চ  
পরেশশ্চ পরাক্রমঃ । তত্ত্বেন শ্রোতুমিচ্ছামি  
কৃপয়া কথয় প্রভা ॥ ৪ ॥ শ্রীমদাশ্বিন  
উবাচ । অতিশূন্যং পরং তত্ত্বং শৃণু মৎ-  
প্রাণবল্লভে । রহস্যমেতং কল্যাণি ন কুত্রাপি

## তৃতীয় উল্লাস ।

দেবী কহিলেন ;—হে দেবদেব ! আপনি  
দেবতাদিগের গুরুর গুরু ; হে মহাদেব !  
আপনি সকল শাস্ত্র, সকল মন্ত্র ও সকল  
সাধনের বক্তা । হে ভগবন্ । পরাংপর  
পরমেশ্বর পরব্রহ্ম, যিনি আপন কৰ্ত্তৃক  
কথিত হইলেন, যাহার উপাসনা দ্বারা রমণ-  
শীল মনুষ্যাগণ ভোগ ও মোক্ষ লাভ করিবে,  
কি উপায় দ্বারা সেই পরমাত্মা প্রসন্ন হইবেন,  
তাহার সাধনা বা কি, মন্ত্রই বা কিরূপ, ধ্যান  
এবং বিধান বা কীদৃশ ? আমি ইহার প্রকৃত  
তত্ত্ব অবগত করিতে ইচ্ছা করি, আপনি কৃপা  
করিয়া বলুন । ১—৪ । শ্রীমদাশ্বিন কহি-  
লেন ;—হে মৎপ্রাণবল্লভে ! এই পবন তত্ত্ব  
অতি শূন্য । হে কল্যাণি ! আমাকর্ত্তৃক কোন

প্রকাশিতম্ ॥ ৪ ॥ তব স্নেহেন বক্ষ্যামি  
মমপ্রাণাবিকং পরম্ । জ্ঞেয়ং ভবতি তদ্-  
ব্রহ্মসচ্চিদ্বিশ্বময়ং পরম্ ॥ ৫ ॥ যথাতথ-  
স্বরূপেণ লক্ষ্যতৈব । মহেশ্বরী । সস্তামাত্রং  
নির্বিঃশয়মণ্ডানসঙ্গোচরম্ ॥ ৬ ॥ তাস-  
ত্রিলোকীমন্তানং স্বরূপং ব্রহ্মণঃ স্মৃতম্ ।  
সমাধিষে গৈস্তত্ত্বদ্যং সৰ্বত্র সমদৃষ্টিভিঃ ।  
দ্বন্দ্বাভীষ্টৈর্নির্বিঃশয়ৈর্দেহীশ্রাদ্ধাসবর্জিতৈঃ ॥  
৭ ॥ যতো বিশ্বং সমুদ্ভূতং যেন জাতক-  
তিষ্ঠতি । যস্মিন্ সৰ্বানি লায়ন্তে জ্ঞেয়ং

হাৎনৈই রহস্য প্রকাশিত হয় নাই ; তোমার  
স্নেহপ্রযুক্ত আমি বলিতেছি ; এই তত্ত্ব  
আমার প্রাণ আপেক্ষা প্রিয়তম । হে পরমো-  
শ্বরী । মৎ, চিত্ত, জগৎ স্বরূপ সেই পর-  
ব্রহ্ম স্বরূপলক্ষণ এবং তটস্থলক্ষণ দ্বারা যথা-  
বৎ জ্ঞেয় হইল যিনি সস্তামাত্র অর্থাৎ কেবল  
পরমার্থ স্বরূপ, যিনি নির্বিঃশেষ অর্থাৎ  
দগত ভেদশূন্য এবং বাক্য মনের অগোচর ;  
যাহার সস্তায় মিথ্যাভূত ত্রিলোকীর সত্যত্ব-  
প্রতীতি হয় ; ইহাই পরব্রহ্মের স্বরূপ-  
লক্ষণ । যাহারা শত্ৰু-মিত্রপ্রভৃতি সৰ্বত্র  
সমদর্শী, যাহারা দীপ্তোজ স্বখ-দুঃখাদি দ্বন্দ্বা-  
ভীত, যাহারা নানাবিধ ভেদ-কল্পনা-শূন্য,  
যাহারা শরীরনিষ্ঠ আত্মত্ব-বুদ্ধিরহিত,—  
এবং যোগী সকল কৰ্ত্তৃক সমাদৃষ্ট যোগ  
দ্বারা ব্রহ্মস্বরূপ বেদ্য হন । যাহা হইতে এই  
বিশ্ব উৎপন্ন হইয়াছে, জাত বিশ্ব যাহাতে  
অবস্থান করিতেছে এবং প্রলয়কালে এই  
চরাচর জগৎ যাহাতে লয়প্রাপ্ত হয়, সেই

তদ্বাক্ষ লক্ষণৈঃ ॥ ৮ ॥ স্বরূপলক্ষণা যদেব  
তদেব লক্ষণৈঃ শিবে । লক্ষণৈরাণ্যু মিচ্ছাম্য  
বিহিতং । তত্র সাধনম্ ॥ ৯ ॥ তৎসাধনং  
প্রথম্যামি শৃণুযাবহিতা ত্রিয়ে ॥ তত্রাদৌ  
কথয়াম্যাদ্যে যুক্তোক্তরিং মহেশ্বিতুঃ ॥ ১০ ॥  
প্রথমং পূর্বমুক্ত্য সচ্চিদ্রূপদগুণাহরং ।  
একং পদান্তে ব্রহ্মেতি যুক্তোক্তরিং প্রকীর্ত্তয়ঃ ॥  
১১ ॥ সন্ধিক্রমেণ মিলিতং সম্বাদে হযং  
মহুর্ভূতঃ । তারহীনেন দেবেশি যদুৎপত্তি-  
হযং মহুর্ভূতং ॥ ১২ ॥ সর্বমুক্তোক্তমঃ  
সাক্ষাৎসার্থ-কাম-মোক্ষদঃ । নটক-মিচ্ছাদা-  
পেক্ষান্তি নারিমিত্রাদিদৃষণম্ ॥ ১৩ ॥ ন  
তিথির্ন চ নক্ষত্রং ন রাশিগণনং তথা ।

ব্রহ্ম এই তটস্থ-লক্ষণ দ্বারা বোধ্য হন । হে  
শিবে । স্বরূপ লক্ষণ দ্বারা যে ব্রহ্ম বোধ্য হন,  
তটস্থ-লক্ষণ দ্বারা তিনিই বোধ্য অর্থাৎ জ্ঞেয়  
হন । স্বরূপলক্ষণ দ্বারা জানিতে হইলে  
সাধনের অপেক্ষা নাই ; তটস্থ লক্ষণ দ্বারা  
ব্রহ্মপ্রাপ্তি ইচ্ছা করিলে, সাধন নিহিত  
আছে । ৫—১০ । হে ত্রিয়ে । সেই সাধন,  
অর্থাৎ তটস্থ-লক্ষণ দ্বারা বোধ্য ব্রহ্মের সাধন  
বলিতেছি ; সাবহিতা হইয়া শ্রবণ কর । সেই  
সাধনে প্রথমে মহেশ্বরের যুক্তোক্তরি কহি-  
তেছি । প্রথম প্রথম উচ্চারণ করিয়া  
'সচ্চিদ্রূপ' এই পদ কীর্ত্তন করিবে ; তৎপরে  
'একং' এই পদ, পবে 'ব্রহ্ম' এই পদ  
কীর্ত্তন করিলে যুক্তোক্তরি হইবে । সন্ধি-  
ক্রমে মিলিত হইলে এই যুক্ত সপ্তোক্তরি হয়  
(ও সচ্চিদ্রূপ লক্ষ ) । 'এই যুক্ত সপ্ত

কুলাকুলানিনিগতমা ন সংখ্যানোক্ত্য নিগাচ্ছ ।  
সর্বথা সিকমমোক্তমঃ নার কাণানিচারবা ৮  
১৪ ॥ বহুজ্ঞানান্তিক্রমে পুণ্যৈঃ সর্গমহাবলি  
লভ্যতে । তদা তদুৎপত্তো ৮৩ । জ্ঞানসামান্য-  
মাপ্যায়ং ॥ ১৫ ॥ চতুর্কণাৎ কবে কণা  
পরত্রেহ চ মোদতে ॥ ১৬ ॥ স যুক্তঃ স  
নৃত্যার্থঃ স কৃতী স চ দার্পিকঃ । স যাতঃ  
সর্বভৌতেশু সর্বমোক্তম্ দীক্ষিতঃ ॥ ১৭ ॥

দেবেশি । প্রথম-বহিত ঘটিলে, সাধন  
হইবে । ( সচ্চিদ্রূপ লক্ষ ) । এই যুক্ত—  
সর্ব-মুক্ত-শ্রেষ্ঠ ; ইনি সাধন-দক্ষ, জ্ঞান,  
কাম এবং মোক্ষপ্রদ ; এ যুক্ত মিচ্ছাদি  
চত্রেণ উচ্চারণ-অপেক্ষা নাই এবং ইচ্ছা  
অগ্নি-মিত্রাদি দোষে দূষিত হয় না । এ  
যুক্তপ্রাপ্তি তিথি, নক্ষত্র, রাশি, কুলাকুল  
প্রভৃতি চত্রে গণনার নিয়ম নাই এবং  
দশবিধ সংসারেরও অপেক্ষা নাই । এই  
যুক্ত সর্বথা সিক ; ইহাতে কোনরূপ বিচা-  
রের অপেক্ষা করে না । বহু-জ্ঞান-তিক্রম  
পুণ্যমলে যদি কীব সাধন-লাভ করে,  
তবে সেই ব্যক্তির মূল হইতে নির্গত এই  
যুক্ত লাভ করিলে, তৎসাধন-ও সাধন  
হয় । সেই ব্রহ্মোপাসক কীব, দক্ষিণ-কাম-  
মোক্ষ এই চতুর্কণাৎ হস্তগত করিয়া ইহ-  
লোকে এবং পরলোকে আনন্দ ভোগ  
করিতে থাকেন । ১১—১৭ । ব্রহ্ম-মহাবলি  
মহামণি যাতার কর্ণ-পথোপায়-প্রাপ্ত  
হইয়াছেন, তিনিই যুক্ত, তিনিই কুলাকুল  
জিহিষ্ট নটী জিহিষ্ট দার্পিক তিনিই সর্ব

সর্বশাস্ত্রেণ নিষাভঃ সর্বলোকপ্রতিষ্ঠিতঃ ।  
 যন্ত কৰ্ণপথোপান্তপ্রাপ্তো যন্তমহামনিঃ ॥১৮॥  
 ধন্য মাতা পিতা তন্ত পবিত্রং তৎকুলং  
 শিবং । পিতবস্তন্ত সন্তুষ্টা মোদন্তে ত্রিদশৈঃ  
 সহ । গাযন্তি গায়ন্তীং গাথং পুণ্যকাক্ষিতং  
 বিগ্রহাঃ ॥ ১৯ ॥ অস্মৎকুলে কুলশ্রেষ্ঠা  
 জাতো ব্রহ্মোপদেশিকঃ । কিমস্মাকং গয়া-  
 পিণ্ডঃ কিং তীর্থশ্রাদ্ধতর্পণৈঃ ॥ ২০ ॥ কিং  
 দানৈঃ কিং জপৈর্হোমৈঃ কিমৈতৈর্বজমাধনৈঃ ।

তীর্থযাত্রা, সেই ব্যক্তিই সর্বযজ্ঞে দীক্ষিত,  
 তিনিই সর্বশাস্ত্রে নিপুণ এবং তিনিই সর্ব-  
 লোকে প্রতিষ্ঠিত—ইহা বলিতে হইবে ।  
 হে শিবে ! যিনি ব্রহ্ম-মন্ত্র-প্রাপ্ত হইয়া-  
 ছেন, তাঁহার মাতা ধন্য, পিতা ধন্য, তাঁহার  
 কুল পবিত্র, তাঁহার পিতৃগণ সন্তুষ্ট হইয়া  
 দেবগণের সহিত আনন্দ অনুভব করিতে  
 থাকেন এং তাঁহারা পুণ্যকিত শবীরে এই  
 গাথা গান করেন,—“আমাদের কুলে  
 উৎপন্ন পুত্র ব্রহ্মমন্ত্রে দীক্ষিত হইয়া কুল  
 পবিত্র করিয়াছেন; আমাদেরই নিমিত্ত  
 গয়াতে পিণ্ড দানে আর আবশ্যক কি ?  
 তীর্থ, তীর্থশ্রাদ্ধ ও তীর্থ-তর্পণেই বা  
 আবশ্যক কি, আমাদের উদ্দেশ্যে দানেই বা  
 প্রয়োজন কি, জপেই বা প্রয়োজন কি,  
 হোমেই বা প্রয়োজন কি, অস্ত্রাণ্ড বও ধ  
 সাধনেই বা প্রয়োজন কি,—আমাদের ই  
 সৎপুত্র সদগুরুব নিকট ব্রহ্মমন্ত্রে দীক্ষা-  
 গ্রহণ-রূপি যে সাধন করিল, তাহাতেই  
 আমরা অক্ষয় তৃপ্তি লাভ করিলাম ।”

বয়স্করত্নত্বাঃ স্যঃসৎপুত্রজ্ঞানসাধনাং ॥২১॥  
 শৃণু দেবী জগদ্বন্দ্যে সত্যং সত্যং ময়োচ্যতে  
 পরব্রহ্মোপাসকানং কিমৈতঃসাধনান্তরৈঃ  
 ২২ ॥ যন্তগ্রহণমাত্রেন দেহী ব্রহ্মমযো ভবেৎ  
 ব্রহ্মভূতন্ত দেবেশি কিমপিং জগজ্জয়ে ।  
 ২৩ ॥ কিং কুরুষ্ণি এহা কৃষ্টা বেতালা-  
 শ্চেটকাদয়ঃ পিশাচা শুষ্ককা ভূতা ডাকিণ্ডে  
 মাতৃকাদয়ঃ ॥২৪॥ তন্ত দর্শনমাত্রেন পুলায়ন্তে  
 পরাজুখাঃ ॥ ২৫ ॥ বন্ধিতো ব্রহ্মমন্ত্রেণ  
 প্রাবৃতো ব্রহ্মভূতজমা । কিং বিভেতি গ্রহ-  
 দিভ্যো মাতৃক ইব চাপবঃ ॥ ২৬ ॥ তৎ দৃষ্ট্বা  
 ভয়মাপন্যঃ সিংহং দৃষ্ট্বা যথাগজাঃ । বিদে-

১৮—২২ । হে জগদ্বন্দ্যে ! আমি সত্য সত্য  
 বলিতেছি, শ্রবণ কর; ব্রহ্মমন্ত্র-উপাসক  
 সকলের অন্ত সাধনান্তরের প্রয়োজন নাই ।  
 এই ব্রহ্মমন্ত্র গ্রহণ করিবারাত্রি দেহী ব্রহ্মময  
 হয় । হে দেবেশি ! যিনি ব্রহ্মভূত, তাঁহার  
 সমক্ষে ত্রিজগতে কি হুস্ত্রাপ্য আছে, সবল  
 বস্তুই তাঁহার লক্ষ্য হইয়াছে । গ্রহগণ,  
 বেতালাগণ, চেটকগণ, পিশাচগণ, শুষ্কগণ,  
 ভূতগণ, ডাকিনীগণ এবং মাতৃকাদিগণ কষ্ট  
 হইয়া, তাঁহার কি করিতে পারে ? তাহারা  
 ব্রহ্মোপাসকের দর্শনমাত্রেই পরাজুখ হইয়া  
 পলায়ন কবে । তিনি ব্রহ্মমন্ত্রে বন্ধিত,  
 তিনি ব্রহ্মভূত দ্বারা সম্যক আবৃত, তিনি  
 দ্বিতীয় সূর্যস্বরূপ, সূতরাং তিনি কি  
 গ্রহাদি হইতে ভয় প্রাপ্ত হন ? কদাপি  
 ভীত হন না । হস্তিগণ যেমন সিংহকে  
 দেখিয়া ভীত হইয়া পলায়ন করে, সেই

বজ্রি চ মন্ত্রাভিপত্ত্বা ইধ পাবকে ॥ ২৭ ॥  
ন তস্মা হুরিতং কিকিৎসানিষ্ঠম্ দেহিনীং ।  
সত্যপুত্ৰম্ শুক্লম্ সৰ্ব্বপ্রাণিহিতম্ চ । কো  
পাপস্রবম্বিচ্ছদা পশ্যাতকং যিনা ॥ ২৮ ॥  
যে জহন্তি শলাঃ পাপাঃ পরব্রহ্মোপ-  
দেশিনে । ক্ষমোহং তে প্রকৃষ্ণন্তি নাতিশিত্য-  
যতঃ সত্যঃ ॥ ২৯ ॥ স তু সৰ্ব্বহিতঃ সধুঃ সৰ্ব্ব-  
মাং প্রিয়ক-রকঃ । তস্মানিষ্টে কৃতে দেবি কো  
বা স্মারিকপদ্মবুঃ ॥ ৩০ ॥ মন্ত্ৰার্থং মন্ত-  
চৈতন্যং যো ন জানাতি সধুকঃ । শূন্তলক্ষ-  
প্রক্ৰান্তোহপি তস্য মন্ত্ৰা ন সিধ্যতি ॥ ৩১ ॥  
অতোহম্মার্থক চৈতন্যং কথ্যামি শৃণু প্রিয়ে ।

অকারেন জগৎপাতা সংহর্তা স্মারিকাতঃ ।  
মকারেন জগৎজষ্টা প্রদত্তা উদ্যুতঃ ॥ ৩২ ॥  
সম্ভ্রাজেন সদা স্মারি চিচ্চকৃৎ প্রকীৰ্ত্তি-  
তম্ । একমবৈতমীশামি ব্রহ্মাদ্যস্মা নীয়াতে ॥  
৩৩ ॥ মন্ত্ৰার্থঃ কথিতো দেবি স্মারিকাভী-  
সিদ্ধিঃ ॥ ৩৪ ॥ ইচ্ছাচৈতন্যমেতন্নি জ্ঞা-  
নিষ্ঠাতা দেবতা । তজ্জ্ঞানম্ পরমেশামি  
ভক্তানাং সিদ্ধিদায়কম্ ॥ ৩৫ ॥ উচ্চাধিষ্ঠাত  
দেবেশি সৰ্ব্বপ্রাণি মনাতনম্ । অবিতর্ক্য  
নিরাকারং বাচ্যতীতং নিরঞ্জনম্ ॥ ৩৬ ॥

মন্ত্ৰার্থ এবং মন্ত্ৰ-চৈতন্য জ্ঞানেন মা, তিনি  
শূন্তলক্ষ জপ করিলেও, তাঁহার মন্ত্ৰ-সিদ্ধি  
হয় না । হে প্রিয়ে । এইজন্য আমি এই  
মন্ত্ৰের অর্থ ও চৈতন্য বর্ণিতছি, জ্ঞাপন  
কর । অ উ ম এই তিন বর্ণ মিলিত  
হইয়া, 'ওঁ' এই মন্ত্ৰ হইয়ছে । অকারের অর্থ  
জগৎপ্রস্রাবকর্তা, উকারের অর্থ জগৎ সংহার-  
কর্তা, মকারের অর্থ জগৎ-সিদ্ধিকর্তা—  
প্রণবের এই অর্থ কথিত হইল । 'সং'  
মন্ত্ৰার্থ সদা বিদ্যমান, 'চৈ' মন্ত্ৰার্থ চৈতন্য,  
'এক' মন্ত্ৰের অর্থ অবৈত । হে ঐশানি !  
ব্রহ্ম হেতু জগৎ বলিয়া কথিত । হে দেবি !  
সাধক সকলের আত্মীক-সিদ্ধিপ্রদ এই মন্ত্ৰার্থ  
কথিত হইল । ৩০—৩৬ । হে পরমেশামি !  
মন্ত্ৰের আধিষ্ঠাত-দেবতাই ইচ্ছাচৈতন্য ; এই  
মন্ত্ৰাধিষ্ঠাত-দেবতা নিরাকার জ্ঞান—অজ্ঞান-  
দিগের সিদ্ধিদায়ক । হে দেবতামি । তিনি  
মন্ত্ৰের আধিষ্ঠাত-দেবতা, তিনি সৰ্ব্বজন  
পদার্থ-ব্যাপনশীল ; তিনি সত্য ব্রহ্ম অকার

মত এই সাধককে দর্শন করিয়া, প্রকীৰ্ত্তন  
গ্রহণিগণ পলীখন করেন ; এবং পতঙ্গগণ  
যেমন অগ্নিতে বিনষ্ট হয়, সেইমত  
গ্রহণিগণ তাঁহার তেজে নষ্ট হইয়া  
থাকেন । সেই ব্রহ্মনিষ্ঠ সাধক সত্যপুত্ৰ,  
শুক্লভঃকবণ, সৰ্ব্বপ্রাণি-হিতকারী, তাঁহাকে  
কখন পাপ স্পর্শ করিতে পারে না । আগ্ন-  
ধাতী ব্যতিবেকে কোন ব্যক্তি ঐশ্বর্য মহা-  
য়ার উপভোগ করিতে ইচ্ছা করে ? যে সকল  
খলপজীব পাপাত্ম ব্যক্তি, পরব্রহ্মোপ-  
দেশিচরণে আবৃত হয়, তাহারা আপনাই  
অনিষ্ট করে ; পরব্রহ্মোপাসক সংস্রব জগৎ  
হইতে ভিন্ন নহেন । ২৩—২৯ । হে দেবি ।  
সেই ব্রহ্মোপাসক সকলের হিতকারী,  
সাধু ও সকলের প্রিয়কারী ; ঐশ্বর্য মহায়ার  
অনিষ্ট করিয়া কোন ব্যক্তি নিরুপজবে  
অবস্থান করিতে পারে ? যে সাধক,—



সম্যাসোক্তবিধনা সাধনঃ সুসমাহৃতঃ ।  
 হৃদাদি-করণধাতুমেবমেব বিধীয়তে ॥ ৪৩ ॥  
 প্রাণায়ামঃ ততঃ কুর্বাৎ মূলেন প্রণবেন বা ।  
 মধ্যমানামিকাত্মক দক্ষহস্তস্ত পার্বতি ॥ ৪৪ ॥  
 বামনাসাপুটে ০ ধৃত্বা দক্ষনাসাপুটেন চ  
 পুরষেৎ পবনং মজী মূলমষ্টমিতং জপনু ॥  
 ৪৫ ॥ অঙ্গুষ্ঠেন দক্ষনাসাং ধৃত্বা কুন্তক-  
 যোগতাং । জপেদ্বাত্রিংশতাং ০ ততো  
 দক্ষিণনাশ্রী ॥ ৪৬ ॥ শনৈঃ শনৈস্ত্যজোহাযুঃ  
 জপনু যোড়শা মনু ০ বামনাসাপুটে-

হৃদোত্তর পুর-কুন্তক-রেচকম্ ॥ ৪৭ ॥ পুন-  
 দ দ্বিগতঃ কুর্বাৎ পূর্ববৎ সূর্যপূজিতে ।  
 প্রাণায়ামবিধিঃ প্রোক্তা ব্রহ্মমন্ত্রস্ত সাধনে ॥  
 ৪৮ ॥ ততো ধ্যানং প্রকৃষ্যত স'ধকাতীষ্ট-  
 সাধনম্ ॥ ৪৯ ॥ ঈদয়কমলমযো নিক্ষে-  
 শেষং নিরীহং হরি-হর-বিধিবেদ্যং  
 যোগিভির্ধ্যানগম্যম্ । জনন মরণতীতিভ্রংশি  
 সচিৎস্বরূপং সকলভূতনবীজং ব্রহ্ম চৈতন্য-  
 মীড়ে ॥ ৫০ ॥ ধ্যাত্তেজসং পরমং ব্রহ্ম মানসৈ-  
 রুপচারৈকৈঃ । পূজয়েৎ পরয়া তত্ত্বা

হইয়া, আসোক্ত বিধি অনুসারে বরতাস  
 করিবে ; এইরূপে হৃদাদি কব পর্যাণ্ড যথ-  
 বিধানে করিবে । হে পার্বতি । তৎপরে  
 মূল মন্ত্র, অথবা প্রণব দ্বারা প্রাণায়াম  
 করিবে । দক্ষিণহস্তের মধ্যমা ও অনামিকা  
 অঙ্গুলী দ্বারা বাম-নাসাপুট ধারণ করিয়া  
 দক্ষিণ-নাসাপুটে দ্বারা বায়ু আকর্ষণকালে  
 অষ্টবার মূলমন্ত্র কিংবা প্রণব জপ করিবে  
 ৪১—৪৫ । অনন্তর অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণ  
 নাসা ধারণপূর্বক কুন্তক (খামরোধ)  
 করিয়া দ্বাত্রিংশৎ বার ত্রৈরূপ জপ করিবে ।  
 অনন্তর দক্ষ-নাসা দ্বারা অঙ্গ অঙ্গে নিশ্বাস  
 ত্যাগ করিতে করিতে যোড়শবার ত্রৈ মন্ত্র  
 জপ করিবে । পশ্চাৎ ত্রৈরূপ বাম-নাসা-  
 পুটেও পূর্ব কুন্তক রেচক করিবে, অর্থাৎ  
 অষ্টবার মন্ত্র জপ করিতে করিতে দক্ষনাসা-  
 পুটে শনৈঃ শনৈঃ বায়ু আকর্ষণ করিবে ;  
 পশ্চাৎ বায়ু রোধ করিয়া দ্বাত্রিংশৎবার মন্ত্র  
 জপ করিবে । পরে বাম নাসাপুটে ত্যাগ

করিয়া তদ্বারা শনৈঃ শনৈঃ বায়ু পরিত্যাগ  
 করিতে করিতে যোড়শবার মন্ত্র জপ  
 করিবে । আবার বাম-নাসাপুটে এই  
 প্রকাব পূর্বক কুন্তক রেচক করিবে । হে  
 সূর্যপূজিতে ! পূর্বের দ্বায় দক্ষিণ-নাসাতেও  
 পূর্বক কুন্তক রেচক করিবে ; ব্রহ্মমন্ত্র-  
 সাধনে প্রাণায়াম-বিধি তোমার নিকটে  
 কথিত হইল । অনন্তর সাধকের অতীষ্ট-  
 সাধন, ধ্যান করিবে । যিনি নিক্ষেপ  
 অর্থাৎ নানারূপ তেদশূন্য ; যিনি নিরীহ  
 অর্থাৎ চেদ্বারহিত, যিনি ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর  
 বস্তুক জেয়, যিনি যোগীদিগের ধ্যানগম্য,  
 যাহা হইতে জন্ম মরণের ভয় দূর হয়, যিনি  
 নিত্য স্বরূপ ও জ্ঞান স্বরূপ, যিনি নাশল  
 ভূতের বীজ স্বরূপ, তাদৃশ চৈতন্য স্বরূপ  
 ব্রহ্মকে ঈদয়-কমলমযো ধ্যান করি ।  
 ৪৬—৫০ । ব্রহ্ম-সামুদ্র্য লাভের নিমিত্ত  
 পরা তত্ত্ব দ্বারা পরম ব্রহ্মকে এই প্রকার  
 ধ্যান করিয়া, মনঃকলিত উপচার দ্বারা পূজি ।

ব্রহ্মসামুদ্র্যহেতবে ॥ ৫১ ॥ গন্ধং দদ্যাম-  
হীওত্বং পুষ্পমাকীর্ণমেব চ । ধূপং দদ্যাদ্ধায়ু-  
তত্ত্বং দীপং তেজঃ সমর্পয়েৎ । নৈবেদ্যং  
তোয়তত্ত্বেন প্রদদ্যাত্ পরমাত্মনে ॥ ৫২ ॥  
ততো জপ্ত্বা মহামন্ত্রং মনসা সাধকোত্তমঃ ।  
সমর্প্য ব্রহ্মণে পশ্চাদ্বহিঃ পূজাং সমারভেৎ ॥  
৫৩ ॥ উপস্থিতানি স্রব্যানি গন্ধপুষ্পাদি-  
কানি চ । বস্ত্রালঙ্কারাদীনি ভক্ষ্যপেয়ানি  
যানি চ ॥ ৫৪ ॥ মন্ত্রেণানেন সংশোধ্য ধ্যাত্বা  
ব্রহ্ম সনাতনম্ । নিমীল্য নেত্রে মতিমা-  
নর্পয়েৎ পরমাত্মনে ॥ ৫৫ ॥ ব্রহ্মার্চনং ব্রহ্ম  
হবিষ্যদ্রক্ষ্যমৌ ব্রহ্মণা ত্বম্ । ব্রহ্মৈব তেন

গুণ্ডব্যং ব্রহ্মকর্ম-সমাধিনা ॥ ৫৬ ॥ ততো  
নেত্রে সমুদীল্য জপ্ত্বা মূলং দৃশ্যজিতং ।  
ওজপং ব্রহ্মসাত্ কৃত্বা স্তোত্রৈকং কবচং  
পাঠং ॥ ৫৭ ॥ স্তোত্রং শৃণু মহেশানি ব্রহ্মণঃ  
পরমাত্মনঃ । যৎ শ্রুত্বা সাধিকো দেবি ব্রহ্ম-  
সামুদ্র্যমগ্নুতে ॥ ৫৮ ॥ ওঁ নমস্তে সতে তে  
সর্বলোকান্তরায় নমস্তে চিতে বিশ্বরূপা-  
য়কায । নমোহদ্বৈততত্ত্বায় মুক্তিপ্রদায়  
নমো ব্রহ্মণে ব্যাপিনে নির্ভুগায় ॥ ৫৯ ॥  
ত্বমেব শরণ্যঃ ত্বমেকং বরেন্যং ত্বমেকং  
জগৎকারণং বিশ্ব-রূপম্ । ত্বমেকং জগৎকর্তৃ  
পাতৃ প্রহর্তৃ ত্বমেকং পরং নিশ্চলং নির্বি-

করিবে। মাংস-পূজাতে ঈশ্বরকে ভূত-ভুত  
অর্পণ করিকে—পৃথিবী-তত্ত্বকে গন্ধ, আকাশ  
তত্ত্বকে পুষ্প, বয়ু তত্ত্বকে ধূপ, তেজ-তত্ত্বকে  
দীপ, জল-তত্ত্বকে নৈবেদ্য কলনা করিয়া,  
সেই পরমাত্মাকে প্রদান করিবে। অনন্তর  
সাধকশ্রেষ্ঠ, মানস দ্বারা পূর্বোক্ত (ওঁ  
সচ্চিদ্রূপং ব্রহ্ম) মহামন্ত্র জপ করিয়া,  
ব্রহ্মে জপ সমর্পণপূর্বক বাহুপূজা আরম্ভ  
করিবে। গন্ধ-পুষ্প দি, বস্ত্রালঙ্কারাদি এবং  
ভক্ষ্যপেয়াদি যে সকল স্রব্য উপস্থিত, সে  
সকল স্রব্য এই মন্ত্র দ্বারা সংশোধন করিয়া,  
নেত্রদ্বয় নিমীলনপূর্বক মতিমান ব্যক্তি  
সনাতন ব্রহ্মকে ধ্যান করত পরমাত্মাকে  
সমর্পণ করিবে। সংশোধন এবং অর্পণের  
এই মন্ত্র। অর্পণ অর্থাৎ যজ্ঞপাত্র ব্রহ্ম।  
পৃথিবী অর্থাৎ হর্বনীয় স্রব্য যাহা অর্পণ করিতে  
হইবে, তাহাও ব্রহ্ম। যিনি আত্ম-প্রদান-

কারী অর্থাৎ অর্পণ করিতেছেন, তিনিও  
ব্রহ্ম এইরূপে যিনি ব্রহ্মে চিত্ত একাগ্র-  
রূপে স্থাপন করেন, তিনি ব্রহ্মকেই প্রাপ্ত  
হন। অনন্তর যথার্থকি মুশমন্ত্র জপ  
করিয়া, নেত্রদ্বয় উন্মীলনপূর্বক “ব্রহ্মার্চন-  
মন্ত্র” এই মন্ত্র উচ্চরণ করিয়া, ব্রহ্মে জপ  
সমর্পণ করিয়া, স্তব ও কবচ পাঠ করিবে।  
হে মহেশানি! হে দেবি! পরমাত্মা ব্রহ্মের  
স্তব শ্রবণ কর, যাহা শ্রবণ করিলে সাধক;  
ব্রহ্মসামুদ্র্য প্রাপ্তি হন। ৫১—৫৮। তুমি  
নিত্য, তুমি সর্বলোকের আশ্রয়—তোমাকে  
নমস্কার করি। তুমি জ্ঞান স্বরূপ; বিশ্বের  
আত্মা স্বরূপ, অদ্বৈত-তত্ত্ব, মুক্তি-দায়ক,—  
তোমাকে নমস্কার। তুমি সর্বব্যাপী  
নির্ভুগ ব্রহ্ম,—তোমাকে নমস্কার। তুমি  
একমাত্র শরণ্য অর্থাৎ আশ্রয়, তুমি  
অদ্বিতীয় বরনীয়, তুমি একমাত্র জগৎপ-

কল্পম্ ॥৬০॥ ভয়ানাং ভয়ং ভীষণং ভীষণানাং  
গতিঃ প্রাণিনাং পাবনং পাবনাম্ ।  
মহোচ্চৈঃপদানাং নিয়ন্তু ত্বমেকং পবেষাং  
পবং রক্ষকং রক্ষকাম্ ॥৬১॥ পরেশ প্রভো  
সর্বরূপাবিনাশিনির্দেহ সর্বৈশ্বিয়াগম্য  
সত্য । অচিন্ত্যাকর ব্যাপকাব্যক্ততত্ত্ব জগ-  
তাসকাধান পায়াদপায়াং ॥ ৬২ ॥ তদেকং  
স্বরামস্তদেকং জপামস্তদেকং জগৎসামি-  
রূপং সত্যমঃ । সদেকং নিধানং নিরালম্ব-

কারণ, তুমি বিশ্বরূপ ; একমাত্র তুমি জগ-  
তের সৃষ্টিকর্তা, পালনকর্তা এবং অন্তে  
সংহারকর্তা, তুমি একমাত্র, পবন পুরুষ,  
নিশ্চল ও নানাবিধ কল্পনাশূন্য । তুমি  
ভয়ের ভয়, তুমি ভয়ানকেব ভয়ানক, তুমি  
প্রাণীদিগের একমাত্র গতি, পাবিত্র্য-জনক  
সকলের পাবিত্র্য-জনক । তুমি উচ্চপদা-  
ধিষ্ঠিত ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর প্রভৃতির নিয়ামক,  
তুমি শ্রেষ্ঠ পদার্থ সকলের শ্রেষ্ঠ ও রক্ষক-  
দিগের রক্ষক । হে পরেশ । ( ব্রহ্মাদি-  
দেবাধিপ ) হে প্রভো, তুমি সন্যাসরূপ,  
অবিনাশী, অ ন দিগ্ধ এবং সর্বৈশ্বিয়াগম্য-  
কোন ইন্দ্রিয়ের গোচর নহ । হে সত্য-  
রূপ ! হে অচিন্ত্য ! হে অক্ষর । হে  
ব্যাপক ! হে অব্যক্ত-তত্ত্ব ! জগতাসকাধান ।  
( জগত্তাসক চন্দ্র সূর্যাদির অধীশ্বর ) অথবা  
হে জগতাসক ! হে অধীন ! তুমি আমা-  
র মিলকে অপায় অর্থাৎ ভক্তিবিপ্লব ও  
জ্ঞানবিপ্লব হইতে রক্ষা কর । সেই এক-  
মাত্র ব্রহ্মকে আমরা স্মরণ করি সেই

শক্তিধরপিতৃ । ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ,  
এই চতুর্দশই তোমাতে বিদ্যন্ত আছে,  
সেই হেতু তুমি আমাকে সিদ্ধি প্রদান কর,  
—এই মন্ত্র দ্বারা সেই মালাব পূজনাতে  
মূলমন্ত্র উক্ত বৎপূর্বক ত্রীপাত্রস্থিত গমুত  
দ্বারা তিনবার মালার তর্পণ করিয়া স্থিরচিত্তে  
অষ্টোত্তর-সহস্র অথবা অষ্টোত্তর-শতবার  
মূলমন্ত্র জপ করিবে । ১৬৭—১৭৩ ।  
তদনন্তর প্রাণায়াম করিয়া হৃদয় মাধক,  
হে দেবি । হে মহেশ্বরী । তুমি শুণ্য  
আত্মপ্রহা ও রক্ষাবর্ত্তী ; তুমি আমাকর্তৃক  
কৃত জপ গ্রহণ কর । তোমার প্রসাদে  
আমার সিদ্ধিলাভ হউক,—এই মন্ত্র পাঠ-

সমপ্য প্রণামেদুবি ॥ ১৭৫ ॥ ততঃ কৃতজ্ঞা-  
র্ভুত্বা স্তোত্রক কবচং পরেৎ ॥ ১৭৬ ॥ ততঃ  
প্রদক্ষিণীকৃত্য বিশেষাখ্যায় \*সাধকঃ ।  
বিলোমাখ্যপ্রদানেন কুর্যাদায়াসমর্পণম্ ॥  
১৭৭ ॥ ইতঃ পূর্বং প্রাণবুদ্ধিদেহধর্ম-  
দিকারতঃ । জাগ্রৎসপ্নসুপ্ত্যন্তে অবস্থাস্থ  
প্রকীর্তয়েৎ ॥ ১৭৮ ॥ মনসাভ্যন্তে বদেধাচা  
কর্মণা তদনন্তরম্ । হস্তাভ্যং পদতঃ  
পাধ্যামুদরেণ ততঃ পরম্ ॥ ১৭৯ ॥ শিগয়া  
যৎ কৃতকোত্তম যৎ স্মৃৎ পদতো বদেৎ ।  
যজুস্তং তৎ সর্বমিতি ব্রহ্মাণ্যমুদীরয়েৎ ।  
ভবন্তো মাং মদীরং সকলং তদনন্তরম্ ॥  
১৮০ ॥ আদ্যাকালীপদান্তে জে অপর্ণামি

পূর্বক ত্রীপাত্র-স্থিত জল ও পুষ্প দ্বারা  
দেবীর বাম-করকমলে স্তোত্র রূপ তৎপাল  
সমর্পণ করিবে । সমর্পণ করি । ভূতলে  
প্রণাম করিবে । পরে কৃতজ্ঞ হইয়া  
স্তব ও কবচ পাঠ করিবে । পরে সাধক  
প্রদক্ষিণ করিয়া বিলোম মন্ত্র উদ্যোতনপূর্বক  
স স্থাপিত বিশেষাখ্য-প্রদান হতে দেবীকে  
জাগ্রৎসমর্পণ করিবে । “ইতঃ পূর্বং প্রাণ-  
বুদ্ধিদেহধর্মাদিকারতঃ জাগ্রৎসপ্নসুপ্তি”  
এই পদের পর “অবস্থাস্থ” পদ কীর্তন  
করিবে ; পরে “মনসা” তৎপরে “বাচা  
কর্মণা” পদ বলিবে ; তৎপরে “হস্তাভ্যং”  
এই পদের পর “পাধ্যামুদরেণ”, তদনন্তর  
“শিগয়া যৎ কৃতং” এই পদোচ্চারণান্তে  
“যৎ স্মৃৎ” পদ, তৎপরে “যজুস্তং তৎ সর্বং”  
পাঠ করিবে ; তদনন্তর “ব্রহ্মাণ্যমুদীরং” এই

পদং বদেৎ । প্রণবং তৎসদিভ্যাক্তা  
কুৰ্যাদাশাসমর্পণম্ ॥ ১৮১ ॥ ততঃ কৃতাজলি-  
ভূক্তা প্রার্থয়েদিষ্টদেবতাম্ । মায়াবীজং  
সমুচ্চর্য্য শ্রীমাদ্যো কালিকে বদেৎ ॥ ১৮২ ॥  
পূজিতাসি যথাশক্ত্যা ক্ষমস্বেন্তি বিশ্বজ্য চ ।  
সংহারমুদ্রয়া পুষ্পমাত্রায় স্থাপয়েদ্ধৃদি ॥  
১৮৩ ॥ ত্রিশাঙ্গাং মণ্ডলং কৃত্ব ত্রিকোণং  
স্থপরিষ্কৃতম্ । তত্র সংপূজয়েদেবীং নির্ঘাল্য-

শব্দ উচ্চারণ করিবে । তৎপরে “ভবতু”  
তদন্তে “নাং মদীরং সকলং,” তৎপরে  
“আদ্যাকালী-পদাত্তোজৈ অর্পয়ামি” (অর্থাৎ  
ইহার পূর্ব-প্রাণ-বুদ্ধি-দেহ-ধর্ম্মাধিকারে  
জাগ্রৎ, স্বপ্ন ও সুশুপ্ত এই তিন অবস্থাতে  
মন, বাক্য, কর্ম্ম, হস্তদ্বয়, পদদ্বয়, উদর ও  
উপস্থ দ্বারা যথাসম্ভব বাহ্য কৃত, স্মৃত ও  
উক্ত হইয়াছে ; তৎসমস্তই ত্র্যম্বকে আর্পিত  
হউক, আগিও যাবতীয় বস্তুতে আমার  
বলিয়া অভিমান আছে, তাহা আদ্যাকালীর  
ত্রীচরণ-কমলে নর্পণ-বা-লাম ) এই পদ  
পাঠ করিবে । তদন্তর প্রণব (ওঁ) তৎ-  
সং উচ্চারণ করিয়া দেবীকে আশ্রয়সমর্পণ  
করিবে । ইহা আশ্রয়সমর্পণের মন্ত্র ।  
১৭৪—১৮১ । তৎপরে (সাদক) কৃতাজলি  
হইয়া ইষ্টদেবতাব নিকট প্রার্থনা করিবে ।  
মায়াবীজ (হ্রীং) উচ্চারণ করিয়া  
“শ্রীমাদ্যো কালিকে” এই পদ উচ্চারণ  
করিবে, তৎপরে “যথাশক্ত্যা পূজিতাসি  
ক্ষমস্ব” এই বলিয়া প্রার্থনা করিবে । এই-  
রূপে ইষ্টদেবতাকে বিসর্জনপূর্বক সংহার

পুষ্পবারিণা । হ্রীং নির্ঘাল্যপদকোত্তরা  
বাসিনৈম্ নম ইত্যপি ॥ ১৮৪ ॥ ত্র্যম্ব-বিষ্ণু-  
শিবাদিত্যঃ সর্বদেবে ভ্যএব চ । নৈবেদ্যং  
বিতরেৎ পশ্চাদ্গৃহীয়াং শক্তিসাধকঃ ॥  
১৮৫ ॥ স্বীয়শক্তিং বামভাগে সংস্থাপ্য  
পৃথগাসনে । একামনোপবিষ্টো বা পাত্রে  
কুৰ্য্যাগ্নেনোরমম্ ॥ ১৮৬ ॥ পানপাত্রং প্রবুদ্ধীত  
ন পকতোলকাধিকম্ । তোলকত্রিতয়া-  
ন্যনং স্বাৰ্ণং রাজতমে চ ॥ ১৮৭ ॥ অথবা  
কাচজনিতে নারিকেলেন্দ্রবক বা । অধারে-  
পরিপ্লবংস্থাপ্য শুক্লিপাত্রস্ত দক্ষিণে ॥ ১৮৮ ॥

মুদ্রা দ্বারা গৃহীত পুষ্পের ক্ষীড়াণ লইয়া  
দেবীকে স্বহৃদয়ে স্থাপন করিবে । অনন্তর  
সৈন্যনকোণে স্থপরিষ্কৃত ত্রিকোণ মণ্ডল  
করিয়া, তাহাতে নির্ঘালা পুষ্প ও জল দ্বারা  
নির্ঘাল্য এই পদ উচ্চারণ করিয়া পরে  
“বাসিনৈম্ নমঃ” ইহা বলিয়া দেবীকে  
(হ্রীং নির্ঘাল্য-বাসিনীকে) পূজা করিবে ।  
অনন্তর শক্তি সাধক ত্র্যম্ব, বিষ্ণু ও শিব  
প্রভৃতি সকল দেবগণকে নৈবেদ্য বিতরণ  
করিবে এবং পশ্চাৎ দ্রব্যং গ্রহণ করিবে ।  
বামভাগে ত্রিম আসনে স্বীয় শক্তিকে  
স্থাপন করিয়া অথবা তৎসহিত একা-  
সনে উপবিষ্ট হইয়া পানাদি জল মনোরম  
পাত্র স্থাপন করিবে । পরিমাণে পক-  
তোলকের, অনধিক এবং ত্রিতোলকের  
অন্যান সর্গময় দ্রব্য বা রাজত বা কাচনির্মিত  
অথবা নারিকেল-সম্প্রত পানপাত্র করিবে ।  
শুক্লিপাত্রের দক্ষিণভাগে, আধারোপরি

মহাপ্রসাদমণীয় পাত্রেণ পরিবেশয়েৎ ।  
 স্বয়ং বা ভ্রাতৃপুত্রৈর্বা জ্যেষ্ঠানুক্রমতঃ স্তবীঃ ॥  
 ১৮৯ ॥ পানপাত্রে স্তব্দা দেয়া শৌক্যো শুদ্ধা-  
 দিকানি চ । ততঃ সাময়িকৈঃ সার্কিং পান-  
 ভোজনমাচরেৎ ॥ ১৯০ ॥ আদ্যবাস্তবার্থায়  
 গৃহীয়াচ্ছুদ্ধিমুত্তমম্ । ততোহতিশষ্টমনস্য  
 সমস্তঃ কুলসাধকঃ ॥ ১৯১ ॥ স্বস্বপাত্রং  
 সমাদায় পরমামৃতপুরিতম্ । মূলধারা-  
 দ্বিজিহ্বাত্তাং চিহ্নপাং কুলকুণ্ডলীম্ ॥ ১৯২ ॥  
 বিভাব্য তনুখাস্তোজৈ মূলমুগ্ধং সমুচ্চরন্ ।  
 পরস্পরাজ্ঞামাদায় জুহুয়াৎ কুণ্ডলীমুখে ॥  
 ১৯৩ ॥ জলিপানং কুলজ্ঞীর্ণং গন্ধদ্বীকার-

সংস্থাপিত করিয়া, বিচক্ষণ সাধক, মহা-  
 প্রসাদ আনয়নপূর্বক স্বয়ং, ভ্রাতা বা পুত্র  
 দ্বারা জ্যেষ্ঠানুক্রমে পাত্রে পরিবেশন করা-  
 ইবে । ১৮২—১৮৯ । পানপাত্রের স্তব্দা এবং  
 শুদ্ধিপাত্রের শুদ্ধি (মাংস-মৎস্যাদি) প্রদান  
 করিবে । অনন্তর দেবীর পূজা সময়ে সমা-  
 গতগণের সহিত পান-ভোজন করিবে ।  
 প্রথমতঃ আস্তরণের জন্ত উত্তমা শুদ্ধি  
 (মাংসাদি) গ্রহণ করিবে । পরে সমস্ত  
 কুলসাধক অতিথয় আনন্দিতচিত্তে উৎকৃষ্ট  
 মদ্যপুরিত স্ব স্ব পাত্র গ্রহণ করিয়া, মূলধার  
 হইতে জিহ্বা পর্যন্ত ব্যাপিনী চৈতন্যরূপা  
 কুলকুণ্ডলিনীকে চিন্তা করিয়া, তাঁহার মুখ-  
 কণ্ঠে মূলমুগ্ধ সমুচ্চারণপূর্বক পরস্পরের  
 অঙ্গের গ্রহণ করিয়া কুণ্ডলীমুখে পরমাশ্রুত  
 হোম করিবে । কুলজাগণের পক্ষে মদ্য-  
 গন্ধ-গ্রহণই জলিপান এবং গৃহস্থ সাধক-

লক্ষণম্ । সাধকানাং গৃহস্থানাং পঞ্চপাত্রং  
 প্রকীর্তিতম্ ॥ ১৯৪ ॥ অতিপানং কুলীনাং  
 সিদ্ধিহানিঃ প্রজায়তে ॥ ১৯৫ ॥ যাবদ্ চাল-  
 দেদৃষ্টিং যাবদ্ চালয়েন্ননঃ । তাবৎ পানং  
 প্রকুব্বীত পশুপানমতঃ পরম্ ॥ ১৯৬ ॥ পানে  
 জাতিভেদদৃশস্ত দ্বী চ শক্তিসাধকে । স  
 পপিষ্ঠে কথং কামাদাদ্যাৎ কালীং ভজাম্যহম্ ॥  
 ১৯৭ ॥ যথা ব্রহ্মার্চিত্তেহমাদৌ স্পৃষ্টদোষো  
 ন বিদ্যতে । তথা তব প্রসাদেহপি জাতি-  
 ভেদং বিবর্জয়েৎ ॥ এবমেব বিধানেন কুর্য্যাৎ  
 পানক ভোজনম্ । হস্তপ্রক্ষালনং নাস্তি তব  
 নৈবেদ্যসেবনে । লোপাপনোদনং কুর্য্যাদ্বজ্রেন  
 পাথসাপি বা ॥ ১৯৯ ॥ ততো নির্মাল্য-

গণের পক্ষে পঞ্চপাত্র-পুরণিত মদ্যপান  
 জলিপান বলিয়া পরিকীর্তিত হইয়াছে ।  
 ১৯০—১৯৪ । কুলসাধকগণের, অতিরিক্ত  
 পান করিলে সিদ্ধিহানি হয় । মদ্যপান  
 যে পর্যন্ত দৃষ্টিকে ঘূর্ণিত করিতে না পারে,  
 তাবৎ পর্যন্ত পান করিবে । ইহার অতি-  
 রিক্ত পান পশুপান-তুল্য । পানে যাহার  
 চিত্তবৈকল্য জন্মে এবং যে শক্তিসাধকে  
 দ্বন্দ্বা করে, সে পাপিষ্ঠ "আমি জাদ্যা  
 কালীকে ভজনা করি" এ কথা ক্রমে  
 বলিবে ? যেমন ব্রহ্মে সমর্পিত অগ্নিদিতে  
 স্পর্শদোষ নাই, অর্থাৎ জাতিভেদ বর্জিত  
 হইয়াছে, তদ্রূপ তোমার প্রসাদেও জাতি-  
 ভেদ বর্জন করিবে । এই প্রকার বিধানামু-  
 সারে পান-ভোজন করিবে । তোমার  
 নৈবেদ্য-সেবনে হস্ত-প্রক্ষালন নাই; এবং

কুসুমং বিধৃত্য নিরসা সুধীঃ । যজ্ঞপেপং  
কর্চ্চ দেশে, বিধবেদেবভুবি ॥ ২০০ ॥

ইতি শ্রীমহানির্বাণতন্ত্রে শ্রীপাত্রস্থাপন-হোম-  
চক্রানুষ্ঠানকথনং নাম যষ্ঠ উল্লাসঃ ॥ ৬ ॥

### সপ্তম উল্লাসঃ ।

অন্যাকালিকাদেব্যা মন্ত্রোক্তাঃ মহা-  
ফলম্ । সৌভাগ্যমোক্ষজননং ব্রহ্মজ্ঞানৈক-  
সাধনম্ ॥ ১ ॥ প্রাতঃকৃত্যং তথা জ্ঞানং সন্ধ্যাং  
সংবিদিশোধনম্ । গ্রামপূজাবিধানকং বাহ্য-  
জ্যোত্তরভেদতঃ ॥ ২ ॥ বলিপ্রদানং হোমকং  
চক্রানুষ্ঠানমেব চ । মহাপ্রসাদস্বীকারঃ

বা জল ধারা হস্তলেপাপনয়ন করিবে ।  
অনন্তর সুধী মাধক মস্তকে নির্মালা কুসুম  
ধারণ করিয়া লেপদ্রব্য জয়গল-মধ্যে ধারণ  
করিবে,—দেবতুল্য হইয়া ভূতলে বিচরণ  
করিবে । ১৯৫—২০০ ।

যষ্ঠ উল্লাস সমাপ্ত ॥ ৬ ॥

### সপ্তম উল্লাস ।

মহাফল-জনক, সৌভাগ্য ও মোক্ষ-  
প্রদ, ব্রহ্ম-জ্ঞানলাভের অদ্বিতীয় সাধন,  
আন্যাকালিকাদেবীর মন্ত্রোক্তার, প্রাতঃকৃত্য,  
জ্ঞান, সন্ধ্যা, সংবিদিশোধন, বাহ্য-মানস-  
ভেদে গ্রাম ও পূজাবিধান, বলিদান, হোম,  
ভৈরবী ও তন্ত্র-চক্রানুষ্ঠান এবং মহাপ্রসাদ-

পার্বতী হইয়াছেন । বিনয়াবনতা দেবী,  
প্রোবাচ শঙ্করং প্রতি ॥ ৩ ॥ শ্রীদেবীবাচ ।  
মদামিব জগন্নাথ জগতাং হিতকারক ।  
কৃপয়া কথিতং দেব পরাপ্রাপ্তিসাধনম্ ॥ ৪ ॥  
সংপ্রাণিহিতকরং ভোগমোক্ষৈককারণম্ ।  
বিশেষতঃ কলিযুগে জীবানামাশু সিদ্ধিদম্ ॥  
৫ ॥ তব বাগমুতাম্বোধৌ নিমজ্জগাম মানসম্ ।  
নোখাতুমীহতে স্নেহং ভুগুঃ প্রার্থয়তে-  
হচিরাং ॥ ৬ ॥ পূজাবিধৌ মহাদেব্যাঃ সৃচিতং  
ন প্রকাশিতম্ । শ্তোত্রক কবচং দেব তদি-  
দানীং প্রকাশয় ॥ ৭ ॥ শ্রীমদাম্বী উবাচ ।  
শৃণু দেবি জগদ্বন্দ্যো শ্তোত্রমেতদমুস্তমম্ ।

গ্রহণ শ্রবণ করিয়া হৃষ্টচিত্তা পার্বতী দেবী  
বিনয়াবনতা-হইয়া শঙ্করকে বলিলেন,—  
হে মদাম্বী । হে জগন্নাথ । হে জগতের  
হিতকর্ত্তা দেব । তুমি কৃপা-পরবশ হইয়া  
আমার নিকট,—প্রাণিগণের হিতকর ভোগ  
ও মোক্ষের অদ্বিতীয় সাধন, বিশেষতঃ  
কলিযুগে জীবগণের আশু সিদ্ধিপ্রদ পরমা-  
প্রাকৃতি-সাধন করিলে । তোমার বাক্যরূপ  
অমৃত-সাগরে ক্রমে নিমগ্নপ্রায় আমার মন  
আগ্নে আগ্নে উত্তিত হইবার জন্ত চেষ্টা  
করিতেছে না, বরং পুনর্বার তৎপ্রাপ্তির  
জন্ত প্রার্থনা করিতেছে । মহাদেবীর পূজা-  
বিধিতে শ্তোত্র ও কবচ-পাঠের সূচনা  
করিয়াছ, কিন্তু তাহা প্রকাশ কর নাই ।  
হে দেব । এক্ষণে তাহা প্রকাশ কর ।  
১—৭ । শ্রীমদাম্বী বলিলেন,—হে  
জগদ্বন্দ্যো । হে দেবি । এই মর্কোস্তম

পঠনাস্ত্রবণাদ্বয়ং সৰ্বসিদ্ধিপ্রদং ভবেৎ ॥ ৮ ॥  
 অসৌভাগ্যপ্রশমনং সুখসম্পদ্বির্জনম্ ।  
 অকালমৃত্যুহরণং সৰ্বাপদিনিবারণম্ ॥ ৯ ॥  
 ক্রীমদাদ্যাকালিকায়াঃ সুখসামিধ্যাকরণম্ ।  
 স্তবস্ত্রাশ্চ প্রসাদেন ত্রিপুরারিহিং শিবে ॥  
 ১০ ॥ স্তোত্রস্ত্রাশ্চ ঋষির্দেবিসদাশিব উদা-  
 ছতঃ । ছন্দে হনুষ্ঠুকেবৃতাদ্যা কালিকা পরি-  
 কীৰ্ত্তিতা । ধর্মার্থকামমোক্ষেষু বিনিয়োগঃ  
 প্রকীৰ্ত্তিতঃ ॥ ১১ ॥ হ্রীং কালী ক্রীং করালী চ  
 ক্রীং কল্যাণী কলাবতী । কমলা কলিদর্পণী  
 কপদীশকুপাবিতা ॥ ১২ ॥ কালিকা কাল-  
 মাতা চ কালানলসমজ্যতিঃ । কপদিনী করা-

স্তোত্র বলিতেছি—শ্রবণ কর । যাহার  
 পাঠে বা শ্রবণে, সৰ্বসিদ্ধির ঈশ্বর হয় ।  
 ইহা দ্বারা অসৌভাগ্যের বিনাশ ও সুখ-  
 সম্পত্তির বৃদ্ধি হয় ; ইনি অকাল-মৃত্যুকে  
 হরণ ও আপদ-সমূহের নিবারণ করেন ।  
 হে শিবে । এই স্তোত্র আদ্যা কালিকা-  
 দেবীর সুখজনক-সমিধান-লাভের কারণ ।  
 আমি এই স্তবের প্রসাদেই ত্রিপুরারি  
 হইয়াছি । হে দেবি । সদাশিব এই  
 স্তোত্রের ঋষি বলিয়া উদাহৃত হইয়াছেন ;  
 ছন্দ অনুষ্ঠপ এবং আদ্যাকালিকা দেবতা-  
 রূপে কীৰ্ত্তিতা হইয়াছেন ; ধর্ম, অর্থ, কাম  
 ও মোক্ষ—এই চতুর্কর্মে বিনিয়োগ কীৰ্ত্তিত  
 হইবে । ৮—১১ । স্তোত্র কথা ;—হ্রীং-  
 রূপা কালী, ক্রীং রূপা করালী এবং ক্রীং-  
 রূপা কল্যাণী । কলাবতী, কমলা, কলিদর্প-  
 নাশিনী, মহাদেবের প্রতি কুপাবতী ।

লাত্যা করুণামৃতসাগরা ॥ ১৩ ॥ কুপাময়ী  
 কুপাধারা কুপাপারা কুপাগমা । কুশান্তঃ  
 কপিলা কুম্ভা কুম্ভানন্দবিবর্জিনী ॥ ১৪ ॥  
 কালরাত্রিঃ কামরূপা কামপাশবিমোচিনী ।  
 কাদম্বিনী কলাধারা কলিকামনানিনী ॥ ১৫ ॥  
 কুমারীপূজনপ্ৰীতা কুমারীপূজকালয়া । কুমারী-  
 ভোজনানন্দা কুমারীরূপধারিনী ॥ ১৬ ॥ কদম্ব-  
 বনমধারা কদম্ববনবাসিনী । কদম্বপুপ-  
 সম্ভোয়া কদম্বপুপমালিনী ॥ ১৭ ॥ কিশোরী  
 কনকঠা চ কলনাদমিনাদিনী । কাদম্বরীপান-

কালিকা, কালমাতা অর্থাৎ কালেরও  
 আদিভূতা, কালানল-সমজ্যতি অর্থাৎ যাহার  
 তেজ প্রায়কালীন আগ্নির সদৃশ, কপদিনী,  
 করালবদনা, করুণারূপ ভগ্নুতের মগ্নুতুল্য  
 অর্থাৎ যাহার করুণা অপার অপরিমেয়  
 এবং অক্ষয় । কুপাময়ী, কুপাধারা, কুপা-  
 পারা, কুপাগমা অর্থাৎ যাহার নিজ কুপাবলে  
 যাহাকে জানিতে পারা যায় । কুশান্তঃ,  
 অর্থাৎ, অগ্নিরূপা, কপিলা, কুম্ভা, কুম্ভানন্দ-  
 বিবর্জিনী । কালরাত্রি, কামরূপা, কামপাশ-  
 বিমোচনী অর্থাৎ কামবন্ধ-চ্ছেদিনী,  
 কাদম্বিনী ( মেঘমালারূপা ), কলাধারা,  
 কলিপাপহারিনী । ১২—১৫ । কুমারী পূজন-  
 প্ৰীতা অর্থাৎ যিনি কুমারী-পূজনে প্ৰীতি-  
 যুক্তা হন, কুমারীপূজকালয়া অর্থাৎ কুমারী-  
 পূজকের নিকটেই অবস্থান করেন, কুমারী-  
 ভোজনানন্দা অর্থাৎ কুমারীদিগকে ভোজন  
 করাইলে আনন্দিত হন, কুমারী-রূপধারিনী ।  
 কদম্ববন-মধারা ( কদম্ববন-বিচারিনী ),

রক্তা তথা কাদম্বরীপ্রিয়া ॥ ১৮ ॥ কপাল-  
পাত্রনিরুতা কঙ্কালমাল্যধারিণী । কমলাসন-  
সমুদ্ভা কমলাসনবাসিনী ॥ ১৯ ॥ কমলালয়-  
মধ্যস্থা কমলামোদমোদিনী । কলহংসগতিঃ  
কৈবল্যমালিনী কামরূপিণী ॥ ২০ ॥ কামরূপ-  
কৃতাবাসা কামপীঠবিলাসিনী । কমলীয়া  
কমলতা কমলীয়াবিভূষণা ॥ ২১ ॥ কমলীয়া-

কদম্ববন বাসিনী, কদম্বপুষ্প-মন্তোষা অর্থাৎ  
কদম্বপুষ্প ঘাঁহার মন্তোষ হয়, কদম্বপুষ্প-  
মালিনী অর্থাৎ যিনি কদম্বপুষ্পের মাল্য  
ধারণ করিয়া থাকেন । কিশোরী, কলকঠা  
অর্থাৎ ঘাঁহার কণ্ঠস্থ অতীব মধুর, কলনাদ-  
নিনাদিনী ( কোকিলবৎ সুস্বরা ), কদম্ববী-  
পানরতা অর্থাৎ মদ্যপান-রতা, কাদম্বরী  
প্রিয়া । কপালপাত্র-নিরুতা অর্থাৎ ঘাঁহার  
পানপাত্র নর-কপাল, কঙ্কাল-মাল্যধারিণী  
অর্থাৎ যিনি অস্থিমাল্য ধারণ করিয়া  
থাকেন । কমলাসন-সমুদ্ভা, অর্থাৎ ব্রহ্মার  
প্রতি সমুদ্ভা, কমলাসন-বাসিনী অর্থাৎ  
পদ্মাসীনী । কমলালয়-মধ্যস্থা, কমলামোদ-  
মোদিনী অর্থাৎ কমলগন্ধে ঘাঁহার আনন্দ  
লাভ হয় । কলহংসগতি ( রাজহংসবৎ  
সুন্দরগামিনী ), কৈবল্যমালিনী ( ভক্তহৃৎখ-  
হারিণী ), কামরূপিণী, কামরূপ-কৃতাবাসা  
( কামরূপ প্রদেশে ঘাঁহার স্থিতি ), কামপীঠ-  
বিলাসিনী । কমলীয়া, কমলতা ( যিনি  
কমলগতাব ত্রায় সাধকাতীষ্ট সম্পূর্ণ করেন ),  
কমলীয়াবিভূষণা । ১৬—২১ । কমলীয়া-  
গুণাবস্থা অর্থাৎ কমলীয়া গুণসমূহই ঘাঁহার

গুণাবস্থা কোমলাঙ্গী কুশোদরী । কারণমৃত-  
মন্তোষা কারণানন্দসিদ্ধিদা ॥ ২২ ॥ কারণ-  
নন্দাপেষ্ঠা কারণার্চনহার্ষতা । কাবলার্ণব-  
সংমগা কারণব্রতপালিনী ॥ ২৩ ॥ কন্তুরী-  
সৌরভামোদক কন্তুরীতিশোকজ্জ্বলা । কন্তুরী-  
পূজনরতা কন্তুরীপূজকপ্রিয়া । কন্তুরীদাহ-  
জননী কন্তুরীমৃগতোষিণী ॥ ২৪ ॥ কন্তুরী-  
ভোজনপ্রীতা কপূরামোদমোদিতা । কপূর-

আরাধনা-সাধন । কোমলাঙ্গী, কুশোদরী,  
কারণমৃত-মন্তোষা অর্থাৎ মদ্যরূপ অমৃত  
দ্বারা ঘাঁহার মন্তোষ হইয়া থাকে, কারণানন্দ-  
সিদ্ধিদা ( কারণ-পানে ঘাঁহার আনন্দ হয়  
অর্থাৎ যে যথার্থ কুলসাধক, যিনি তাহাকে  
সিদ্ধি প্রদান করেন ), কারণানন্দ-জাপেষ্ঠা  
অর্থাৎ কুলসাধকগণ জপাদি দ্বারা ঘাঁহাকে  
অর্চনা করিয়া থাকে, কারণার্চন-হার্ষতা  
অর্থাৎ কারণ দ্বারা পূজা করিলে যিনি প্রীতা  
হইয়া থাকেন, কাবলার্ণবসংমগা অর্থাৎ  
মিগোকাধার কারণ-সমুদ্রের অন্তর্নিহিতা,  
কারণব্রত-পালিনী । কন্তুরী-সৌরভামোদা  
( কন্তুরীগন্ধে যিনি আনন্দিতা হইয়া থাকেন,  
কন্তুরীতিশোকজ্জ্বলা ( কন্তুরী-তিশক  
ধারণ করায় বিচিত্র কান্দিমালিনী ), কন্তুরী  
পূজনরতা অর্থাৎ কন্তুরী দ্বারা পূজা করিলে  
ঘাঁহার অতি মন্তোষ হয়, কন্তুরী-পূজক-  
প্রিয়া ( যে কন্তুরী দ্বারা পূজা করে, সে  
ঘাঁহার প্রিয় ), কন্তুরীদাহ-জননী, কন্তুরীমৃগ-  
তোষিণী । কন্তুরীভোজন-প্রীতা, কপূর-  
মোদমোদিতা অর্থাৎ কপূর-গন্ধে আনন্দিতা,

মালাভরণা কপূরচন্দনোক্ষিতা ॥২৫॥ কপূর-  
কারণাঙ্কনা কপূরামৃতপায়িনী । কপূরসাগর-  
জাতা কপূরসাগরালয়া ॥ ২৬ ॥ কূর্চগৌজ-  
জপত্ৰীতা কূর্চজাপপরায়াণা । কুলীনা কোলি-  
কারাধ্যা কোলিকগণপ্রিয়কারিণী । কুলাচারা  
কৌতুকিনী কুলমার্গপ্রদর্শিনী ॥ ২৭ ॥ কানী-  
শ্বরী কষ্টহন্ত্রী কানীশ-বরদায়িনী । কানীশ্বর-  
কৃতামোদো কানীশ্বরমনোরমা ॥ ২৮ ॥ কল-  
মঞ্জীরচরণা কণকাকীবিভূষণা । কাকনাভি-

কৃতাগারা কাকনাভিকৌমুদী ॥২৯॥ কামবীজ-  
জপানন্দা কামবীজমুদ্রাপিণী । কুমতিধী কুলী-  
নার্তিনাশিনী কুলকামিনী ॥ ৩০ ॥ ক্রীৎ ক্রীৎ  
ক্রীৎ মঙ্গলধ্বন্যে কালকটকবাতিণী ॥ ৩১ ॥  
ইত্যাদ্যাক্যালিকাদেব্যাঃ শতনাম প্রকীৰ্ত্তিতম্  
ককারকটকটিতং কালীমুদ্রাপদমকম ॥ ৩২ ॥  
পূজাকালে পাঠেদ্যস্ত কালিকাকৃতমানসঃ ।  
মঙ্গলিঙ্গিভবেদান্তে তত্র কালী প্রসীদতি ॥  
৩৩ ॥ বুদ্ধিঃ বিদ্যাঞ্চ শতভেদে গুরোঃপ্রদে-  
শমাত্রতঃ । ধনবান্ কীর্ত্তিমান্ ভূয়াদানন্দীলো-

কপূর-মালাভরণা ( কপূরবাসিত-মালাবিভূ-  
ষিতা ), কপূরচন্দনোক্ষিতা অর্থাৎ যিনি  
কপূর-মিশ্রিত চন্দন দ্বারা চর্চিতা । ২৫—  
২৬ । কপূরকারণাঙ্কনা ( কপূরমিশ্রিত  
সুখা যাহার আনন্দ উৎপাদন করে ),  
কপূরামৃতপায়িনী অর্থাৎ যিনি কপূর-বাসিত  
সুখ পান করিয়া থাকেন, কপূরসাগর-জাতা  
অর্থাৎ যিনি কপূর-সুবাসিত জগরাশিতে স্নান  
করেন, কপূরসাগরালয়া অর্থাৎ যিনি কপূর-  
সাগরে অবস্থান করেন । কূর্চগৌজ জপ-  
ত্ৰীতা অর্থাৎ যিনি 'কূর্চ' এই গৌজরূপে ত্ৰীত  
হন । কূর্চজাপ-পরায়াণা, কুলীনা, কোলিকা-  
রাধ্যা ( কোলিকগণের উপাধ্যায় ), কোলিক-  
প্রিয়কারিণী অর্থাৎ যিনি কোলিকগণের প্রিয়-  
কার্য্য-সাধনে তৎপর, কুলাচারা, কৌতু-  
কিনী, কুলমার্গ-প্রদর্শিনী । কানীশ্বরী, কষ্ট  
হন্ত্রী, কানীশবরদায়িনী অর্থাৎ যিনি শিবকে  
বর দিয়া থাকেন । কানীশ্বর-কৃতামোদা  
( মহাদেব যাহার আনন্দ-বিধানে সমর্থ )  
কানীশ্বর-মনোরমা অর্থাৎ কানীশ্বরের মনো-

মোহিনী । কলমঞ্জীর-চরণা অর্থাৎ যাহার  
চরণযুগলে মধুর-শব্দ ন্যূর বিরাজ করি-  
তেছে, কণকাকী-বিভূষণা অর্থাৎ শঙ্কায়-  
মানকাঞ্চীদাম-ভূষিতা । কাকনাভি-কৃত-  
াগারা অর্থাৎ সুরেন্দ্র-পর্বতবাসিনী, কাকনা-  
চণ-কৌমুদী ( সুরেন্দ্র-পর্বতের জ্যোৎস্না-  
মুদ্রাপা ) । কামবীজ-জপানন্দা অর্থাৎ যিনি  
'কাম' এই বীজ-রূপে আনন্দিত হন, কাম-  
বীজ-মুদ্রাপিণী, কুমতিধী অর্থাৎ কুমতি-  
নাশিনী কুলীনার্ত্তি-নাশিনী ( কুলাচারিগণের  
ক্লেশহারিণী ), কুলকামিনী এবং ক্রীৎ ক্রীৎ  
ক্রীৎ মঙ্গলধ্বন্যে কালকটক-বাতিণী  
অর্থাৎ যমভয়-নাশিনী । ২৬—৩১ । হে  
দেবি ! ককারকটকটিতং কালীমুদ্রাপদম  
আদ্য-কালিকা-দেবীর এই শতনাম স্তোত্র  
কীর্ত্তিত হইল । যে ব্যক্তি কালিকায় মন  
অর্পণ করিয়া পূজাকালে এই স্তোত্র পাঠ  
করে, সীত তাহার মঙ্গলিঙ্গি হয় এবং কালী  
তাহার প্রতি প্রসন্ন হন । গুরোঃ উপদেশ-

দয়াবিতঃ ॥ ৩৪ ॥ পুত্রপৌত্রমুখৈশ্বৰ্য্যৈর্মোদতে  
সাধকো ভুবি ॥ ৩৫ ॥ ভৌমাবাস্তানিশাভাগে  
মপঞ্চকসমিহঃ । পূজয়িত্বা মহাকালীমাদ্যাং  
ত্রিভুবনেশ্বরীম্ ॥ ৩৬ ॥ পঠিত্বা শতনামানি  
সাক্ষাৎ কালীময়ো ভবেৎ । নামাধ্যাং বিদ্যাতে  
তস্ত্র ত্রিমূ লোকেষু কিঞ্চন ॥ ৩৭ ॥ বিদ্যায়াং  
বাকুপতিঃ সাক্ষাদ্ ধনে ধনপতির্ভবেৎ । সমুদ্র-  
ইব গান্তীর্থো বলে চ পবনোপমঃ ॥ ৩৮ ॥  
তিষ্ঠাৎশুরিব হুস্ত্রাক্ষাঃ শশিচ্ছতদর্শনঃ ।  
রূপে মূর্ত্তিধরঃ কামো যোষিতাং হৃদয়ঙ্গমঃ ॥  
৩৯ ॥ সৰ্ব্বত্র জয়মাপ্নোতি স্তবস্ত্রান্ত্র প্রমা-

মাত্রে তাহার বুদ্ধি ও বিদ্যালাত্ত হয় (পরি-  
শ্রম করিতে হয় না) । সে ধনবান, কীর্ত্তি-  
মান, দাতা ও দয়ালু হয় । এবং সেই সাধক  
পৃথিবীতলে পুন পৌত্র মুখ ঐশ্বৰ্য্যে আন-  
ন্দিত থাকে । ৩২—৩৫ । হৃঙ্গলবার অমা-  
বস্থা নিশাভাগে মদ্য প্রভৃতি পকতত্ত্ব-যুক্ত  
হইয়া ত্রিভুবনেশ্বরী আদ্যা কালীকে পূজা  
করিয়া এই শতনামস্তোত্র পাঠ করিলে  
সাক্ষাৎ কালী-স্বরূপ হয় ;—ত্রিভুবনে  
তাহার কিছুই অসাধ্য থাকে না । বিদ্যায়া  
সাক্ষাৎ বাকুপতি (বৃহস্পতি), ধনে ধনপতি  
(কুবের), গান্তীর্থো সরিৎপতি (সমুদ্র)  
এবং বলে পবনোপম হয় । উষ্ণরশ্মির  
(সূর্য্যের) জায় হৃদর্শন এবং শশধরবৎ  
সৌম্যদর্শন হয় ; রূপে মূর্ত্তিমান কামদেবের  
জায় হইয়া নারীগণের হৃদয়ে বিরাজ করে ।  
৩৬—৩৯ । এই স্তব প্রমাদে সৰ্ব্বত্র বিজয়  
লাভ করে । যে যে কামনা করিয়া এই

দত্তঃ ॥ ৪০ ॥ যঃ যঃ কামঃ পুরুষোত্তমো  
মেতদুদীরয়েৎ । তঃ তঃ কামমবাপ্নোতি  
শ্রীমদাদ্যা প্রমাদকঃ ॥ ৪১ ॥ রণে রাজকুলে  
দ্যুতে বিবাদে প্রাণসঙ্কটে । দম্ভাগ্রস্তে গ্রাম-  
দাহে সিংহরাজ্যাবৃতে তথা ॥ ৪২ ॥ অরণ্যে  
প্রান্তরে হুর্গে গ্রহরাজভয়েহপি বা জর-  
দাহে চিরব্যাধৌ মহারোগাদিসঙ্কুলে ॥ ৪৩ ॥  
বালগ্রহাদিরোগে চ তথা হুঃস্বপ্নদর্শনে ।  
হুস্তরে সলিলে বাপি পোতে বাতবিপদগতে ॥  
৪৪ ॥ বিচিন্ত্য পরমাং মায়ামাদ্যাং কালীং  
পরাম্পরাম্ । যঃ পঠেচ্ছতনামানি দৃঢ়ভক্তি-  
সমধিতঃ । সৰ্ব্বাপদভ্যো বিমুচ্যেত দেবি-  
সত্যং ন সংশয়ঃ ॥ ৪৫ ॥ জ পাপেভ্যো  
ভয়ং তস্ত্র ন রোগেভ্যো ভয়ং কচিৎ ।

স্তব পাঠ করিবে, শ্রীআদ্যা কালিকার  
প্রমাদে সেই সেই অতীষ্ট ফল প্রাপ্ত  
হইবে ;—যুদ্ধে, রাজসভায়, দাতৃকীডায়,  
বিবাদে (মোকদ্দমায়), প্রাণসঙ্কট সময়ে,  
গ্রামদাহে, দম্ভাপূর্ণ স্থানে, সিংহ-ব্যাভ্রাদি  
হিংস্রজন্তু-সঙ্কুল স্থানে, প্রান্তরে, হুর্গে, গ্রহ-  
ভয়ে, রাজভয়ে, জরদাহে, চিরব্যাধিতে,  
মহারোগাদির আক্রমণে, বালগ্রহাদিযোগে,  
হুঃস্বপ্নদর্শনে, হুস্তর-সমুদ্রে কিংবা বায়ুজনিত  
বিপদাপন্ন পোতাপরি বিপদে যে ব্যক্তি  
পরাম্পরা পরমা-মায়া আদ্যাকালীকে ধ্যান-  
পূর্ব্বক দৃঢ়ভক্তি-সমধিত হইয়া এই শতনাম-  
স্তোত্র পাঠ করিবে, সে সত্যই সকল বিপদ  
হইতে মুক্তিলাভ করিবে,—হে দেবি ! ইহাতে  
সন্দেহ নাই । তাহার কোন স্থলেই পাপ-

সর্বত্র বিজয়ন্ত্য ন ক্রাপ পরভবঃ ॥ ৪৬ ॥  
তস্য দর্শনমাত্রেণ পলায়ন্তে বিপদগণাঃ ॥ ৪৭ ॥  
স বক্তা সর্বশাস্ত্রাণাং স ভোক্তা সর্বম্প-  
দাম্ । স কৰ্ত্তা জাতিধৰ্ম্মাণাং জাতীনাং প্রভু-  
রেব সঃ ॥ ৪৮ ॥ বাণী তস্য বসেধন্তে কমলা  
নিষ্ঠলা গৃহে । তন্ময়া মানবাঃ সৰ্ব্বৈঃ প্রা-  
মত্তি সমস্তমঃ ॥ ৪৯ ॥ দৃষ্ট্য তস্য তৃপায়ন্তে  
অগ্নিমান্যুষ্টমিকয়ঃ ॥ ৫০ ॥ আদ্যাকালীস্বরূ-  
পাখ্য শতনাম প্রকীৰ্ত্তিতম্ । অরৌত্তর-  
শতাবৃত্তা পুৰুষাশ্চ নীরতে ॥ ৫১ ॥ পু-  
ষ্টিয়াবিত্তং স্তোত্রং সৰ্ব্বাতীতফলপ্রদম্ ॥ ৫২ ॥

ভয় থাকে না, রোগভয়ও থাকে না ;  
তাহার সর্বত্র জয় হইয়া থাকে,—কোন  
স্থানে পরাভব হয় না ; তাহার দর্শনমাত্রেই  
বিপদসমূহ পলায়ন করে । ৪০—৪৭ । সে  
ব্যক্তি সর্বশাস্ত্রের বক্তা হয় ; সে সমস্ত  
সম্পত্তি ভোগ করে ; সে জাতি ও ধর্ম্মের  
কর্ত্তা হয় এবং জাতিবর্গের প্রভু হয় ।  
সরস্বতী তাহার মুখে ও লক্ষ্মী নিষ্ঠলা  
হইয়া তাহার গৃহে বাস করেন । সমস্ত  
মানব-মণ্ডলী তাহার নাম শ্রবণমাত্রেই  
সমস্তমে প্রাপ্য করে । অগ্নিমান্যুষ্টমিকি-  
গণ তাহার দর্শনমাত্রেই তৃপৎ প্রতীক্ষমান  
হয় । ( অর্থাৎ এমন পুরুষ দর্শনমাত্রেই  
অগ্নিমান্যুষ্টমিকি বা ততোধিক কোন  
বিষয় লাভ করা যায় ) ; আদ্যাকালী  
স্বরূপাখ্য শতনাম-স্তোত্র কীৰ্ত্তিত হইল ।  
এই স্তোত্রের পুৰুষের অরৌত্তর-শতনার  
পাঠ দ্বারা হইবে—ইহা কথিত হইয়াছে ।

শতনামস্ততিমিমামাদ্যাকালীস্বরূপিণী । পাঠে  
পাঠয়েদ্যপি শৃণুয়াচ্ছ্রায়েদপি ॥ ৫৩ ॥ সর্ব-  
পাপবিনিস্কৃতো ব্রহ্মসামুদ্রামাপুয়তি ॥ ৫৪ ॥  
কথিতং পরমং ব্রহ্ম প্রকৃতং ত্বনং মহৎ ।  
আদ্যায়াঃ শ্রীকালিকায়াঃ কবচং শৃণু-  
মাত্মনাম্ ॥ ৫৫ ॥ ত্রৈলোক্যবিজয়ত্মক-  
বচ-  
চম্ম ঋষিঃ শিবঃ ছন্দোহুগুপ্তেব দেবতা চ  
আদ্যা কালী প্রকীৰ্ত্তিতা ॥ ৫৬ ॥ মায়াবীজং  
বীজমিতি ব্রহ্ম শক্তি রুদ্রহুতা । ক্রীং কীলকং  
কাম্যমিকৌ বিনিয়োগঃ প্রকীৰ্ত্তিতঃ ॥ ৫৭ ॥  
হ্রীমাদ্যা মে শিবঃ পাতু ত্রীং কালী বদনং  
মম । হৃদয়ং ক্রীং পরা শক্তিঃ পাশাৎ কর্ণং

এই স্তোত্র কৃত-পুৰুষের হইলে, সকল  
অভীষ্ট ফল প্রদান করেন । যে ব্যক্তি এই  
আদ্যাকালী-স্বরূপিণী শতনাম স্ততি পাঠ-  
করে বা পাঠ করায়, শ্রবণ করে, বা শ্রবণ  
করায়, সে সর্বপাপ হইতে বিমুক্ত হইয়া  
ব্রহ্মসামুদ্রা প্রাপ্ত হয় । ৪৮—৫৪ । হে  
দেবি । তোমার নিকট পরম ব্রহ্মস্বরূপ  
প্রকৃতির মহৎ স্তোত্র কহিলাম । ইদানীং  
আদ্যা শ্রীকালিকার কবচ শ্রবণ কর । এই  
ত্রৈলোক্য-বিজয় কবচের—শিব ঋষি, অহুগুপ্ত  
ছন্দ, আদ্যাকালী—দেবতা, মায়াবীজ  
( ক্রীং ) ও ব্রহ্মবীজ ( শ্রীং ) শক্তি বসিয়া  
কথিত হইয়াছে, ক্রীং কীলক এবং কাম্য-  
মিকিতে ইহার বিনিয়োগ কীৰ্ত্তিত হইবে ।  
“হ্রীং” রূপা আদ্যা আমার মস্তক এবং শ্রীং  
রূপা কালী আমার বদন রক্ষা করুন । “ক্রীং”  
রূপা পরাশক্তি হৃদয় এবং পাশাপরা কর্ণ

পরাম্পরা ॥ ৫৮ ॥ নেত্রে পাতু জগদ্ধাত্তী  
কর্ণে রক্ষতু শঙ্করী । দ্বাণং পাতু মহামায়া  
রসনাং সূর্যমঙ্গলা ॥ ৫৯ ॥ দন্তানু রক্ষতু  
কৌমারী কপোলো কমলালয়া । ওষ্ঠাধরো  
ক্ষমা রঞ্জেতিবুকং চাকুহাসিনী ॥ ৬০ ॥  
গ্রীবাং পায়ং কুলেশানী ককুং পাতুকুপাময়ী ।  
দ্বৌ বাহু বাহুদা রঞ্জেং করৌ কৈবল্যদায়িনী ॥  
৬১ ॥ ক্ষকৌ কপর্দিনী পাতু পৃষ্ঠং  
ত্রৈলোক্যতারিণী । পার্শ্ব পায়াদপর্ণা মে কটিং  
মে কন্ঠাসনা ॥ ৬২ ॥ নাভৌ পাতু বিশালাক্ষী  
প্রজাহানং প্রভাবতী । উরু রক্ষতু কল্যাণী  
পাদৌ মে পাতু পার্শ্বতী ॥ ৬৩ ॥ জয়চূর্ণাবতু  
প্রাণানু সর্ষাকং সর্ষসিদ্ধিদা ॥ ৬৪ ॥

রক্ষা করুন । জগদ্ধাত্তী নয়নদ্বয় রক্ষা করুন,  
শঙ্করী কর্ণদ্বয় রক্ষা করুন । মহামায়া নাসিকা  
ও সূর্যমঙ্গলা জিহ্বা রক্ষা করুন । কৌমারী  
দন্তশ্রেণী এবং কমলালয়া কপোলদ্বয় রক্ষা  
করুন । ক্ষমা ওষ্ঠাধর এবং চাকুহাসিনী  
চিবুক রক্ষা করুন । ৫৮—৬০ । কুলেশানী  
গ্রীবাদেশ ও কুপাময়ী ককুং ( বক্ষরা ) রক্ষা  
করুন । বাহুদা বাহুদ্বয় এবং কৈবল্য-  
দায়িনী করদ্বয় রক্ষা করুন । কপর্দিনী  
ক্ষয়দ্বয় এবং ত্রৈলোক্য-তারিণী পৃষ্ঠ রক্ষা  
করুন । অপর্ণা আমার পার্শ্বদ্বয় এবং  
কন্ঠাসনা আমার কটিদেশ রক্ষা করুন ।  
বিশালক্ষী নাভিদেশাবচ্ছদে ( আমাকে )  
অর্থাৎ আমার নাভিদেশ এবং প্রভাবতী  
প্রজাহান রক্ষা করুন । কল্যাণী উরুদ্বয়  
এবং পার্শ্বতী আমার পদদ্বয় রক্ষা করুন ।

রক্ষাহীনক যৎ স্থানং বার্জিতং কবচেন চ ।  
তৎ সর্ষং মে সদা রক্ষমায়া কালী সনা-  
তনী ॥ ৬৫ ॥ ইতি তে কথিতং — দিব্যং  
ত্রৈলোক্যবিজয়াভয়ম্ । কবচং কালিকা-  
দেব্যা আদ্যায়ঃ পরমাদৃতম্ ॥ ৬৬ ॥ পূজা-  
কালে পঠেৎ যন্ত আদ্যাধিকৃতমানসঃ । সর্বান  
কামান্বাপ্নোতি ত্রৈলোক্য সুপ্রসন্নীতি ॥ ৬৭ ॥  
মন্ত্রসিদ্ধিভেদাশু কিসরাঃ সুসিদ্ধয়ঃ ॥ ৬৮ ॥  
অপুত্রো লভতে পুত্রং ধনাথী প্রাপুয়াত্তনম্ ।  
বিদ্যাথী লভতে বিদ্যাং কামী কামানবপ্নয়াৎ ॥  
৬৯ ॥ সহস্রাক্ষপাঠেন বর্ষণোহস্ত পুর-

জয়চূর্ণা পঞ্চপ্রাণ এবং সর্ষসিদ্ধিদা আমার  
সর্ষাক রক্ষা করুন । যে স্থান কবচে  
বার্জিত ও রক্ষাহীন অর্থাৎ উল্লিখিত অক্ষ-  
প্রত্যঙ্গ ভিন্ন, সনাতনী আদ্যাকালী সর্বদা  
সেই সেই স্থান রক্ষা করুন । হে দেবি ।  
তোমার নিকট ত্রৈলোক্যবিজয় নামক  
আদ্যাকালিকা-দেবীর দিব্য কবচ কথিত  
হইল । যে ব্যক্তি পূজাকালে আদ্যায়-  
চিত্তে আদ্যাকালিকার এই পরমাদৃত কবচ  
পাঠ করে, সে, সকল অতীষ্টফল প্রাপ্ত হয়  
এবং আদ্যাকালী তাহার প্রতি সুপ্রসন্ন  
হন,—শীঘ্র তাহার মন্ত্রসিদ্ধি হয় । সুদ  
অর্থাৎ কথিত ফলের নিকট তুচ্ছ অগ্নিমাди  
সিদ্ধিগণ, তাহার কিস্কবদ্রূপ হয় । ৬১—৬৮  
অপুত্রক ব্যক্তি পুত্র লাভ করে, ধনাথী ধন  
প্রাপ্ত হয়, বিদ্যাথী বিদ্যা লাভ করে ও  
কামী ব্যক্তি কামাফল লাভ করে । সহস্র-  
বাব পাঠ দ্বারা এই কবচের পুরস্কার

ক্ষি য়া । পূর্বচরণসম্পন্নং যথোক্তফলদং  
ভবেৎ ॥ ৭০ ॥ চন্দনাগুরুকস্তুরী কুঙ্কুমৈ  
রক্তচন্দনৈঃ । ভূর্জৈ বিলিখ্য গুটিকুং  
স্বর্ণস্বাং ধারয়েদু যদি ॥ ৭১ ॥ শিখামাং দক্ষিণে  
বাহৌ কর্ণে বা সাধকোত্তমঃ । তস্তাদ্যা  
কালিকা বশ্যা বাঞ্ছিতার্থপ্রযচ্ছতি ॥ ৭২  
ন কুত্রাপি ভয়ং তস্ত সর্বত্র বিজয়ী কবিঃ ।  
অরোগী চিরজীবী স্নানবান ধারণক্ষমঃ ॥  
৭৩ ॥ সর্ববিদ্যাশু নিপুণঃ সর্বশাস্তার্থ-  
তত্ত্ববিৎ । বশে তস্ত মহাপালা ভোগ-  
মোক্ষৌ করস্থিতৌ ॥ ৭৪ ॥ কলিকায়-  
যুক্তানাং নিঃশ্রেয়সকরক পরম্ ॥ ৭৫ ॥  
শ্রীদেব্যবাচ । কথিতং কুপয়া নাথ স্তোত্রং

হইবে । এই কবচ পূর্বচরণ সম্পন্ন হইলে  
যথোক্ত ফলপ্রদ হয় । যদি সাধক, অগুরুচন্দন  
কস্তুরী, কুঙ্কুম বা রক্তচন্দন দ্বারা ভূর্জপত্রে  
এই কবচ লিখিয়া ( মণ্ডলীকৃত ) ভূর্জপত্র-  
রূপা গুটিকা স্বর্ণস্থ করিয়া শিখাতে, দক্ষিণ-  
বাহতে, কর্ণে, কিংবা কটিদেশে ধারণ করে,  
আদ্যাকালী তাহার বশীভূতা হইয়া বাঞ্ছিত  
ফল প্রদান করেন । কুত্রাপি তাহার ভয়  
থাকে না ; সে সর্বস্থানে বিজয়ী, কবি,  
অরোগী, বলবান, ধারণক্ষম, চিরজীবী, সর্ব-  
বিদ্যায় নিপুণ ও সর্বশাস্তার্থ-তত্ত্বের মর্শ্বজ্ঞ  
হয় । মহাপালগণ তাহার বশীভূত হন  
এবং ভোগ ও মোক্ষ তাহার করতলে থাকে ।  
এই কবচ কলিকালে পাপযুক্ত মানবগণের  
মোক্ষজনক, অতএব অতীব শ্রেষ্ঠ । ৬৯ -  
৭৫ । শ্রীদেবী কহিলেন,—হে নাথ ।

কবচমেব চ । অধুনা শ্রোতুমিচ্ছামি  
পূর্বচর্যাবিধিং, বিভো ॥ ৭৬ ॥ ত্রীমদাম্বি  
উগাচ । যো বিবিলং স্মরণাণাং পূর্বচরণ-  
কর্মণি । স এবাদ্যাকালিকায়া সজ্জাণাং  
বধিরিষ্যতে ॥ ৭৭ ॥ অশক্তঃ সাধকে দেবি  
জপপূজাজ্ঞাদিয । পূজা সংক্ষেপতঃ কার্য্য।  
পূর্বচরণমেব চ ॥ ৭৮ ॥ যতো হি নিরন্ত-  
ষ্ঠানাং সজ্জানুষ্ঠানমুত্তমম্ । সংক্ষেপপূজনং  
ভদ্রে তত্রাদৌ শূন্য কথ্যতে ॥ ৭৯ ॥  
আচম্য মূলমঙ্গলম্ অঘিষ্ঠাসং সমা-  
চরেৎ । করস্তদ্বিৎ ততঃ কুর্য্যাদ্যাসকং বর-  
দেহয়োঃ ॥ ৮০ ॥ সর্বাঙ্গব্যাপকং কৃতা  
প্রাণায়ামং চরেৎ স্মরীঃ । ধ্যানং পূজাং

তুমি কৃপা করিয়া স্তোত্র ও কবচ বলিলে,  
হে বিভো । মস্ত্রাতি পূর্বচরণবিধি শ্রবণ  
কারিতে ইচ্ছা করিতেছি । ত্রীমদাম্বি  
কহিলেন,—ব্রহ্মমঙ্গলের পূর্বচরণ-কর্ম্মে যে  
বিধি, তাহাই আদ্যাকালিকা মঙ্গলের পূর্বচরণ  
কার্য্যে বিধি বলিয়া কথিত হইয়াছে । হে  
দেবি ! সাধক, জপ-পূজা-হোমাদি কার্য্য  
করিতে অশক্ত হইলে, সংক্ষেপতঃ পূজা ও  
পূর্বচরণ করিবে । যেহেতু অকরণ অপেক্ষা  
স্বাক্ষরণও উত্তম । হে ভদ্রে । তাহার  
মাধ্য প্রথমে সংক্ষেপ-পূজা-বিধি কথিত  
হইতেছে—শ্রবণ কর । মূলমঙ্গল দ্বারা  
আচমন করিয়া অঘিষ্ঠ্যম করিবে । তদ-  
নন্তর করস্তদ্বিৎ, কবচ্যাস এবং অঙ্গচ্যাস  
করিবে । পরে বিচরণ ব্যক্তি, সর্বঙ্গ,  
ব্যাপক ( ব্যাপক ) গ্রাম করিয়া, প্রাণায়াম

জপধেতি সংক্ষেপপূজনে বিধিঃ ॥ ৮১ ॥  
 পূর্বক্ৰিয়ায়াং মন্ত্রাণাং যত্র যো বিহিতো  
 জপঃ । তস্মাচ্চতুর্ভুগজপাং পূর্বচর্যা  
 বিধীয়তে ॥ ৮২ ॥ অথবাষ্টপ্রকারেণ পূর্ব-  
 চরণমুচ্যতে ॥ ৮৩ ॥ কৃষ্ণাং চতুর্দশীং প্রাপ্য  
 কোজে বা শনিবাসরে । পঞ্চতত্ত্ব সমানীয়  
 পূজয়িত্বা জগন্ময়ীম্ ॥ ৮৪ ॥ মহানিশায়া-  
 মযুতং জপেনমন্ত্রমন্ত্রধীঃ । ভোজয়িত্বা ব্রহ্ম-  
 নির্জান পূর্বচরণকৃতবেৎ ॥ ৮৫ ॥ কুজবাসর-  
 মারভ্য যাবন্মজলবাসরম্ । প্রত্যহং প্রজপে-  
 ন মন্ত্রং সহস্রপারিসংখ্যায় ॥ ৮৬ ॥ বসুসংখ্যা-  
 জপেনৈব ভবেন্নম্রপূর্বক্ৰিয়া ॥ ৮৭ ॥ ত্রীজাদি-

ধ্যান, পূজা, এবং জপ (যথাক্রমে)  
 করিবে। সংক্ষেপ-পূজাতে এই বিধি।  
 ৮১-৮০। মন্ত্রের পূর্বচরণে যে মন্ত্রে  
 যৎসংখ্যক জপ নির্দিষ্ট হইয়াছে, অন্তর্গত  
 হোমাদি অকরণে তাহার চতুর্ভুগ জপ  
 দ্বারাই পূর্বচরণ বিহিত হইয়াছে। অথবা  
 অন্য প্রকারে পূর্বচরণবিধি কথিত হই-  
 তেছে। মঙ্গল অথবা শনিবাসরে কৃষ্ণা  
 চতুর্দশী প্রাপ্ত হইলে, সেই দিবস বজ্রনী-  
 যোগে পঞ্চতত্ত্ব আনয়নপূর্বক জগন্ময়ীর  
 পূজা করিয়া, মহানিশাতে একাগ্রমনে দশ  
 সহস্র বার মন্ত্র জপ করিবে। অনন্তর  
 ব্রহ্মনিষ্ঠ ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া কৃত-  
 পূর্বচরণ হইবে। (অন্য পূর্বচরণ-বিধি)  
 এক মঙ্গলবার হইতে আরম্ভ করিয়া অগ্ন্য-  
 বহিষ্ঠ-পরবর্তী মঙ্গলবার পর্যন্ত প্রত্যহ  
 সহস্রসংখ্যক মন্ত্র জপ করিবে; অষ্টমহা-

কালিকামদাঃ সিদ্ধমন্ত্রাঃ স্তুতিসিদ্ধিঃ । সদা  
 মর্কযুগে দেবি কলিকালে বিশেষতঃ ॥ ৮৮ ॥  
 কালীরূপাদিবস্তব্যং কলৌ জাগ্রতি পার্শ্বতি ।  
 প্রবলে কলিকালে তু রূপমেতজ্জগদ্ধিতম্ ॥  
 ৮৯ ॥ নার্ত্র সিদ্ধাদ্যক্ষেপাঙ্গি নারিমিত্রাদি-  
 দূষণম্ । নিয়মানিয়মো নাপি জপনাদ্যাং  
 প্রসাদয়েৎ ॥ ৯০ ॥ ব্রহ্মজ্ঞানমবাপ্নোতি  
 ত্রীমদাদ্যা-প্রসাদতঃ । ব্রহ্মজ্ঞানযুক্তো মর্ত্যো  
 জীবমুক্তো ন সংশয়ঃ ॥ ৯১ ॥ ন চ প্রয়াস-  
 বাহুলাং কায়কেশোহপি ন প্রিয়ে । আদ্যা  
 কালীগোধকানাং সাধনং সুপসাধনম্ ॥ ৯২ ॥

সংখ্যক জপ দ্বারাই মন্ত্রেব পূর্বচরণ হইবে।  
 ৮১-৮৭। হে দেবি! আদ্যাকালিকায়  
 মন্ত্র সকল—দ্বিদ্ধ মন্ত্র; মর্কযুগে সকল  
 সময়ে স্তুতি প্রদান করিয়া থাকেন,  
 বিশেষতঃ কলিকালে। হে পার্শ্বতি!  
 কলিকালে বহুপ্রকার কালীরূপ জাগরিতা  
 থাকেন। বিশেষতঃ প্রবল কলিকালে এই  
 রূপই জগতের হিতজনক। এই মন্ত্রে  
 সিদ্ধাদি-চক্রগণনার অপেক্ষা নাই; অরি-  
 মিত্রাদি দোষ নাই। এই মন্ত্রে বিশেষ-  
 নিয়মানিয়ম নাই। এই মন্ত্র জপ কথিয়া  
 আদ্যাকালীকে প্রসন্ন করিবে। এই মন্ত্র  
 জপ করিলে ত্রীমদাদ্যাকালীর প্রসাদে ব্রহ্ম  
 জ্ঞান লাভ হয়, ব্রহ্মজ্ঞানযুক্ত মনুষ্য জীবমুক্ত  
 হইতে সংশয় নাই। হে প্রিয়ে, এই  
 মন্ত্রসাধনে বিশেষ প্রয়াস নাই, কায়কেশও  
 নাই। আদ্যাকালী-সাধকগণের সাধনা  
 সর্বোৎকৃষ্ট সুখ-সম্পাদ্য। ৮৮-৯২। এই

চিহ্নমন্ত্ৰাদিভেদাৎ মাতিপাৎ কলমাদিনি ॥  
যাবন্ন চিত্তকলিলং হাতুমংসহতে ব্রতী ॥  
৯৩ ॥ তাবৎ কৰ্ম্ম প্রবৃত্তীঃ কুলভুক্তি-  
সমবিতঃ ১, যথাবদ্বিহিতং কৰ্ম্ম চিত্তশুদ্ধৌ  
হি কারণম্ ॥ ৯৪ ॥ আদৌ মন্ত্ৰং গুরো-  
র্বক্তৃদগৃহীষাদ্ ব্রহ্মমন্ত্রং । প্রাতঃকৃত্যাদি-  
নিয়মান্ কৃত্বা কুর্য্যাৎ পূৰ্ব্বস্থি যাম্ ॥ ৯৫ ॥  
চিত্তে শুদ্ধে মহেশানি ব্রহ্মজ্ঞানং প্রজায়তে ।  
ব্রহ্মজ্ঞানে সমুৎপন্নৈ কৃত্যাকৃত্যং ন বিদ্যতে ॥  
৯৬ ॥ শ্রীপার্বত্যুবাচ । কুলং কিং পরমে-  
শান কুলাচারম্ কিং বিভো । লক্ষণং  
পঞ্চতত্ত্বম্ শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥ ৯৭ ॥  
শ্রীমদাশ্বিনী উবাচ । সম্যক্ পৃষ্টং কুলে-

নানি মানবানাং হিতৈষিনী । যথ্যাদি  
তব প্রীত্যে যথাবদবধানম্ ॥ ৯৮ ॥ জীব-  
প্রকৃতিতত্ত্বং দিক্ কালাকাশম্ চ  
ক্ষিত্যথোজোবায়বম্ কুলমিত্যভিধীয়তে ।  
৯৯ ॥ ব্রহ্মবুদ্ধ্যা নির্বিকল্পমেবেণাচরণ-  
ম্ । কুলাচারঃ স এবাদৌ ধৰ্ম্মকামার্থ-  
মোক্ষদঃ ॥ ১০০ ॥ বহুজ্ঞমার্জিতৈঃ পুণ্যৈ-  
শ্চ পোদাননুচরিতৈঃ । ক্ষীণাবানাং সাধকানাং  
কুলাচারে মতিৰ্ভবেৎ ॥ ১০১ ॥ কুলাচার-  
গতা বুদ্ধিৰ্ভবেদাশ্চ সূনিৰ্ম্মলা । তদান্যা-  
চরণাভোজে মতিশ্চেযাং প্রজায়তে ॥ ১০২ ॥  
সদৃশরোঃ সেবয়া প্রাপ্য বিদ্যামেনাং  
পরাম্ পরাম্ । কুলাচারবতা ভূত্বা পঞ্চতত্ত্বৈঃ

বিষয়ে চিত্তশুদ্ধিই সাধকগণের প্রধানাধিনি ।  
ব্রতী যতদিন চিত্তেব মাতিপাৎ-দুবীকরণে  
সমর্থ না হইবে, ততদিন কুলভুক্তি-সমবিত  
হইয়া কৰ্ম্ম করিবে । কারণ যথাবিধি কৰ্ম্মানু-  
ষ্ঠানই চিত্তশুদ্ধির উপায় । ব্রহ্মমন্ত্রের  
গ্রন্থ এই মন্ত্ৰও প্রথমতঃ গুরুমুখ হইতে  
গ্রহণ করিবে । প্রাতঃকৃত্যাদি নিয়মানুষ্ঠান-  
পূৰ্ব্বক পুণ্যচরণ করিবে । হে মহেশানি !  
চিত্ত শুদ্ধ হইলেই ব্রহ্মজ্ঞান উৎপন্ন হয়  
এবং ব্রহ্মজ্ঞান উৎপন্ন হইলে আর কৃত্য-  
কৃত্য থাকে না । শ্রীপার্বত্যী কহিলেন,—  
হে পরমেশান ! হে বিভো ! কুল কি ?  
কুলাচারই বা কি ? তাহা এবং পঞ্চতত্ত্বের  
লক্ষণ সাধাতথ্যরূপে প্রবণ করিতে ইচ্ছা  
করি । ৯৩—৯৬ । শ্রীমদাশ্বিনী কহিলেন,—  
হে কুলেশানি ! তুমি সাধকগণের হিতৈষিনী,

তুমি ঐশ্বর্য প্রদ করিয়াছ । তোমার প্রীতির  
জন্ত তত্ত্বতঃ তাহা বলিতেছি—প্রবণ কর ।  
জীব, প্রকৃতিতত্ত্ব, দিক্, আকাশ, পৃথিবী,  
জল, তেজ ও বায়ু কুল নামে অভিহিত । হে  
আদ্যো ! এই সকল বস্তুতে ব্রহ্মবুদ্ধি  
দ্বারা বিকল্পশূন্য যে আচরণ, তাহাই কুলাচার  
এবং এই কুলাচার ধৰ্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ  
এই চতুর্ধর্গপ্রদ ; তপস্যা, দান ও ব্রতের  
বদ্যচর্যাাদি দ্বারা বহুজ্ঞমার্জিত পুণ্যফলে  
নিঃস্পন্দ সাধকদিগেরই কুলাচারে মতি  
হয় । কুলাচারগতা বুদ্ধি মগ্নরই সূনিৰ্ম্মল  
হয় । তখন তাহাদিগের আদ্যাকালীর  
পাদপদ্মে মতি হয় । ৯৮—১০১ । সদৃশ-  
রোমেণ পরাম্পরা এই মন্ত্ৰরূপা বিদ্যা লাভ-  
পূৰ্ব্বক কুলাচারে নিরত হইয়া, পঞ্চতত্ত্ব  
দ্বারা কুলেশ্বরী আদ্যাকালিকার পূজাপ্রদান

কুলেশ্বরীম্ ॥ ১০৩ ॥ যজ্ঞস্তু কালকামাদ্যাং  
কুলজ্ঞাঃ সৃষ্টিকোত্তমাঃ । ইহ ভুক্তা খিলান-  
ভোগান্ ব্রজন্ত্যন্তে নিরাময়ম্ ॥ ১০৪ ॥ মহো-  
যধঃ যজ্ঞীবানাং দুঃখবিশাবকং মহৎ ।  
আনন্দজনকং যচ্চ তদাদ্যতত্ত্বলক্ষণম্ ॥  
১০৫ ॥ অদ্বৈতত্বং যৎ তত্ত্বং মোহদং ভ্রম-  
কারণম্ । বিবাদঃ রাগজনকং ত্যজ্যং কোলৈঃ  
সদা শ্রিয়ে ॥ ১০৬ ॥ গ্রামাণ্যব্যবস্থানা-  
দুচ্ছৃতং পুষ্টিবর্দ্ধনম্ । বুদ্ধিতেজোবলকবৎ  
দ্বিতীয়তত্ত্বলক্ষণম্ ॥ ১০৭ ॥ জলোদ্ভবং যৎ  
কল্যাণি কমলীষং সুখপ্রদম্ । প্রজাবৃদ্ধি-  
করঞ্চাপি তৃতীয়তত্ত্বলক্ষণম্ ॥ ১০৮ ॥ সুলভং  
ভূমিজাতঞ্চ জীবানাং জীৱনকং যৎ । আয়ু-

ব্যক্তিগণ—কুলজ্ঞ এবং সাধকোত্তম; ইহারা  
ইহলোকে নিখিণ স্রুতোগ্য বস্ত্র ভোগ কবিয়া  
চরমে মোক্ষলাভ করেন । জীব সকলের  
যাহা মহোষধ দুঃখবিস্মারক মহৎ অথচ  
আনন্দজনক সেইটী আদ্যতত্ত্বের লক্ষণ । যে  
তত্ত্বশোধিত না হইলে, কেবল মোহপ্রদ,  
ভ্রমজনক এবং বিবাদ ও রোগের কারণ,  
—হেপ্রিয়ে । কোলিবগণ তাহা সর্বথা  
পরিত্যাগ করিবে । যাহা গ্রাম্য ( ছাগাদি ),  
বায়ব্য ( হারীতাদি পক্ষিগণ ), বন্য  
( মৃগাদি )—যাহাদের শরীরোদ্ভূত, পুষ্টি-  
বর্দ্ধন এবং বুদ্ধি, তেজ ও বলপ্রদ; তাহাই  
দ্বিতীয় তত্ত্বের লক্ষণ । ১০২—১০৭ । হে  
কল্যাণি ! যাহা জল হইতে সমুদ্ভূত,  
অতি সৌভাগ্যীয় সুখপ্রদ এবং প্রজাবৃদ্ধি-  
কর, তাহাই তৃতীয় তত্ত্বলক্ষণ । যাহা সুলভ,

মৃগং ত্রিভুবাভ্যং চতুর্থতত্ত্বলক্ষণম্ ॥ ১০৮ ॥  
মহানন্দকরং দেবি প্রাণিনাং সৃষ্টিকারণম্ ।  
অনাদ্যতত্ত্বজগদ্ব্যুৎপত্ত্যেব লক্ষণম্ ॥ ১১০ ॥  
আদ্যতত্ত্বং বুদ্ধি তেজো দ্বিতীয়ং পবনং  
প্রিয়ে । অপভূতীয়ং জানৌহ চতুর্থং পৃথিবীং  
শ্রিবে ॥ ১১১ ॥ পঞ্চমং জগদাধারং বিষাধিক্তি  
বরাননে ॥ ১১২ ॥ ইথং জ্ঞাত্বা কুলেশানি  
কুলং তত্ত্বানি পঞ্চ চ । আচারং কুলধর্ম্মম্  
জীবন্যুক্তো ভবেন্নরঃ ॥ ১১৩ ॥

ইতি ত্রীমহানির্ণাণতন্ত্রে স্তোত্র-কবচ-কুল-  
তত্ত্বলক্ষণকথনং নাম সপ্তম উল্লাসঃ ॥ ৭ ॥

ভূমিজাত জীবগণের জীবনস্বরূপ এবং  
ত্রিভুবনেব পরমায়ুর্নিদান, তাহাই চতুর্থ-  
তত্ত্বলক্ষণ । ১০৮ দেবি । মহানন্দ-জনক,  
প্রাণিগণের সৃষ্টি কারণ এবং আদ্যস্ত-  
রহিত জগতেব মূল,—ইহা শেষ তত্ত্বের  
লক্ষণ । হে প্রিয়ে । আদ্যতত্ত্বকে তেজ  
বলিয়া জানিও; দ্বিতীয় তত্ত্ব—পবন;  
তৃতীয় তত্ত্বকে জল বলিয়া জানিও; চতুর্থ  
তত্ত্বকে পৃথিবী বলিয়া জানিও । হে বরা-  
ননে । পঞ্চম তত্ত্বকে জগদাধার নভোমণ্ডল  
বোধ কর । হে কুলেশানি ! মনুষ্য এই  
প্রকারে কুল, পঞ্চতত্ত্ব এবং কুলধর্ম্মের  
আচার পরিজ্ঞাত হইয়া ( কর্ম্ম করিলে )  
জীবন্যুক্ত হয় । ১০৮—১১৩ ।

সপ্তম উল্লাস সমাপ্ত ॥ ৭ ॥

### অষ্টম উল্লাসঃ ।

এহা ধর্ম্মান বহুবিধান ভগানী ভব-  
মোচনী । দ্বিতীয় জগতাক্রান্তা ভূতঃ  
শঙ্করমন্ত্রায় ॥ ১ ॥ ঐন্দ্রব্যবাত । প্রতঃ  
বহুবিধ ধর্ম্মমিহায়ুত সুখপ্রদম্ । ধর্ম্মার্থ-  
কামদং বিঘ্নহবৎ \* নির্বাণকারণম্ ॥ ২ ॥  
সাম্প্রতঃ শ্রোতুমিচ্ছামি ক্রুহি বর্ণপ্রমানে  
বিভো । তত্র যে বিহিতাচাৰাঃ কৃপয়া বদ  
তানপি ॥ ৩ ॥ ঐন্দ্রব্যবাত উবাচ । চত্বারঃ  
কথিতা বর্ণা আশ্রমা অপি সূত্রতে । আচাৰা-  
শ্চাপি বর্ণাশ্রমশ্রয়ানাং পৃথক্ পৃথক্ ॥ ৪ ॥  
কৃতাদৌ কলিকালে তু বর্ণঃ পক প্রকীৰ্ত্তিঃ ॥ ১ ॥

### অষ্টম উল্লাসঃ ।

সংসার-মোচনী ভবানী মাতা বহুবিধ ধর্ম্ম  
প্রবণ কবিতা জগতের হিতের জন্য পুনর্কীর্ত্তন  
শঙ্করকে কহিলেন,—ইহলোক ও পরলোকে ও  
সুখপ্রদ, ধর্ম্ম, অর্থ ও কামপ্রদ, মোক্ষজনক,  
বিঘ্ননাশক বহুবিধ ধর্ম্ম কথ প্রবণ কহিলাম ।  
হে বিভো । সাম্প্রতি বর্ণ ও আশ্রম এবং  
সেই সেই বর্ণ ও আশ্রমে যে আচার  
বিহিত আছে, তাহা প্রবণ করিতে ইচ্ছা  
করি ; কৃপা করিয়া সেই সকল কীর্ত্তন  
কর । ঐন্দ্রব্যবাত কহিলেন, হে সূত্রতে ।  
সত্য প্রভৃতি চতুর্গুণে চতুর্কর্ণ, চতুরাশ্রম  
এবং সেই সেই বর্ণ ও আশ্রমের আচাৰ  
ভিন্ন ভিন্ন রূপে কথিত হইয়াছে ; কিন্তু

বর্ণাশ্রমঃ প্রকীর্ত্তনো বৈশাঃ শূদ্রা সামান্ত্র্য এব চ ॥  
৫ ॥ এতেষাং সর্ববর্ণানামাশ্রমো হৌ  
মহেশ্বরী । তেষামাচারদর্শনো চ \* শূন্য দেহ  
বদামি তে ॥ ৬ ॥ পুত্রৈব কথিতং ত্রৈলোক্য  
কলিসমুদ্রচেষ্টিতম্ । তপঃপ্রাধায়াহীনানাং  
গুণামাজায়ুম্মপি । ক্লেবপ্রায়াশাশ্রমানাং  
কুন্তো দেহপরিজ্ঞাঃ ॥ ৭ ॥ ব্রহ্মচর্যাশ্রমো  
নাস্তি বানপ্রস্থোহপি ন প্রিয়ে । গার্হস্থ্যো  
ভিক্ষুকশ্চৈব আশ্রমো হৌ কলৌ যুগে ॥  
৮ ॥ গৃহস্থ্য ক্রিয়াঃ সর্বা আশ্রমোক্তাঃ  
কলৌ শিবে । নাশ্রম গৈঃ ক্রিয়াগির্নিঃ  
কদাপি গৃহমেধিনাম্ ॥ ৯ ॥ তৈত্তির্য্যেকং প্য—

কলিকালে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র  
এবং সামান্ত্র্য—এই পাঁচ বর্ণের বর্ণ কীর্ত্তিত  
হইয়াছে । এই সমস্ত বর্ণসমূহের আশ্রম  
দুই প্রকাৰ । হে আদ্যো ! হে মহেশ্বরী ।  
তোমাকে সেই সকল বর্ণ ও আশ্রমের  
আচার ও ধর্ম্ম কহিতেছি—প্রবণ কর ।  
১—৬ । কলিকাল-সমুদ্র মনুষ্যগণের বখা  
পুর্বেই বলিয়াছি । \* তপস্যা ও বেদপাঠ-  
বিহীন, অজ্ঞা, ক্লেব ও প্রায়াসে অশঙ্ক  
মনুষ্যগণের কায়িক পরিজ্ঞা অসম্ভব । হে  
প্রিয়ে । কলিযুগে ব্রহ্মচর্যাশ্রম নাই,  
বানপ্রস্থ্যশ্রমও নাই । গার্হস্থ্য ও তৈত্তির্য্যক—  
এই দুইটি আশ্রম । হে শিবে । কলি-  
কালে গৃহস্থগণের সকল ক্রিয়াই আশ্রমোক্ত  
অর্থাৎ তত্ত্বমতে কণ্ডব্য ; গৃহস্থগণের  
অন্যরূপ পথে কদাপি ক্রিয়া-গির্নিঃ হইবে  
না । হে দেবি ! হে তত্ত্বজ্ঞে । কলিযুগে

শ্রমে দেবি বেদোক্তং দত্তদ্বারণম্ । কলৌ  
নাশ্ত্যাপি তত্ত্বজ্ঞ যতন্তু স্তোতসংস্কৃতিঃ ॥ ১০ ॥  
শৈবসংস্কারবিধিনামুত্তমমধারণম্ । তদেব  
কথিতং ভদ্রে সন্ন্যাসগ্রহণং কলৌ ॥ ১১ ॥  
বিপ্রাণামিতরেষাঞ্চ বর্ণনাং প্রবলে কলৌ ।  
উভয়ত্রাশ্রমে দেবি সর্কেষামধিকারিতা ॥ ১২ ॥  
সর্কেষামেব সংস্কারাঃ কৰ্ম্মাণি শৈববর্জনা ।  
বিপ্রাণামিতরেষাঞ্চ কৰ্ম্মলিঙ্গং পৃথক্ পৃথক্ ॥  
১৩ ॥ জাতমাত্রে গৃহস্থঃ শ্রীং সংস্কারাদা-  
শ্রমী ভবেৎ । গার্হস্থ্যং প্রথমং বুধ্যাদ্  
যথাবিধি মহেশ্বরী ॥ ১৪ ॥ তত্ত্বজ্ঞানে  
সমুৎপাদে বৈরাগ্যং জায়তে যদা । তদা  
সর্কেষং পরিত্যজ্য সন্ন্যাসাশ্রমমাশ্রয়েৎ ॥ ১৫ ॥

তৈত্তির্য্যকাশ্রমেও বেদোক্ত দত্তদ্বারণ নাই ;  
কারণ, তাহা বৈদিক সংস্কার । হে  
ভদ্রে ! কলিকালে শৈব সংস্কার-বিধি  
অনুসারে অবধূতাশ্রম ধারণ—তাহাই  
“সন্ন্যাসগ্রহণ” নামে কথিত হইয়া থাকে ।  
হে দেবি ! কলিযুগে প্রবল হইলে ব্রাহ্মণ  
এবং ক্ষত্রিয় সকল বর্ণেরই এই উভয় আশ্রম  
অধিকার থাকিবে । ১—১২ । শৈব বিধি  
অনুসারে সকলেরই সংস্কার ও ক্রিয়া-কলাপ  
হইবে, কিন্তু ব্রাহ্মণ ও অপর বর্ণগণের কৰ্ম্ম-  
প্রণালী পৃথক্ পৃথক্ হইবে । হে মহেশ্বরী !  
মানব, জন্মমাত্রেই গৃহস্থ হয় ; অনন্তর  
সংস্কার-বলে আশ্রমী হয় । প্রথমেই যথা-  
বিধি গার্হস্থ্যশ্রম করিবে । তত্ত্বজ্ঞান  
অর্থাৎ সুংসারে নিয়ত চুঃখাদিজ্ঞান সমুৎপন্ন  
হইলে যখন বৈরাগ্য জন্মিবে, তখন সমুদায়

বিদ্যামুপার্জয়েচ্ছালো ধনং দারাদ্য যৌনেন ।  
শ্রৌতে ধর্ম্মাণি কৰ্ম্মাণি চতুর্থে প্রব্রজেৎ  
সুখী ॥ ১৬ ॥ মাতরং পিতরং বৃদ্ধং ভাৰ্য্যা-  
কৈঃ পতিব্রতাম্ । শিশুক তনয়ং, হিত্বা নাব-  
ধূতাশ্রমং ব্রজেৎ ॥ ১৭ ॥ মাতুঃ পিতৃনু শিশুনু  
দরানু স্বজনানু বাধ্যবানপি । যঃ প্রব্রজতি  
হিতৈঃ তানু স মহাপাতকী ভবেৎ ॥ ১৮ ॥ মাতৃহা  
পিতৃহা স শ্রীং স্ত্রীবধী জন্মযাতকঃ । অম-  
ন্তর্য্যাপি জাতীনু যো গচ্চেচ্ছিকুকাশ্রমে ॥ ১৯ ॥  
ব্রাহ্মণা বিপ্রাভিন্নাঃ স্তম্ভবর্ণোক্তসংস্কৃতিয়াম্ ।

পরিত্যাগ করিয়া সন্ন্যাসাশ্রম অশ্রম  
করিবে । বাল্যকালে বিদ্যোপার্জন, যৌবনা-  
বস্থায় ধনোপার্জন ও বিবাহ এবং শ্রৌতা-  
বস্থায় ধর্ম্মজনক কৰ্ম্ম করিবে ; পরে সুখী-  
অর্থাৎ ক্ষণভঙ্গুর সংসারের প্রকৃত মর্ম্মজ্ঞ  
হইয়া চতুর্থ অবস্থায় অর্থাৎ বৃদ্ধবয়সে  
সন্ন্যাসাশ্রম করিবে । বৃদ্ধ পিতামাতা,  
পতিব্রতা ভাৰ্য্যা বা শিশু তনয় পরিত্যাগ  
করিয়া অধূতাশ্রম প্রাপ্ত হইবে না । যে  
ব্যক্তি মাতাপিতা, শিশুপুত্র, পত্নী, স্বজন,  
জ্ঞাতিবর্গ ও বন্ধু-বান্ধব ইহাদিগকে ত্যাগ  
করিয়া প্রব্রজ্য করে, সে মহাপাতকী হয় ।  
যে ব্যক্তি স্বীয় গিতাদির তৃপ্তি উৎপাদন  
না করিয়া শুকুকাশ্রমে গমন করিবে, সে  
মাতৃহন্তা, পিতৃহন্তা, স্ত্রীঘাতী এবং ব্রহ্ম-  
হাতক ; অর্থাৎ এই সমস্ত কার্যে যাদৃশ  
পাপ হয়, সে ব্যক্তি তাদৃশ পাপে বলুযুক্ত ।  
ব্রাহ্মণ ও ব্রাহ্মণভিন্ন, শৈব-পথানুসারেই  
স্বীয়-স্বীয় বর্ণানুসারে বিহিত সংস্কারের

শৈবেন বজ্রনা কুর্যাদেয় ধর্ম্যঃ কলৌ যুগে ॥  
২০ ॥ শ্রীদেব্যাচ । কো বা ধর্মো গৃহস্থ  
ভিক্ষুক্য চ কিং বিভো । বিপ্রস্য বিপ্র-  
ভিন্নানাং সংস্কারাদীনি মে বদ ॥ ২১ ॥  
শ্রীমদানিব উবাচ । গার্হস্থ্য প্রথমং ধর্ম্যং  
সর্বেষাং মনুজমানাম্ । তদেব কথয়ম্যাদৌ  
শৃণু কৌলিনি তত্ত্বতঃ ॥ ২২ ॥ ব্রহ্মনিষ্ঠা  
গৃহস্থঃ স্রাক্ষসজ্ঞানপরায়ণঃ । যদ্যং কৰ্ম  
প্রকুর্বাতি তদ্বক্ষ্যি সমর্পয়েৎ ॥ ২৩ ॥ ন  
মিথ্যাভাষণং কুর্য্যাম চ শাঠ্যং সমাচরেৎ ।  
দেবতাভিষিপু ব্রাহ্ম গৃহস্থো নিরতে ভবেৎ ॥  
২৪ ॥ মাতরং পিতরকৈব সাক্ষাৎ প্রত্যক্ষ-  
দেবতাম্ । মত্না গৃহী নিষেবেত সদা

অনুষ্ঠান করিবে, তাহাই কলিযুগে ধর্ম্য ।  
১৩—২০ । শ্রীদেবী কহিলেন,—হে বিভো ।  
গৃহস্থের ধর্ম্য কি ? ভিক্ষকের ধর্ম্যই বা কি ?  
তাহা এবং বিপ্র ও বিপ্র ভিন্ন অপর সক-  
লের সংস্কারাদি আমার নিকট বল ।  
শ্রীমদানিব কহিলেন,—হে কৌলিনি ।  
গার্হস্থ্য ধর্ম্যই সকল মানবের আদি এবং  
ধর্ম্যজনক ; অতএব প্রথমে যথার্থরূপে  
তাহাই বলিতেছি—শ্রবণ কর । গৃহস্থ,—  
ব্রহ্মনিষ্ঠ এবং ব্রহ্মজ্ঞান-পরায়ণ হইবে ।  
সে, যে যে কৰ্ম করিবে, তৎসমস্তই ব্রহ্মে  
সমর্পণ করিবে । গৃহস্থ মিথ্যানাক্য কহিবে  
না, শাঠ্যতা করিবে না এবং দেবতা-অভিষি-  
পুজনে তৎপর হইবে । গৃহস্থ, মাতা-  
পিতাকে সাক্ষাৎ প্রত্যক্ষ-দেবতা জ্ঞান  
করিয়া সর্বদা মনস্করকম প্রায়ঃ তাহা-

সর্বপ্রথমতঃ ॥ ২৫ ॥ তুষ্টায়াং মাতরি শিবে  
ভুই পিতরি পার্শ্বতি । তব প্রীতির্ভবেদেবি  
পরব্রহ্ম প্রসীদতি ॥ ২৬ ॥ তুমিহি জগতঃ  
মাতা পিতা ব্রহ্ম পরাৎপরম্ । যুগয়োঃ  
প্রীণনং যস্যাম্ তস্যাম্ কিং গৃহিণীং  
তপঃ ॥ ২৭ ॥ আমনং শয়নং বস্ত্রং পানং  
ভোজনমেব চ । তত্ত্বংসময়সাক্ষ্যায় মাত্রে  
পিত্রে নিযোজয়েৎ ॥ ২৮ ॥ আব্রহ্মণ্যকুল্যঃ  
বাণীং সর্বদা প্রিয়মাচরেৎ । পিত্রোবা-  
জ্ঞানানুসারী স্যাম্ সৎপুত্রঃ কুলপানবঃ ॥ ২৯ ॥  
ঐক্যত্বং পরিহাসকং তর্জমং পরিভাষণম্ ।  
পিত্রোরগ্রে ন কুর্বাতি যদীচ্ছদজ্ঞানো-  
হিতম্ ॥ ৩০ ॥ মাতরং পিতরং বীক্ষ্য

দিগের সেবা করিবে । ২১—২৫ । হে  
শিবে ! হে পার্শ্বতি ! মাতাপিতা সন্মুখে  
হইলে তোমার প্রীতি হইয়া থাকে । হে  
দেবি ! তোমার প্রীতি হইলেই পরব্রহ্ম  
প্রদত্ত হন । হে আদ্যে ! তুমিই জগতের  
মাতা এবং পরাৎপর ব্রহ্মই জগতের পিতা ।  
অতএব যে যে কার্য্য হইতে গৃহস্থগণ  
তোমাদের প্রীতি জন্মায়, গৃহিণীদের তাহা  
হইতে আব তপস্যা কি আছে ? তত্ত্ব  
সময় বিবেচনা করিয়া মাতাপিতাকে আমন,  
শয্যা, বস্ত্র, পানীয় ও ভোজ্য-বস্তু প্রদান  
করিবে । কুলপানন সৎপুত্র তাহাদিগকে  
কোমল বাক্য শুনাইবে । সর্বদা তাহা-  
দিগের প্রিয় কার্য্য করিবে । মাতাপিতার  
জ্ঞানানুসারী হইবে । যদি আপন্থর মঙ্গল-  
কামনা করে তাহা হইলে কদাপি মাতা-

নভোস্তিষ্ঠেৎ সন্নমঃ । বিনাজ্ঞয়া নোপ-  
 নিশেৎ সংশ্লিষতঃ পিতৃশাসনে ॥ ৩১ ॥ বিদ্যা-  
 ধনমদোগাতৌ যঃ কুৰ্ঘ্যাৎ পিতৃহেমনম্ । স  
 যাতি নরকং ধোবৎ সৰ্ব্বধৰ্ম্মবহিকৃতঃ ॥ ৩২ ॥  
 মাতরং পিতরং পুত্রং দাবানতিথিসৌদবান্ ।  
 হিঙ্গা গৃহী ন ভুঞ্জীয়াৎ ত্রাণৈঃ কৰ্ণগঠৈবপি ॥  
 ৩৩ ॥ বধায়িত্বা গুরুনু বহুনু যো ভূক্তে  
 শ্বোদরভয়িঃ । ইহৈব লোকে গর্হ্যোহিসৌ  
 পরত্র নারকী ভবেৎ ॥ ৩৪ ॥ গৃহস্থো গোপয়ে-  
 দারান্ বিদ্যামভ্যাসয়েৎ স্তুভান্ । পে.যয়েৎ  
 সজ্জনান্ বহুনেয ধৰ্ম্মঃ সনাতনঃ ॥ ৩৫ ॥ জনস্তা

বর্জিতো দেহো জনকেন প্রযোজিতঃ ।  
 নভ্যনৈঃ নিশ্লিষতঃ পীত্যা মোহধমস্তান্  
 পরিত্যজৎ ॥ ৩৬ ॥ এষামর্থো মহেশানি  
 কৃত্বা কষ্টশতানি । শ্রীগয়েৎ সততং  
 শক্ত্যা ধৰ্ম্মো হ্যেষ সনাতনঃ ॥ ৩৭ ॥ স ধৰ্ম্মা-  
 পুত্রাযো লোকে স কৃতী পরমার্থবিৎ । ব্রহ্ম-  
 নিষ্ঠঃ সত্যমকো যো ভবেদ্ধবি মানবঃ ॥ ৩৮ ॥  
 ন ভাৰ্ঘ্যাৎ তাড়য়েৎ কাপি মাতৃবৎ পালয়েৎ  
 সপা । ন ত্যজেদেবারকষ্টেহপি যদি সাধ্বী  
 পতিব্রতা ॥ ৩৯ ॥ স্থিতেষু শ্রীমদারেষু স্ত্রিয়মভ্য-  
 ন সংস্পৃশেৎ । ভূষ্টেন চেষ্টস্য বিধানস্তথা

পিতার নিকট ঔদ্ধত্য, পবিত্রাঙ্গ, ওজ্জ্বল বা  
 অপ্রিয়-বাক্য প্রয়োগ করিবে না ।  
 ২৬—৩০ । পিতৃশাসনানুযায়ী পুত্র মাতা  
 পিতার দর্শন যাত্রেই অণাগ করিয়া গাত্রো-  
 থান করিবে এবং তাঁহাদিগের আত্মা ব্যতীত  
 উপবিষ্ট হইবে না । যে ব্যক্তি বিদ্যা ও  
 ধনমদে মত্ত হইয়া মাতাপিতাকে ছেলা করে,  
 সে (ইহলোকে) সৰ্ব্বধৰ্ম্মে অনধিবাসী হইয়া  
 অস্ত্রে ঘোর নরকে যায় । গৃহস্থ, কৰ্ণগত-প্রাণ  
 হইলেও মাতা, পিতা, পুত্র, ভাৰ্ঘ্যা, অতিথি  
 ও সহোদর—ইহাদিগকে ত্যাগ করিয়া  
 ভোজন করিবে না । যে ব্যক্তি গুরু সকল  
 (মাতাপিতা প্রভৃতি) ও সকল বহুকে  
 (সহোদরাদিদিগকে) বধনা করিয়া ভোজন  
 করে, সেই নরকীয় উদরভরি ইহলোকে  
 নিশ্লিষত হয় এবং পবলোকে নরকে গমন  
 করে । গৃহস্থ,—পত্নীকে রক্ষা করিবে,

পুত্রগণকে বিদ্যা শিক্ষা দিবে, স্বজন ও বন্ধ-  
 গণের পে যন করিবে;—ইহাই সনাতন  
 ধৰ্ম্ম । জননী কর্তৃক দেহ বর্জিত হয়, জনক  
 কর্তৃক দেহ প্রযোজিত হয় ও স্বয়ং সজ্জনগণ  
 কর্তৃক শ্রীতিধূরক নিশ্লিষত হইয়া থাকে ;  
 সে অধম,—যে ইহাদিগকে পরিত্যাগ  
 করে ৩১—৩৬ । হে মহেশানি । ইহা-  
 দিগের নিশ্লিষত শত শত কষ্ট করিয়াও যথা-  
 সমা ইহাদিগকে সৰ্ব্বদা শ্রীতিধূরক করিবে,  
 —ইহাই সনাতন ধৰ্ম্ম । যে মানব পৃথিবীতে  
 ব্রহ্মনিষ্ঠ ও সত্যপ্রতিজ্ঞ হয়, সেই মহা-  
 পুরুষই ধন্য এবং সেই পুরুষই পরমার্থবিদ ।  
 কদাপি ভাৰ্ঘ্যাকে তাড়না করিবে না,—সতত  
 মাতার আয় পালন করিবে । যদি ভাৰ্ঘ্যা  
 সাধ্বী এবং পতিব্রতা হয়,—দোর কষ্টে  
 পতিত হইলেও তাহাকে ত্যাগ করিবে না ।  
 বিজ্ঞ ব্যক্তি দ্বায় পত্নী বিদ্যমান থাকিতে

নারকী ভবেৎ ॥ ৪০ ॥ বিরলে শয়নং নামং  
ত্যাগেৎ প্রাজ্ঞঃ পরজিগ্মা । অযুক্তভাষণৈকৈব  
ক্লিষ্টং শৌৰ্য্যং ন দর্শয়েৎ ॥ ৪১ ॥ যুনেন  
বাসসা ধোয়া ত্রাক্ষ্যামৃতভাষনৈঃ । সন্ততং  
তোষয়েদানু নাশ্রিয়ং কচিদাচরেৎ ॥ ৪২ ॥  
উৎসবে লোকযাত্রায়াং তীর্থেথানিকেতনে ।  
ন পক্ষীং প্রেয়েৎ প্রাজ্ঞঃ পুত্রসমাত্য-  
বিবর্জিতাম্ ॥ ৪৩ ॥ যস্মিন্ নরে মহেশানি  
তুষ্ঠা ভাৰ্য্যা পতিব্রতা । সর্কো ধর্ম্যঃ কৃত-  
শ্চেন ভবতীশ্রিয় এব সঃ ॥ ৪৪ ॥ চতুর্কর্ম্ম-  
বধি স্ত্রীতানু লালয়েৎ পালুয়েৎ পিতা । ততঃ

হুষ্ঠভাবে পরস্ত্রীকে স্পর্শ করিবে না । অন্যথা  
অর্থাৎ স্পর্শ করিলে, নরকগামী হইবে ।  
প্রাজ্ঞ ব্যক্তি পরস্ত্রীর সহিত বিরলে শয়ন,  
বিরলে বাস এবং অযুক্ত ভাষণ ত্যাগ করিবে  
এবং স্ত্রীলোককে শৌর্য্য দেখাইবে না ।  
৩৭—৪১ । ধন, বস্ত্র, প্রেম, প্রীতি ও সুমধুর  
বাক্য দ্বারা সন্তত ভাৰ্য্যাকে সন্তুষ্ট করিবে,—  
কখনই তাহার অশ্রিয়াচরণ করিবে না ।  
সংসার-তত্ত্বজ্ঞ ব্যক্তি,—উৎসব, লোকযাত্রা,  
তীর্থ এবং অন্য ব্যক্তির গৃহে পুত্র অথবা  
অমাত্যকে সঙ্গে না দিয়া স্ত্রীকে পাঠাইবে  
না । হে মহেশানি । পতিব্রতা ভাৰ্য্যা  
যে পুরুষের প্রতি পরিতুষ্টা, (পতিব্রতা  
ভাৰ্য্যার সন্তোষেই) তৎকর্তৃক সকল ধর্ম্ম  
কৃত হয়, অর্থাৎ সে ব্যক্তি সর্ব্ব ধর্ম্মাঙ্গুষ্ঠান-  
জনিত ফল প্রাপ্ত হয় এবং তোমার প্রিয়  
হয় । পিতা চারি বৎসর পর্যন্ত পুত্রের  
সংলগ্ন-পালন করিবে, তাহার পর যোড়শ

যোড়শপর্যন্তও স্ত্রীতানু বিদ্যাধিক শিক্ষয়েৎ ॥  
৪৫ ॥ বিংশত্যাদি বয়স পূর্ণ হইলে এবং যোড়শ  
গৃহকর্ম্মসমাপ্ত হইলে, তৎপরে অন্যভাবে মত্রে গৃহস্থ  
প্রদর্শয়েৎ ॥ ৪৬ ॥ কষ্টাপোষং পালনায়া  
শিক্ষণীয়াত্মকং । দেয়া বন্যায় বিত্তম্  
ধনরত্নসমধিতা ॥ ৪৭ ॥ এবং ত্রিমেন  
ভাতৃপুত্র স্বজাতস্তুতানপি । জ্ঞানানুগোচিন

বৎসর পর্যন্ত বিদ্যা ও সকল গুণ শিক্ষা  
করাইবে । পালন ও শিক্ষায় বিংশতি বর্ষ  
অতিবাহিত হইলে, বিংশতি-বৎসরাধিক-  
বয়স্ক পুত্রদিগকে (বিচ্ছুকাল) গৃহ-কর্ম্মে  
নিয়োজিত করিবে । তৎপরে অর্থাৎ গৃহ-  
কর্ম্ম উপযুক্ত হইলে, আত্মজ্ঞা বোধ  
করিয়া গৃহ প্রদর্শন করিবে । ৪২—৪৬ ।  
কষ্টকেও এইরূপ পালন করিবে এবং অতি  
যত্নে শিক্ষা দিবে ; কষ্টকে ধনরত্ন সমধিতা  
করিয়া, জ্ঞানবান বরকে প্রদান করিবে ।  
গৃহী এইরূপে জ্ঞাতা, ভগিনী, ভাগিনেয়,  
ভাতৃপুত্র, জ্ঞাতি, মিত্র ও ভৃত্যদিগের  
পালন এবং তুষ্টিসাধন করিবে । তদনন্তর  
গৃহস্থ সৎসর্গনিবৃত্ত, একগ্রামবাসী, অভ্যাগত-  
গণ এবং উদাসীনগণকেও পরিপালন  
করিবে । \* হে দেবি । গৃহস্থ, নিজস্ব

\* নাত্মাদি পালনে। সামান্য থাকিলে,  
সৎসর্গনিবৃত্ত একগ্রাম নিবাসীন্দে । পালন  
কর্তব্য,—ইতি জানান্যন্য । জ্ঞান নাত্মাদি  
উদ্যোগান্তর মতে "৩৩" ধর্ম্মাদি তদনন্তর  
কৃত্যাদি ব্যবস্থা করিয়াছে ।

ভৃত্যংচ পালয়েৎ ভোষয়েদৃগৃহী ॥৪৮॥ ততঃ  
সধর্ম্মনিরতানেকগ্রামনিবাসিনঃ । অভ্যা-  
গতানুদাসীনান্ গৃহস্থঃ পরিপালয়েৎ ॥ ৪৯ ॥  
যদ্যেবং নাচরেন্দবি গৃহস্থো বিভবে সতি ।  
পশুরেব স বিজ্ঞেয়ঃ স পাপী লোকগর্হিতঃ ॥  
৫০ ॥ নিদ্রালস্যং দেহযজ্ঞং কেশবিভ্রাসমেব  
চ । অগস্তিমশনে বস্ত্রে নাতিরিক্তং  
সমার্চয়েৎ ॥ ৫১ ॥ যুক্তাহাবো যুক্তনিদ্রো  
মিতবাঙ মিতমৈখনঃ । স্বচ্ছো নত্রঃ শুচির্দক্ষো  
যুক্তঃ শ্রাৎ সর্ব্বকর্ম্মশু ॥ ৫২ ॥ শূরঃ শত্রৌ  
বিনীতঃ শ্রাদ্ধাবশে গুরুসমিধৌ । জুগুপ্সিত'ন্  
ন-সংশ্রুত নাবমশ্রুত মানিনঃ ॥ ৫৩ ॥

থাকিতে যদি এইরূপ আচরণ না করে,  
তাহা হইলে, সে পশু বলিয়াই জ্ঞাতব্য এবং  
সে-পাপী, লোক-সমাজে নিন্দিত হয়।  
নিদ্রা, আলস্য, দেহের প্রতি যত্ন, কেশ-  
বিভ্রাস, ভোজন এবং বস্ত্রে অগস্তি, অতি-  
রিক্ত করিবে না। ৪৭—৫১। গৃহস্থ  
পরিমিত-ভোজী, পরিমিত-নিদ্র, নিষ্পা-  
প্রকৃতি, পরিমিত-ভাষা, পরিমিত মৈখন,  
নত্র, শুচি, নিপুণ, নিরালস্য এবং সর্ব্বকর্ম্মে  
তৎপর হইবে। শত্রুর নিকট শূর এবং  
বান্ধব ও গুরুর সমিধানে বিনীত হইবে।  
নিন্দিত ব্যক্তিকে আদর করিবে না। মান্য-  
গণকে অবজ্ঞা করিবে না। পরস্পর সহবাস  
ও বিচার দ্বারা লোকের স্বভাব, সৌহার্দ্য,  
ব্যবহার, প্রবৃত্তি ও প্রকৃতি জানিয়া, তাহার  
উপর বিশ্রাম স্থাপন করিবে। বুদ্ধিমান  
ব্যক্তি ক্ষুদ্র শত্রু হইতেও ভয় করিবে এবং

সৌহার্দ্য ব্যবহারংচ প্রবৃত্তিঃ প্রকৃতিঃ  
নুপাম্ । সহবাসেন তর্কৈশ্চ বিদিত্বা বিশ-  
মেৎ তীতঃ ॥ ৫৪ ॥ 'ত্রাসেদ্যেধুপি ক্ষুদ্রাৎ  
সময়ং বীক্ষ্য বুদ্ধিমান্ । প্রদর্শয়েদাভাবান্  
নৈব ধর্ম্মং বিলজ্জয়েৎ ॥ ৫৫ ॥ 'স্বীয়ং যশঃ  
পৌরুষঞ্চ গুপ্তয়েৎ কথিতঞ্চ যৎ । কৃতং  
যত্নপকারায় ধর্ম্মজ্ঞো ন প্রকাশয়েৎ ॥ ৫৬ ॥  
জুগুপ্সিতপ্রবৃত্তৌ চ নিশ্চিতেষুপি পরাজয়ে ।  
গুরুণা লঘুনা চাপি যশস্বী ন নিবাদয়েৎ ॥ ৫৭ ॥  
বিদ্যাধনযশোধর্ম্মান্ যতমান উপার্জ্জয়েৎ ।  
ব্যসনকামতাং সজ্জং মিথ্যাজোহং পরি-  
ত্যজেৎ ॥ ৫৮ ॥ অবস্থানুগতাস্চেষ্টাঃ সময়া-

সময় বিবেচনা করিয়া নিজভাব প্রদর্শন  
করাইবে; কিন্তু ধর্ম্ম লজ্জমন কবিবেই না।  
ধর্ম্মজ্ঞ ব্যক্তি, স্বীয় যশ, পৌরুষ ও যাহা অত্র  
লোক, প্রকাশ করিতে নিষেধ করিয়া বলি-  
যাচ্ছে এবং যাহা পবোপকারের জন্য কৃত হই-  
যাচ্ছে, তাহা প্রকাশ করিবে না। ৫২—৫৬।  
যশস্বী ব্যক্তি, নিশ্চয় জয়ের সম্ভাবনা  
থাকিলেও কদাপি লোকগর্হিত কার্য্যে  
প্রবৃত্ত হইবে না এবং গুরু বা লঘু ব্যক্তির  
সহিত বিবাদ করিবে না। যত্নপূর্ব্বক বিদ্যা,  
ধন, যশ ও ধর্ম্ম উপার্জ্জব করিবে। অসত্য,  
ব্যসন, ( দাত্তক্রীড়া প্রভৃতি ) কুসংসর্গ,  
মিথ্যা-কথা, পরদোহ পরিত্যাগ করিবে।  
চেষ্টা—অবস্থার অনুগত এবং ক্রিয়া—  
সময়ের অনুগত, অতএব অবস্থা ও সময়  
পর্যালোচনা করিয়া কর্ম্ম করিবে। গৃহীরা  
যোগক্ষেমে অর্থাৎ অলস ন্যায় অর্জ্জনে এবং

পুণ্যতাঃ ক্রিয়াঃ । তস্যাদনন্দ্যঃ সমঃ  
বীক্ষ্য কৰ্ম্ম সমাচরেৎ ॥ ৫৯ ॥ যোগেশ্বর  
রতো দক্ষঃ ধার্মিকঃ প্রিয়বাক্যঃ । মিত-  
বাও মিত্বাসঃ স্মার্যাক্তো তুঃশেষতঃ ॥ ৬০ ॥  
জিতেন্দ্রিয়ঃ প্রমত্তা স্ফুটিত্যঃ স্ফুটব্রতঃ ।  
অপ্রমত্তো দীর্ঘদর্শী মাত্ৰাপ্পর্শান্ বিচারয়েৎ ॥  
৬১ ॥ সত্যং যুজু প্রিয়ং দীর্ঘো বাক্যং হিত-  
করং বদেৎ । স্ফোজ্যৎকরং তথা নিদাং  
পরেয়াং পরিবর্জয়েৎ ॥ ৬২ ॥ জ্ঞানমাস্ত  
বৃক্ষাশ্চ বিশ্রামগৃহমধ্বনি । সেতুঃ প্রাতি-  
ষ্ঠিতো যেন তেন লোকত্রয়ং জিতম্ ॥ ৬৩ ॥  
সক্তদ্বৌ পিতরৌ বশ্মিন্নুরক্তাঃ স্ফুটপদাঃ ।  
গায়ন্তি যদৃশো লোকান্তেন লোকত্রয়ং  
জিতম্ ॥ ৬৪ ॥ সত্যমেব ব্রতং যস্য দয়া

লক্ষ্য বস্তুর বক্ষণে অনুরক্ত হইবে । দক্ষ,  
ধার্মিক ও প্রভাবতই মিতভাষী এবং মিত-  
বাক্য হইবে ( অর্থাৎ অধিক বাক্য ও উচ্চ  
অধিক হাশ্য ব্যবহার করিবে না ), বিশেষতঃ  
মাতৃ-বাক্তির নিকট । জিতেন্দ্রিয়, নির্মল-  
প্রভাব, স্ফুটিত্য, স্ফুটব্রত, প্রমত্ত-বহিত এবং  
দীর্ঘদর্শী হইয়া বিষয়োপভোগের কর্তব্য-  
কর্তব্য বিচার করিবে । ৫৭—৬১ । ধীর  
জ্ঞান,—সত্য, কোমল, সন্তোষজনক,  
শুভকর বাক্য ব্যবহার করিবে ; আত্ম-  
গৌরব প্রকাশ ও পরনিন্দা করিবে না ।  
যে জন পথে জলাশয়, বিশ্রামগৃহ ও সেতু  
প্রতিষ্ঠা করিয়া থাকেন, তিনি ত্রিভুবন জয়  
করেন, অর্থাৎ সর্বাপেক্ষা উৎকৃষ্ট পদ লাভ  
করেন । মাতা পিতা বাহার উপর সন্তোষ,

দীনেষু সর্কথা । কামক্রোধৌ বশে যস্য তেন  
লোকত্রয়ং জিতম্ ॥ ৬৫ ॥ বিরক্তঃ পব-  
দারেযু নিঃস্পৃহঃ পরবজ্ঞা । দুষ্ট-মাৎসর্য-  
হীনো যন্তেন লোকত্রয়ং জিতম্ ॥ ৬৬ ॥  
ন বিভেতি রূপাদৃশা তৈঃ সংগ্রামেহপ্য-  
পরাজুথঃ । ধর্ম্মযুক্তো যতো বাপি তেন লোক-  
ত্রয়ং জিতম্ ॥ ৬৭ ॥ অসংশয়া স্ফুট-  
শাস্ত্রবাচারতৎপরঃ । সচ্ছামেনহিতো যন্ত  
তেন লোকত্রয়ং জিতম্ ॥ ৬৮ ॥ জ্ঞানিনা  
লোকযাত্রায় সর্কত্র সমদৃষ্টিনা । ত্রিপুরন্তে  
যেন কৰ্ম্মানি তেন লোকত্রয়ং জিতম্ ॥ ৬৯ ॥

মিত্রসমূহ বাহার উপর অমুরাগী, লৌকি-  
সমূহ বাহার যশোগন কবিতা থাকে, সেই  
জন বড়ক ত্রিভুবন জিত থাকে । সত্যই  
যাহার ব্রত, যাহার দীনের প্রতি সর্কদা  
দয়া আছে, কাম ও ক্রোধ বাহার বশীভূত,  
সেই ব্যক্তি বড়ক ত্রিভুবন জিত হইয়াছে ।  
যে জন পরজীভে বিরক্ত ও পর-বজ্ঞতে  
অভিলাষ-হীন, যে ব্যক্তি দুষ্ট ও মাৎসর্য-  
বিহীন, সেই ব্যক্তি বড়ক ত্রিভুবন জিত  
হইয়া থাকে । যে ব্যক্তি রূপে ভীত হয়  
না ও পরাজু হইয়া না এবং যে ব্যক্তি ধর্ম্ম-  
যুক্তো যতো হয়, সেই ব্যক্তি বড়ক ত্রিভুবন  
জিত হয় । ৬২—৬৭ । বাহার মনে  
সন্দেহ নাই, যে ব্যক্তি নিশ্চাসমুক্ত পাশ-  
পতাচার-নিরত এবং আত্মর আত্ম প্রতি-  
পালন করে, সেই ব্যক্তি বড়ক ত্রিভুবন  
জিত হয় । যে জ্ঞানী,—যে হইতে মিত্রের  
প্রতি সমদৃষ্টি করিয়া কেবল সমসামান্যতা

ধীচন্দ্র দ্বিবিৎ দেবী বহুভাষ্যভেদঃ  
ব্রহ্মণ্যজ্ঞাপনং যৎ তচ্ছৌচমাণ্ডরিকং স্মৃতম্  
॥ ৭০ ॥ অতিৰ্বা ভগ্নবা বাপি মণানামপ-  
কৰ্ণনম্ । দেহশুদ্ধিৰ্ভবদেবন বহিঃশৌচং  
তদুচ্যতে ॥ ৭১ ॥ গঙ্গা নদ্যা হ্রদা বাণ্য-  
স্তথা কুপাশ্চ স্মৃগকাঃ । সৰ্ব্বং পবিত্রজনন  
স্বৰ্ণদী ক্রমতঃ প্রিয়ে ॥ ৭২ ॥ ভস্ম ত্র  
যাজ্ঞিকং ত্রৈষ্ঠং মৃৎস্মা তু মলবর্জিতা ।  
বাসে হজিনতৃণাদীনি মৃদজ্জানীহি স্মৃততে ॥  
৭৩ ॥ কিমত্র বহনোক্তেন শৌচাশৌচবিধৌ

নির্ব্বাহার্থ বিহিত কৰ্ম্মানুষ্ঠান করিয়া  
থাকিল, সেই ব্যক্তি কর্তৃক সংসার জিত  
হইয়া থাকে । হে দেবি ! শৌচ দুই  
প্রকার ;—বাহ্য এবং জ্ঞাত্তব । ব্রহ্মে যে  
জ্ঞানসমর্পণ অর্থাৎ পরমাত্মাতে যে মনের  
একাগ্রতা, তাহা আশুত্রিক শৌচ বলিয়া  
কথিত হয় । জল কিংবা ভস্ম দ্বারা মলাপ-  
নয়ন জন্ম যে দেহ-শুদ্ধি হয়, তাহাকে বাহ্য  
শৌচ বলা যায় । হে প্রিয়ে ! স্মৃদ্র জলা-  
শয়, কুপ, বাপী, হ্রদ, নদী, গঙ্গা ও স্বর্ণদী  
ইহারা যথাক্রমে অধিক পবিত্রতার জনক  
অর্থাৎ এই সকল তীর্থজলে অবগাহন  
করিলে দেহ শুদ্ধ হয় । \* হে স্মৃততে ।  
বহিঃ-শৌচ-বিষয়ে যাজ্ঞিক ভস্মই প্রশস্ত ।  
নির্ম্মল মৃত্তিকা দ্বারাও ঐরূপ স্নানে শুদ্ধ  
হইতে পারে । বস্ত্র, মৃগচৰ্ম্ম, তৃণ প্রভৃতিও

\* মূল, 'ক্রমতঃ' শব্দে পাঠক্রম গ্রাহ্য  
নহে, কিন্তু অর্থক্রম গ্রাহ্য ।

শিবে । মনঃ পুতং ভবেদেব গৃহস্থস্ত  
তদাচর্য ॥ ৭৪ ॥ নিদ্রান্তে মৈথুনশান্তে  
ত্যান্তে মনমুদ্ররোঃ ১ ভোজনান্তে মলে  
স্পৃষ্টে বহিঃশৌচং বিধীয়তে ॥ ৭৫ ॥ সন্ধ্যা  
ত্রৈকালিকী কাষ্ঠা বৈদিকী তাজিকী ক্রমাৎ ।  
উপাসনায়া ভেদেন পূজাং কুর্ধ্যদ্ব্যথাবিধি ॥  
৭৬ ॥ ব্রহ্মমজোপাসকানাং গায়ত্রীং জপতাং  
প্রিয়ে । জ্ঞানাদব্রহ্মোক্তি তদ্ব্যচ্যং সন্ধ্যা ভবতি  
বৈদিকী ॥ ৭৭ ॥ অষ্টোমসং বৈদিকী সন্ধ্যা  
সূর্যোপস্থানপূৰ্ব্বকম্ । অর্থাদানং দিনেশায়  
গায়ত্রীজপনং তথা ॥ ৭৮ ॥ অষ্টোত্তরং

মৃত্তিকা-সদৃশ শুদ্ধি-জনক ; হে শিবে ।  
এই শৌচ ও অশৌচ বিষয়ে অধিক বলি-  
বার আবশ্যক নাই,—যাহাতে মন পবিত্র  
হয়, গৃহস্থ তাহাই আচরণ করিবে ।  
৬৮—৭৪ । নিদ্রার পর, মৈথুনের পর,  
মন-মুদ্র-পরিভ্রাণের পর, ভোজনের পর,  
এবং মল স্পর্শ হইলে উক্ত প্রকার বহিঃ  
শৌচ বিধান করিতে হয় । ত্রিকালে অর্থাৎ  
প্রাতঃ, মধ্যাহ্ন, অপরাহ্নে বৈদিকী ও  
তাজিকী সন্ধ্যা যথাক্রমে সম্পাদন করিবে  
এবং উপাসনা-ভেদে যথাসিদ্ধ পূজা  
করিবে । প্রিয়ে ! যাহারা ব্রহ্মমজোপাসক,  
তাহারা গায়ত্রী-জপ-কালে 'গায়ত্রীর অতি-  
পাণ্য—ব্রহ্ম' এইরূপ ভাবনা করিবেন ;  
তাহা হইলে বৈদিকী সন্ধ্যা হইবে । যাহারা  
ব্রহ্মোপাসক নহেন, তাহাদিগের বৈদিকী  
সন্ধ্যা, সূর্যোপস্থান ও গায়ত্রী জপ করিতে  
হইবে । হে ভদ্রে ! সমস্ত আত্মিক-কার্যেই

সহস্রং বা শতং বা দশধাপি বা । জপানাং  
নিয়মো ভজে সৰ্বব্রাহ্মিককৰ্ম্মণি ॥ ৭৯ ॥  
শূদ্রসামান্যজাতীনামধিকারোহস্তি কেবলম্ ।  
জাগমোক্তবিধৌ দেবি সৰ্বসিদ্ধিগতো  
ভবেৎ ॥ ৮০ ॥ প্রাতঃ সূর্যোদয়ঃ কালো  
মধ্যাহ্নস্তদনন্তরম্ । সায়ং সূর্যাস্তময়নিকাল-  
নাময়ং ক্রমঃ ॥ ৮১ ॥ শ্রীদেবীবাচ বিপ্রাদি-  
সৰ্ববর্ণানাং বিহিতা তাজিকী ক্রিয়া । ত্বয়ৈব  
কথিতা নাথ সম্প্রাপ্তে প্রবলে কলৌ ॥ ৮২ ॥  
তদ্বাদনীং কথং দেব বিপ্রান্ বৈদিককৰ্ম্মণি  
নিযাজয়সি তৎ সৰ্বং বিশেষাচ্ছতুমর্হসি ॥  
৮৩ ॥ শ্রীমদাম্বিবাচ । সত্যং ব্রহ্মীয

তত্ত্বং সৰ্বসমাং তাদিকী ক্রিয়া । শোকানাং  
ভোগমোক্ষায় সৰ্বকৰ্ম্মণি সিদ্ধি ॥ ৮৪ ॥ ইন্দ্র-  
ব্রহ্মসাবিত্রী যথা ভবতি বৈদিকী । তথৈব  
তাজিকী ক্ষেয়া প্রাপ্তোভয়কৰ্ম্মণি ॥ ৮৫ ॥  
ততোহন্য কথিতং দেবি দ্বিজানাং প্রবলে  
কলৌ । গায়ত্র্যামধিকারোহস্তি নাথসদেব-  
কর্হিচিৎ ॥ ৮৬ ॥ তায়ান্য কামান্য চ  
বাগ্ভবাদ্যা যথাক্রমাৎ । ব্রাহ্মণকৃত্রিয়বিশাং  
সাবিত্রী কথিতা কলৌ ॥ ৮৭ ॥ দ্বিজাদীনাং  
প্রভেদার্থং শূদ্রেভ্যঃ পরমেশ্বরি । সক্ষোয়ং  
বৈদিকী প্রোক্তা প্রাপ্তেবাহ্মিককৰ্ম্মণাম্ ॥ ৮৮ ॥  
অম্বাশাশ্রুতৈর্মার্গৈঃ কেবলৈঃ সিদ্ধিভাগ্-

অষ্টোত্তর সহস্র বা অষ্টোত্তর শত কিংবা  
দশবার জপ করিবার নিয়ম আছে । হে  
দেবি । শূদ্র-জাতির ও সাধারণ জাতির কেবল  
অগমোক্ত বিধিতেই অধিকার আছে ।  
তাহাতেই তাহাদের সকল প্রকার সিদ্ধি  
হইবে । ৭৫—৮০ । প্রাতঃসঙ্গ সূর্যোদয়-  
কালে করিবে । এইরূপ মধ্যাহ্ন সন্ধ্যা ও  
সায়ংসন্ধ্যা মধ্যাহ্নকালে এবং সূর্যাস্ত-  
সময়ে করিতে হইবে ;—এই সন্ধ্যা-বন্দনার  
ত্রিকাল নির্দিষ্ট আছে । শ্রীদেবী কহিলেন,  
—হে নাথ । তুমি শ্রবণ বলিয়াছ যে, কলি  
প্রবল হইলে ব্রাহ্মণ প্রভৃতি সমুদায় বর্ণের  
একমাত্র তাজিকী ক্রিয়া বিহিতা আছে ।  
দেবদেব । এক্ষণে কি হেতু তুমি ব্রাহ্মণ-  
দিগকে বৈদিক ক্রিয়াতে নিয়োজিত করি-  
তেছ ? এতৎসমুদায় বিশেষরূপে বর্ণন  
কর । শ্রীমদাম্বিবাচ কহিলেন,—হে তত্ত্বজ্ঞে ।

তুমি যথার্থই বলিয়াছ । কলিমুগে সকল  
বর্ণের পক্ষেই একমাত্র তাজিকী ক্রিয়া,—  
ভোগ ও মোক্ষের নিমিত্ত হয় এবং সমুদায়  
কার্যেই সিদ্ধি দান করে । এই ব্রাহ্মসাবিত্রী  
যেমন বৈদিকী, সেইরূপ তাজিকী হইতে  
পারে এবং উভয় কৰ্ম্মেই প্রাপ্ত । হে দেবি ।  
এই জন্যই আমি এম্বলে বলিয়াছি যে, কলি  
প্রবল হইলে ব্রাহ্মণ-সমূহের গায়ত্রীতেই  
অধিকার আছে,—অন্য কোন বৈদিকগানে  
অধিকার নাই । ৮১—৮৬ । কলিকালে  
ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের গায়ত্রী যথাক্রমে  
“ওঁ”, “শ্রীং” এবং “ঐং” পূর্বিকা হইবে  
অর্থাৎ ব্রাহ্মণের গায়ত্রীর পূর্বে ওঁ, ক্ষত্রিয়ের  
গায়ত্রীর পূর্বে শ্রীং বৈশ্যদিগের গায়ত্রীর  
পূর্বে ঐং যোগ করিবে । পরমেশ্বর । শূদ্র  
হইতে বিজগৎকে পৃথক করিবার জন্য  
জাহান্নিগের তাজিক-প্রাককালে বৈদিক-

ভবেৎ । সত্যং দত্তং পুনঃ সত্যং সত্যমেতন্  
সংশয়ঃ ॥ ৮৯ ॥ কালাত্যয়েহপি সাক্ষ্যায়  
কর্তব্যং দেববন্দিতে । তন্তমদ্বন্দ্ব চোচ্যে  
মোক্ষোপাভিরনাতুরৈঃ ॥ ৯০ ॥ আসনং  
বসনং পাত্রং শয্যাং যানং নিকেতনম্ ।  
গৃহকং বস্ত্রজাতকং স্বচ্ছং স্বচ্ছং প্রশস্তং ॥  
৯১ ॥ সমাপ্যাহ্নিককর্ম্ম পি স্বাধ্যায়ং গৃহ-  
কর্ম্ম বা । গৃহস্থো নিত্যং কুর্য্যামৈব  
তিষ্ঠেন্নিকদ্যমঃ ॥ ৯২ ॥ পুণ্যতীর্থে পুণ্য-  
তিথৌ গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ । জপং দানং  
প্রকুর্য্যণঃ শ্রেয়সাং নিগম্যো ভবেৎ ॥ ৯৩ ॥

সাক্ষ্যাব বিধি কথিত হইয়াছে । অত্যা-  
জ্ঞার্থ্য বৈদিক সাক্ষ্য না করিয়াও কেবল  
শৈব-পদ্ধতি দ্বারা সিদ্ধিলাভ হইবে,—ইহা  
সত্য, সত্য, বিশেষ সত্য, সন্দেহ নাই ।  
হে দেববন্দিতে ! অনাত্ম মুমুক্শু ব্যক্তি  
সাক্ষ্যাব যথোক্ত সময় অতীত হইলেও, “ত-  
তং মৎ ব্রহ্ম” উচ্চারণ করিয়া এই সাক্ষ্য  
করিবেন ।\* আসন, বসন, পাত্র, শয্যা,  
যান, গৃহ, গৃহোপকরণ-সমূহ পরিক্ষিত হইতে  
পরিক্ষিততর হইলেই প্রশস্ত । গৃহস্থ আহ্নিক  
কার্য্য সমাধা করিয়া স্বাধ্যায় বা গৃহকর্ম্ম  
করিবে,—নিকদ্যম হইয়া অবস্থান করিবে  
না । ৮৭—৯২ । পুণ্যতীর্থে, পুণ্যতিথিতে,  
চন্দ্রগ্রহণে ও সূর্য্যগ্রহণে জপ ও দান করিলে

\* আত্মবৈব পক্ষে বিশেষ নিয়ম না রাখি-  
বার অভিপ্রেতে “মনাত্মা” বিশেষণটি প্রদত্ত  
হইয়াছে ।

কণ্ডমণ্ডপপ্রাণা নোপবাসঃ প্রশস্তাভে । উপ-  
বাসপ্রতিনিধাবেকং দানং বিধীয়তে ॥ ৯৪ ॥  
কণো<sup>১</sup> দানং, মহেনানি সর্কসিদ্ধিকরং  
ভবেৎ । তৎপাত্রং কেবলং ক্ষেত্রো<sup>২</sup> দরিদ্রঃ  
সংক্রিয়াযিতঃ ॥ ৯৫ ॥ মাস-২২ম-পক্ষাণা-  
মারন্তুদিনমন্বিকে । চতুর্দশী<sup>৩</sup> শুক্লা  
তথৈবৈকাদশী কুরুঃ ॥ ৯৬ ॥ নিজজন্মদিন-  
কৈব পিত্রোর্মরণবাসরঃ । বৈধোৎসবদিন-  
কৈব পুণ্যকালঃ প্রকীর্ত্তিতঃ ॥ ৯৭ ॥ গঙ্গা-  
নদী মহানদ্যো গুরোঃ সদনমেব চ ।  
প্রসিদ্ধং দেবতাক্ষেত্রং পুণ্যতীর্থং প্রকী-  
র্ত্তিতম্ ॥ ৯৮ ॥ ত্যক্ত্বা স্বাধ্যায়নং পিত্রোঃ  
শুক্রায়াং দারবক্ষণম্ । নরকায় ভবেৎ তীর্থং  
তীর্থায় ব্রজতাং নৃণাম্ ॥ ৯৯ ॥ ন তীর্থ-

মঙ্গলেব পাত্র হয় । কলিযুগে মানবগণ  
আগত প্রাণ, স্মৃতরাং উপবাস প্রশস্ত  
নহে কলিযুগে উপবাসেব প্রতিনিধি-কণে  
একমাত্র দানই বিহিত । হে মহেনানি ।  
কলিযুগে দানই সর্ক সিদ্ধিকর । সংক্রিয়া-  
পিত দরিদ্র ব্যক্তিকেই তাহার ( দানের )  
পাত্র বলিয়া জানিবে । হে অন্বিকে ! মাসের  
বৎসরের ও পক্ষের আন্ত-দিন, চতুর্দশী,  
অষ্টমী, শুক্লপক্ষের একাদশী, অমাবস্তা,  
নিজ জন্মদিন, পিতামাতার মরণ-দিন এবং  
বৈধ-উৎসব-দিন, পুণ্যকাল বলিয়া কীর্ত্তিত  
রহিয়াছে । গঙ্গানদী, মহানদী, গুরুগৃহ  
ও প্রসিদ্ধ দেবতাক্ষেত্র, পুণ্যতীর্থ বলিয়া  
কীর্ত্তিত হইয়াছে । স্বাধ্যায়ন, মাতা ও  
পিতার শুক্রায়া এবং দারবক্ষণ পরিত্যাগ

সেবা নারীনাং নোপাসাদিকাঃ ক্রিয়াঃ ।  
নৈব ব্রতানাং নিয়মো ভর্তুঃ শুশ্রূষণং বিনা ॥  
১০০ ॥ ভর্তৃঃ যোযিতাং তার্থং তপো দানং  
ব্রতং গুরুঃ । তস্যাং সৰ্ব্বাঙ্গানা নারী পতি-  
সেবাং সমাহুয়েৎ ॥ ১০১ ॥ পত্ন্যঃ প্রিয়ং  
সদা কুর্যাদ্ভগ্না পরিচর্যায়া । তদাজ্ঞানুচরী  
ভূষা তোযয়েৎ পতিবাক্যান্ ॥ ১০২ ॥  
নেক্ষেৎ পতিং ক্রুরদৃষ্ট্যা প্রাবয়েনৈব দুৰ্ব্বচঃ ।  
নাশ্রিয়ং মনসা বাপি চরেদ্ভর্তুঃ পতিব্রতা ॥  
১০৩ ॥ কায়েন মনসা বাচা সৰ্ব্বদা প্রিয়-  
কৰ্ম্মভিঃ । বা শ্রীপয়তি ভর্তারং সৈব ব্রহ্ম

কবিষা ক্ষীৰ্ণ-গমন, পুরুষদিগের নবকেব  
কাবণ হয় । ৯৩—৯৯ । নারীদিগের ভর্তৃ-  
শুশ্রূষা ব্যতীত তীর্থসেবা নাই, উপবাসাদি  
ক্রিয়া নাই, ব্রত করাব নিয়ম নাই অর্থাৎ  
এই সকল কৰ্ম্মজনিত ফল,—মাত্র স্বামি-  
শুশ্রূষায় লাভ হয় ; সুতরাং এই সকল কার্য্য  
করা বিহিত হয় নাই । স্বামীই জীলোক-  
দিগের তীর্থ, তপস্যা, দান, ব্রত এবং গুরু ।  
অতএব নারী সৰ্ব্বাঙ্গব্যবণে পতিসেবা  
করিবে । বাক্য দ্বারা, পরিচর্যা দ্বারা সৰ্ব্বদা  
স্বামীর প্রিয়কার্য্য করিবে এবং সৰ্ব্বদা  
তাঁহার আজ্ঞানুবর্তিনী থাকিয়া পতি-বাক্য-  
গণকে তুষ্ট করিবে । পতিব্রতা স্ত্রী, পতিকে  
ক্রুরদৃষ্টিতে অবলোকন করিবে না,  
দুৰ্ব্বাক্যও শুনাইবে না । মন দ্বারাও  
স্বামীর অশ্রিয়-কার্য্য করিবে না । যে  
স্ত্রী কায়মনোবাক্যে সৰ্ব্বদা প্রিয়-কার্য্যানুষ্ঠান  
দ্বারা ভর্তাকে পরিতুষ্ট করেন, তিনি ব্রহ্ম-

পদং লভেৎ ॥ ১০৪ ॥ ন'ব্রহ্মকং নিরীক্ষেত  
নাশ্রয়ঃ সন্তাষণং চরৎ ॥ ন চাঙ্গং দর্শয়েদজ্ঞান  
ভর্তুরাঙ্গানুসারিনী ॥ ১০৫ ॥ তিষ্ঠেৎ পিত্রো-  
বশে বাল্যে ভর্তুঃ সস্তাপ্রযোবনে । বার্জক্যে  
পতিবন্ধনাং ন পতঙ্গা ভবেৎ কচিৎ ॥ ১০৬ ॥  
অজ্ঞাত-পতিমর্যাদাগজ্ঞাত-পতিসেবনাম্ ।  
নোদ্বাহয়েৎ পিতা শল্যমজ্ঞাতধর্ম্মশাসনাম্ ॥  
১০৭ ॥ নরমাংসং ন ভুঞ্জীয়াদ্ভুক্তিপশু-  
স্তথা । বহুপকারকান্ গাং মাংসাদান  
বশবর্জিতান্ ॥ ১০৮ ॥ মলানি গ্রাম্য-বহ্মানি  
মূলানি বিবিধানি চ । ভূমিজাতানি সৰ্ব্বানি  
ভোজ্যানি স্বেচ্ছয়া শিবে ॥ ১০৯ ॥ অধ্যাপনং  
যাজনকং বিপ্রাণাং ব্রতমুত্তমম্ । অশক্ণো

পদ লাভ করেন । ভর্তার আঙ্গানুসারিনী  
নাথী, অশ্রু পুরুষের মুখ দেখিবে না, অশ্রু  
পুরুষের সহিত সন্তাষণ করিবে না, অশ্রু  
পুরুষকে স্ত্রীয়া অঙ্গ দেখাইবে না । ১০০—  
১০৫ । স্ত্রীজাতি বাল্যকালে পিতার বশবর্তিনী,  
যৌবনকালে ভর্তার বশবর্তিনী, বার্জক্যাবস্থায়  
পতি-বাক্যবগণের বশবর্তিনী থাকিবে,—কোন  
অবস্থাতেই স্বাধীন হইতে পারিবে না ।  
পিতা,—পতিমর্যাদানাজ্ঞাত, পতিসেবান-  
ভিজ্ঞা, ধর্ম্মশাসনে অনভিজ্ঞা বালিকা কজ্ঞার  
বিবাহ দিবে না । নরমাংস, নরাকৃতি-পশু  
মাংস, বহুপকারক গো এবং রমহীন মাংস-  
ভোজী জন্তু ভোজন করিবে না । হে শিবে !  
ভূমিজাত-গ্রাম্য ও বহ্ম নানাবিধ মল-  
মূল স্বেচ্ছানুসাবে ভক্ষণ করিতে পারিবে ।  
অজ্ঞানের অধ্যাপন এবং যাজনক—এই দুটো

ক্ষত্রিয়বিশাং বৃত্তৈর্নিক্সাহমাচরেৎ ॥ ১১০ ॥  
 রাজ্ঞানাক্ষত্রিয়সংগ্রামো ভূমিশাসনম্ ।  
 অত্রাশক্তৌ বনিগৃহং শূদ্রবৃত্তমথাপ্রয়েৎ ॥  
 ১১১ ॥ বাণিজ্যশক্ৰৈশ্চান্য শূদ্রবৃত্তম-  
 দুষণম্ । শূদ্রণাং পরমেশানি সেবা বৃত্তি  
 বিধীয়তে ॥ ১১২ ॥ সমাজ্ঞানাক্ষত্র বর্ণনাং  
 বিশ্রবৃত্তাবৃত্তি। অধিকারোহস্তি দেবেশি  
 দেহযাত্রাপ্রসিক্ষয়েৎ ॥ ১১৩ ॥ অদ্বৈতঃ নির্মমঃ  
 শান্তঃ সত্যবাদী জিতেন্দ্রিঃ । নির্মমঃ সরো  
 নিকপটঃ স্ববৃত্তৌ ব্রাহ্মণো ভবেৎ ॥ ১১৪ ॥  
 অধ্যাপয়েৎ পুত্রবৃত্ত্য শিষ্যান্ সমাগ-

বৃত্তি উত্তম । অশক্ত হইলে ক্ষত্রিয়-বৃত্তি,  
 তাহাতে অশক্ত হইলে বৈশ্য-বৃত্তি দ্বারা  
 জীবিকানির্কাহ করিবে । সংগ্রাম ও  
 প্রজাপালনই ক্ষত্রিয়দিগের সদ্বৃত্তি । এই  
 বৃত্তি দ্বারা অশক্ত হইলে, বৈশ্য-বৃত্তি,  
 তাহাতেও অশক্ত হইলে শূদ্র-বৃত্তি  
 আশ্রয় করিবে । হে পরমেশানি ! বাণিজ্য  
 অসমর্থ বৈশ্যদিগের শূদ্র বৃত্তি অশ্রয় দৃশ-  
 য় নহে । শূদ্রদিগের সেবা-বৃত্তি বিহিত  
 আছে । ১১০—১১২ । হে দেবেশি ।  
 সমাজ্ঞ বর্ণ- ( পরাম-বর্ণ ) দিগের দেহ-রক্ষার  
 জন্ত ব্রাহ্মণবৃত্তি ভিন্ন সকল বৃত্তিতেই  
 অধিকার আছে । স্ববৃত্তি-স্থিত ব্রাহ্মণ,—  
 দ্বৈতশূদ্র, মমতাবর্জিত, শান্ত, সত্যবাদী,  
 জিতেন্দ্রিয়, মামসর্ঘ্যবহিত ও অকপট  
 হইবেন ; সংপথাবলম্বী শিষ্যদিগকে পুত্র-  
 গোষ্ঠে অধ্যয়ন করাইবেন ; মর্ক্সলোক-  
 হিতৈষী ও পক্ষপাত-শূন্য হইবেন ।

বর্ত্তিনঃ । মর্ক্সলোকহিতৈষী স্ত্রাং পক্ষ  
 পাতনিনির্মুখঃ ॥ ১১৫ ॥ মিথ্যালাপমস্ত্যাক  
 বাসনীপ্রিয়ভাষণম্ । নীচৈঃ প্রসক্তিং দত্তক  
 মর্ক্সথা ব্রাহ্মণস্ত্যাজেৎ ॥ ১১৬ ॥ যুগ্মসা  
 গহিতা মর্ক্সো মম্যাতৈঃ সন্ধিরক্ষণা । মৃত্যু-  
 র্জয়ো বা যুদ্ধে দু রাজ্ঞান্যং বরাননে ॥  
 ১১৭ ॥ আলোভী স্ত্রাং প্রজাবিতে গৃহীয়াং  
 মগ্নিতং করম্ । রক্ষণক্ষীকৃতং ধর্ম্যং পুত্র-  
 বৎ পালয়েৎ প্রজাং ॥ ১১৮ ॥ স্ত্রাং যুদ্ধং  
 তথা সন্ধিং কৰ্ম্মাণ্যস্তানি যানি চ ।  
 মগ্নিভিঃ সহ কুব্ধীত বিচার্য মর্ক্সথা  
 নৃপঃ ॥ ১১৯ ॥ ধর্ম্মযুদ্ধেন যোদ্ধব্যং স্ত্রায়েদন্ত-  
 পুত্রক্ষিণাঃ । করণীয়া যথাসক্তিং সন্ধিং  
 কুর্ঘাদযথাবলম্ ॥ ১২০ ॥ উপাটৈঃ সাধয়েৎ

ব্রাহ্মণ,—মিথ্যা-কথা, অস্থয়া, বাসন  
 ( মগ্নাদ্যুতাদি ), অপ্রিয় বাক্য, নীচলোকের  
 সহিত মৎসর্গ এবং দত্ত মর্ক্সথা করিবেন  
 না । হে বরাননে ! ক্ষত্রিয়দিগের পক্ষে  
 সন্ধি অবধারণ হইলে যুদ্ধ করিবার ইচ্ছা  
 নিন্দনীয় । সম্মানপূর্ব্বক সন্ধি স্থির  
 রাখিবেন এবং যুদ্ধে জয় বা মৃত্যু—উভয়ই  
 উত্তম । রাজা, প্রজার ধনে আলোভী  
 হইবেন, নিঃসমত কর গ্রহণ করিবেন এবং  
 পীকৃত ধর্ম্ম রক্ষাপূর্ব্বক প্রজাসমূহকে পুত্র-  
 বৎ প্রতিপালন করিবেন । ১১৩—১১৮ ।  
 স্ত্রাং, যুদ্ধ, সন্ধি এবং অস্ত্রাচ্ছ রাজকীয়  
 কার্য্য সকল, রাজা সর্বদা মমিগণের সহিত  
 বিচারপূর্ব্বক করিবেন । ধর্ম্মসম্মত যুদ্ধ  
 করিবেন, স্ত্রায়েতঃ দত্ত ও পুত্রক্ষার করিবেন

কার্য্যং যুদ্ধং সাক্ষিক শত্রুভিঃ । উপায়ানুগতঃ  
সৰ্ব্বা জয়ক্ষেমবিভূতয়ঃ ॥ ১২১ ॥ শ্রীচ-  
ক্ষত্রিরতঃ সদা বিজয়প্রিয়ঃ । ধীরো  
বিপত্তৌদম্বেচ শীঘ্রবান্ সঙ্গি ভব্যী ॥ ১২২ ॥  
নিপুণো দুর্গমংকারে শত্রুনিগ্রহবিচক্ষণঃ ।  
স্বমৈত্র্যভাবাঘেযী আচ্ছিন্নয়েদ্রণকৌশলম্ ॥  
১২৩ ॥ ন হস্তমুচ্ছিতং যুদ্ধে ভ্যক্তশস্ত্রিন্  
পরাভূষম্ । বলানীতান্ রিপূন দেবি  
রিপুনাশিশুনপি ॥ ১২৪ ॥ জয়দক্ষানি  
বস্ত্রানি সন্ধিপ্রাপ্তানি বাসি চ । বিত্তবেৎ  
তানি মৈত্র্যভ্যো যথাযোগ্যবিভাগতঃ ॥  
১২৫ ॥ শৌৰ্য্যং বৃদ্ধক যোদ্ধাং জেতুং

এবং বলানুসাবে যথাশাস্ত্র সন্ধি করিবেন ।  
উপায় দ্বারা কার্য্য সম্পন্ন করিবেন এবং  
শত্রুগণের সহিত যুদ্ধ ও সন্ধি, উপায় দ্বারা  
করিবেন । যেহেতু সমস্ত জয়, মঙ্গল এবং  
ঐশ্বর্য্য—উপায়ানুগত । নীচদক্ষে রত  
হইবেন না, সৰ্ব্বদা পশ্চিমগণের প্রিয়  
হইবেন ; কার্য্যকুশল, সুশীল, পরিমিতব্যয়ী  
ও বিপত্তি সময়ে ধৈর্য্যশালী হইবেন ।  
দুর্গমংকারে নিপুণ, শত্রুনিগ্রহায় বিচক্ষণ ও  
মিজ নিজ মৈত্র্যগণের ভাবাঘেযী হইবেন  
এবং তাহাদিগকে রণ-কৌশল শিখাইবেন ।  
হে দেবি । যুদ্ধে মুচ্ছিত, ভ্যক্ত-শাস্ত্র, পশায়ন-  
ভংগব অথবা বলপূর্ব্বক আনীত শত্রুকে  
এবং শত্রুদিগেব জী ও শিশু-সন্তানদিগকে  
বিনাশ করিবেন না । যে সকল দ্রব্য জয়-  
লাভ বা সন্ধি দ্বারা প্রাপ্ত, তৎসমস্ত যথা-  
যোগ্য বিভাগে মৈত্র্যদিগকে বিতান

রাজ্য পৃথক্ পৃথক্ । বহুমৈত্র্যধিপং নৈকং  
কুৰ্য্যাদাক্ষহিতে রতঃ ॥ ১২৬ ॥ নৈকামান্  
বিশ্বমেদ্রজা নৈকং চ্যাবে মিমোজয়েৎ ।  
সাম্যং ক্রৌড়োপহাসক নীচৈঃ সহ বিব-  
র্জয়েৎ ॥ ১২৭ ॥ বহুভক্তঃ পলভ্যী  
জিজ্ঞাসুর্জানবানপি । বতমানোহপি নিদম্বে  
ধীরো দত্ত-প্রদানয়োঃ ॥ ১২৮ ॥ জয়ং বা  
চরদৃষ্ট্য বা প্রজ্ঞাভাবান্ বিলোকয়েৎ । এবং  
সজনভৃত্যানাং ভাবান্ পশ্যেৎসদাশি । ॥ ১২৯ ॥  
ক্রোধাদস্তাং প্রমাদাদ্ভা সম্মানং শাসনং তথা  
সহমা নৈব কর্তব্যং শাসিনা তদুদর্শিনা ॥  
১৩০ ॥ মৈত্র্যমেনাধিপামাত্য-বনিতাপত্য-

করিবেন । যোদ্ধাদিগের বীৰ্য্য ও চরিত্র  
রাজার পৃথক্ পৃথক্ ভাবে জানা উচিত ;  
আত্মহিতে নিরত রাজা, এক ব্যক্তিকে বহু  
মৈত্র্যের অধিপতি করিবেন না । ১১৯—১২৩  
রাজা এক ব্যক্তিকে সম্পূর্ণ বিশ্বাস করিবেন  
না, এক ব্যক্তিকে বিচারে নিযুক্ত করিবেন  
না এবং নীচ লোকের প্রতি সমভাব প্রদর্শন  
ক্রৌড়া ও উপহাস পরিত্যাগ করিবেন ।  
নানা শাস্ত্রে সুপণ্ডিত হইলেও মিত্রভাগী,  
জ্ঞানবান্ হইলেও জিজ্ঞাসু, বত সম্মান-  
পাত্র হইলেও দান্তশূন্য হইবেন । তিনি  
দত্ত-প্রদান বা প্রসন্নতার সময় ধীর হইবেন,  
অর্থ্য উভয় সময়েই আকাবক্ষিতে সম-  
ভাব অবলম্বন করিবেন । নরপতি অয়ং  
অথবা চারিদৃষ্টি দ্বারা প্রজাগণের আভিপ্রায়  
প্রাপ্ত করিবেন এবং তিনি প্রজা-  
তন্ত্রব্যবস্থার স্থান দর্শন করিবেন—

মোক্ষার্থঃ । পালনায়ঃ সদোদ্যমোচ্চৈঃ পালন-  
যথাবিধি ॥ ১৩১ ॥ উদ্যমঃ সত্যমর্থঃ  
বাল্যঃ চ মৃতবান্ধবান্ জরাভিভূতান্ বৃদ্ধাংশ্চ  
রক্ষয়েৎ পিতৃবনুশ্চ ॥ ১৩২ ॥ বৈশ্যানাং  
কৃষিগণিজ্যং বৃদ্ধং বিক্রি সনাতনম্ যেনো-  
পায়েন লোকানাং দেহযাত্রা প্রসিধ্যতি ॥ ১৩৩ ॥  
অতঃ সর্বাঙ্গনাং দেবি বাণিজ্যকৃষিকর্মসু ।  
প্রমাদব্যসনাশ্চ মিথ্যা শঠ্যং বিবর্জয়েৎ ॥  
১৩৪ ॥ নিশ্চিত্য বস্ত্রত্মাণ্যমুদয়োঃ সম্যগে-  
শিবে । পরস্পরাঙ্গীকরণং ক্রয়সিক্কিস্ততো  
ভবেৎ ॥ ১৩৫ ॥ মস্ত-বিগ্নিপ্ত-বালানামবি-

স্বামী ক্রোধ, দণ্ড বা প্রমাদ বশতঃ সহসা  
সম্মান বা শাসন করিবেন না । সৈন্যগণের,  
সেনাপতির ও অমাত্যবর্গের স্ত্রী, কন্যা,  
পুত্র ও ভৃত্যবর্গ রক্ষার পালনীয় ; যদি  
দোষযুক্ত হয়, তাহা হইলে যথাবিধি দণ্ডনীয়  
হইবে । ১২৭—১৩১ । উদ্যম, অসমর্থ,  
বালক, পীড়াভিভূত ও বৃদ্ধ—ইহারা মৃত-  
বান্ধব হইলে রাজা তাহাদিগকে পিতার  
জায় রক্ষা করিবেন । কৃষি-বাণিজ্যকেই  
বৈশ্যদিগের সনাতন বৃত্তি বলিয়া জানিও ;  
বৈশ্যকৃত যে কৃষি-বাণিজ্যরূপ উপায় দ্বারা  
সমস্ত লোকের শরীর রক্ষা হইয়া থাকে ।  
হে দেবি । এই হেতু বাণিজ্য ও কৃষিকর্মের  
অনবধানতা, ব্যসন, আলস্য, মিথ্যা ব্যবহার  
ও শঠতা, সর্বদা সর্বতোভাবে পরিত্যাগ  
করিবে । হে শিবে । ক্রেতা ও বিক্রেতা—  
উভয়ের সম্যতিক্রমে বস্ত্র ও ত্মাণ্য অব-  
পারিত হইলে, পরস্পর স্বীকার করিলে,

প্রাণদান প্রিয়ে । বোগাবলাস্তবুদ্ধানা-  
মসিক্কো দান-বিক্রয়ো ॥ ১৩৬ ॥ ক্রয়সিক্কি-  
রদৃষ্টানাং গুণশ্রবণতো ভবেৎ । বিপর্যয়ে  
তদগুণানামগ্ৰাণা ভবতি ক্রয়ঃ ॥ ১৩৭ ॥  
কুঞ্জরোষ্ট্ররক্ষাণাং গুণশ্রবণতো ভবেৎ ।  
বিপর্যয়ে তদগুণানামগ্ৰাণা ভবতি ক্রয়ঃ ॥  
১৩৮ ॥ কুঞ্জরোষ্ট্ররক্ষাণাং গুণদোষপ্রকা-  
শনাৎ । বর্ষাতীতেহপি তৎ ক্রয়মগ্ৰাণা  
কর্ত্তুমর্কতি ॥ ১৩৯ ॥ ধর্মার্থকামমোক্ষাণাং  
ভোজনং মানবং বপুঃ । অতঃ কুলেশি তৎ-  
ক্রয়ো ন সিধ্যোগ্য শাসনাৎ ॥ ১৪০ ॥ যব-  
গোধূমধাত্যানাং লাভোহর্ষেণৈবগতেপ্রিয়ে । যুক্ত-

ক্রয় সিক্ক হইবে । হে প্রিয়ে । মস্ত,  
বিগ্নিপ্ত, শোকার্ত্ত, বিশেষ উৎকণ্ঠিত,—  
বালক, শত্রু-গৃহীত এবং রোগ-প্রভাবে  
ভ্রান্ত-বুদ্ধিদিগের কৃত দান-বিক্রয় অসিক্ক ।  
অদৃষ্ট বস্ত্রব গুণ শ্রবণেই ক্রয় সিক্ক হয়,  
কিন্তু তদগুণের বিপর্যয় হইলে বিক্রয়  
অসিক্ক হইবে । হস্তী, উষ্ট্র ও অশ্বদিগের  
গুণ-শ্রবণে ক্রয়সিক্কি হয় ; পরন্তু যদি  
বর্ণিত গুণ না থাকে, তাহা হইলে সেই  
ক্রয় অসিক্ক হইবে । হস্তী, উষ্ট্র ও  
অশ্বদিগের গুণদোষ প্রকাশ হইলে এক  
বৎসর পরেও সেই ক্রয় অগ্ৰাণা করিতে  
পারিবে । ১৩২—১৩৯ । হে কুলেশ্বরী !  
মানবদেহ—ধর্ম, অর্থ, কাম ও মোক্ষের  
ভোজন স্বরূপ । অতএব আমার শাসন  
হেতু, এই শরীরক্রয় সিক্ক হইবে না ।  
হে প্রিয়ে । যব, গোধূম ও ধাত্যের

শচুর্ধো ধাতুনামষ্টবঃ পবিকীর্তিতঃ ॥ ১৪১ ॥  
 স্বপ্ন কুর্যো চ বাণিজ্যে তথা সার্কেষু কৰ্ম্মসু ।  
 যদ্বদঙ্গীকৃতং মৰ্ত্ত্যৈশ্চ কাৰ্য্যং শাস্ত্রসংগতম্ ॥  
 ১৪২ ॥ দক্ষঃ শুচিঃ সত্যভায়ী জিতেন্দ্রিঃ ।  
 জিতেন্দ্রিয়ঃ । অশ্রমশো নিরালস্যঃ সেবা-  
 বৃত্তো ভবেদ্রঃ ॥ ১৪৩ ॥ প্রভূর্নিত্যমগ্নো  
 মাত্ত্বশৃঙ্গায় জ্ঞানীসমা । মাত্ত্বশৃঙ্গায়  
 ভূতৈরিহামুত্র স্থধেপুভিঃ ॥ ১৪৪ ॥ ভর্তৃ-  
 মিত্রানি মিত্রানি জানীযাৎ তদরীনরীন্ ।  
 সতীতিঃ সৰ্ব্বদা তিষ্ঠেৎ প্রভোবাজ্ঞাং প্রতী-  
 ক্ষয়ন্ ॥ ১৪৫ ॥ অপমানং গৃহচ্ছিত্তং শুশ্রূষাং

( ঋণ ) বৎসবাস্তে মনের চতুর্থ অংশমাত্র  
 লাভ অর্থাৎ বৃদ্ধি হইবে। দ্বিত্যং  
 ( ঋণ ) এক বৎসবে অষ্টম অংশ  
 লাভ সিদ্ধিষ্ট হইয়াছে। স্বপ্ন, কৃষিকর্মা,  
 বাণিজ্য এবং অশ্রম সমুদায় কার্য্যই  
 মনুষ্যাগণ শাস্ত্রসংগত যাহা প্রীতি করিবে,  
 সেই করাই কবিবে। সেবা-বৃত্তিযুক্ত  
 ব্যক্তি,—দক্ষ অর্থাৎ কার্য্যকুশল, পবিত্র,  
 সত্যবাদী, জিতেন্দ্রি, জিতেন্দ্রিয়, মনোবান ও  
 নিরালস্য হইবে। ইহলোকে ও পরলোকে  
 সুখাভিলাষী ভূত্যাগণ, প্রভুকে বিমুখ হ্রাস  
 সন্মান করিবে, ভৎসনকে মাতবৎ মাত্ত্ব  
 করিবে এবং প্রভু বাক্যদিগকে দেবতাতুল্য  
 সন্মান করিবে। প্রভুব মিত্রদিগকে নিজ  
 মিত্র জ্ঞান করিবে, প্রভুর শত্রুদিগকে নিজ  
 শত্রু জ্ঞান করিবে। সকল সময়েই প্রভুর  
 আজ্ঞার প্রতীক্ষা করত মনুষ্য হইয়া আশ্রয়  
 করিবে ॥ ১৪০—১৪৫ ॥ অপমান, গৃহচ্ছিত্ত,

কথিতক যৎ । ভর্তৃপালনিকরং যচ্চ  
 গোপায়দতিমতঃ ॥ ১৪৬ ॥ অশোভঃ স্যাৎ  
 প্রামিধনে সদা প্রামিহিতে ২৩৩ । তৎসমি-  
 ধাবসদ্যং ক্রৌড়াং হাশ্বং গতিতাজ্জং ॥ ৪৭ ॥  
 ন পাপমনসা পশ্চাদপি উদ্বাহিকং যীঃ ।  
 বিবিক্তশয্যাং হাশ্বকং তাভিঃ সহ বিবর্জয়েৎ ॥  
 ১৪৮ ॥ প্রভোঃ শয্যাসনং যানং বসনং  
 ভাজনানি চ । উপানদ্রয়ণং শস্ত্রং নাত্মার্থং  
 বিনিয়োজয়েৎ ॥ ১৪৯ ॥ ক্ষমাং কৃতাপরা-  
 ধম্ভং প্রার্থয়েদত্রৈঃ প্রভোঃ । প্রাগলভ্যং  
 শ্রৌতবাদকং সাম্যাচারং বিবর্জয়েৎ ॥ ১৫০ ॥  
 সৰ্ব্বৈ বর্ণাঃ সসংবৈব্রীক্ষে দ্ব হং তথামনম

গোপনের জন্তু কথিত বাক্য এবং যাহা  
 প্রভুর পালনিকর, তাহা অতি যত্নে গোপন  
 করিবে। প্রামি-ধনে লোভশূন্য হইবে,  
 সৰ্ব্বদা প্রামি-হিতে রত থাকিবে। তাঁহার  
 মন্থধানে অসদ্যাক্য উচ্চারণ, ক্রৌড়া ও  
 হাশ্ব, পরিত্যাগ করিবে। শাস্ত্রের গৃহ-  
 দাসীদিগকেও পাপমনে দর্শন করিবে না।  
 তাহাদের সহিত বিবর্তনে শয়ন ও হাশ্ব  
 বোতুক বর্জনে করিবে। প্রভুর শয্যা,  
 আসন, যান, বসন, ভাজন অর্থাৎ পানাদি  
 পাত্র, পাছুকা, ভূষণ, শস্ত্র—আপনার প্রয়ো-  
 জনে নিয়োজিত করিবে না। যদি ভৃত্য  
 অপরাধ করে, তাহা হইলে, প্রভুর সমীপে  
 ক্ষমা প্রার্থনা করিবে। প্রভুর নিকট রহিতা,  
 শ্রৌতবাদ ( স্মার্ত্তাধি ও শাস্ত্রোক্ত ) কথা )  
 সমমতা-প্রদর্শন পরিত্যাগ করিবে। হে  
 শিব! ঐশ্বর্য্যচক্র ও তত্ত্বচক্র ব্যতীত

কুর্দারনু ভৈরবীচক্রাৎ উত্তরচক্রাদুত্তে শিনে ॥  
 ১৫১ ॥ উত্তর মহেশানি শৈবোচ্চাঃ  
 প্রকীৰ্ত্তিতঃ । তথাদানে চ পানে চ বর্ণভেদো  
 ন বিদ্যতে ॥ ১৫২ ॥ শ্রীদেবীবাচ । কিমিদং  
 ভৈরবীচক্রং উত্তরচক্রং কীদৃশম্ । তৎ সৰ্বং  
 শ্রোতুমিচ্ছামি কৃপয়া বক্তুমর্হসি ॥ ১৫৩ ॥  
 শ্রীমদাশ্বিন উবাচ । কুলপূজাবিধৌ দেবি  
 চক্রানুষ্ঠানমীরিতম্ । বিশেষপূজা সময়ে ৬৭  
 কার্যং সাধকোক্তমৈঃ ॥ ১৫৪ ॥ ভৈরবীচক্র-

সকল বর্ণ স্ব স্ব বর্ণের সহিত ব্রাহ্মবিবাহ ও  
 ভোজন করিলে । কিন্তু হে মহেশানি ।  
 উত্তর মলেই অর্থাৎ উত্তরচক্রে ও ভৈরবী-  
 চক্রে নৈব-বিবাহ কথিত হইয়াছে এবং  
 ঐ মলে অদন অর্থাৎ ভোজন ও পানের  
 সময় বর্ণভেদ নাই । তাৎপর্য্য ( এই হুই  
 শ্লোকের ) এই যে, নৈব-বিবাহে বর্ণবিচার  
 নাই এবং নৈব-বিবাহে বিবাহিতা স্ত্রী চক্র-  
 দ্বয়ে প্রশস্ত,—অতঃ সকল কার্যে ব্রাহ্ম  
 বিবাহে বিবাহিতা পত্নীই প্রশস্ত ; চক্রদ্বয়ে  
 আহারে জ্ঞাতিভেদ নাই,—অতঃ সময়ে  
 আছে । ১৪২—১৫২ । শ্রীদেবী কহিলেন,—  
 এই ভৈরবীচক্রে কি উত্তরচক্রই বা কিরূপ ?  
 আমি তৎসমস্ত প্রণ কহিতে ইচ্ছা করি,  
 কৃপা করিয়া বল । শ্রীমদাশ্বিন কহিলেন,—  
 হে দেবি । কুলপূজা-বিধিতে চক্রানুষ্ঠান  
 কথিত হইয়াছে । সাধকোক্তমদিগের বিশেষ  
 পূজা-সময়ে তাহা কৰ্ত্তব্য হে প্রিয়ে ।  
 ভৈরবীচক্র বিষয়ে তাদৃশ কোন নিয়ম  
 নাই ; যে কোন সময়ে এই শুভ ভৈরবী-

বিষয়ে ন তাদৃশ নিয়মঃ প্রিয়ে । বথাসময়ঃ  
 মানাদ্য কুর্য্য চক্রমিদং শুভম্ ॥ ১৫৫ ॥  
 বিধনমগ্ৰ বহ্য্যামি সাধকানাং শুভাবহম্ ।  
 আরাধিতা যেন দেবী তুৰ্ণং যচ্ছক্তি বাঞ্ছিতম্ ॥  
 ১৫৬ ॥ কুমাচার্য্যো রম্য ভূমিত্যে  
 মূষমম্ । কামাদ্যনাস্ত্রীজেন সংশোধো-  
 গনির্শেৎ ততঃ ॥ ১৫৭ ॥ সিন্দুরেন কুসীদেন  
 কেবলেন জলেন বা । ত্রিকোণং চতুঃশ্রক  
 মণ্ডলং রচয়েৎ সুবীঃ ॥ ১৫৮ ॥ বিচিত্রখট-  
 মানীয় দধ্যাক্তনিমুক্তিতম্ । ফলপত্রবসংযুক্তং  
 সিন্দুভিলকান্বিতম্ ॥ ১৫৯ ॥ সুবাসিতজল-  
 পূর্ণং মণ্ডলে তত্র সাধকঃ । প্রণম্য তু-  
 সংস্থাপ্য ধূপ-দীপো-প্রদর্শয়েৎ ॥ ১৬০ ॥  
 সংপূজ্য গন্ধপুষ্পাদ্যাং চিত্তয়েদিষ্টদেবতম্ ।

চক্র করিবে । সাধকগণের মঙ্গল-কর ভৈরবী-  
 চক্রের বিধান বলিতেছি ; যদ্বারা আরা-  
 ধিতা হইলে, ভগবতী মন্তর বাঞ্ছিত ফল  
 প্রদান করেন । কুমাচার্য্য রম্য ভূমিতে  
 উত্তম আসন বিছাইয়া কামাদ্য অগ্ন অর্থাৎ  
 “ক্লীং ফট্” এই মন্ত্র দ্বারা ঐ আসন  
 শোধনান্তর তাহাতে উপবেশন করিবেন ।  
 সুবুদ্ধি ব্যক্তি,—সিন্দুর, রক্তচন্দন অথবা  
 কেবল অগ্ন দ্বারা ত্রিকোণ ও চতুর্ভুজ  
 চতুঃশ্রক মণ্ডল প্রস্তুত করিবেন । সাধক,  
 বিচিত্র খট আনয়ন করিবে তাহাকে ক্রমে  
 দবি ও অক্ষত-যুক্ত, ফল-পত্রবোপেক্ত, সিন্দুর-  
 ভিলকযুক্ত এবং সুবাসিত-জল-পূর্ণ করিয়া  
 প্রণবোচ্চারণান্তে সেই মণ্ডলে স্থাপনপূর্ব্বক  
 ধূপ দীপ দেখাইবে । ১৫৩—১৬০ । গণ-

সংক্ষেপপূজাবিধি। তত্র পূজাঃ সমাচরেৎ ॥  
 ১৬১ ॥ বিশেষমাত্র বক্ষ্যামি শৃণুধামরবন্দিতে  
 গুৰ্বাদিনবপাত্রাণাং নাত্র স্থাপনমিধ্যাক্ত ॥  
 ১৬২ ॥ যথেষ্টং তত্ত্বমাদায় সংস্থাপ্য  
 পুরতো ত্রতীং প্রোক্ষয়েদকমলৈঃ দিব্য-  
 দৃষ্ট্যাবলোকয়েৎ ॥ ১৬৩ ॥ অলিঘ্রৈঃ গন্ধ-  
 পুষ্পাং দত্ত্বা তত্র বিচিন্তয়েৎ । আনন্দ-  
 ভৈরবীং দেবীমানন্দভৈরবং তথা ॥ ১৬৪ ॥  
 নবযৌবনসম্পন্নং তরুণাকর্ণবিগ্রহাম্ ।  
 চাক্রহাসামৃতভাসোন্নসদনপঙ্কজাম্ ॥ ১৬৫ ॥  
 নৃত্যগীতকৃতামোদাং নানাভরণভূষিতাম্ ।  
 বিচিত্রবসনাং ধ্যায়েদ্রাভিষেকরাসুজাম্ ॥ ১৬৬ ॥

পুষ্প দ্বারা অর্চনা করিয়া ইষ্টদেবতার ধ্যান  
 করিবে এবং সংক্ষেপপূজা বিধি অনুসারে  
 তাহাতে পূজা করিবে । হে সুর-বন্দিতে ।  
 ইহাতে যাহা বিশেষ আছে, তাহা বলিতেছি  
 অৰণ কর । ইহাতে গুরু প্রভৃতির নয়টি  
 পাত্র স্থাপন প্রয়োজনীয় নহে । ত্রতী,  
 যথেষ্ট তত্ত্ব সমুখে সংস্থাপন করিয়া  
 অক্স অর্থাৎ 'ফট্' মন্ত্র দ্বারা প্রোক্ষিত  
 করিয়া দিব্যদৃষ্টি অর্থাৎ অনিমিত্ত-দর্শন  
 দ্বারা অবলোকন করিবে । অনন্তর অলিঘ্রৈঃ  
 অর্থাৎ মন্যপাত্রে গন্ধপুষ্প প্রদান করিয়া,  
 তাহাতে আনন্দভৈরবী দেবী ও আনন্দ-  
 ভৈরবের ধ্যান করিবে । (আনন্দভৈরবীর  
 ধ্যান) বালসূর্য্যের আয় দীপ্যমানমূর্ত্তি,  
 মনোরম-হাস্য-সুধার কমলীয় কান্তি দ্বারা  
 শোভমান-মুখ-কমলা, নৃত্যগীতে আনন্দিতা,  
 নানালঙ্কার-বিভূষিতা, বিচিত্র-বসনা, বরাভয়-

ইত্যনন্দময়ীং ধাত্বা আরোহণানন্দভৈরবম্ ॥  
 ১৬৭ ॥ কর্পূরপুৰুষবলং কমলায়তাকং  
 দিব্যাস্ররাত্রপভূষিতদেহকান্তিম্ । বামেণ  
 পানিকমলেন সুধাত্যপাত্রং দক্ষিণে শুদ্ধি-  
 গুটিকাং দধতং স্মরামি ॥ ১৬৮ ॥ ধ্যায়েৎ সমু-  
 ভ্রমং তত্র সামরত্বে বিচিন্তয়ন । প্রপদাদি-  
 নমোহন্তেন নামমন্ত্রেণ দেশিকঃ । সংপূজ্য  
 গন্ধ-পুষ্পাভ্যাং শোধয়েৎ কারণং ততঃ ॥  
 ১৬৯ ॥ পাশাদিত্রিকবীজেন গাহান্তেন  
 কুলার্চকঃ । অষ্টোত্তরশতশ্রুত্যা জপন  
 হেতুং বিশোধয়েৎ ॥ ১৭০ ॥ গৃহকাঠৈক-  
 চিত্তনাং গৃহিণাং প্রবলে কলৌ । আদ্যতব-

করাকে ধ্যান করিবে । ১৬১—১৬৬ ।  
 এইরূপে আনন্দভৈরবীর ধ্যান করিয়া,  
 আনন্দভৈরবকে স্মরণ করিয়া ধ্যান করিবে ।  
 (আনন্দভৈরবের ধ্যান) কর্পূর-রাশির আয়  
 শুক্রবর্ণ, কমলের আয় বিশালনেত্র, দিব্য-  
 বসনে ও দিব্য-ভূষণে বিভূষিত দেহকান্তি,  
 বাম-পানিকমল দ্বারা সুধাপূর্ণ পাত্র এবং  
 দক্ষিণ-পানিকমল দ্বারা শুদ্ধি-গুটিকাধারীকে  
 স্মরণ করি । সাধক এইরূপে উভয়ের ধ্যান  
 করিয়া সেই সুরাপাত্রে উভয়ের সম-রসতা  
 চিন্তা করত আদ্যতে প্রব, অস্তে নমঃ-সং-  
 যুক্ত নাম-মন্ত্র পাঠ করিয়া গন্ধপুষ্প দ্বারা পূজা  
 করণানন্তর সুরা শোধন করিবে । কুলপূজক,  
 গাহান্ত-পাশাদি বাজত্ৰয় অর্থাৎ "জাং হ্রীং  
 ত্রেলাং জাহা" এই মন্ত্র একশত অষ্টবার জপ  
 করিয়া হেতু অর্থাৎ সুরা শোধন করিবেন ।  
 প্রবল কলিকালে একমাত্র গৃহকার্য্য ।

প্রতিনিধি বিধেয়ং মধুরত্বম্ ॥ ১৭১ ॥  
 ত্বং সিতা গান্ধিকঞ্চ বিজ্ঞেয়ং মধুরত্বম্ ।  
 অলিপমিদং মত্বা দেবতায়ৈ নিবেদয়েৎ ॥  
 ১৭২ ॥ স্তম্ভাবাং কলিজ্ঞানঃ কামবিভ্রান্ত  
 চেতসঃ । তদ্রূপেণ ন জানন্তি শক্তিং  
 সামান্তবুদ্ধয়ঃ ॥ ১৭৩ ॥ অতন্তেয়াং প্রতি-  
 নিধৌ শেষতত্ত্ব পার্শ্বতি । ধ্যানং দেব্যাঃ  
 পদান্তোজৈঃ স্বেষ্টমঙ্গলপত্থা ॥ ১৭৪ ॥  
 ততস্ত্ব প্রাপ্ততত্ত্বানি পল্লবাদীনি যানি চ ।  
 প্রত্যেকং শতধামেন মনুনা চাভিমন্ত্রয়েৎ ॥  
 ১৭৫ ॥ সর্বং ব্রহ্মময়ং ধাত্বা নিমীল্য

কামনাং নিবিষ্টচিত্ত গৃহস্থদিগের আদ্যভক্তের  
 প্রতিনিধি পক্ষে মধুরত্ব বিধেয় ।  
 ১৬৭—১৭১ । ত্বং সিতা অর্থাৎ চিনি ও  
 মধু মধুরত্ব বলিয়া জ্ঞাতব্য । ইহাকে অলি-  
 রূপ অর্থাৎ গদ্যস্বরূপ মনে করিয়া দেবতাকে  
 নিবেদন করিবে । কলিজাত মনুষ্য সকল  
 স্তম্ভাবতঃ কাম দ্বারা বিভ্রান্ত-চিত্ত, অতএব  
 সামান্ত-বুদ্ধি; শক্তিকে অর্থাৎ নারীকে  
 শক্তিরূপে জানিতে পারিবে না । হে  
 পার্শ্বতি । অতএব তাহাদিগের পক্ষে শেষ-  
 তত্ত্বের অর্থাৎ গৈথুন-তত্ত্বের প্রতিনিধিতে  
 দেবীর পাদপদ্ম ধ্যান ও ইষ্টমঙ্গল জপ  
 করিতে হইবে । অনন্তর মাংস প্রভৃতি  
 যাহা প্রাপ্ত অর্থাৎ কলিকালে আদুষিত;  
 প্রত্যেক, সমস্ত তত্ত্বের উক্ত মন্ত্র ( আং  
 ক্রীং ক্রোং স্বাহা ) দ্বারা শতবার অভিমন্ত্রিত  
 করিবে । পরে আনীত সমুদায় বস্তু ব্রহ্মময়  
 জ্ঞান করিয়া নয়নদ্বয় নিমীলনপূর্বক

নয়নদ্বয়ম্ । নিবেদ্য পূর্ববৎ কালো পান-  
 ভোজনমাচরেৎ ॥ ১৭৬ ॥ ইদং তৈরবী-  
 চক্রং সর্বতন্ত্রেযু গোপিতম্ । তবাত্রে  
 কথিতং ভজে সারংসারং পরাংপরম্ ॥ ১৭৭ ॥  
 বিবাহো তৈরবীচক্রে তত্ত্বচক্রেহপি পার্শ্বতি ।  
 সর্বথা সাধকশ্রেষ্ঠে কৰ্ত্তব্যঃ শৈববর্জনা ॥ ১৭৮ ॥  
 বিনা পরিণয়ং বীরঃ শক্তিসেবাং সমাচরন ।  
 পরস্ত্রীগামিণাং পাপং প্রাপ্নুয়ামাত্র সংশয়ঃ ॥  
 ১৭৯ ॥ সম্প্রাপ্তে তৈরবীচক্রে সর্বৈ বর্ণা  
 দ্বিজোত্তমাঃ । নিবৃন্তে তৈরবীচক্রে সর্বৈ  
 বর্ণাঃ পৃথক্ পৃথক্ ॥ ১৮০ ॥ মাত্র জাতি-  
 বিচারোহস্তি নোচ্ছিষ্টাদিবিবেচনম্ । চক্রে  
 মধ্যগতা বীরা মম রূপা নচাশ্রিতা ॥ ১৮১ ॥

পূর্ববৎ কালীকে নিবেদন করিয়া পান  
 ও ভোজন করিবে । ১৭২—১৭৬ । হে  
 ভজে । এই তৈরবীচক্র,—সার হইতেও  
 সার, শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ । সর্বতন্ত্রে  
 গোপিত আছে । ইহা তোমার নিকট  
 কথিত হইল । হে পার্শ্বতি । তৈরবীচক্রে  
 ও তত্ত্বচক্রে শৈব-পদ্ধতিক্রমে বিবাহ-কার্য্য  
 সম্পাদন করা সাধকশ্রেষ্ঠের কৰ্ত্তব্য । বিনা  
 পরিণয়ে শক্তিসেবী বীর সাধক, পরস্ত্রী-  
 গামীদিগের পাপ অর্থাৎ তৎপাপ সদৃশ পাপ  
 প্রাপ্ত হইবে, ইহাতে সন্দেহ নাই । তৈরবী-  
 চক্রে আরক্ত হইলে সর্বজাতীয় ব্যক্তিই  
 দ্বিজশ্রেষ্ঠ । তৈরবীচক্র সমাপ্ত হইলে  
 সমুদায় বর্ণই পৃথক্ পৃথক্ । এই তৈরবী-  
 চক্রে মধ্যে জাতি-বিচার নাই, উচ্ছিষ্টাদি-  
 বিচারও নাই । চক্রমধ্য-গত বীর সাধকগণ

ন দেশকালনিয়মো ন বা পাত্ৰবিচারণম্ ।  
যেন কেনাছত্তং জব্যং চক্রেহস্মিন্ বিনি-  
যোজয়েৎ ॥ ১৮২ ॥ দূরদেশাৎ সমাজীতং  
পকং বাপকমেব বা । বীরেণ পশুনা বাপি  
চক্রমধ্যগতং • শুচিঃ ॥ ১৮৩ ॥ চক্রারস্তে  
মহেশানি বিদ্যাঃ সৰ্ব্বৈ ভ্রাকুলাঃ । বিভীতা-  
স্তে পলায়ন্তে বীরাণাং ব্রহ্মতেজসা ॥ ১৮৪ ॥  
পিণ্ডাচা শুষ্কা যক্ষা বেতলাঃ জুরজাতয়ঃ ।  
শ্রুত্বা ভৈরবীচক্রং দূরং গচ্ছন্তি মাধবসম ॥  
১৮৫ ॥ তত্র তীর্থানি সৰ্ব্বানি মহাতীর্থাদি-  
কানি চ । সেত্ৰামরণাঃ সৰ্ব্বৈ তত্রানচ্ছন্তি  
সাদরম্ ॥ ১৮৬ ॥ চক্রস্থানং মহাতীর্থং  
সৰ্ব্বতীর্থবিকং শিবে । ত্রিশা যত্র বাস্তুতি

আমারই স্বরূপ, অত্যা নাহি । ১৭৭—১৮১  
এই চক্রে দেশ-কাল-নিয়ম নাহি, পাত্ৰ-  
বিচার নাহি । যে কোন ব্যক্তি কর্তৃক  
আহৃত জব্য নিয়োজিত করিবে । বীরাচারী  
বা পশুচারী কর্তৃক দূরদেশ হইতে আনীত  
পক বা অপক জব্য চক্রমধ্যগত হইলেই  
পবিত্র । হে মহেশ্বর ! ভৈরবীচক্রের  
আরম্ভ সময়ে বীরগণের ব্রহ্মতেজঃ-প্রভাবে  
উদ্ভিন্ন ও ভীত হইয়া বিদ্রমমুদয় পলায়ন  
করে । পিণ্ডাচ, শুষ্ক, যক্ষা, বেতাল এবং  
অপরূপ সমস্ত জুরজাতি, ভৈরবীচক্র  
শ্রবণ করিষ্যমাত্র জয় পাইয়া দূরে গমন  
করে । সেই স্থানে সমুদায় তীর্থ, মহাতীর্থ  
প্রভৃতি এবং দেবরাজের সহিত সকল  
দেবগণ আদর-সহকারে আগমন করেন ।  
হে শিবে । চক্রস্থান মহাতীর্থ, স্তুরাং

তব নৈবেদ্যমুত্তমম্ ॥ ১৮৭ ॥ স্নেহেন  
খপচেনাপি কিরাতেনাপি হৃণুনা । আমং  
পকং যদানীতং বীরহস্তাপিতং শুচিঃ ॥ ১৮৮ ॥  
দৃষ্টা তু ভৈরবীচক্রং মম রূপাংচ সাধকানু ।  
মুচ্যন্তে পাপপাশেষা কলিকায়দমিতাঃ ॥  
১৮৯ ॥ এবল কলিকালে তু ন কুর্ধ্যাচ্চক্র-  
গোপনম্ । সৰ্বত্র সৰ্বদা বীরা সাধয়েৎ  
কুলসাধনম্ ॥ ১৯০ ॥ চক্রমধ্যে বৃথালপং  
চাক্ষাৎ বহুভাষণম্ । নিষ্ঠাবনমধোবাযং  
বর্ণভেদং বিবৰ্জয়েৎ ॥ ১৯১ ॥ জুরানু  
খলানু পশুনা পাপানু নাস্তিকানু কুলদুষকানু ।  
নিদকানু কুলশাস্ত্রাণাং চক্রাদুরতরং

সমুদায় তীর্থ অপেক্ষা শ্রেষ্ঠ ; যাহাতে  
দেবতারাও তোমার উত্তম নৈবেদ্য দানে  
ইচ্ছা করেন । ১৮২-১৮৭ । স্নেহে,  
খপচ, কিরাতে অথবা হৃণ কড়ক আনীত  
আম বা পক জব্য বীর-হস্তে অর্পিত হইলেই  
শুচি হইবে । কলি-কলুষ-দূষিত ব্যক্তি-  
গণ,—ভৈরবীচক্র এবং মৎস্বরূপ সাধক-  
গণকে দর্শন করিলেই পাপপাশ হইতে  
মুক্ত হয় । এবল কলিকালে চক্রানুষ্ঠান  
গোপন করিবার আবশ্যকতা নাহি । বীরা-  
চারী সকল স্থানে সকল সময়ে কুলসাধন  
করিবেন । চক্রমধ্যে বৃথালপ, চপলতা,  
বাচালতা, নিষ্ঠাবন বা অধোবায, নিঃসারণ  
এবং বর্ণভেদ অর্থাৎ বর্ণ-বিচার করিবে না ।  
জুর, খল, পশুচারী, পাপী, নাস্তিক, কুল-  
দুষক এবং কুলশাস্ত্রের নিদকদিগকে চক্র  
হইতে দূরে ত্যাগ করিবে । যেহেতু তা

তাজে ॥ ১১২ ॥ মেহাভয়াদানুরক্তা পশু-  
চক্রে প্রবেশয়ন । কুলধর্ম্মাৎ পরিভ্রষ্টো  
বীরোহপি নরকং ভ্রাজে ॥ ১১৩ ॥ ব্রাহ্মণাঃ  
ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাঃ সামান্ত্যজাতয়ঃ ।  
কুলধর্ম্মাভিতা যে বৈ পূজ্যাস্তে দেববৎ  
সদা ॥ ১১৪ ॥ বর্ণাভিমানাচক্রে তু বর্ণভেদং  
করোতি যঃ । স যাতি বোরনিরয়মপি  
বেদান্তপারগঃ ॥ ১১৫ ॥ চক্রান্তর্গতকোলামাং  
সাধুনাং শুদ্ধচেতসাম্ । সাক্ষাচ্ছিবস্বরূপাণাং  
পাপাশঙ্কা ভবেৎ কৃতঃ ॥ ১১৬ ॥ যাবদ্-  
। সন্তি চক্রেষু বিপ্রাদ্যাঃ শৈবমার্গিণঃ ।  
গবন্তু শান্তবাচারাংচরেয়ুঃ শিবলাসনাং ॥  
১১৭ ॥ চক্রাধিনিঃসৃত্যঃ সর্বে স্বধবর্ণা-  
গ্রমোদিতম্ । লোকযাত্রাপ্রসিদ্ধাধিঃ কুর্গ্যাঃ

অনুরাগ হেতুক পঞ্চাচারীদিগকে চক্রে  
প্রবেশ করাইলে বীরাচারীও কুলধর্ম্ম-ভ্রষ্ট  
হইয়া নরকে গমন করিবে । ১১৮—১১৩ ।  
যে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র বা সামান্ত্য  
জাতি, কুলধর্ম্মাবলম্বী হইবে, তাঁহার সর্বদা  
দেববৎ পূজ্য । যিনি বর্ণাভিমান বশতঃ  
চক্রে বর্ণভেদ করিবেন, তিনি বেদান্তপারগ  
হইলেও বোর-নরকগামী হইবেন । পবিত্র-  
মনা সাধু এবং সাক্ষাৎ শিবস্বরূপ চক্রান্তর্গত  
কৌলিকদিগের কোথা হইতে পাপাশঙ্কা  
হইবে ? শৈব-মার্গাবলম্বী বিপ্রাদিগণ যাবৎ  
চক্রমধ্যে অবস্থিতি করেন, শিবের আদেশ-  
ক্রমে তাহা শান্তবাচার অনুষ্ঠান করিবেন ।  
ইহারা সকলে চক্র হইতে বিমুক্ত হইয়া  
লোকযাত্রা-নির্বাহের নিমিত্ত স্ব স্ব বর্ণ ও

কর্ম্ম পৃথক পৃথক ॥ ১১৮ ॥ পুরুষা-  
শতেনাপি শব্দমুচ্চিৎসনাৎ ॥ চক্রমধ্যে  
সংজ্ঞাপ্তা তৎফলং লভতে সুখীঃ ॥ ১১৯ ॥  
ভৈরবীচক্রমাধ্যাত্য কো বা যিকুং ধামো  
ভবেৎ । সফদেতৎপ্রকুর্বাণঃ সর্কেঃ পাপৈঃ  
প্রগুচ্যতে ॥ ১২০ ॥ যগামং ভূমিপালঃ স্ত্রীধ্বং  
মৃত্যুঞ্জয়ঃ স্বয়ম্ । নিত্যং সমাচরনু গঠো  
ব্রহ্মনির্বাণমাপ্নয়াৎ ॥ ১২১ ॥ বহুনা কিমি-  
হোক্তেন সত্যং জানীহি কালিকে । ইহা-  
মুক্ত সুখাবাপ্তো কুলমার্গো হি নাপরঃ ॥ ১২২ ॥  
কলেঃ প্রাবল্যসময়ে সর্কধর্ম্মবিবর্তিজতে ।  
গোপনাৎ কুলধর্ম্মাচ্চ কোলোহপি নারকী  
ভবেৎ ॥ ১২৩ ॥ কথিতং ভৈরবীচক্রং

আশ্রমোক্ত কর্ম্ম পৃথক পৃথক সম্পাদন  
করিবেন । শবাসন, মূণ্ডাসন ও চিতাসনে  
জরাজ হইয়া শত পুরুষচরণ করিলে যে ফল  
লাভ হয়, জ্ঞানী সাধক চক্রমধ্যে একবার  
জপ করিলে সেই ফল লাভ করেন ।  
১১৪—১১৯ । ভৈরবীচক্রের মাধ্যাত্য কোন  
ব্যক্তি বলিতে সমর্থ হইবে । একবার ইহা  
করিলে সমুদায় পাপ হইতে মুক্ত হয় ।  
ছয়মাস ইহা করিলে ভূপতি এবং এক  
বৎসর ইহা করিলে মৃত্যুঞ্জয় হয় । নিত্য  
আচরণ করিলে নির্বাণ-মুক্তি প্রাপ্ত হয় ।  
হে কালিকে ! এ বিষয়ে আধিক কথায়  
প্রয়োজন কি ? হে শ্রুততে । সত্য জানিও  
যে, কুলপদ্ধতি ব্যতীত ঐহিক ও পারিত্রিক  
সুখ-লাভের উপায়ান্তর নাই । সর্কধর্ম্ম-শূন্য  
কলির প্রাদুর্ভাবসময়ে কুলধর্ম্ম গোপন

ভোগমোক্ষসাধনম্ । তত্ত্বচক্রং কুলে-  
শানি সাপ্রতং বচমি তত্ত্বগু ॥ ২০৪ ॥  
তত্ত্বচক্রং চক্ররাজং দিব্যচক্রং তত্ত্বচ্যতে ।  
নাভ্রাধিকারঃ সর্বেষাং ব্রহ্মজ্ঞান সাধকান্  
বিনা ॥ ২০৫ ॥ পরব্রহ্মোপাসকো যো ব্রহ্মজ্ঞা  
ব্রহ্মতৎপরঃ । শুদ্ধাত্তঃকরণাঃ শান্তাঃ  
সর্বপ্রাণিহিতে রতাঃ ॥ ২০৬ ॥ নির্বিকারা  
নির্বিকল্যা দয়ালীনা দৃঢ়ব্রতাঃ । সত্য-  
সঙ্কল্পকা ব্রাহ্মাস্ত্র এবাত্রাধিকারিণঃ ॥ ২০৭ ॥  
ব্রহ্মভাবেণ তত্ত্বজ্ঞে যে পশ্যন্তি চরাচরম্ ।  
তেষাং তত্ত্ববিদাং পুংসাং তত্ত্বচক্রেহধি-  
কারিতা ॥ ২০৮ ॥ সর্বং ব্রহ্মময়ং ভাব-

করিলে কোলও নারকী হইবেন । ভোগ ও  
মোক্ষের একমাত্র সাধন ভৈরবীচক্র কথিত  
হইল । হে কুলেশ্বরী ! অধুনা তত্ত্বচক্র  
ধলিতেছি, তাহা শ্রবণ কর । তত্ত্বচক্র, চক্র  
সকলের রাজা । ইহা দিব্যচক্র বলিয়া  
কথিত হয় । ব্রহ্মজ্ঞ সাধক ব্যতীত ইহাতে  
সকলের অধিকার নাই । যাহারা পরমব্রহ্মের  
উপাসক, ব্রহ্মজ্ঞ, ব্রহ্ম-তৎপর, পবিত্রাত্ত-  
করণ, সর্বপ্রাণীর হিতাচরণে রত, শান্ত,  
নির্বিকার, তনু ও গুরুবাক্যে বিশ্বাসী, দয়া-  
শীল, দৃঢ়ব্রত, সত্যসঙ্কল্প এবং ব্রাহ্ম,  
ঐহ্যারাই এই তত্ত্বচক্রে অধিকারী ।  
২০০—২০৭ । হে তত্ত্বজ্ঞে ! যাহারা এই  
চরাচরকে ব্রহ্মভাবে অবলোকন করেন,  
সেই সকল তত্ত্বজ্ঞ পুরুষদিগের এই তত্ত্ব-  
চক্রে অধিকার আছে । হে দেবি ! এই  
তত্ত্ব নামক চক্রে যাহাদের "সকলই ব্রহ্মময়"

চক্রেহধিঃস্তত্ত্বমংজ্ঞকে । যেষামুৎপদ্যতে  
দেবি ত এষ তত্ত্বচক্রিণঃ ॥ ২০৯ ॥ ন  
ষট্শাপনাভ্রান্তি ন বাহুল্যেন পূজনম্ ।  
সর্বত্র ব্রহ্মভাবেণ সাধয়েৎ তত্ত্বসাধনম্ ॥  
২১০ ॥ ব্রহ্মমজী ব্রহ্মনিষ্ঠো ভবেন্দ্রকেশ্বরঃ  
প্রিয়ে । ব্রহ্মজ্ঞঃ সাধকৈঃ সার্কং তত্ত্বচক্রং  
সমারভেৎ ॥ ২১১ ॥ রম্যো স্তুনির্মলে দেশে  
সাধকানাং সুখাবহে । বিচিত্রাসনমানীয়  
কল্পয়েদ্বিমলাসনম্ ॥ ২১২ ॥ তত্রোপবিষ্টা  
চক্রেণঃ সহিতো ব্রহ্মসাধকৈঃ । আনাদয়েতু  
তত্ত্বানি স্থাপয়েদগ্রতঃ শিবে ॥ ২১৩ ॥  
তারাদিপ্রাপবীজাত্তং শতাবৃত্তা জপন  
মমুম্ । সর্বতত্ত্বেন চক্রেণ ইমং মন্ত্রগুদী-  
রয়েৎ ॥ ২১৪ ॥ ব্রহ্মার্পণং ব্রহ্মহবিত্র ব্রাহ্মণৌ

এইরূপ ভাব হয়, ঐহ্যারাই তত্ত্বচক্রী অর্থাৎ  
ঐহ্যাদিগেরই তত্ত্বচক্রে অধিকার আছে ।  
ইহাতে ষট্শাপনা নাই, বাহুল্যরূপে পূজা  
নাই । সকল স্থলেই ব্রহ্মভাবে তত্ত্ব সাধন  
করিবে । হে প্রিয়ে ! ব্রহ্ম-মহোপাসক ও  
ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি চক্রেণঃ হইবেন । তিনি  
ব্রহ্মজ্ঞ সাধকদিগের সহিত তত্ত্বচক্র আরম্ভ  
করিবেন । রমণীয় ভক্তি নির্মল এবং সাধক-  
দিগের সুখজনক এদেশে বিচিত্র আসন  
আনয়ন করিয়া, বিমল আসন কল্পনা করি-  
বেন । হে শিবে ! চক্রেণঃ সেই স্থানে  
ব্রহ্ম-সাধকদিগের সহিত উপবেশন করিয়া  
তত্ত্ব সমুদায় আশ্রয় করিবেন ও অনন্তর  
সম্মুখে স্থাপন করিবেন । চক্রেণঃ, সকল  
তত্ত্বের আদিতে তার অর্থাৎ উপরে প্রাণ-

ব্রহ্মণা হৃতম্ । ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্ম-  
কর্মসমাদিনা ॥ ২১৫ ॥ সমুদ্রা বা ত্রিধা জ্ঞেয়া  
তানি সর্বানি শোধয়েৎ ॥ ২১৬ ॥ ততো  
ব্রাহ্মণ মনুনা সমর্প্য পবমাননে । ব্রহ্মজ্ঞেঃ  
পাঠকৈঃ সাক্ষিঃ বিদ্যাং পানভোজনম্ ॥ ২১৭ ॥  
অচক্রে মহেশানি বর্ণভেদং বিবর্জয়েৎ ।  
দেশ-কালনিয়মো ন পাত্রনিয়মস্তথা ॥ ২১৮ ॥  
য কুর্ষতি নবা মুচা দিব্যচক্রে প্রমাদতঃ ।  
লভেদং বর্ণভেদং ॥ ২১৯ ॥ তে গচ্ছন্ত্যধমাং

গীত্র “হংসং” এই মন্ত্র শতবার জপ করিয়া  
এই অর্থাৎ ব্রহ্মাণ গজ পাঠ করিবে ।  
দ্বারা যজ্ঞে যতাদি আর্পণ করা যায়, তাহা  
অর্পণ-পদবাচ্য অর্থাৎ জ্ঞানাদি, তাহা ব্রহ্ম;  
তাহা অর্পিত হইতেছে অর্থাৎ যতাদি,  
তাহাও ব্রহ্ম; ব্রহ্ম-অগ্নিতে স্বয়ং ব্রহ্ম-  
কর্তৃক হৃত হইতেছে অর্থাৎ অগ্নি এবং  
হোমকর্ত্তাও ব্রহ্ম; এইরূপ ব্রহ্মকর্মে যাহার  
চৈতন্যব্রতা জন্মে, তিনি ব্রহ্মলভই  
করিয়া থাকেন ॥ ২০৮—২১৫ ॥ পূর্বোক্ত  
মন্ত্র (“ব্রহ্ম—ধিনা” মূল) সাতবার কিংবা  
তিনবার জপ করিয়া তৎসমস্ত তত্ত্ব শোধন  
করিবে । অনন্তর ব্রহ্ম মন্ত্র দ্বারা তৎসমুদায়  
পরমাত্মাতে উৎসর্গ করিয়া, ব্রহ্মজ্ঞ সাধক-  
গণের সহিত, একত্র পান ও ভোজন  
করিবে । হে মহেশ্বর! এই ব্রহ্মচক্রে  
জ্ঞাতিগত পার্থক্য পরিত্যাগ করিবে ।  
ইহাতে দেশ-কালের নিয়ম কিংবা পাত্র-  
নিয়ম নাই । যে সকল মুচা নর এই দিব্য-  
চক্রে অবস্থামতা বশতঃ বৎসরত কিংবা

গতিম্ ॥ ২১৯ ॥ অতিঃ সর্বপ্রযত্নেন ব্রহ্মজ্ঞেঃ  
সাধকোত্তমৈঃ । তত্ত্বচক্রমনুষ্ঠেয়ং ধর্ম্য-  
কামার্থ-মুক্তয়ে ॥ ২২০ ॥ শ্রীদেবীবাচ ।  
গৃহস্থানামনেষণ ধর্ম্যানকথ্যং প্রভো ।  
সন্ন্যাসবিহিতানু ধর্ম্যান কপয়া বভূবুর্হসি ॥  
২২১ ॥ শ্রীসদাশিব উবাচ । অবধূতা-  
শ্রমো দেবি কথো সন্ন্যাস উচ্যতে । বিধিনা  
যেন কর্তব্যস্তং সর্বং শৃণু সাস্ত্রাতম্ ॥ ২২২ ॥  
ব্রহ্মজ্ঞানে সমুৎপন্নে বিরতে সর্বকর্মণি ।  
অধ্যাত্মবিদ্যানিপুণঃ সন্ন্যাসাশ্রমমশ্রয়েৎ ॥  
২২৩ ॥ বিহায় বৃদ্ধৌ পিতরৌ ক্ষিত্যে জার্যাং  
পতিব্রতম্ । তাত্ত্বাহমর্ষান বৃদ্ধাঃ চ প্রব্রজন্ত

জ্ঞাতিগত বৈষম্য করিয়া থাকে, তাহা বা  
অতি নিকৃষ্টগতি প্রাপ্ত হয় । অতএব ব্রহ্মজ্ঞ—  
সাধক-প্রধান,—ধর্ম, অর্থ, কাম ও মোক্ষের  
নিমিত্ত সর্বপ্রকার যত্নে তত্ত্বচক্রের অনুষ্ঠান  
করিবেন ॥ ২১৬—২২০ ॥ শ্রীদেবী কহিলেন,  
—হে প্রভো ! আপনি আশেষ প্রকার গৃহস্থ-  
দিগের ধর্ম কহিয়াছেন, এক্ষণে অনুগ্রহ-  
পূর্বক সন্ন্যাস-বিহিত ধর্ম্য-সমুদায় বলুন ।  
শ্রীসদাশিব কহিলেন,—হে দেবি ! কলিযুগে  
অবধূতাশ্রমই সন্ন্যাস বলিয়া কথিত । যে  
বিধি দ্বারা সন্ন্যাস আশ্রম কর্তব্য, তাহা  
এক্ষণে প্রবণ কর । ব্রহ্মজ্ঞান, উৎপন্ন  
হইলে, সমুদায় কাম্য-কর্ম রহিত হইলে,  
অধ্যাত্ম-বিদ্যা-বিশারদ ব্যক্তি সন্ন্যাসাশ্রম  
অবলম্বন করিবেন । বৃদ্ধ পিতামাতা, শিশু  
পুত্র, পতিব্রতা ভার্যা, অসমর্থ বন্ধুবর্গ—  
এই সমস্ত পরিত্যাগ করিয়া, যিনি প্রব্রজ্য

নারকী ভবেৎ ॥ ২২৪ ॥ ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো  
বৈশ্যঃ শূদ্রঃ সামান্ত্র্য এব চ । কুলাবধূত-  
সংস্কারে পঞ্চানামধিকারিতা ॥ ২২৫ ॥  
সম্পাদ্য গৃহকৰ্ম্মানি পরিতোষ্য পবানপি ।  
নির্মমো নিগম্যাস্তেহমিকায়ো বিজিতে-  
স্ত্রিয়ঃ ॥ ২২৬ ॥ অহুয় স্বজ্ঞান বন্ধুনা গ্রাম-  
জ্ঞান প্রতিবাসিনঃ । । প্রীত্যানুমতিমধিচ্ছদু-  
গৃহাঙ্জিগমিযুর্জনঃ ॥ ২২৭ ॥ তেষামধুজ্ঞা-  
মানাঃ প্রথম্য পরদেবতাম্ । গ্রামং প্রদ-  
ক্ষিণীকৃত্য নিরপেক্ষা গৃহাদিয়াৎ ॥ ২২৮ ॥  
মুক্তঃ সংসারপাশেভ্যঃ পরমানন্দনির্বৃত্তঃ ।  
কুলাবধূতং ব্রহ্মজ্ঞং গতা সংপ্রার্থয়েদিদম্ ॥  
২২৯ ॥ গৃহাশ্রমে পরব্রহ্মনু মঠেভ্যঃ

কবিবেন, তিনি নরকে গমন করিবেন ।  
কুলাবধূত-সংস্কারে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য,  
শূদ্র ও সামান্ত্র্য জাতি—এই পাঁচ বর্ণেরই  
অধিকার আছে । সাধক, গৃহস্থোচিত  
কৰ্ম্ম সম্পাদন করিয়া, আত্মীয়-স্বজন  
সকলকেই পরিতুষ্ট করিয়া, যমতা-শূদ্র,  
কামনা-শূদ্র ও জিতেস্ত্রিয় হইয়া গৃহ হইতে  
নির্গত হইবে । গৃহস্থাস্রম ত্যাগ করিয়া  
গমন করিতে অভিলাষী ব্যক্তি,—আত্মীয়-  
স্বজন, বন্ধু ও প্রতিবেশিগণকে এবং গ্রামস্থ  
জনগণকে ডাকিয়া প্রীতিপূর্ণ-মনে অনুমতি  
প্রার্থনা করিবে । পরে সকলের অনুমতি  
গ্রহণান্তর অতীষ্ট-দেবতাকে প্রণাম-  
পূর্বক গ্রাম প্রদক্ষিণ কবিয়া নিরপেক্ষ-  
হৃদয়ে গৃহ হইতে নির্গত হইবে । সংসার-  
বন্ধন হইতে মুক্ত হইয়া পরমানন্দ-লাভে

বয়ঃ । প্রসাদং কুরু মে নারী সম্যগগ্রহণং  
প্রতি ॥ ২৩০ ॥ নিবৃত্তগৃহকৰ্ম্মানুং বিচার্য  
বিধিবদুগ্ৰঃ । শান্তং বিবেকিনং বীক্ষ্য  
দ্বিতীয়াশ্রমমাদিশেৎ ॥ ২৩১ ॥ ততঃ শিষ্যঃ  
কৃতজ্ঞানো যতাত্মা বিহিতাহিকঃ । ঋণত্রয়-  
বিমুক্ত্যর্থং দেবর্ষীনর্চয়েৎ পিতৃনু ॥ ২৩২ ॥  
দেবা ব্রহ্মা চ বিমুক্ত ব্রহ্মসং স্বর্গগৈঃ সহ  
ঋণঃ সনকাদ্যসং দেব-ব্রহ্মর্ষয়স্তথা ॥ ২৩৩ ॥  
অত্র যো পিতরঃ পূজ্যা বধ্যায়ামি শৃণু  
ভানপি ॥ ২৩৪ ॥ পিতা পিতামহশ্চৈব

সুখা হইয়া, কুলাবধূত ব্রহ্মজ্ঞের নিকট  
গিয়া ইহা প্রার্থনা করিবে, “হে পরব্রহ্মনু ।  
গৃহস্থাস্রমে আমার এই বয়স কাটিয়া  
গিয়াছে । হে নাথ । আমি এক্ষণে সম্যগ-  
গ্রহণেব নিমিত্ত উপস্থিত হইয়াছি,—  
আমার প্রতি প্রসন্ন হউন ।” ২২১—২৩০ ।  
ওর বিচার করিয়া নিবৃত্ত-গৃহকৰ্ম্মা সেই  
ব্যক্তিকে শান্ত ও বিবেক-যুক্ত দেখিয়া  
দ্বিতীয় আশ্রম আদেশ করিবেন । তদনন্তর  
শিষ্য জ্ঞান করিয়া সংযতাত্মা হইয়া  
আহিককৰ্ম্ম সমাধাপূর্বক ঋণত্রয় হইতে  
মুক্তিলাভের নিমিত্ত দেবগণ, ঋষিগণ ও  
পিতৃগণের তর্পণ করিবেন । দেবগণ—  
ব্রহ্মা, বিষ্ণু ও অমৃত্যগণেব সহ ব্রহ্ম ;  
ঋষিগণ—সনক প্রভৃতি দেবর্ষি ও ব্রহ্মর্ষি-  
গণ । যে সকল পিতৃগণ সম্যগ-গ্রহণের  
সময় পূজ্য, তাহা তোমার নিকট বলি-  
তেছি—ভাবণ কর । হে দেবি । পিতা,  
পিতামহ, প্রপিতামহ,—মাতা, পিতামহী,

প্রপিতামহ এবচ্চ । মাতা পিতামহী দেবি  
তথৈব প্রপিতামহী । মাতামহাদয়োহপ্যেবং  
মাতামহাদয়োহপি চ ॥ ২৩৫ ॥ প্রাচ্যাম্বীনু  
যজ্ঞেদেবানু দক্ষিণম্ভ্যং পিতৃনু যজ্ঞেৎ । মাতা-  
মহান্ প্রতীচ্যাক পূজয়েম্যাসকর্ম্মণি ॥ ২৩৬ ॥  
পূর্ব্বাদিক্রমতো দদ্যাদাসমানাং দ্বয়ং দ্বয়ম্ ।  
দেবাদীনু ক্রমতন্তত্রাবাহু পূজাং সমাচরেৎ ।  
সমর্চ্য বিধিবৎ তেষাং পিতৃনু দদ্যাৎ  
পৃথক্ পৃথক্ ॥ ২৩৭ ॥ পিতৃপ্লদানবিধিনা  
দত্ত্বা পিতৃং যথাক্রমম্ । কৃতাজ্জলিপুটো  
ভূত্বা প্রার্থয়েৎ পিতৃদেবতাঃ ॥ ২৩৮ ॥  
তৃপ্যধ্বং পিতরো দেবা দেবর্ষিগাতৃকাগণাঃ ।  
ঔর্ণাতীতপদে যুযমনুগী কুরুতাচিয়াৎ ॥ ২৩৯ ॥

প্রপিতামহী,—মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধ-  
প্রমাতামহ,—মাতানন্দী, প্রমাতামহী, বৃদ্ধ-  
প্রমাতামহীকে পূজা করিতে হইবে ।  
সম্যাস গ্রহণ করিবার সময় পূর্ব্বদিকে দেব-  
গণের ও ঋষিগণের পূজা করিতে হইবে ;  
পশ্চিমদিকে মাতামহ-পক্ষের পূজা করিবে ।  
পূর্ব্বদিক্ হইতে আবস্ত করিয়া দুই দুই  
আসন স্থাপন করিবে । এই আসনে  
ক্রমশঃ দেবপ্রভৃতির আবাহন করিয়া  
পূজা করিতে আরম্ভ করিবে । অনন্তর  
যথাবিধানে সকলের অর্চনা করিয়া পৃথক্  
পৃথক্ পিণ্ডদান করিবে । ২৩১—২৩৭ ।  
এইরূপে পিণ্ডদানের বিধানানুসারে যথা-  
ক্রমে পিণ্ডদান করিয়া পিতৃগণের ও দেব-  
গণের নিকট প্রার্থনা করিবে ; “হে পিতৃগণ ।  
হে মাতৃগণ । হে দেবগণ । হে দেবর্ষিগণ ।

ইত্যনুগাং প্রার্থয়িত্বা প্রথম চ পুনঃপুনঃ ।  
ঋণজয়বিনির্মুক্ত আত্মাত্মকং প্রকণ্ডয়েৎ ॥  
২৪০ ॥ পিতা হ্যষ্টোব সর্বেষাং তৎপিতা  
প্রপিতামহঃ । আত্মাত্মার্পণার্থম্, কুর্যাদা-  
ত্মক্রিয়াং সুখীঃ ॥ ২৪১ ॥ উত্তরাভিমুখো ভূত্বা  
পূর্ব্ববৎ কলিত্বাসনে । আবাহ্যাপিতৃনু দেবি  
দদ্যাৎ পিতৃং সমর্চয়ন্ ॥ ২৪২ ॥ প্রাগগ্রানু  
দক্ষিণাগ্রাংচ পশ্চিমাগ্রানু যথাক্রমাৎ ।  
পিণ্ডার্থমাস্তরেদভীকুদগগ্রানু , স্বকর্ম্মণি ॥  
২৪৩ ॥ সমাপ্য আককর্ম্মণি গুরুদর্শিত্বা

আমি ঔর্ণাতীত-পদে গমন করিতেছি,  
আপনারা শীঘ্র আমাকে ঋণ হইতে মুক্ত  
করুন ।” এইরূপে দেবগণ, ঋষিগণ,  
পিতৃগণ ও মাতৃগণের নিকট বারংবার  
প্রণাম করিয়া এবং তাঁহাদের নিকট আপ-  
নার আনুগা প্রার্থনা করিয়া ঋণজয়-বিনির্মুক্ত  
সাধক আত্মাত্মক করিবে । আত্মাই সকলের  
পিতা পিতামহ ও প্রপিতামহঃ, অতএব  
জ্ঞানী ব্যক্তি পরমাত্মাতে আত্ম-সমর্পণ,  
করিবার নিমিত্ত আপনার আক করিবেন,  
হে দেবি । পূর্ব্ববৎ পরিকলিত আসনে  
উত্তরাভিমুখ হইয়া উপবেশন করিবে এবং  
নিজ পিতৃগণকে আবাহন করিয়া অর্চনা  
করত পিণ্ডদান করিবে । দেবগণের ঋষি-  
গণের ও পিতৃগণের পিণ্ডদানের, নিমিত্ত  
যথাক্রমে পূর্ব্বাগ্র, দক্ষিণাগ্র, পশ্চিমাগ্র  
এবং আপনার পিণ্ডদানের নিমিত্ত উত্তরাভি-  
মুখ কুশ বিস্তীর্ণ করিবে । যুমুক্ষু ব্যক্তি  
গুরু-প্রদর্শিত পদ্ধতি অবলম্বন করিয়া

বর্জনা। 'যুগ্মচিহ্নকৃত্যর্থমিগং মজং শতং  
জপেৎ ॥ ২৪৪ ॥' হ্রীং ত্র্যম্বকং যজামহে  
ভুগন্ধিং পুষ্টিবর্জনম্। উর্বারুকমিব বক্ষনান্  
মৃত্যোর্মুগীং মামৃতাং ॥ ২৪৫ ॥ উপাসনামু-  
সারেণ বেদ্যাং মণ্ডলপূর্বকম্। সংস্থাপ্য  
কলসং তত্র গুরু পূজাং সমাবুভেৎ ॥  
২৪৬ ॥ ততস্ত পুরমং ব্রহ্ম ধাত্বা শান্ত্ব-  
বজ্রম্। বিধায় পূজাং ব্রহ্মজ্ঞো বহ্নি-  
স্থাপনমার্চয়েৎ ॥ ২৪৭ ॥ প্রাপ্তস্তসংস্কৃতে  
বহ্নৌ স্বকল্লোক্তাহতিং গুরুঃ। দত্তা শিষ্যং  
সমাহুয় সাক্ষরং হাবুধেৎ 'তু তম্ ॥ ২৪৮ ॥  
আদৌ ব্যাহতিভিত্ত্বা প্রাণহোমং প্রকল্প-  
য়েৎ। প্রাণাপানৌ সমানশ্চৈদানব্যানৌ চ  
বায়বঃ ॥ ২৪৯ ॥ তত্ত্বহোমং ততঃ কুর্যাদ-

প্রাককর্ম সমাপনপূর্বক চিত্তশুদ্ধির নিমিত্ত  
শিবীর 'হ্রীং ত্র্যম্বকং' এই মন্ত্র জপ  
করিবে। ২৩৮—২৪৫। অনন্তর 'গুরু',  
পূজাপদ্ধতি অনুসারে বেদীতে মণ্ডল প্রস্তুত  
করিয়া তদুপরি কলস সংস্থাপনপূর্বক পূজা  
আরম্ভ করিবেন। পরে ব্রহ্মজ্ঞ ব্যক্তি,  
পরম ব্রহ্মের 'ধ্যানপূর্বক শৈব-পদ্ধতি  
অনুসারে পূজা করিয়া বহ্নি-স্থাপন করি-  
বেন। 'অনন্তর' গুরু পূর্বকথিত সংস্কৃত  
বহ্নিতে স্বকল্লোক্ত আহতি প্রদান করিয়া,  
শিষ্যকে আহ্বানপূর্বক সাক্ষর্য হোম  
করাইবেন। প্রথমতঃ মহাব্যাহতি হোম  
করিয়া প্রাণ-হোম অর্থাৎ প্রাণাদি পঞ্চ-  
বায়ুর হোম করিবে। প্রাণ, অপান, সমান,  
উদান ও ব্যান,—এই 'পঞ্চ প্রাণবায়ু।

দেহাআধ্যাসমুজ্জয়ে। পৃথিবী মলিলং  
বহ্নির্বায়ুরাকাশমৈব চ ॥ ২৫০ ॥ গন্ধো রসশ্চ  
রূপঞ্চ স্পর্শঃ শব্দো যথাক্রমাৎ। ততো  
বাক্পানিপাদাশ্চ পায়ুপর্শো ততঃ পরম্ ॥  
২৫১ ॥ জ্যোত্রে ত্বঙ্ নয়নং জিহ্বা জাগং  
বুদ্ধী জ্ঞানাদি চ। মনো বুদ্ধিশ্চ চিত্তকাহকারো  
দেহজঃ ক্রিয়াঃ ॥ ২৫২ ॥ সর্বগীন্দ্রিয়কর্মানি  
প্রাণকর্মানি যানি চ। এতানি মে-পদান্তে  
চ শুধ্যন্তাং পদমুচ্চরেৎ ॥ ২৫৩ ॥ হ্রীং  
জ্যোতিবহং বিবজা বিপাপমা ভুয়ামং  
দ্বিষ্ট ইত্যপি ॥ ২৫৪ ॥ চতুর্বিংশতিতত্ত্বানি

অনন্তর দেহে আত্মার আধ্যাসের অর্থাৎ  
দেহকে আত্মা বলিয়া যে ভ্রম হয়, তাহার  
বিনিবৃত্তির নিমিত্ত তত্ত্বহোম করিতে হইবে।  
'পৃথিবী' ইত্যাদি "প্রাণকর্মানি" পর্যন্ত  
সমস্ত বস্তু নির্দেশ করিয়া, "এতানি মে"  
পদের অন্তে "শুধ্যন্তাং" পদ উচ্চারণ  
করিবে; পরে 'হ্রীং' জ্যোতিবহং বিবজা  
বিপাপমা ভুয়ামং স্বাহা' ইহা বলিবে (ইহা  
তত্ত্বহোমের মন্ত্র)। অর্থ এই,—পৃথিবী,  
মলিল, অগ্নি, বায়ু, আকাশ, গন্ধ, রস, রূপ,  
স্পর্শ, শব্দ, বাক্য, পানি, পাদ, পায়ু,  
উপশ্র, জ্যোত্রে ত্বঙ্ নয়ন জিহ্বা জাগ—  
এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়,—মন, বুদ্ধি, চিত্ত,  
আহকার, দেহজ সমুদায় কার্য, সমুদায়  
ইন্দ্রিয়কার্য, যে সমুদায় প্রাণ-কার্য—এই  
এই সকল আমার শুদ্ধ হউক; জ্যোতিঃ-  
স্বরূপ আমি ব্রহ্মঃ ও পাপমুক্ত হই।  
এইরূপে চতুর্বিংশতি তত্ত্ব ও সমুদায়

কর্মানি দৈহিকানি চ । হুত্বাণ্যো নিষ্ক্রিয়ো  
দেহং যুতবচ্চিস্তয়েৎ ততঃ ॥ ২৫৫ ॥ বিভাব্য  
যুতবৎ কাযং রহিতং সর্বকর্ষণা । আরংস্তং  
পরমং ব্রহ্ম যজ্ঞহুত্বং সমুচ্চরেৎ ॥ ২৫৬ ॥  
ঐং ক্লীং হুংস ইতি মন্ত্রেণ স্বকাত্ত্বার্থ্য  
মম্ববিৎ । যজ্ঞহুত্বং করে কৃত্বা পাঠিত্বা  
বাহুতিত্রয়ম্ । বহিঃস্বায়াং সমুচ্চাৰ্য্য দ্বতাক্ষ-  
মনসে নিপেৎ ॥ ২৫৭ ॥ হুত্বৈবমুপবীতক  
কামবীজং সমুচ্চরন । ছিত্বা শিখাং করে  
কৃত্বা যুতমধ্যে নিযোজয়েৎ ॥ ২৫৮ ॥ ব্রহ্ম-  
পুত্রি শিখে তুং হি । বালরূপা তপস্বিনী ।  
দীর্ঘতে পাবকে স্থানং গচ্ছ দেবি নমোহস্ত

দৈহিক কর্ম অগ্নিতে হোম করিয়া নিষ্ক্রিয়  
হইয়া পরে নিজ শরীর যুতবৎ চিত্ত  
করিবে । ২৫৬—২৫৭ । এইরূপে নিজ  
শরীর যুতবৎ ও সর্ব-কর্ম-রহিত ভাবনা  
করিয়া সেই পরম-ব্রহ্ম স্মরণ করত গলদেশ  
হইতে যজ্ঞহুত্ব উচ্চত করিবে,—বক্ষঃস্থল  
হইতে ব্রহ্মদেশে রাখিবে । অনন্তর তজ্জ  
ব্যক্তি “ঐ” ক্লীং হুং” এই মন্ত্র পাঠপূর্বক  
ব্রহ্ম হইতে যজ্ঞহুত্ব উচ্চারণ ও হস্তে ধারণ,  
বাহুতিত্রয় পাঠ এবং স্বাহা এই পদ  
উচ্চারণ করিয়া যুত-সংযুক্ত ঐ যজ্ঞোপবীত  
অগ্নিতে নিষ্কোপ করিবে । এইরূপে যজ্ঞো-  
পবীত হোম করিয়া কামবীজ অর্থাৎ “ক্লীং”  
উচ্চারণ করত শিখাচ্ছেদনপূর্বক হস্তে ধারণ  
করিয়া যুতমধ্যে স্থাপন করিবে । হে  
ব্রহ্মপুত্রি । হে শিখে ! তুমি কেশরূপা  
তপস্বিনী । হে দেবি ! তোমাকে অগ্নিতে

তে ॥ ২৫৯ ॥ কামং মায়াং কুর্চ্চমন্ত্রং বহিঃ-  
জায়ামুদীবয়ন । তস্মিন্ হুসংস্কৃতে বহৌ  
শিখাংহোমং সমাচরেৎ ॥ ২৬০ ॥ শিখামাতিত্যা  
পিতরো দেবী দেবর্ষয়স্তথা । সর্বকর্ষণা-  
শ্রমকর্মানি নিবসন্তি শিখেপরি ॥ ২৬১ ॥  
অতঃ সন্তপ্য তাঃ সর্বা দেবর্ষি-পিতৃ দেবতাঃ ।  
শিখাহুত্বপরিত্যাগাদেহী ব্রহ্মময়ো ভবেৎ ।  
যজ্ঞহুত্ব-শিখাত্যাগাৎ সন্ন্যাসঃ শ্রাদ্ধ দ্বি-  
জয়নাম্ ॥ ২৬২ ॥ শূদ্রাণামিতরেযাক শিখাং  
হুত্বৈব সংস্ক্রিয়া । ততো যুক্তশিখাহুত্রেঃ প্রণ-  
মেদত্তবদগুরুম্ ॥ ২৬৩ ॥ গুরুস্থাপ্য তং  
শিখাং দক্ষকর্ণে বদেদিদম্ । তত্ত্বমসি মহা-

স্থান দিতেছি, তুমি গমন কর ; তোমাকে  
নমস্কাব । পরে কাম, মায়া, কুর্চ্চ, “যজ্ঞ”  
এবং বহিঃজায়া অর্থাৎ “ক্লীং ক্লীং হুং ফট্  
স্বাহা” এই মন্ত্র পাঠ করিয়া সেই হুসংস্কৃত  
অগ্নিতে শিখা-হোম করিবে । পিতৃগণ,  
দেবগণ ও দেবর্ষিগণ শিখা আশ্রয় করিয়া  
অবস্থান করেন এবং সমুদায় আত্মার  
কর্ম সকল শিখার উপরি অবস্থান করে ;  
অতএব দেবর্ষিগণ, পিতৃগণ এবং দেবতা-  
গণ—সকলকেই সন্তপিত করিয়া দেহী,—  
শিখা ও যজ্ঞহুত্ব পরিত্যাগ করিবামাত্র ব্রহ্ম-  
ময় হইয়া থাকে । যজ্ঞহুত্ব ও শিখা পরি-  
ত্যাগ করিলেই বিজগণের সন্ন্যাস হয় ।  
শূদ্র ও সামান্তজাতিগণের শিখা-হোম করি-  
লেই সংস্কার হয় । অনন্তর শিখা ও যজ্ঞহুত্ব  
ত্যাগ করিয়া গুরুকে দত্তবৎ প্রণাম  
করিবে । ২৬০—২৬৩ । গুরু, শিখাকে

প্রাজ্ঞঃ হংসঃ সোহং বিভাবয় । নির্মমো  
নিরহকারঃ স্বভাবেন । সুখং চর ॥ ২৬৪ ॥  
ততো যটকং বহিষ্কৃত্ব বিস্কৃত্য ব্রহ্মতত্ত্ববিৎ ।  
আত্মস্বরূপং তৎ মত্বা প্রণমোচ্ছিবস । গুরুঃ ॥  
২৬৫ ॥ নমস্তুভ্যৈ নমো মহাত্মন্যে মহাত্মন্যে  
নমো নমঃ । তমেব তৎ তত্ত্বমেব বিশ্বরূপ  
নমোহস্ত তে ॥ ২৬৬ ॥ ব্রহ্মমজ্ঞোপাসকানাং  
তত্ত্বজ্ঞানাং জিতাশ্রনাম্ । স্বমজ্ঞেন শিখা-  
চ্ছেদাৎ সম্যাসগ্রহণং ভবেৎ ॥ ২৬৭ ॥  
ব্রহ্মজ্ঞানবিশুদ্ধানাং কিং যজ্ঞেঃ শ্রাদ্ধ-  
পূজ্যৈঃ । স্বেচ্ছাচারপরিণামস্ত প্রত্যয়ো ন  
বিদ্যতে ॥ ২৬৮ ॥ ততো নিরুদ্ধরূপোহসৌ

উত্থাপিত করিয়া দক্ষিণকর্ণে হঁহা বসিবেন  
যে, “হে মহাপ্রাজ্ঞ । সেই ব্রহ্ম তুমিই ।  
তুমি ‘হংসঃ’ ও ‘সোহং’ ভাবনা কর ।  
তুমি ‘অহংকার’ ও ‘মমতা’ রহিত হইয়া  
নিজের শুদ্ধভাবে সুখে বিচরণ কর ।” অন-  
ন্তর ব্রহ্মতত্ত্বের গুরু, যট ও অগ্নি বিসর্জনে-  
পূর্বক শিষ্যকে আত্মস্বরূপ বিবেচনা করিয়া  
মস্তক দ্বারা প্রণাম করিবেন । মন্ত্র যথা ;—  
তোমাকে ‘নমস্কার’, আমাকে ‘নমস্কার’ ।  
তোমাকে ও আমাকে বারম্বার ‘নমস্কার’ । হে  
‘বিশ্বরূপ’ । তুমিই তাহা অর্থাৎ জীব এবং  
‘তাহাই’ অর্থাৎ জীবই তুমি ; তোমাকে  
‘নমস্কার’ করি । জিতেদ্রিয় ও তত্ত্বজ্ঞান-  
সম্পন্ন ব্রহ্ম-মজ্ঞোপাসকদিগের নিজ মন্ত্র  
পাঠপূর্বক শিখাচ্ছেদনেই সম্যাস গ্রহণ  
করা হয় । ব্রহ্মজ্ঞান দ্বারা বিশুদ্ধ ব্যক্তি-  
দিগের রক্ত, পূজা ও শ্রাদ্ধাদিতে লগ্নোজ্জন

নিকাগন্ধিরমানসঃ । বিহরেৎ স্বেচ্ছয়া  
শিষ্যঃ । শাস্তাদ্ভ্রমায়ো ভূষি ॥ ২৬৯ ॥  
আত্মস্বরূপপর্যায়ং সঙ্গপেণ বিভাবয়ন্ ।  
বিসারমাগরূপানি ধ্যায়মাখানমাখানি ॥ ২৭০ ॥  
অনিকৈতঃ স্ফুটায়ন্তো নিঃশব্দঃ সঙ্গবর্জিতঃ ।  
নির্মমো নিরহকারঃ সম্যাসী বিহরেৎ শিষ্যো  
॥ ২৭১ ॥ যুক্তো বিধিনিষেধেভ্যো নির্দোশ-  
ক্লেমঃ আত্মবিৎ । সুখদুঃখসমো ধীরো  
জিতাত্মা বিগতস্পৃহঃ ॥ ২৭২ ॥ শিবায়া  
প্রাপ্তদুঃখোহপি সুখে প্রাপ্তোহপি নিঃস্পৃহঃ ।

কি ? তাঁহারা স্বেচ্ছাচার-পরায়ণ, তাঁহাদের  
প্রত্যবায় নাই । ২৬৪—২৬৮। অনন্তর শিষ্য  
সুখ-দুঃখাদিরূপ স্বদ্বরহিত, কামনারহিত,  
স্তিরচিত্ত ও মায়াং ব্রহ্মময় হইয়া ভূতলে  
স্বেচ্ছানুসারে বিচরণ করিবেন । তিনি  
ব্রহ্ম হইতে স্তম্ভ অর্থাৎ ভূগুচ্ছ পর্যন্ত  
সমুদায় বিশ্ব সংস্বরূপ চিন্তা করিবেন ;  
নাম-রূপ বিস্মৃত হইয়া আত্মাতে আত্মার  
ধ্যান করত আবাসশূন্য, কামানীল, নিঃশব্দ-  
হৃদয়, সংসর্গশূন্য, মমতাপূর্ণ, অহংকারশূন্য  
ও সম্যাসী হইয়া ভূমণ্ডলে বিচরণ করিবেন ।  
তিনি শাস্ত্রীয় বিধি-নিষেধ হইতে মুক্ত  
হইবেন । তিনি লজ্জা বিষয়ের সঙ্গ ও  
অলজ্জা বিষয়ের লাভ করিবার চেষ্টা করি-  
বে না । তিনি সুখ-দুঃখে সমান, ধীর,  
জিতেদ্রিয় এবং স্পৃহারহিত হইবেন । চূর্ণ  
উপস্থিত হইলেও তাঁহার অন্তঃকরণ স্থির  
থাকিবে, সুখ উপস্থিত দেখিলেও তিনি  
তাহাতে স্পৃহা করিবে না । তিনি শরীরা

সদানন্দঃ শুচিঃ শান্তো নিরপেক্ষো নিরা-  
কুলঃ ॥ ২৭৩ ॥ নোদ্বৈজকঃ শ্রাজ্জীবানাং  
সদা প্রানিহিতে রতঃ । বিগতামর্ষভীদাভ্যো  
নিঃসঙ্কলো নিরুদ্যমঃ ॥ ২৭৪ ॥ শোকদ্বৈষ-  
বিমুক্তঃ শ্রাক্ষত্রো মিত্রে সমো ভবেৎ ।  
শীতবাতাতপসহঃ সমো মানাপমানয়োঃ ॥  
২৭৫ ॥ সমঃ শুভাশুভে তুষ্টো যদৃচ্ছাপ্রাপ্ত-  
বস্তনা । নিদ্রৈশুণ্যো নির্বিকলো নির্লোভঃ  
শ্রাদসংযমী ॥ ২৭৬ ॥ যথা সত্যগুণাশ্রিত্য  
মৃষা বিখ্যং প্রতিষ্ঠতি । আত্মাশ্রিতস্তথা  
দেহো জ্ঞানমেবং সুখী ভবেৎ ॥ ২৭৭ ॥

জ্ঞানন্দযুক্ত, শুচি, শান্ত, নিরপেক্ষ ও  
আকুলতাপূর্ণ হইবেন । তিনি কোন জনকে  
উদ্ভিগ্ন করিবেন না । সর্বদা সর্বপ্রাণীর হিত-  
করনে রত হইবেন, তিনি ক্রোধ ও ভয়শূন্য,  
সঙ্কল্পশূন্য, উদ্যমশূন্য হইবেন । শোকশূন্য,  
 ইচ্ছুক ব্যক্তি, অন্যের অঙ্গচ্ছেদ করিলে  
 রাজা তাহার অঙ্গচ্ছেদন ও অন্যকে প্রহার  
 করিলে রাজাও তাহাকে প্রহার করিবেন ।  
 ৬৮—৭৫ । যে পাপাত্মা ব্যক্তি, ব্রাহ্মণের  
 প্রতি বা গুরুর প্রতি প্রহারের জন্ত দণ্ড  
 প্রভৃতি উত্তোলন বা প্রহার করিবে, রাজা  
 যথাক্রমে তাহার ধনসম্পত্তি গ্রহণ এবং  
 হস্ত-দাহন দ্বারা বিপ্লব করিবেন অর্থাৎ  
 প্রহার জন্ত দণ্ড-প্রভৃতি উত্তোলন করিলে  
 ধনসম্পত্তি গ্রহণ এবং প্রহার করিলে হস্ত  
 দাহন করিবেন । শস্ত্রাদি দ্বারা ক্ষত-শরীর  
 ব্যক্তির ছয় মাসের পর মৃত্যু হইলে  
 প্রহারকর্ত্ত দণ্ডনীয় হইবে বটে, কিন্তু বধার্হ  
 হইবে না । রাজ্য বিপ্লাবক, রাজ্যহরণে  
 অস্তিলাষী, গোপনে রাজশত্রুদিগের বিতা-

মৈত্রয়োঃ ॥ ৭৮ ॥ যোদ্ধৃগিচ্ছুঃ প্রজা রাজা  
 শস্ত্রিণঃ পান্থপীড়কান্ । হতা নরপতিভেতান্  
 নৈব কিলিষতাগুভবেৎ ॥ ৭৯ ॥ যো হস্তা-  
 স্তানবৎ ভক্তুরাজ্যাহপরিহার্য্যয়া । ভক্তুবেব  
 বধস্তত প্রহর্যুর্ন শিবাক্ষয়া ॥ ৮০ ॥ অযত্ন-  
 পুংসঃ পশুনা শস্ত্রৈর্বান্ ত্রিয়তে নরঃ । ধন-  
 দণ্ডেন বা কায়দমেনাস্ত বিশোধনম্ ॥ ৮১ ॥  
 বহির্গুণ ন নৃপাক্ষাস্ত নৃপাক্ষে প্রৌঢ়বাদিনঃ ।  
 দূষকান্ কুলধর্ম্মাণাং শাস্ত্রাজ্ঞা বিগর্হিতান্ ॥  
 ৮২ ॥ স্থাপ্যাপহারিণং ক্রুরং বঞ্চকং ভেদ-  
 কারিণম্ । বিবাদয়ন্তঃ লোকাংস্ত দেশান্ধিধা-

কাজক্ষী, বাজার সহিত মৈত্রের ভেদকারী,  
 বাজার সহিত যুদ্ধ করিতে অভিলাষী প্রজা  
 ও শস্ত্রধারী হইয়া পথিকদিগের পীড়ক,—  
 রাজা এই সকল ব্যক্তিকে বিনাশ করিলে  
 পাপভাগী হইবেন না । যে ব্যক্তি প্রভুর  
 অলঙ্ঘনীয় অঙ্গানুসারে নবহত্যা করিবে,  
 সেই স্থলে ঐ ব্যক্তির প্রভুরই বধদণ্ড  
 হইবে; সেই প্রহারকর্ত্তার বধদণ্ড হইবে  
 না । অসাবধান পুরুষের অস্ত্র দ্বারা বা  
 পশু দ্বারা অপরের মৃত্যু হইলে, অর্থদণ্ড  
 দ্বারা তাহার বিশেষরূপে শুদ্ধি লাভ হইবে ।  
 বাজার আত্মপালনে পরাজুখ, রাজার  
 সম্মুখে প্রৌঢ়বাদ-কারী, কুলধর্ম্ম-দূষক,—  
 রাজা এই সকল গর্হিত ব্যক্তিকে শাসন  
 করিবেন । ৭৬—৮২ । গচ্ছিত-ধনাপহারী,  
 ক্রুর, বঞ্চক, ভেদক এবং লোকদিগের  
 পরস্পর বিবাদ বাধাইয়া দিতে তৎপর,—  
 রাজা ইহাদিগকে দেশ হইতে বহিষ্কৃত

পয়েম্পঃ ॥ ৮৩ ॥ শুক্লেন কণ্ডাৎ দাতৃশ্চ  
পুত্রঃ যশে প্রযচ্ছতঃ । দেশানির্ঘ পয়েদ্রাজা  
পতিতান্ হৃক্ষ জাম্বনঃ ॥ ৮৪ ॥ মিথ্যাপবাদ  
ব্যাঞ্জন পুরাদিষ্টে চকার্ষতঃ । যথাপরাধে  
তে শাস্তা ধর্মজ্ঞেন মহীভূতা ॥ ৮৫ ॥ যো  
যৎপরিমিতানিষ্টে কুর্যাৎ তৎসম্যক্তং  
ধনম্ । নৃপতিদাপয়েৎ তেন জনানিষ্ট-  
ভাগিনে ॥ ৮৬ ॥ মণিমুক্তাহিরণ্যাদিধনুনাং  
স্তেধকারিণঃ । করস্ত বাহ্যে ছেদনং বা  
কুর্যামূল্যং বিচাবয়ন ॥ ৮৭ ॥ মহিষাশ্ব-  
গবাদীনাং রত্নাদীনাং তথা শিশোঃ । বলে-  
নাপহৃত্যং নৃণাং স্তেয়িবহিহিতৌ দমঃ ॥  
৮৮ ॥ অমানামজমুশাস্ত্র বস্তনঃ স্তেয়িনং

করিয়েন। যাহাবা শুদ্ধ গ্রহণপূর্বক কথা  
বা পুত্র দান কবে, অথবা (জ্ঞানপূর্বক)  
যশকে পুত্র দান করে, রাজা সেই পাপাত্মা-  
দিগকে এবং পতিতদিগকেও দেশ হইতে  
বহিষ্কৃত করিবেন। মিথ্যাপবাদচ্ছলে পরের  
অনিষ্টাচরণ করিতে অভিলাষী ব্যক্তিগণ,  
ধর্মজ্ঞ রাজা কর্তৃক অপবাদ অনুগারে দণ্ডনীয়  
হইবে। যে ব্যক্তি যে পরিমাণে অনিষ্ট  
করিবে, তাহার সেই পরিমাণে অর্থদণ্ড করিয়া  
অনিষ্টভাগী ব্যক্তিকে রাজা তাহা প্রদান  
করাইবেন। মণি, মুক্তা বা সুবর্ণ প্রভৃতি  
ধাতুগুণ্য বিচার করিয়া চোরের হস্ত বা  
গহবয় ছেদন করিয়া দিবেন। যাহারা  
বলপূর্বক মহিষ, অশ্ব, গো প্রভৃতি পশু,  
জাদি বা শিশু-সন্তান অপহরণকারী,  
গাহাদিগের চোরের জায় দণ্ড বিহিত

নৃপঃ । বিশোধয়েৎ তৎ শঠৈকং মণ্ডাহং  
বাশয়নু কণম্ ॥ ৮৯ ॥ বিশাসঘাতকে পুংসি  
কৃতেন্নে সুরবান্দতে । যতৈস্তত্র তৈস্তপোদানৈঃ  
প্রায়শ্চিত্তৈর্ন নিকৃতিঃ ॥ ৯০ ॥ যে কুট-  
সাক্ষিণো মত্ত্যা মধ্যস্থাঃ পক্ষপাতিনঃ ।  
শাস্তাং তাংস্তীত্রদণ্ডেন দেশানির্ঘাপয়েনু-  
নৃপঃ ॥ ৯১ ॥ যত্ সাক্ষিণঃ প্রমাণং স্যুচ্ছারস্তয়  
এব বা । অভাবে দ্বাবাপ শিবে প্রমিচ্ছৌ যদি  
ধার্মিকৌ ॥ ৯২ ॥ দেশতঃ কালতো বাপি  
তথা বিষয়তঃ প্রিয়ে । পরস্পারমযুক্তধোদ-  
গ্রাহ্যং সাক্ষিণাং বচঃ ॥ ৯৩ ॥ অক্ষানাং  
বাকু প্রমাণং স্ত্রাজধিরাণাং তথা প্রিয়ে ।

হইয়াছে। অন্ন বা অন্নমূল্য-দ্রব্য-চোরকে  
রাজা একপক্ষ বা মণ্ডাহ কণভোজন  
করাইয়া বিশোধিত করিবেন। হে সুর-  
পুঞ্জিতে। বিশাসঘাতক বা কৃতঘ্নদিগের  
যজ্ঞ, ব্রত, তপস্যা ও দান প্রভৃতি কোন  
প্রায়শ্চিত্তেই নিকৃতি নাই। ৮৩—৯০।  
যে সকল মনুষ্য কুটসাক্ষী, যাহারা মধ্যস্থ  
হইয়া পক্ষপাত কবে,—রাজা তীত্র দণ্ড  
দ্বারা তাহাদিগকে শাসিত করিবেন এবং  
দেশ হইতে বহিষ্কৃত করিয়া দিবেন। ছয়  
জন, বা চারি জন, অথবা তিন জন সাক্ষী  
প্রমাণ হইবে। হে শিবে! অভাব-পক্ষে  
দুই জন সাক্ষীও প্রমাণ হইবে,—যদি  
তাঁহারা প্রসিদ্ধ ও ধার্মিক হন। হে প্রিয়ে!  
দেশ, কাল-ও বিষয়-বিশেষে পরস্পার-বিরুদ্ধ  
বাক্য বলিলে, সেই সাক্ষীদিগের বাক্য  
অগ্রাহ্য হইবে। হে প্রিয়ে! অক্ষ ও

মুকানাংমেড়মুকানাং শিরসাদীকৃতির্লিপিঃ ॥  
 ৯৪ ॥ লিপিঃ প্রমাণং সর্বেষাং সর্বত্রৈব  
 প্রযুক্তং । বিশেষাণ্যবহারেষু ন বিনষ্টো-  
 চ্চিরং যতঃ ॥ ৯৫ ॥ স্বীয়ার্থমপরার্থকৈঃ  
 কুর্ষতঃ কল্পিতাং লিপিম্ । দণ্ডস্তস্য  
 বিধাতব্যো দ্বিপাদং কুটসাক্ষিণঃ ॥ ৯৬ ॥  
 ভ্রমস্তাপ্রমত্তস্য যদক্ষীকরণং সত্বং ।  
 স্বীয়ার্থে তৎপ্রমাণং স্যাদ্ভ্রমো বহুসাক্ষিণাম্ ॥  
 ৯৭ ॥ যথা তিষ্ঠন্তি পুণ্যানি সত্যমাপ্রিত্য  
 পার্জতি । তথানুতং সমাপ্রিত্য পাতকাত্ম-  
 থিলাশ্রুপি ॥ ৯৮ ॥ অতঃ সত্যবিহীনস্ত

বধিরদিগের বাক্য প্রমাণ হইবে । যাহারা  
 মুক ( বোবা ) বা এড়মুক ( কানাবোবা ),  
 তাহাদিগের মস্তক সকালন দ্বারা স্বীকার ও  
 লিপি, প্রমাণস্থলে গৃহীত হইবে । সকল  
 স্থানে সকলের পক্ষেই লিপি-প্রমাণ প্রযুক্ত,  
 বিশেষতঃ ব্যবহার স্থলে ; যেহেতু, ইহা  
 বহুকালেও নষ্ট হয় না । যে ব্যক্তি আপমার  
 নিমিত্ত বা পরের নিমিত্ত কল্পিত-লিপি  
 ( জাল ) করিবে, তাহার—কুটসাক্ষীর যে  
 দণ্ড, তাহার দ্বিগুণ দণ্ড হইবে । ভ্রমরহিত  
 ও প্রমাদরহিত ব্যক্তি একবারমাত্র স্বীকার  
 করিলে, তাহা নিজ বিষয়ে বহুসাক্ষীর বাক্য  
 হইতেও প্রবল প্রমাণ হইবে । হে  
 পার্জতি ! যেমন সত্য আশ্রয় করিয়া সকল  
 পুণ্য অবস্থান করেন, তাহার স্যায় একমাত্র  
 মিথ্যাকে আশ্রয় করিয়া সকল পাতক  
 অবস্থান করিতেছে । অতএব যে ব্যক্তি  
 সত্যহীন, সেই ব্যক্তি সমুদায় পাপের

সর্বপাপাশ্রয়স্ত চ ॥ তাড়নাদমনাজ্জা ন  
 পাপার্হঃ শিবাজ্জয়া ॥ ৯৯ ॥ সত্যং ব্রবীমি  
 সঙ্কল্য স্পৃষ্ট্বা কোলুং গুরুং দ্বিজম্ । গঙ্গা-  
 তোদং দেবমূর্ত্তিং কুলশাক্তং কুলামৃতম্ ॥  
 ১০০ ॥ দেবনির্ম্মাণ্যমথবা কথনং শপথো  
 ভবেৎ । ত্তানুতং বদনু মর্ত্যঃ কল্মাশুং  
 নরকং ব্রজেৎ ॥ ১০১ ॥ অপাপজনি-  
 কার্য্যাপাং ভ্যাগে বা গ্রহণেহপি বা । তৎ-  
 কার্য্যং সর্বথা মর্ত্যৈঃ স্বীকৃতং শপথেন যৎ ॥  
 ১০২ ॥ স্বীকারোল্লভ্যনাচ্ছুধ্যোৎ পঞ্চমেক-  
 মভোজনৈ । ত্রমেণাপি তমুল্লভ্য দ্বাদ-  
 শাহং কণাশনৈঃ ॥ ১০৩ ॥ কুলধর্ম্মোহপি

আশ্রয় । তাদৃশ পাপাত্মার তাড়ন ও দমন  
 করিলে, শিবের আজ্ঞানুসারে রাজ্য পাপ-  
 ভাগী হন না । ৯১—৯৯ । “আমি যাহা  
 বলিব, তাহা সত্য” এইরূপ সঙ্কল্য করিয়া,  
 কোলগুরু, ব্রাহ্মণ, গঙ্গাজল, দেবমূর্ত্তি,  
 কুলশাক্ত, কুলামৃত, দেবনির্ম্মাণ্য—এই  
 সমুদায় স্পর্শ করিয়া যাহা কথিত হইবে,  
 তাহার নাম শপথ । এই শপথ করিয়া  
 মিথ্যাবাক্য বলিলে, এক কল্প পর্য্যন্ত নরকে  
 বাস করিবে । যে কার্য্য পাপজনক নহে,  
 তাহার ভ্যাগ বা গ্রহণ বিষয়ে যাহা শপথ-  
 পূর্ব্বক স্বীকৃত হইয়াছে, তাহা সর্বথা  
 কর্তব্য । স্বীকৃত বিষয়ের ( ইচ্ছাপূর্ব্বক )  
 লভ্যন করিলে, একপঞ্চ অনাহার দ্বারা শুদ্ধ  
 হইবে । ভ্রমক্রমেও তাহা লভ্যন করিলে,  
 দ্বাদশাহ কণভোজন দ্বারা শুদ্ধ হইবে ।  
 যদি কুলধর্ম্মও সত্য-বিধি অনুসারে সেবিত

সত্যেন বিধিনা চেম সৈবিতঃ । মোক্ষায়  
শ্রেয়সে স স্ত্রীং কোলে পাপায় কেবলম্ ॥  
১০৪ ॥ সুরা অবময়ী তুরা জীব-  
নিস্তারকারিণী । জননী ভোগমোক্ষাণাং  
নাশিনী বিপদাং রুজাম্ ॥ ১০৫ ॥ দাহিনী  
পাপসংখানাং পাবিনী জগতাং ত্রিয়ে ।  
সর্বসিক্তিপ্রদা জ্ঞান-বুদ্ধিবিদ্যাবিবর্জিনী ॥  
১০৬ ॥ মুক্তৈর্মুমুক্তিঃ সিক্তৈঃ সাধকৈঃ  
ক্ৰিতিপালকৈঃ । সেব্যতে সর্বদা দেবৈ-  
রাদ্যে স্বাতীষ্টসিক্তয়ে ॥ ১০৭ ॥ সম্যগ্ধি-  
বিধানেন স সমাহিতচেতসী । পিবন্তি মদিরাং  
মর্ত্য। অমর্ত্য। এব তৈ ক্ৰিভ্যে ॥ ১০৮ ॥  
প্রত্যেকতত্ত্বসীকারাদিধিনা স্তাচ্ছিবো নরঃ ।

না হয়, তাহা হইলে মোক্ষ এবং মঙ্গলের  
নিমিত্ত হয় না ; কেবল কোল ব্যক্তির  
পাপজনক হয় । সুরা—অবময়ী তুরা, অর্থাৎ  
দ্রব-পদার্থরূপে পরিণতা তুরা । সুরা  
জীবগণের নিস্তারকারিণী, ভোগ মোক্ষের  
হারণ এবং রোগ ও বিপদ-নাশিনী । হে  
ত্রিয়ে ! সুরা, পাপ সকলকে দগ্ধ করে,  
হুরা দ্বাবা জগৎ পবিত্র, সুরা সর্বপ্রকার সিদ্ধি  
বিতরণ করে এবং সুরা,—জ্ঞান, বুদ্ধি ও  
বিদ্যার বর্জন করে । হে আদ্যে । মুক্ত, মুমুক্ত  
ও সিক্তগণ, সাধকগণ, রাজগণ এবং দেবগণ  
স্ব স্বাতীষ্টসিক্তির নিমিত্ত সর্বদা এই সুরার  
সবা করিয়া থাকেন । যাহারা শাস্ত্রবিহিত  
নৈয়মে ও সমাহিত-চিত্তে সুরাপান করিয়া  
থাকেন, তাহারা পৃথিবীতে মর্ত্য হইয়াও  
অমর্ত্য অর্থাৎ দেবতুল্য হন । ১০০—১০৮ ।

ন জানে পঞ্চতত্ত্বানাং সেবনাং কিং ফলং  
ভবেৎ ॥ ১০৯ ॥ ইয়ং দেবী দেবী পীতা  
বিধিবিবর্জিতা । নৃণাং বিনাশয়েৎ সর্বং  
বুদ্ধিমাযুষ্মশো ধনম্ ॥ ১১০ ॥ অত্যন্তপান-  
মদ্যস্ত চতুর্বিধপ্রসাদিনী । বুদ্ধিবিবর্জিতা  
প্রায়ো লোকানাং মত্তচেতসাম্ ॥ ১১১ ॥  
বিভ্রান্তবুদ্ধির্মত্তজাং কার্যাকার্যমজানতঃ ।  
শানিষ্টক পরানিষ্টং জায়তেহস্মাৎ পদে  
পদে ॥ ১১২ ॥ অতো নৃপো বা চক্রে শো-  
মদ্যে মাদকং স্তু । অতো সন্তজ্ঞানান্ কায়-  
ধন দত্তেন শোধয়েৎ ॥ ১১৩ ॥ সুরাভেদাদ্-

এই পঞ্চতত্ত্বের প্রত্যেক তত্ত্ব, বিবি দ্বারা  
সেবন করিলেই লোক শিবস্বরূপ হয় ;  
জানি না, যে ব্যক্তি পঞ্চতত্ত্বই সেবন করেন,  
তিনি কতই ফল লাভ করিয়া থাকেন ।  
যদি বিধি ব্যক্তিরকে এই বান্ধনীদেবীকে  
কেহ পান করেন, তাহা হইলে ইনি পান-  
কর্তার বুদ্ধি, আয়ুঃ, যশঃ ও ধন—সমুদায়  
বিনষ্ট করেন । যাহারা প্রমত্তচিত্তে অত্যন্ত  
সুরা সেবন করে, তাহাদের ধর্ম, অর্থ, কাম  
ও মোক্ষ-সাধক জ্ঞান নষ্ট হয় । অতি মদ্যপ  
কার্যাকার্য-বিচার-হীন, বিভ্রান্তবুদ্ধি মত্ত  
প্রতিপদে নিজের এবং পরের অনিষ্ট করিয়া  
থাকে । অতএব মদ্যে বা মাদক-বস্তুতে  
অত্যন্ত আসক্ত ব্যক্তিদিগকে রাজা অথবা  
চক্রেশ্বর, শারীরিক দণ্ড দ্বারা বা অর্থদণ্ড  
দ্বারা শোধন করিবেন । সুরা অধিক পরি-  
মাণে পীত বা অল্প পরিমাণেই পীত হউক,  
সুরাভেদে, ব্যক্তিভেদে, দেশভেদে এবং

ব্যক্তিভেদানুসারেণাপ্যধিকেন বা । দেশ-  
কালবিভেদেন বুদ্ধিভ্রংশো ভবেৎগম্ ॥ ১১৪ ॥  
অতএব সুরামানাদতিপানং ন লক্ষ্যতে ।  
অলঙ্কাপানিপাদগুণতিরতিপানং বিচারয়েৎ ॥  
১১৫ ॥ নেস্ত্রিয়াপি বশে যন্ত মদবিহ্বল-  
চেতসঃ । দেবতা-গুরুমর্যাদোল্লঙ্গিনো ভয়-  
ক্ষাপিণঃ ॥ ১১৬ ॥ নিখিলানর্থযোগ্যস্ত পাপিনঃ  
শিবহাতিনঃ । দেহাজ্জিহ্বাং হরেনর্থ্য-  
স্তাভয়েৎ তক পার্থিবঃ ॥ ১১৭ ॥ বিচলৎ-  
পাদবাকুপানিং ভ্রান্তমুমত্তমুক্তম্ । তমুগ্রং  
হাতয়েজ্জা অবিপক্ষংহবেৎ ততঃ ॥ ১১৮ ॥  
অপরাধাদিনং মন্তং লজ্জাভয়বিরজিতম্ ।  
ধনাদানেন তং শাস্তাং প্রজাপ্রীতিকরো

কালভেদে মনুষ্যের বুদ্ধিভ্রংশ কথিয়া থাকে ।  
অতএব অলিত-বাক্য, অলিত-পানি, অলিত  
পদ ও অলিত-দৃষ্টি দ্বারা অতিরিক্ত পান  
বিচার করিবে ; যেহেতু সুরাব পরিমাণ দ্বারা  
অতিপান লক্ষ্য করা যায় না ১১৪—১১৫ ।  
রাজা,—অবশেষ্ত্রিয়, মদ-বিহ্বলচিত্ত, দেবতা  
ও গুরুর মর্যাদা-লঙ্ঘনকারী ভয়প্রদ,  
সকল অনর্থের যোগ্য, শিবহাতী পাপীর  
জিহ্বা দগ্ধ করিবেন, অর্থ হরণ করিবেন  
এবং তাড়না করিবেন । যাহার চরণ, বাক্য  
ও হস্ত বিচলিত হয়, যে ব্যক্তি ভ্রমযুক্ত,  
উন্মত্ত ও উদ্ধত, সেই উগ্র ব্যক্তির রাজা  
দণ্ডবিধান পূর্ব্বক তাহার ধন গ্রহণ করি-  
বেন । যে ব্যক্তি মন্ত, অলীল-বাক্য-উচ্চারণ-  
কারী এবং লজ্জাভয়-বিহীন,—প্রজা-প্রীতি-  
করক রাজা ধন গ্রহণপূর্ব্বক তাহাকে

নৃপঃ ॥ ১১৯ ॥ শতাভিযুক্তঃ কোলশ্চেদতি-  
পানাৎ কুলেশ্বরী । পশুরেব স্ফ মন্তব্যঃ  
কুলধর্ম্মবহিক্রমঃ ॥ ১২০ ॥ পিবমতিশয়ং  
মদ্যং শোধিতং বাপ্যশোধিতম্ । ত্যাজ্যো  
ভবতি কোলানাং দণ্ডনীয়োহপি ভূভূতঃ ॥  
১২১ ॥ ব্রাহ্মণ্যে ভাৰ্য্যাং সুরাং মন্ত্যঃ পায়সস্তো  
দ্বিজাতয়ঃ । শুভোদ্যভাৰ্য্যা সাক্ষিঃ পঞ্চাহং  
কণভোজনাৎ ॥ ১২২ ॥ অসংস্কৃতসুরা-  
পানাচ্ছুদ্যোহুপবসংস্ত্যাহম্ । ভুক্ত্যপ্য-  
শোধিতং মাংসমুপবাসদয়ং চরেৎ ॥ ১২৩ ॥  
অসংস্কৃতে মীনমুদ্রে খাদমুপবসেদহঃ ।

শাসন করিবেন । হে কুলেশ্বরী । শতাভি-  
যুক্ত কোল যদি অতিপান করেন, তাহা  
হইলে তিনিও কুলধর্ম্ম-বহিক্রম এবং পশু  
বলিয়াই গণ্য হন । মদ্য শোধিতই হউক  
অথবা অশোধিতই হউক, যে ব্যক্তি উহা  
অতিশয় পান করে, সে কোলগণের ত্যাজ্য  
ও ব্রাহ্মণ দণ্ডনীয় । যদি কোন ব্রাহ্মণ  
ক্ষত্রিয় বা বৈশ্য, মত্ত হইয়া ব্রাহ্মধর্ম্ম-  
বিধানানুসারে পরিণীতা পত্নীকে মদ্য পান  
করায়, তাহা হইলে ঐ ভাৰ্য্যার সহিত পঞ্চ  
দিন কণভোজন করিয়া শুদ্ধ হইবে ।  
অসংস্কৃত-সুরাপায়ী তিনদিন উপবাস করিলে  
শুদ্ধ হইবে । যদি কোন ব্যক্তি অপরি-  
শোধিত মাংস ভক্ষণ করে, তাহা হইলে  
তাহাকে দুই দিন উপবাস করিতে হইবে ।  
যদি কোন ব্যক্তি অসংস্কৃত মৎস্ত ও মুদ্রা  
ভক্ষণ করে, তাহা হইলে তাহার এক দিবস  
উপবাস কর্তব্য । যদি কোন ব্যক্তি বিধি-

অবৈধং পঞ্চমং কুর্ষনু ০ রাজ্ঞো দণ্ডেন  
শুধ্যতি ॥ ১২৪ ॥ ভুঞ্জানো মানবং মাংসং  
গোমাংসং জ্ঞানতঃ শিবে । উপে যা পক্ষং  
শুদ্ধঃ স্মাৎ প্রায়শ্চিত্তমিদং স্মৃতম্ ॥ ১২৫ ॥  
নরাকৃতিপশোর্ম্যাংসং মাংসং মাংসাদনম্ চ ।  
অত্ৰা শুধোন্নয়ঃ পাপাদুর্পবাসৈশ্চিভিঃ প্রিয়ে ॥  
১২৬ ॥ স্নেহান্নাং স্বপচান্নাক পশুনাং কুল-  
বৈরিণাম্ । খাদয়ন্নং বিশুদ্ধঃ স্মাৎ পক্ষ-  
মেকমুপোষিতঃ ॥ ১২৭ ॥ উচ্ছিষ্টং যদি  
ভুঞ্জীত জ্ঞানাদেয়াং কুলেশ্বরি । শুধ্যো-  
ন্নমোপবাসেনাজ্ঞানাত্ পক্ষোপনাসতঃ ॥ ১২৮ ॥

লজ্জনপূর্বক পঞ্চম তত্ত্বের সেবা করে, তাহা  
হইলে সেই ব্যক্তি রাজদণ্ড দ্বারা শুদ্ধি  
লাভ করিবে । ১১৬—১২৪ । হে শিবে ।  
যদি কোন ব্যক্তি জ্ঞানপূর্বক মনুষ্যমাংস বা  
গোমাংস ভক্ষণ করে, তাহা হইলে এক  
পক্ষ উপবাস করিয়া সে ব্যক্তি শুদ্ধ হইবে,  
—এই তাহার প্রায়শ্চিত্ত । হে প্রিয়ে । যে,  
মনুষ্যাকৃতি পশুব মাংস বা মাংসানী জীবের  
মাংস ভক্ষণ করিবে, তিন দিন উপবাস  
করিলে তাহাব শুদ্ধিলাভ হইবে । যে, স্নেহ,  
যবন, চ'ণ্ডাল, অথবা কুলাচাব-বিবোধী পশুর  
অন্ন ভোজন করিবে, সে একপক্ষ উপবাস  
করিলে শুদ্ধিলাভ করিবে । হে কুলেশ্বরি ।  
যদি কোন ব্যক্তি অন্তর্নেত্রী সক্ষম 'পূর্ব-  
শ্লোকোক্ত ) ব্যক্তির উচ্ছিষ্ট ভোজন করে,  
সে ব্যক্তি এক পক্ষ উপবাস করিলে শুদ্ধ  
হইবে । জ্ঞানপূর্বক ঐ সক্ষম লোকের  
উচ্ছিষ্ট ভোজন করিলে, এক মাস উপবাস

অনুলোমেন বর্ণনামমং ভুক্ত্য সক্ষমং প্রিয়ে ।  
দিনত্রয়োপবাসেন বিশুদ্ধঃ স্মান্নমাজ্ঞয়া ॥  
১২৯ ॥ পশু-স্বপচ-স্নেহান্নামমং চক্রপার্শ্বতঃ  
যদি । বীরহস্তাপার্শ্বতঃ বাপি উদ্যানং নৈব  
পাপভাক্ত ॥ ১৩০ ॥ অন্নভাবে চ দৌর্ভিক্ষে  
বিপদি প্রাণসঙ্কটে । নিষিদ্ধেনাদনেনাপি  
রক্ষনং প্রাণান্ ন পাতকী ॥ ১৩১ ॥ করিপৃষ্ঠে  
তথানেকোদ্ধাহপাশ'বদ ক্লমু । অলক্ষিতেহপি  
দুষ্যাণাং ভক্ষ্যদোষো ন বিদ্যতে ॥ ১৩২ ॥  
পশুনভক্ষ্যমাংসাং চ ব্যাধিগুক্তানপি প্রিয়ে ।

কবিয়া শুদ্ধিলাভ করিতে পারিবে । হে  
প্রিয়ে । যদি কোন ব্যক্তি একবার অনুলোম  
জাতির অর্থাৎ যথাক্রমে নীচজাতির অন্ন  
ভোজন করে (যথা ;—ব্রাহ্মণ, ক্ষত্রিয়  
ভোজন ববে, ক্ষত্রিয় বৈশ্যের ভোজন করে ;  
ইত্যাদি ।) তবে আমার জাজ্ঞা অনুসারে  
তিন দিন উপবাস করিলে শুদ্ধিলাভ করিতে  
পারিবে । যদি পশু চ'ণ্ডাল অথবা স্নেহের  
অন্ন, চক্রে অর্পিত হয়, কিংবা বীর ব্যক্তি  
হস্তে করিয়া তাহা প্রদান করেন, তবে  
তাহা ভোজন করিলে কেহ পাপভাগী  
হইবে না । অন্নভাব, দুর্ভিক্ষ, বিপদকাল  
অথবা প্রাণসঙ্কটেব সময় উপস্থিত হইলে,  
যদি কেহ নিষিদ্ধ অন্ন ভোজন দ্বারা প্রাণ-  
রক্ষা করে, তবে সে পাপভাগী হইবে  
না । ১২৫—১৩১ । হস্তিপৃষ্ঠে, অমেক লোক  
দ্বারা বহনীয় প্রস্তব বা কাষ্ঠাসনে এবং  
দুষ্য-পন্যার্থের লক্ষ্য যদি না থাকে, তাহা  
উচ্ছিষ্টে, ভক্ষ্য-দোষ হয় না । হে প্রিয়ে ।

ন হস্তাদৈবতার্থেহপি হস্তা চ পাতকী ভবেৎ ॥  
 ১৩৩ ॥ কৃচ্ছ্রব্রতং নরঃ কুর্যাদ্গোবধে বুদ্ধি-  
 পূর্ব্বকৈ । অজ্ঞানাদাচরেনর্কং ব্রতং শঙ্কর-  
 শাসনাৎ ॥ ১৩৪ ॥ ন কেশবপনং কুর্যাম্  
 নখচ্ছেদনং তথা । ন ক্ষারযোগং বসনে  
 যাবন ব্রতম'চরেৎ ॥ ১৩৫ ॥ উপবাসৈর্নয়ে-  
 ন্মাসং মাসমেকং কলাশতৈঃ । মাসং  
 তৈক্ষ্ণ্যমময়ীয়াং কৃচ্ছ্রব্রতমিদং শিবে ॥ ১৩৬ ॥  
 ব্রতান্তে বাপিতশিরাঃ কোল ন জাতীৎশ্চ  
 বাধবান্ । ভোজয়িত্বা বিমুক্তঃ স্রাজ্জান-  
 গোবধপাতকাৎ ॥ ১৩৭ ॥ অপালনবধাদিগোশ্চ

যে সকল পশুর মাংস অভক্ষ্য, যে সকল  
 পশু রোগযুক্ত, দেবোদ্দেশেও সে সকল পশু  
 হনন করিবে না ; হনন করিলে পাতকী  
 হইবে। বুদ্ধিপূর্ব্বক গোহত্যা করিলে, কৃচ্ছ্র-  
 ব্রত করিবে। অজ্ঞান বশতঃ গোহত্যা  
 করিলে, শঙ্করের শাসন অনুসারে অর্ধকৃচ্ছ্র-  
 ব্রত আচরণ করিবে। যে পর্য্যন্ত ঐ ব্রত-  
 আচরণ না করিবে, সে পর্য্যন্ত ক্ষৌরকর্ষ্ম,  
 নখচ্ছেদ এবং বস্ত্রে ক্ষারসংযোগ করিবে  
 না। হে শিবে! এক মাস উপবাস করিয়া  
 যাপন, এক মাস কণ্ডক্ষাণ দ্বারা অতিবাহন  
 ও একমাস তৈক্ষ্ণ্যম ভোজন করিয়া যাপন  
 করার নাম কৃচ্ছ্রব্রত। ব্রত শেষ হইলে,  
 মস্তক মুণ্ডন করিয়া লৌল-জ্ঞাপ্তি এবং বন্ধু-  
 দিগকে ভোজন করাইয়া জ্ঞানকৃত গোবধ-  
 জনিত পাতক হইতে বিমুক্ত হইবে। হে  
 শিবে! অপালনকৃত গোবধ-জনিত পাতকী  
 হইলে আট দিন উপবাস দ্বারা শুদ্ধ হইবে।

শ্রোতৃদষ্টোপবাসতঃণ বাহজাদ্যা বিশুদ্ধোদ্যুঃ  
 প দন্যনক্রমাচ্ছিবে ॥ ১৩৮ ॥ গম্ভোষ্ট্রমহিষা-  
 শ্বাৎশ্চ হস্তা কোলিনি কামতঃ । উপবাসৈ-  
 ন্তিহিত্য শ্রোতৃগানিবঃ কৃতকিঞ্চিৎ ॥ ১৩৯ ॥  
 মৃগমেঘাজমার্জ্জারান্ নিঘ্নয় পবসেনহঃ ।  
 ময়ূরশুকহংসাৎশ্চ সৃজ্যোতিব্রশনং ত্যজেৎ ॥  
 ১৪০ ॥ নিহত্য সান্বিজন্তুংশ্চ নজ্জমদ্যা-  
 গিরামিষম্ । নিরস্থিজীবিনো হস্তা মন-  
 স্থাপেন শুধ্যতি ॥ ১৪১ ॥ পশুমীনাশুজান্  
 নিঘ্নয় মৃগয়ায়াং মহীপতিঃ । ন পাপার্হো  
 ভবেদেবি রাজ্ঞো ধর্ম্মঃ সনাতনঃ ॥ ১৪২ ॥  
 দেবোদ্দেশাৎ বিনা জাদ্র হিংসাং সর্কত্র

কিঞ্চ ক্ষত্রিয়—ছয় দিন, বৈশ্য—চারি দিন  
 এবং শূদ্র—দুই দিন উপবাস করিয়া উক্ত  
 পাতক হইতে মুক্তি লাভ করিবে।  
 ১৩২—১৩৮। হে কোলিনি। ইচ্ছাপূর্ব্বক  
 হস্তী, উষ্ট্র, মহিষ, অশ্ব—এই সমুদায় জীব-  
 হত্যা দ্বারা পাপী মানব, তিন দিন উপবাস  
 করিলে সেই পাপ হইতে মুক্তি লাভ  
 করিবে। মৃগ, মেঘ, ছাগ ও মার্জ্জার বধ  
 করিলে, এক দিন উপবাস করিবে এবং  
 ময়ূর, শুক বা হংস বধ করিলে সূর্যোর  
 উদয়াবধি অস্তকাল পর্য্যন্ত উপবাস করিবে।  
 অস্থিযুক্ত-জীব-হত্যা করিলে, এক রাত্রি  
 নিরামিষ ভোজন করিবে। অস্থিহীন জীব-  
 হত্যা করিলে, অনুতাপ দ্বারাই শুদ্ধ হইবে।  
 হে দেবি। রাজা, মৃগয়াকালে পশু, মীন  
 বা অশুভ জীব হত্যা করিলে পাপী হইবেন  
 না, যেহেতু ইহা রাজাদিগের নিত্যধর্ম্ম।

বর্জয়েৎ । কৃত্যায়ৈ বৈধহিংসায়ৈ নরঃ  
পাটৈর্ন লিপ্যতে ॥ ১৪৩ ॥ সঙ্কল্পিতব্রত-  
পূর্তৌ দেবনির্মাল্যলভনে । অশুচৌ দেবতা-  
স্পর্শে গায়ত্রীজপমাচরেৎ ॥ ১৪৪ ॥ মাতা  
পিতা ব্রহ্মদাতা মহাত্মা গুরুঃ স্মৃতাঃ ।  
নিদমেতান্ বদনং ক্রুরং শুধ্যৎ পকোপ-  
বাসতঃ ॥ ১৪৫ ॥ এবম্যান্ গুরুন কোলান্  
বিপ্রান্ গর্হয়পি শ্রিয়ে । সার্কিয়রোপবাসেন  
মুক্তো ভবতি পাতকায় ॥ ১৪৬ ॥ বিজ্ঞার্থী  
মানবো দেশানখিলান্ গচ্ছতীতি । নিষিক-  
কৌলিকাচারং দেশং শাস্ত্রমপি ত্যজেৎ ॥  
১৪৭ ॥ গচ্ছন্ত স্বেচ্ছয়া দেশে নিষিক্কুল-

হে ভদ্রে । দেবোদ্দেশ্য ব্যতিরেকে সকল  
কর্মেই হিংসা বর্জনীয় । বৈধ হিংসা  
করিলে, মনুষ্য পাপে লিপ্ত হইবে না ।  
সঙ্কল্পিত ব্রত সম্পূর্ণ করিতে না পারিলে,  
দেবনির্মাল্য লভন করিলে বা অশুচি-  
কালের মধ্যে দেবপ্রতিমা স্পর্শ করিলে,  
গায়ত্রী জপ করিলে । মাতা, পিতা ও ব্রহ্ম-  
দাতা,—ইহারা মহাগুরু । যে ব্যক্তি ইহা-  
দিগের নিন্দা করিলে, বা নির্ভর বাক্য বলিলে,  
সে পঞ্চ দিবস উপবাস করিয়া করিয়া শুদ্ধ  
হইবে । হে শ্রিয়ে । • যে এইরূপ ভাব  
কোন গুরু, কোল বা ব্রাহ্মণকে নিন্দা  
করিলে, বা কটু বলিলে, সে সার্কিয় দিবস  
উপবাস করিয়া পাতক হইতে মুক্ত  
হইবে । ধনাধী মানবগণ সকল দেশেই  
গমন করিলে পারিলে ; কিন্তু যে দেশে বা  
যে শাস্ত্রে কৌলিচার নিষিদ্ধ, সেই দেশ ও

বহ্নানি । কুলধর্মায় পতেদ্রুয়ঃ শুধ্যৎ পূর্ণা-  
ভিমেকতঃ ॥ ১৪৮ ॥ উপনোদয়মারভ্য যামা-  
ষ্টকমভোজনম্ । উপবাসঃ স বিজ্ঞেয়ঃ প্রায়-  
শ্চিত্তে বিधीয়তে ॥ ১৪৯ ॥ পিবেৎ স্তোত্রাজলি-  
কৈকং জগমপি সমীরণম্ । মানবঃ প্রাণ-  
রক্ষার্থং ন ভ্রশ্যেদুপবাসতঃ ॥ ১৫০ ॥ উপ-  
বাসামমর্থশ্চেদ্রাজা বা জরসাপি বা । তদা  
প্রভুপবাসক ভোজয়েদ্বাদশ দ্বিজান্ ॥ ১৫১ ॥  
পরনিদাং নিজোৎকর্ষং বাসনামুক্তভাষণম্ ।  
অমুক্তং কস্য কুর্বাণো মনস্তাপৈবিনশ্যতি ॥  
১৫২ ॥ অজ্ঞানি যানি পাপানি জ্ঞানাজ্ঞান-  
কৃতানি । নশ্যন্তি জপনাদেব্যঃ সাবিত্র্যঃ

সেই শাস্ত্র পরিত্যাগ করিলে । ১৪৯—১৪৭।  
যে দেশে কৌলিকাচার নিষিদ্ধ, সেই দেশে  
কেহ স্বেচ্ছাক্রমে গমন করিলে, কুলধর্ম  
হইতে পতিত হইবেন ; তিনি পুনর্বার  
পূর্ণাভিমেক দ্বারা শুদ্ধ হইতে পারিবেন ।  
সূর্যোদয় অবধি অষ্টপ্রহর অনাহারের নাম  
উপবাস । প্রায়শ্চিত্তে তাহাই বিহিত ।  
প্রাণধারণের নিমিত্ত এক অঞ্জলি জল পান  
অথবা বায়ু অঙ্গন করিলে, উপবাস হইতে  
ভ্রষ্ট হইবে না । বার্কিক্য বা শারীরিক  
সীড়া নিবন্ধন উপবাস করিতে অসমর্থ  
হইলে প্রত্যেক উপবাসের আনুক্রম্য দ্বাদশটি  
ব্রাহ্মণ ভোজন করাইবে । পরের নিন্দা,  
নিজের প্রশংসা, অথবা দুঃখাজনক অমুক্ত  
বাক্য-কথন, কিংবা অবৈধ কার্য করিলে,  
কেবল অমুক্তাপ দ্বারা শুদ্ধি লাভ করিতে  
পারিলে । এতদ্ব্যতিরিক্ত জ্ঞান বা অজ্ঞান-

কৌলভোজনাং ॥ ১৫৩ ॥ সামান্যনিয়মান  
পুংসাং স্ত্রীষু যথেষ্টমু যোজয়েৎ । যোযিতাস্ত  
বিশেষোহয়ং পতিরেকো মহাশুরুঃ ॥ ১৫৪ ॥  
মহারোগাধিতা যে চ যে নঃশিচিররোগিণঃ ।  
স্বর্ণদানেন পুত্রাঃ স্ত্রীদৈবৈ পিত্রোহধি-  
কারিণঃ ॥ ১৫৫ ॥ অপমৃতমৃতেনাপি দুষিত  
বিদ্যাদগ্নিনা । গৃহং বিশোধয়েদ্ধৌমৈর্ব্যাহৃত্য  
শতসংখ্যকৈঃ ॥ ১৫৬ ॥ বাপীকুপতড়াগেষু  
সাম্রাং শবনিরীক্ষণাং । উদ্ধৃত্য কুণপং  
তেভ্যস্তত্তত্তানু পরিশোধয়েৎ ॥ ১৫৭ ॥ পূর্ণাভি-  
ষেকমমুভিমুদ্রিতৈঃ শুদ্ধবারিভিঃ । পূর্ণোক্ত-

কৃত সকল পাপই গায়ত্রীদেবীর উপাসনা ও  
কৌলভোজন দ্বারা বিনষ্ট হয় । পুরুষের  
প্রতি যে সমুদায় সাধারণ নিয়ম বিহিত  
হইল, তাহা স্ত্রীলোক ও নপুংসকদিগের  
প্রতি যোগ করিবে । কিন্তু স্ত্রীজাতির  
বিশেষ এই যে, তাহাদের তর্জাই মহাশুরু ।  
যাহারা মহাব্যাধিগ্রস্ত ও যাহারা চির-  
রোগী, তাহারা স্বর্ণ দান দ্বারা পবিত্র  
হইয়া দৈব ও পৈত্র কৰ্ম্মে অধিকারী  
হইবে । কোন গৃহ—অপমৃত ব্যক্তি দ্বারা  
অথবা বিদ্যাদগ্নি দ্বারা দুষিত হইলে “ভুঃ  
স্বাহা, ভুঃ স্বাহা, স্বঃ স্বাহা” এই ব্যাহতি  
দ্বারা শতসংখ্যক হোম করিয়া সেই গৃহ  
শোধন করিবে । বাপী, কুপ, ওড়াগ প্রভৃ-  
তিতে অগ্নিযুক্ত শব দেখা যাইলে সেই শব  
উত্তোলনান্তে বাপী কুপ প্রভৃতি শোধন  
করিবে । (উহা শোধন করিবার বিধি এই-  
রূপ যথা, ) একবিংশতি কুস্ত বিশুদ্ধ জল,

সপ্তকুস্তৈস্তানু প্লাবয়েদিত্তি শোধনম্ ॥ ১৫৮ ॥  
যদি দল্লভসান্তে স্ত্র্যাঃ শবদুর্গন্ধদুষিতাঃ ।  
সপদ্ধং সলিলং সর্ষপদুগ্ধত্যাগায়য়েৎ তু তানু ॥  
১৫৯ ॥ মর্জি ভূরীনি তোরনি গজদদ্যানি  
তেযু চেৎ । শতকুস্তজলোদ্ধারিত্যেবেকেন  
শোধয়েৎ ॥ ১৬০ ॥ যদ্যেবং শোধিতা ন  
দ্ব্যমৃতস্পৃষ্টজলাশয়ঃ । অপয়মলিনান্তেষাং  
প্রতিষ্ঠামপি নাচরেৎ ॥ ১৬১ ॥ জ্ঞানমেধু  
জলৈরেবাং কুর্কবু কৰ্ম্ম বৃথা ভবেৎ । দিন-  
মেকং নিরাহারঃ শুধ্যো পক্ষ্যমুভাশনাং ॥  
১৬২ ॥ যাচৎ ধূমিনং দৃষ্ট্বা বীরং যুদ্ধ-

পূর্ণাভিষেক-মন্ত্র দ্বারা মর্জিত করিয়া তদ্বারা  
ঐ বাপী প্রভৃতিতে প্লাবন করিবে । যদি ঐ  
বাপী প্রভৃতিতে জল জল থাকে এবং  
শবের দুর্গন্ধ তাহা দুষিত হয়, তাহা হইলে  
তাহার সমুদায় জল পক্ষের সহিত উদ্ধার  
করিয়া পূর্ণোক্ত প্রকারে তাহাদিগকে  
আপ্লাবন করিবে । ১৫৮—১৫৯ । উক্ত  
জলাশয়ে যদি হস্তি-প্রমাণ বহু জল থাকে,  
তাহা হইলে একশত কুস্ত জল উত্তোলন-  
পূর্বক উক্ত অভিষেক-মন্ত্রপুত একবিংশতি  
কুস্তমলিল দ্বারা প্লাবিত করিয়া তাহাকে  
শোধন করিবে । নবস্পৃষ্ট জলাশয় যদি  
এরূপে শোধিত না হয়, তবে তাহার জল-  
পান কর্তব্য নহে এবং তাদৃশ জলাশয়ের  
প্রতিষ্ঠাও করিবে না । এই জলে জ্ঞান বা  
ইহা দ্বারা কোন কৰ্ম্ম করিলে তাহা বৃথা  
হয় । এই জলে জ্ঞান করিলে বা জল দ্বারা  
কোন কৰ্ম্ম করিলে, তাহারা একদিন নিরা-

পরাধুৰ্ম্ম। দুষকং কুলধৰ্ম্মাণং মদ্যপানক  
কুলজিয়ম্ ॥ ১৬৩ ॥ মিত্রজ্যেহকরং মর্ত্যং  
স্বয়ং পাপরতং বুধম্ । পশুন্ সূৰ্য্যং স্মরন্  
বিমুখং সচেগঃ জ্ঞানমাচরেৎ ॥ ১৬৪ ॥ স্বর-  
কুকটকোলাংষ্ট বিক্রীণস্তো দ্বিজাতয়ঃ ।  
নীচবৃত্তিং চরন্তোহপি শুভোযুক্তিদিনব্রতং ॥  
১৬৫ ॥ দিনমেকং নিরাহারো দ্বিতীয়ং কণ-  
ভোজনঃ । অপরম্ নয়েদন্তিস্তিদিনব্রত-  
মগ্নিকে ॥ ১৬৬ ॥ গৃহেহমুদ্বাটিতধারেহনাহঃ  
প্রবিশন্ নরঃ । বারিতার্থপ্রবক্তাপি পকাহ-

হারে থাকিয়া পকামৃত পান করণানন্তর  
শুদ্ধি লাভ করিবে। যে ধনবান্ হইয়া  
যাজ্ঞা করে, বীর হইয়া সংগ্রাম হইতে  
পরাধুৰ্য্য হয়, যে কুলধর্ম্মের দুষক, যে কুল-  
কামিনী হইয়া সুরাপান করে, যে মিত্রজ্যেহ  
করে বা যে পশিত হইয়া স্বয়ং পাপাচরণে  
রত হয়, তাহাদিগের অগ্রতমকে যে দর্শন  
করিবে, সেই ব্যক্তি সূর্য্য দর্শনপূর্ব্বক বিষ্ণু-  
স্মরণান্তে সেই বস্তুর সহ জ্ঞান করিয়া  
পাপ হইতে মুক্ত হইবে। যে দ্বিজাতি  
হইয়া গর্দভ, কুকট অথবা শূকর বিক্রয়  
করে কিংবা অশ্রু নীচ কর্ম্মে প্রবৃত্ত হয়,  
তিন দিন ব্রতানুষ্ঠান করিলে তাহার শুদ্ধি-  
লাভ হইবে। হে অগ্নিকে । তিন দিন ব্রত  
করিবার রীতি এই যে, একদিন অনাহার,  
একদিন কণভোজন ও একদিন জল পান  
করিবে। বারব্রত গৃহে যদি কেহ আহুত  
না হইয়া প্রবেশ করে, অথবা যে কথা  
বলিতে বারণ আছে, সেই কথা বলিয়া

মশনং ত্যজেৎ ॥ ১৬৭ ॥ আগচ্ছতো গুরু-  
দৃষ্টা নোস্তিষ্ঠেদযো মদাষিতঃ । তথৈব কুণ-  
শাস্ত্রানি শুভোদেকোপবাসতঃ ॥ ১৬৮ ॥ এত-  
স্মিন্ শান্তবে শান্ত্রে ব্যক্তার্থপদবৃ-  
হিতে কুটেনাং বজ্রযন্তঃ পতিত্যা যাত্যাদোগতিম্ ।  
১৬৯ ॥ ইদং তে কথিতং দেবি সারংসারং  
পরংপরম্ । ইহামুত্রার্থদং ধর্ম্মাং পানং  
হিতকারকম্ ॥ ১৭০ ॥

ইতি শ্রীমহানির্বাণতন্ত্রে দ্বাপরানিষ্ট-  
জনকপাপপ্রায়শ্চিত্তকথনং নার্মেকাদশ  
উল্লাসঃ ॥ ১১ ॥

ফলে, তাহা হইলে পাঁচ দিন আহার  
ত্যাগ করিতে হইবে। যে গর্দভযুক্ত হইয়া,  
আগমনকারী গুরুজনকে দেখিয়া গাত্ৰোথান  
না করে, অথবা কুলশাস্ত্র আনিতে দেখিয়া  
গাত্ৰোথান না করে, সেই ব্যক্তি এক দিন  
উপবাস করিয়া শুদ্ধ হইবে। সুব্যক্ত অর্থ-  
যুক্ত নিবশ্রীত এই শাস্ত্রে যাহারা কুট অর্থ  
করিবে, তাহারা পতিত হইয়া অধোগতি  
লাভ করিবে। হে দেবি। তোমার নিকট  
যুহা কথিত হইল, ইহা সার হইতে সার,  
উৎকৃষ্ট হইতে উৎকৃষ্ট, ধর্ম্মা, পবিত্রতা  
কারক, হিতকারক এবং ইহলোকে ও পর-  
লোকে পরমার্থপ্রদ। ১৬০—১৭০।

একাদশ উল্লাস সমাপ্ত ॥ ১১ ॥

## দ্বাদশ উল্লাসঃ ।

শ্রীমদাশ্বিনী উবাচ । ভূয়ন্তে কথমা-  
 মাদ্যো ব্যবহারান্ সনাতনান্ । যান্ রক্ষান্  
 প্রবিদান্ রাজা স্বচ্ছন্দং পালয়েৎ প্রজাঃ ॥১॥  
 নিয়মেন বিনা রাজ্ঞো মানবাঃ ধনলোলুপাঃ ।  
 মিথস্তে বিনদিযান্তি গুরু-স্বজন-বন্ধুভিঃ ॥২॥  
 ব্যতিস্তুতি তদা দেবি স্বার্থিনো বিত্তহতবে ।  
 পাপাশ্রয়া ভবিযান্তি হিংসরা চ জিহীর্ষয়া ॥  
 ৩॥ অতস্তেষাং হিতার্থায় নিয়মো ধর্মসম্মতঃ ।  
 নিষোজ্যতে সমাপ্রিত্য ন ভ্রংশ্যুঃ শুভানরাঃ ॥  
 ৪ ॥ দণ্ডয়েৎ পাপিনো রাজা যথা পাপাপ-

## দ্বাদশ উল্লাস ।

শ্রীমদাশ্বিনী কহিলেন,—হে আদ্যো ।  
 অগ্নি পুনর্বার তোমাকে সনাতন ব্যবহার  
 বলিতেছি ; রাজা যে ব্যবহার রক্ষা করিলে  
 এবং বিদিত হইলে স্বচ্ছন্দে প্রজা পালন  
 করিতে পারেন । রাজার নিয়ম ব্যতিরেকে  
 মানবগণ ধনলোলুপ হইয়া গুরুজন, স্বজন  
 ও বন্ধু বান্ধবের সহিত পরস্পর বিবাদ  
 করিবে । হে দেবি । ধনের নিমিত্ত পরস্পর  
 পরস্পরকে প্রহার ও বিনাশ করিবে এবং  
 তাহারা,—হিংসা ও ধনহরণেচ্ছা দ্বারা  
 পাপাবলম্বী হইবে । অতএব আমি মনুষ্য-  
 দিগের মঙ্গলের জন্ত ধর্মসম্মত রাজনিয়ম  
 নিবন্ধ করিতেছি । মানবগণ এই নিয়মের  
 অনুবর্তী হইলে কখনও মঙ্গল হইতে ভ্রষ্ট  
 হইবে না । রাজা পাপ-ধণ্ডনের নিমিত্ত  
 যেমন পাপীদিগের দণ্ডবিধান করিবেন,

কুণ্ডয়ে । তথৈক বিভজেদায়ান্ নৃণাং সম্বন্ধ-  
 ভেদতঃ ॥ ৫ ॥ সম্বন্ধো দ্বিবিধো জ্ঞেয়ো  
 বিবাহাজ্জন্মনস্তথা । তত্রৌষাহিকসম্বন্ধাদ-  
 পত্ন্যা বলবর্তরঃ ॥ ৬ ॥ দায়ে তুর্জাতনাজ্জায়ান্  
 সম্বন্ধোহধস্তনঃ শিবে । অধউর্জক্রমাৎ জীতঃ  
 পুমান্ মুখ্যতরঃ স্মৃতঃ ॥ ৭ ॥ তত্রাপি সন্নি-  
 কর্ষেণ সম্বন্ধী দায়মর্হতি । অনেন বিধিনা  
 ধীরা বিভজেয়ুঃ ক্রমাঙ্কনম্ ॥ ৮ ॥ মৃতস্ত  
 পুত্রে পৌত্রে চ কন্যাসু পিতরি দ্বিতে ।  
 ভার্গ্যায়ামপি দায়ার্হঃ পুত্র এব ন চাপরঃ ॥  
 ৯ ॥ বহুবস্তনয়া যত্র সর্বে তত্র সমাংশিনঃ ।  
 জ্যেষ্ঠে রাজ্যাধিকারিত্বং তৎ তু বংশানু-

মেই প্রকার মনুষ্যদিগের সম্বন্ধভেদে দায়  
 বিভাগ করিয়া দিবেন । বিবাহ ও জন্ম-  
 ভেদে সম্বন্ধ দুই প্রকার । ইহার মধ্যে  
 বৈবাহিক সম্বন্ধ অপেক্ষা জন্মাদীন সম্বন্ধ  
 অতিশয় বলবান্ । হে শিবে । ধনাধিকার  
 বিষয়ে উর্জতন সম্বন্ধ অপেক্ষা অধস্তন সম্বন্ধ  
 শ্রেষ্ঠ । এইরূপ অধ-উর্জ ক্রমে জীজাতি  
 অপেক্ষা পুরুষজাতিই শ্রেষ্ঠ । ইহার মধ্যে  
 অধিকতর নিকট সম্বন্ধক্রমে দায়াদিকারী  
 হইবে । পণ্ডিতগণ এই বিধানানুসারে  
 যথাক্রমে ধনবিভাগ করিবেন । ১—৮ । মৃত  
 ব্যক্তির যদি পুত্র, পৌত্র, কন্যা, পিতা ও  
 ভার্গ্যা প্রভৃতি জীবিত থাকে; তাহা হইলে  
 পুত্রই ধনাধিকারী হইবে, অতঃ কেহ হইবে  
 না । যে স্থলে বহু সন্তান আছে, সে  
 স্থলে সকল পুত্রই সমান অংশ প্রাপ্ত  
 হইবে ; কিন্তু বংশানুক্রমে জ্যেষ্ঠ পুত্রই

সারতঃ ॥ ১০ ॥ ঋণং যৎ পৈতৃকং তচ্চ  
শোধয়েৎ পৈতৃকৈর্ধনৈঃ । তস্মিন্ দ্বিতে  
বিভাগার্হং ন ভবেৎ পৈতৃকং বহু ॥ ১১ ॥  
বিভজ্য যদি গৃহীযুর্বিভবং পৈতৃকং নরঃ ।  
তেভ্যস্তদনমাহীত্য পিতৃণাং দাপয়েন্নৃপঃ ॥  
১২ ॥ যথা স্বকৃতপাপেণ নিরয়ং যান্তি  
মানবাঃ । ঋণেনাপি তথা বন্ধঃ স্বয়মেব ন  
চাপরঃ ॥ ১৩ ॥ সাধারণং ধনং যচ্চ শ্রাবরং  
শ্রাবরেতরম্ । অংশিনঃ প্রাপ্তুমর্হন্তি স্বং  
স্বমংশং বিভাগতঃ ॥ ১৪ ॥ অংশিনাং  
সম্মতাবেব বিভাগঃ পরিষিদ্ধতি । তেষাম-  
সম্মতো রাজা সমদৃষ্ট্যক্ষমাচরেৎ ॥ ১৫ ॥

রাজ্যাধিকারী হইবে । যদি পৈতৃক ঋণ  
থাকে, ছবে পৈতৃক ধন হইতেই তাহা শোধ  
করিতে হইবে, যেহেতু পৈতৃক ঋণ থাকিলে  
পৈতৃক ধন বিভাগযোগ্য হয় না । যদি পৈতৃক  
ঋণ থাকিতে পুত্রেরা পৈতৃক ধন বিভাগ  
করিয়া লয়, তাহা হইলে রাজা তাহাদের  
নিকট সেই ধন গ্রহণ করিয়া পৈতৃক ঋণ  
পরিশোধ করাইবেন । আপনি পাপ করিলে  
যেমন আপনাকেই নরকে যাইতে হয়,  
সেইরূপ নিজকৃত ঋণে নিজকেই বন্ধ হইতে  
হয় ; অপর কেহই বন্ধ হয় না । শ্রাবর  
বা অশ্রাবর যাহা কিছু সাধারণ ধন,  
অংশীরা বিভাগানুসারে তাহা হইতে  
আপন আপন অংশ প্রাপ্ত হইতে পাবেন ।  
অংশীদিগের সম্মতি হইলেই বিভাগ সিদ্ধ  
হইবে ; তাহাদিগের অসম্মতি হইলে  
রাজা পক্ষপাতশূন্য দৃষ্টিতে, অংশ করিয়া

শ্রাবরশ্চ চরশ্চাপি বিভাগানর্হবক্ষনঃ । মূল্যং  
বা তদুপস্বত্বমংশিনাং বিভজেন্নৃপঃ ॥ ১৬ ॥  
বিভক্তেহপি ধনে যন্ত সীয়াংশঃ প্রতি-  
পাদয়েৎ । পুনর্বিভজ্য তদুপস্বত্বমপ্রাপ্তাংশায়  
দাপয়েৎ ॥ ১৭ ॥ কৃতে বিভাগে অব্যাপা-  
মংশিনাং সম্মতো শিবে । পুনর্বিবাদয়ন্তত্র  
শাস্ত্রো ভবতি ভূতঃ ॥ ১৮ ॥ দ্বিতে প্রোক্ত  
পৌত্রে চ ভার্ঘ্যস্বাক পিতৃ্যপি । পৌত্র  
এব ধনার্হঃ স্তাদধস্তাজ্জমগৌরবাৎ ॥ ১৯ ॥  
অপুত্রশ্চ দ্বিতে তাতে সে দরে চ পিতা-  
মহে । জমাতঃ সমিকর্ষণে পিতৈবাস্ত ধনং

দিবেন । যে শ্রাবর অশ্রাবর বিভাগ করিতে  
পারা যায় না, রাজা তাহার মূল্য বা উপস্বত্ব  
অংশীদিগকে বিভাগ করিয়া দিবেন । ধন  
বিভক্ত হইবার পরেও যে ব্যক্তি ঐ ধনে  
আপন অংশ প্রমাণিত করে, রাজা সেই  
ধন পুনর্বার বিভাগ করিয়া সেই অলক্ষ-  
অংশ ব্যক্তিকে দেওয়াইবেন । হে  
শিবে । সমুদায় অংশীর সম্মতি-ক্রমে  
ধন বিভাগ করিবার পর ( পূর্বকৃত  
বিভাগ অস্বীকারপূর্বক ) ঐ বিভাগে পুন-  
র্বার বিবাকারী ব্যক্তি, রাজার নিকটে  
দণ্ডনীয় হইবে । মৃত ব্যক্তির পৌত্র,  
ভার্ঘ্য ও পিতা বিদ্যমান থাকিলে ঐ  
পৌত্রই অধস্তনরূপ গৌরব নিবন্ধন  
ধনাধিকারী হইবে । ১—১৯ । অপুত্র মৃত  
ব্যক্তির পিতা, মহোদর ও পিতামহ  
থাকিলে, জন্ম অনুসারে নৈকট্য বশতঃ  
পিতাই তাহার ধনাধিকারী হইবে । হে

হরেৎ ॥ ২০ ॥ , বিদ্যমানাঃ কষ্টাঃ সন্নি-  
কৃষ্টাঃপি শ্রিয়ে । মৃতস্ত পৌত্রো ধনভাগ-  
যতোমুখ্যতরঃ পুমান্ ॥ ২১ ॥ ধনং মৃতেন  
পুত্রেন পৌত্রেন যতি পিতামহাৎ । অতোহত্র  
গীয়তে লোকৈঃ পুত্ররূপঃ স্বয়ং পিতা ॥ ২২ ॥  
ঔদ্ধাহিকৈঃপি সমক্ষে ব্রাহ্মী ভাৰ্য্যা বরী-  
য়নী । অপুত্রস্য হরেৎকুখং পত্ন্যদেহাঙ্ক-  
হারিণী ॥ ২৩ ॥ পতিপুত্রবিহীনা তু সংপ্রাপ্য  
স্বামিনো ধনম্ । নৈব দাতুং ন বিক্রেতুং  
সমৰ্থা স্বধনং বিনা ॥ ২৪ ॥ পিতৃভিঃ পুস্তরৈ-  
র্বাপি দত্তং যক্ষ্মণস্যাতম্ । স্বকৃত্যোপা-  
জ্জিতং যচ্চ স্ত্রীধনং তৎ প্রকীৰ্ত্তিতম্ ॥ ২৫ ॥  
তস্মাৎ মৃতায়ামকুখং তৎ পুনঃ স্বামিপদং

শ্রিয়ে । কষ্টা অতি সন্নিকৃষ্টা হইলেও মৃত  
ব্যক্তির ঐ কষ্টা বিদ্যমান থাকিতে পৌত্র  
ধনাধিকারী হইবে; যেহেতু স্ত্রী অপেক্ষা  
পুরুষই মুখ্যতর । মৃত পুত্র সোপান করিয়া  
ধন পিতামহ হইতে পৌত্রে গমন করিবে ।  
এইজন্য লোকে কীৰ্ত্তিত হয় যে, পিতা  
স্বয়ংই পুংস্বরূপ । ঔদ্ধাহিক সমক্ষে ব্রাহ্মী  
বিধি অনুসারে নিবাহিতা ভাৰ্য্যাই শ্রেষ্ঠা ।  
ভর্তার অঙ্গাস্বরূপা সেই ব্রাহ্মী ভাৰ্য্যাই  
অপুত্র স্বামীৰ ধনাধিকারিণী হইবে । পতি-  
পুত্র-বিহীনা নারী স্বামিধন প্রাপ্ত হইলেও  
দান বা বিক্রয় করিতে পারিবে না; কেবল  
স্ত্রীধন দান-বিক্রয় করিতে পারিবে । পিতৃ-  
কুলের বা পুস্তর-কুলের দত্ত ধন অথবা ধর্ম্ম-  
ানুসারে নিজ কার্য্য দ্বারা উপার্জিত যে ধন  
তাহা "স্ত্রীধন" বলিয়া কথিত । ঐ নারী

ব্রজেৎ । তদামৃতরো দিকুখমধ-উক্কক্রমা-  
করেৎ ॥ ২৬ ॥ মৃতো পতৌ স্বদর্শনো পতি-  
বন্ধুবশে স্থিতা । তদভাবে পিতৃবন্দ্যোস্তিষ্ঠতী  
দায়মহতি ॥ ২৭ ॥ শক্তিভ্যাভিচারাপি ন  
পত্ন্যদায়াভাগিনী । লভতে জীবনং মাত্রং  
ভর্তৃবিভবহারিণঃ ॥ ২৮ ॥ বহব্যাশেচন-  
নিতাস্তস্য স্বর্ঘ্যতুর্ধন্যতংপর্য্যঃ । ভজেরন  
স্বামিনো বিত্তং সমাশ্রয়ন শুচিশ্রিতে ॥  
২৯ ॥ পত্ন্যধনহরায়াস্ত মৃতৌ ভর্তৃহতা-  
স্থিতৌ পুনঃ স্বামিপদং গতা ধনং হৃদিতরং

মৃত্যু হইলে প্রাপ্ত স্বামি-ধন পুনর্বার স্বামি-  
ধন-স্থানীয় হইবে, অর্থাৎ ঐ স্ত্রীর অধিকারে  
আসিগা পূর্বে যেমন ছিল, সেইরূপ হইবে,  
(বিত্ত সে স্বামী না থাকায়) উক্কতন  
অনুসারে অতি নিকটবর্তী ব্যক্তি ঐ ধন  
প্রাপ্ত হইবে । ২০—২৬ । স্বামীর মৃত্যুর  
পর নারী স্বধর্ম্ম অনুসারে থাকিয়া পতি-  
বন্ধুদিগের বশবর্ত্তিনী হইয়া, তদভাবে পিতৃ-  
বন্ধুদিগের বশবর্ত্তিনী হইয়া, আত্মহান করিলে,  
ধনাধিকারিণী হইবে । যে নারীর প্রতি  
ব্যভিচারের শঙ্কাও হইবে, সে ভর্তৃধন প্রাপ্ত  
হইবে না । যে ব্যক্তি তাহার স্বামি-ধনে  
অধিকারী হইকে, তাহার নিকট বিত্তর  
অনুসারে জীবিকামাত্র প্রাপ্ত হইবে । হে  
শুচিশ্রিতে । যদি স্বর্গ-প্রাপ্ত ব্যক্তির বহু  
পত্নী থাকে, তাহা হইলে তাহার সকলেই  
সমান অংশ করিয়া সেই ভর্তৃধন লইবে ।  
স্বামি-ধন-ভাগিনী পত্নীর মৃত্যু হইলে এবং  
ভর্তার কষ্টা বিদ্যমান থাকিলে, সেই ধন

অন্তঃ ॥ ৩০ ॥ এবং দ্বিতীয়াং কন্যায়া-  
মুখ্যং পুত্রাধ্বনং । তদাত্তো স্বামিনঃ  
প্রাপ্য পুত্রাং তৎসুতামিমাং ॥ ৩১ ॥  
তথা পিতামহে মৃত্যে বিস্তং মাতৃগতং শিবে  
তদাত্তো মৃত্যুয়াং পুত্রাং ভক্তা পুত্রগতং  
ভবেৎ ॥ ৩২ ॥ মৃত্যোক্তগতং বিস্তং যথা  
প্রাপ্যতি তৎপিতা । জনমপি তৎপৌতি  
পতিহীন ভবেদ্যদি ॥ ৩৩ ॥ অতঃ সত্যং  
জনমাত্ত বিমাতা ন ধনং হরেৎ । মৃত্যে জন-  
মাত্ত প্রাপ্য পিতা গচ্ছেদ্বিমাতরম্ ॥ ৩৪ ॥  
অধস্তনানাং বিবহাদযথা বিকৃতং ন যাত্যধঃ ।  
যেনৈবাস্তনং প্রাপ্তং তেনৈবোক্তং মতদা

পুনর্বার ভর্তৃধন-স্থানীয় হইয়া দুহিতগামী  
হইবে । এইরূপ কন্যা বর্তমানে পুত্রবধূগতধন  
পুত্রবধূমৃত্যু হইলে পুনর্বার স্বামীকে প্রাপ্ত  
হইয়া পুত্রগত, পুত্র হইতে সেই ধন  
কন্যা প্রাপ্ত হয় । হে শিবে । এইরূপ পিতা-  
মহ বিদ্যমান থাকিতে যদি ধন মাতৃগামী  
হয়, মাতার মৃত্যুর পর সেই ধন মাতার  
ভর্তা, অথচ পিতামহের পুত্রের ধনস্থানীয়  
হইয়া পিতামহগামী হইবে । মৃত ব্যক্তির  
উক্তগত ধন যেমন পিতা প্রাপ্ত হয়, সেইরূপ  
পতিহীনা মাতাও প্রাপ্ত হইয়া থাকে ।  
জননী বর্তমান থাকিতে বিমাতা ধনভাগিনী  
হইবে না । জননীর মৃত্যু হইলে, পুত্রকে  
অজ্ঞায় করিয়া পিতা দ্বারা বিমাতাও ধন-  
ভাগিনী হইবে । অধস্তন অধিকারীর  
অভাব হইলে, ধন অধোগামী হয় না,  
পুত্রকে সেই ধন যে ক্রমে অধোগামী হইয়া-

অন্তঃ ॥ ৩৫ ॥ অতঃ দ্বিতী পিতৃব্যস্ত ধনং  
স্বগতকং সৎ । পত্যৌ দ্বিতেনপত্যয়া  
মৃত্যৌ পিতৃব্যমাত্তয়েৎ ॥ ৩৬ ॥ উক্তাধ্বনমধঃ  
প্রাপ্য পুমাংসমবলম্বতে । অতঃ সত্যং  
সোদরায়াং বৈমাত্রেয়ো ধনং হরেৎ ॥ ৩৭ ॥  
দ্বিতীয়াং সোদরায়াং বিমাতৃঃ পুত্রসন্ততো ।  
বৈমাত্রেয়গতং বিস্তং বৈমাত্রেয়ায়য়ো ভক্তেৎ ।  
৩৮ ॥ মৃত্যু সোদরো ভাতা বৈমাত্রেয়স্তথা  
শিবে । ধনং পিতৃগতত্বেন বিভক্তোঃ সমাং-  
শিনো ॥ ৩৯ ॥ কন্যায়াং জীবিতায়াক তদ-

ছিল অর্থাৎ মৃত ব্যক্তি পর্যন্ত আসিয়া-  
ছিল, সেই ক্রমেই উক্তগামী হইবে ।  
২৭—৩৫ । অতএব পিতৃব্য থাকিতে ধন  
ভগিনীগামী হইলেও কন্যা-পুত্র-রহিতা ঐ  
ভগিনীর পতি বিদ্যমান থাকিতে মৃত্যু  
হইবার পর সেই ধন পিতৃব্যই প্রাপ্ত  
হইবে । ধন উক্ত হইতে অধোগামী  
হইয়া, প্রথমে পুত্রকে আশ্রয় করে ;  
অতএব সহোদরা ভগিনী বর্তমান  
থাকিতেও বৈমাত্রেয় ভাতা ধনধিকারী  
হইবে । সহোদরা ভগিনী ও বৈমাত্রেয়  
ভাতার সম্মান বিদ্যমান থাকিলেও  
বৈমাত্রেয়-ভাতৃগত ধন বৈমাত্র ভাতার  
সম্মানই প্রাপ্ত হইবে । হে শিবে । মৃত  
ব্যক্তির ধন সহোদর ও বৈমাত্রেয় ভাতা  
উভয়ে সমান বিভাগ করিয়া লইবে ;  
কিন্তু, ঐ ধন, মৃত ব্যক্তির পিতৃ-ধন-স্থানীয়  
হয় । কন্যা জীবিত থাকিতে তাহার পুত্র  
ধনধিকারী হইবে না । যে স্থলে যে ধনধি-

পত্যং ন দায়ভাক্তৃ । যত্র যদ্বাদিতং বিভক্তং  
তস্মৈ তাবপন্নং ব্রজেৎ ॥ ৪০ ॥ বিভক্তেযু হু-  
তবঃ পুত্রাভাবে পিতৃবৎ ॥ উদাহরন্ত্যোহনু-  
চাঁক পিতুঃ সাধারণৈর্ধনৈঃ ॥ ৪১ ॥ অসমুভ্য-  
মুদ্রায়াম্ চ জীধনং স্বামিনং ব্রজেৎ । অমৃত-  
তু অবিধং যস্যাদাপ্তং তৎপদমাশ্রয়েৎ ॥ ৪২ ॥  
শ্রোতলক্ষ্যধনৈর্নারী বিদধ্যাদাপ্যপোষণম্ ।  
পুণ্যমুত্তমপদৈর্ধনং শক্তা দানবিক্রয়ে ॥ ৪৩ ॥  
পিতামহস্যুদায়াকং সত্যং তাত্ত্ববিমাতরি ।  
পিতামহগতং রিকুথং তৎপুত্রেণ সুষাং  
ব্রজেৎ ॥ ৪৪ ॥ পিতামহে পিতৃব্যে চ তথা

কারের বাধক, সেই স্থলে তাহার মৃত্যুর  
পর অপরকে আশ্রয় করিবে, (এখানে কন্যা,  
দৌহিত্রের ধনাধিকারের বাধক, স্ত্রীর  
কন্যার মৃত্যুর পর দৌহিত্র অধিকারী) ।  
অবিবাহিতা ভগিনীর বিবাহ, সাধারণ  
পৈতৃক ধন দ্বারা দিয়া, পুত্র না থাকিলে  
কন্যার পিতৃধন বিভাগ করিয়া লইবে ।  
সমুত্তি-রহিতা মৃত নারীর জীধন স্বামী প্রাপ্ত  
হইবে । জীধন ভিন্ন অমৃত ধন যাহার  
উত্তরাধিকার-স্বত্বে প্রাপ্তি হইয়াছিল, সেট  
ব্যক্তির উত্তরাধিকারী তাহা প্রাপ্ত হইবে ।  
নারী, উত্তরাধিকারিতা সম্বন্ধে যে ধন শ্রোত  
হইতে প্রাপ্ত হইবে, তাহা হইতে আপনার  
অপোষণ করিবে এবং তাহার উপস্বত্ব  
দ্বারা পুণ্য কর্ম করিবে, কিন্তু দান-বিক্রয়  
করিতে পারিবে না । পিতৃব্য-পত্নী ও  
পিতৃ-বিমাতা বিদ্যমান থাকিলে, ধন পিতা-  
মহগামী হইয়া পশ্চাৎ পিতৃব্য দ্বারা

ভাতরি জীবতি । অধোভবানাং মুখ্যত্বাদ-  
ভাতৈব ধনভাগভবেৎ ॥ ৪৫ ॥ পিতৃব্য-  
সম্বন্ধেহত্র তুল্যো ভাতৃপিতামহৌ । ধন-  
পিতৃপদং গতা প্রাপ্তভাতৃভাবং ব্রজেৎ ॥ ৪৬ ॥  
শ্রোতপ্যপত্যে হুহিতুঃ শ্রোতস্ত পিতরি  
শ্রিতে । হুহিতপত্যং ধনভাগিনং যস্যাদিধো-  
মুখম্ ॥ ৪৭ ॥ স্বপ্রয়াতুঃ শ্রিতে তাত্তে তথা  
মাতরি কালিকে । পুংসৌ মুখ্যতরত্বেন ধন-  
হারী ভবেৎ পিতা ॥ ৪৮ ॥ শ্রিতে স্বপিতৃ-  
সাপিত্তো বর্ত্তমানেহপি মাতুলে । শ্রোতস্ত  
ধনহারী ত্বাং পিতুঃ সম্বন্ধগৌরবাৎ ॥ ৪৯ ॥  
অধস্তাদিগমনাভাবে " ধনমূর্কভবং গতম্ ।

পিতৃব্য-পত্নীকেই আশ্রয় করিবে । পিতা-  
মহ, পিতৃব্য ও ভাতা জীবিত থাকিলে,  
অধ ন পুরুষের প্রধানতা হেতু ভাতাই  
ধনভাগী হইবে । পিতৃব্য অপেক্ষা ভাতা  
ও পিতামহ উভয়েই সমান সম্বন্ধে,  
ঈদৃশ স্থলে মৃত ব্যক্তির ধন পিতৃধন-  
স্থানীয় হইয়া ভাতৃগামী হইবে । ৪৬—৪৭ ।  
মৃত ব্যক্তির দৌহিত্র ও পিতা বর্ত্তমান  
থাকিলে, দৌহিত্রই ধনাধিকারী হইবে,  
যেহেতু ধন স্বভাবতই অধোগামী । হে  
কালিকে । স্বর্গগত ব্যক্তির পিতা ও মাতা  
বিদ্যমান থাকিলে পুরুষের মুখ্যতরত্ব হেতু  
পিতাই ধনাধিকারী হইবে । মৃত ব্যক্তির  
মাতুল জীবিত থাকিলেও পিতৃসম্বন্ধের  
গৌরব হেতু পিতৃসপিত্ত ব্যক্তিই ধন  
প্রাপ্ত হইবে । হে শ্রিবে । ধন অধো-  
গামী হইতে না পারিলে, উর্দ্ধতন পুরুষকে

তত্রাপি পুংসাং মুখ্যত্বাদিতং পিতৃকুলং  
শিবে । অতোহত্র সন্নিকটোহপি মাতুলো  
নাপ্ন যাক্ষনম্ ॥ ৫০ ॥ জীবিতপিতৃকঃ পৌত্রঃ  
পিতৃব্যঃ সহ পার্শ্বতি । পিতামহস্য ত্রিবিধঃ  
স্বপিতৃদায়মহতি ॥ ৫১ ॥ ভ্রাতৃহীনা তথা  
পৌত্রী পিতৃব্যঃ সমভাগিনী । পিতামহধনং  
সৌম্যা হরেচ্ছেদ্য তমাতৃকা ॥ ৫২ ॥ সত্যং  
পৌত্রাঃ পিতামহঃ পৌত্র্যাঃ পিতৃসমর্থাপি ।  
বিস্তে পিতৃগতে দেবি পৌত্রী তত্রাধিকারিনী ॥  
৫৩ ॥ অধোগামিযু বিস্তেযু পুমান্ জ্যায়ানধ-  
স্তনঃ । উর্দ্ধগামিধনে শ্রেষ্ঠঃ পুমানুর্দ্ধোভবো  
ভবেৎ ॥ ৫৪ ॥ অতঃ সূত্রায়ং পৌত্র্যাক

প্রাপ্ত হয় ; তন্মধ্যে পুরুষদিগেব প্রধানতা  
প্রযুক্ত অত্রে ধন পিতৃকুলেই গমন করে ;  
এই কারণে এ স্থলে মাতুল সন্নিকটে  
হইলেও ধনভাগী হন না । হে পার্শ্বতি ।  
মৃতপিতৃক পৌত্র ও পুত্র বিদ্যমান থাকিলে  
মৃতপিতৃক পৌত্র পিতামহের ধন হইতে  
পিতার প্রাপ্য অংশ প্রাপ্ত হইবে । পৌত্রী  
যদি ভ্রাতৃহীনা, পিতৃমাতৃহীনা ও স্বধর্ম্মানু-  
বর্ত্তিনী হয়, তাহা হইলে পিতামহধনে  
পিতৃব্যের সহিত সমভাগিনী হইবে । হে  
দেবি । পৌত্রীর পিতামহী ও পিতৃমহা  
জীবিত থাকিলেও পিতৃগত ধনে পৌত্রীই  
অধিকারিনী হইবে অর্থাৎ ধনীর কন্যা,  
জননী, ভগিনীর মধ্যে কন্যাই উত্তরাধি-  
কারিনী । অধোগামী ধনে স্বধস্তন পুরুষেরই  
প্রাধান্য এবং উর্দ্ধগামী ধনে উর্দ্ধস্তন  
পুরুষেরই প্রাধান্য হইবে । হে প্রিয়ে ।

সত্যং দ্বিহিতরি প্রিয়ে । প্রেতস্য বিস্তবৎ হর্ষে  
নৈব শকোতি তৎপিতা ॥ ৫৫ ॥ যদা পিতৃ-  
কুলে ন স্যাদ্ মৃতস্য ধনভাজনম্ । পূর্ব্বোক্ত-  
বিধিনা বিকৃতং মাতামহকুলং ভজেৎ ॥ ৫৬ ॥  
মাতামহগতং বিস্তং মাতুলৈশ্চৈব সূতাদিভিঃ ।  
অবদেউর্দ্ধক্রমেণৈবং পুংসাং স্ত্রিয়মাজ্ঞয়েৎ ॥  
৫৭ ॥ ব্রাহ্মণ্যযয়ে বিদ্যমানে পিত্রোঃ সাপিণ্ডেন  
স্থিতে । মৃতস্য শৈবীতনয়ো ন পিতৃদায়ভাগ-  
ভবেৎ ॥ ৫৮ ॥ শৈবী পত্নী চ তৎপুত্রা লভেরন্  
ধনভাগিনঃ । গ্রাসমাচ্ছাদনং ভদ্রে স্বঃপ্রয়াতু-  
র্ঘথাধনম্ ॥ ৫৯ ॥ শৈবোদাহং প্রকুর্কভীং

এই কারণে পুত্রবধূ, পৌত্রী বা কন্যা জীবিত  
থাকিতে মৃত ব্যক্তির ধন মৃত ব্যক্তির পিতা  
গ্রহণ করিতে পারিবে না । যদি মৃত ব্যক্তির  
পিতৃকুলে কেহ উত্তরাধিকারী না থাকে,  
তাহা হইলে পূর্ব্বোক্ত বিধি অনুসারে সেই  
ধন মাতামহ-কুলকে আশ্রয় করিবে ।  
মাতামহ-কুলগত ধন মাতুল, মাতুলপুত্র  
প্রভৃতি দ্বারা প্রথমতঃ অধস্তন, তদভাবে  
উর্দ্ধস্তন এবং পুরুষজাতি, তদভাবে নারী-  
জাতিকে আশ্রয় করিবে । ব্রাহ্মণ বিবাহে  
বিবাহিতা পত্নীর সন্তান বিদ্যমান থাকিলে  
এবং পিতৃসপিণ্ড বা মাতৃসপিণ্ড থাকিতে,  
শৈব বিবাহে বিবাহিতা আর্ধ্যার সন্তান, মৃত  
ব্যক্তির ধনভাগী হইবে না । হে ভদ্রে ।  
শৈব বিবাহে বিবাহিতা আর্ধ্যা ও তাহার  
পুত্রগণ ধন্যধিকারীর নিকট মৃত ব্যক্তির  
সম্পত্তি অনুসারে গ্রাসাচ্ছাদন প্রাপ্ত  
হইবে । ৪৭—৫৯ । হে প্রিয়ে । শৈব

শৈবভট্টৈঃ পালয়েৎ । সৌম্যাক্ষেমাধিকারো-  
 দ্যঃ পিতৃদীনাম্ ধনে প্রিয়ে ॥ ৬০ ॥ অতঃ  
 সংকু জ্ঞানবন্তাঃ শৈবৈকদ্বয়ান পিতা  
 ক্রোধাদ্বা লোভতো বাপি স ভবোল্লাস-  
 গর্হিতঃ ॥ ৬১ ॥ শৈবী-তদবগ্রাভাবে সোদকো  
 ব্রহ্মদো নৃপঃ । হরৈযুঃ ক্রমতো বিস্তং মৃত্যু  
 শিবশাসনাৎ ॥ ৬২ ॥ পিতৃদাতাঃ সপ্ত পুরুষাঃ  
 সপিতৃঃ কথিতাঃ প্রিয়ে । সোদকা দর্শনাত্মাঃ  
 স্যান্তঃ কেবলগোত্রজঃ ॥ ৬৩ ॥ বিভক্তং  
 দ্রবিলং যচ্চ সংসৃষ্টং স্বেচ্ছয়া তু চেৎ ।  
 অবিভক্তবিধানেন ভাজয়ন্তনং পুনঃ ॥ ৬৪ ॥

বিবাহে বিবাহিত ভাৰ্য্যাকে শৈব ভট্টাই  
 পালন করিবে,—সে যদি ব্যভিচারিণী  
 না হয় । এই শৈবী ভাৰ্য্যা,—পিতা  
 মাতা প্রভৃতির ধনে অধিকারিণী হয় না ।  
 পিতা ক্রোধ হেতু বা লোভ হেতু  
 সংকুগমভূতা কস্তার শৈব বিবাহ দিলে  
 লোক-সমাজে নিন্দিত হইয়া থাকেন ।  
 শৈবী ভাৰ্য্যা ও তাহার বংশ না থাকিলে  
 শিবের শাসন-হেতু ক্রমে অর্থাৎ পূর্ব-পূর্বা-  
 ভাবে সমানোদক, আচার্য্য ও রাজা মৃত  
 ব্যক্তির ধন গ্রহণ করিবেন । হে প্রিয়ে ।  
 পিতৃদাতা হইতে সপ্তম পুরুষ পর্য্যন্ত  
 সপিতৃশব্দে কথিত । অষ্টম হইতে দশম  
 পুরুষ পর্য্যন্ত সমানোদক । অনন্তর কেবল  
 গোত্রজ বলা যায় । যে ধন একবার  
 বিভাগ করিয়া তাহা যদি পশ্চাৎ স্বেচ্ছা-  
 ক্রমে মিশ্রিত করা হয়, তাহা হইলে সেই  
 ধন অবিভক্ত বিধানানুসারে পুনর্বার বিভাগ

অবিভক্তে বিভক্তে বা যশ্চ যাদৃশিভাগিতা ।  
 মৃত্যুতপি তস্ম দায়াদাস্তাদৃশিভবভাগিনঃ ॥ ৬৫ ॥  
 যে যশ্চ ধনহৃত্তারো-ভবৈকজীবনাবধি । দহ্যঃ  
 পিতৃং ত এবাশ্চ শৈবভাৰ্য্যাসুতং বিনা ॥  
 ৬৬ ॥ লোকেহস্মিন্ জন্মদশকাদ্যথশৌচং  
 বিধীয়তে । ধনভাগিত্বসম্বন্ধাৎ ত্রিরাত্রং  
 বিহিতং তথা ॥ ৬৭ ॥ পূর্বেহশৌচেহথবাপূর্বে  
 তৎকালান্তান্তরে ক্রতে । অবগচ্ছবদিবসৈ-  
 বিস্তাধ্যায়ুর্বিজাদয়ঃ ॥ ৬৮ ॥ কালাতীতে তু  
 বিভ্রাতে যথশৌচং ন বিদ্যতে । পূর্বেত্রিরাত্রং  
 বিহিতং ন চেৎ সংবৎসরাৎ পশু ॥ ৬৯ ॥

করিবে । অবিভক্ত বা বিভক্ত ধনে যাহার  
 যেরূপ অংশ নির্দিষ্ট আছে, সেই ব্যক্তি মৃত  
 হইলে তাহার উত্তরাধিকারিগণ সেইরূপ  
 অংশ প্রাপ্ত হইবে । যাহারা যাহার ধনে  
 অধিকারী হইবে, তাহারা যাবজ্জীবন তাহার  
 পিতৃদান করিবে ;—শৈব-ভাৰ্য্যার পুত্র  
 ব্যতীত । এই লোকের জন্মদশকহেতু  
 যেমন অশৌচ বিহিত হয়, সেইরূপ উত্তরা-  
 ধিকারিত্ব সম্বন্ধেও ত্রিরাত্র অশৌচ বিহিত  
 আছে । পূর্বাশৌচ অথবা যথশৌচ,  
 নির্দিষ্ট অশৌচ-কালের মধ্যে ক্রত হইলে  
 অশৌচ-কালের যে কয়েক দিন অবশিষ্ট  
 থাকিবে, দ্বিজাদি সকল বর্ণই সেই  
 কয়েক দিনেই শুদ্ধ হইবে । অশৌচকাল  
 অতীত হইলে পর যথশৌচ ক্রত হইলে  
 অশৌচ হইবে না ; কিন্তু পূর্বাশৌচ ক্রত  
 হইলে তিন দিন অশৌচ হইবে—যদি  
 এক বৎসরের পর না হয় । এক বৎসর

১০০ ৷ দ্বিতীয়েহপি চেমাতুঃ পিতৃণা মরণক্রান্তে ।  
ত্রৈলোক্যমুচিঃ পুত্রস্তথ ভর্তুঃ পতিব্রতা ॥ ১০০ ॥  
অশৌচাভ্যস্তরে যম্মশৌচাভ্যস্তরমাপতেৎ ।  
ওষ্মশৌচেন মর্ত্যানাং শুদ্ধিস্তত্র বিধীয়তে ॥  
১০১ ॥ অশৌচানাং গুরুত্বং কালব্যাপিত্ব-  
গৌরবাৎ । ব্যাপ্যব্যাপকয়োর্মধ্যে গরীয়ো  
ব্যাপকঃ স্মৃতম্ ॥ ১০২ ॥ যদ্যশৌচান্তদিবসে  
পতেদপরমৃতকম্ । পূর্বাশৌচেন শুদ্ধিঃ  
স্বাদান্যবক্ষ্যা দিনদ্বয়ম্ ॥ ১০৩ ॥ তাবৎ পিতৃ-  
কুলশৌচং যাবনোদ্বহনং স্ত্রিয়াঃ জ্ঞাতে  
পরিণয়ে পিত্রোর্মৃতো ত্রাহমুকাহুতম্ ॥ ১০৪ ॥

অতীত হইলে পুত্র—পিতার বা মাতার  
এবং পতিব্রতা পত্নী—ভর্তার মরণ অবগণ  
করিলে ত্রিরাত্র অশৌচ হইবে । যেহলে এক  
অশৌচের মধ্যে অন্য একটী অশৌচ হয়,  
সেই স্থলে গুরু অশৌচ দ্বারা মানবদিগের  
শুদ্ধি বিহিত আছে । ১০০—১০১ দীর্ঘকাল-  
ব্যাপিত্বরূপ গৌরব হেতুই অশৌচের গুরুত্ব ।  
ব্যাপ্য-অশৌচ ও ব্যাপক-অশৌচের মধ্যে  
ব্যাপক-অশৌচই গুরুতর । যদি মরণ-  
শৌচের বা জননাশৌচের শেষ দিবসে  
অঁহোরাত্র মধ্যে অপর কোন মরণ-জনিত  
বা জন্ম-জনিত ঋণশৌচ উপস্থিত হয়,  
তাহা হইলে পূর্ব অশৌচ দ্বারাই সেই  
অশৌচ ঘাইবে অর্থাৎ ঋণশৌচ গ্রহণ  
করিতে হইবে না । যদি পূর্ণশৌচ হয়,  
তাহা হইলে পূর্বাশৌচের পর দুই দিন  
অশৌচবুদ্ধি হইবে । জীলোকের যে পর্য্যন্ত  
বিবাহ না হয়, সে পর্য্যন্ত পিতৃকুলে অশৌচ

বিবাহানন্তরং নারী পতিগোত্রেণ গোত্রিনী ।  
তথা গ্রহীতৃগোত্রেণ দত্তপুত্রস্ত গোত্রিতা ॥  
১০৫ ॥ স্মৃতমাদায় সন্মত্যা জনন্যা জনকস্ত  
চ । স্বগোত্রনামানুযায়িত্বা সংস্কৃত্য স্বজনৈঃ  
সহ ॥ ১০৬ ॥ উরসেহপি যথা পিত্রোর্থনে  
পিণ্ডেহধিকারিতা । আদাত্তোদত্তকে তদ্বদ-  
যতোহস্ত পিতরৌ হি তৌ ॥ ১০৭ ॥ আপকাস্তং  
শিশুং গৃহ্নন্ মবর্ণাং পরিপালয়েৎ । পক-  
বর্ষাধিকে বালো দত্তকো ন প্রশস্ততে ॥ ১০৮ ॥  
ভাতৃপুত্রোহপি দত্তশ্চেদ গ্রহীতৃত্বং ভবেৎ  
পিতা । উপাদকঃ পিতৃব্যঃ স্ত্রাৎ সর্গ-

হইবে । বিবাহ হইলে পর পিতা-মাতার  
মরণে ত্রিরাত্র অশৌচ হইবে । বিবাহের  
পর নারী পতিগোত্র প্রাপ্ত হইবে । এইরূপ  
দত্তকপুত্র, দত্তকগ্রহীতার গোত্র প্রাপ্ত  
হইবে । জননী ও জনক—উভয়ের সন্মতি-  
ক্রমে পুত্র গ্রহণ করিয়া গ্রহীতা আপনার  
গোত্র ও নাম উল্লেখ করিয়া স্বজনবর্গের  
সহিত ঐ দত্তকপুত্রের সংস্কার করিবে ।  
যেদ্রুপ উরস পুত্রে পিতামাতার ধন এবং  
পিণ্ডাধিকার আছে, সেইরূপ দত্তক পুত্রেও  
দত্তক-গ্রহীতা স্ত্রী-পুরুষের ধন ও পিণ্ডাধি-  
কার আছে ; কারণ, তাহারাই ঐ দত্তকের  
পিতামাতা । পঞ্চম বর্ষ পর্য্যন্ত বয়স্ক  
বালককে সর্বগের নিকট হইতে গ্রহণ করিয়া  
প্রতিপালন করিবে । দত্তক-গ্রহণ-বিষয়ে  
পঞ্চমবর্ষাধিক-বয়স্ক বালক প্রশস্ত নহে ।  
হে কালিকে । ভাতৃপুত্রও যদি দত্তক হয়,  
তাহা হইলে দত্তকগ্রহীতাই ঐ দত্তক-

কৰ্ম্মসু কালিকে ॥৭৯॥ যো যন্ত ধনহৰ্ত্তা স্তাৎ  
স তৎকৰ্ম্মানি পালয়েৎ । সংরক্ষেমিহমাং-  
স্তন্ত তৎকৰ্ম্মণ্ পরিতোষয়েৎ ॥ ৮০ ॥ কানীন  
গোলকাঃ কুণ্ডা অতিপাতকিমশ্চ যে  
ন'শৌচং মরণে তেষাং নৈব দায়াধিকারিতা ॥  
৮১ ॥ লিঙ্গচ্ছেদো দমো যেষাং যাসাং নাসা-  
নিকুল্লনম্ । মহাপাতকিনাঞ্চাপি মূর্ত্তে  
ন'শৌচম'চরেৎ ॥ ৮২ ॥ নৃণামুদ্দেশহীনানাং  
পরিবারান ধনাচ্চাপি । পালয়েজ্জফয়েজ্জা  
তাদৃশদশবৎসরম্ ॥ ৮৩ ॥ দ্বাদশাক্ষে গতে

পুত্রের পিতা হইবে এবং তাহার জন-  
দাতা সকল কার্য্যেই পিতৃ হইবে ।  
যে ব্যক্তি তাহার ধনাধিকারী হইবে,  
সেই ব্যক্তিই তাহার ধর্ম্ম পালন করিবে  
ও নিয়ম রক্ষা করিবে এবং তাহার বহু-  
দিগকে পরিতুষ্ট করিবে । ৭২—৮০ । যাহারা  
কানীন, গোলক, কুণ্ড \* ও অতিপাতকী,  
তাহাদের মরণে অশৌচ হইবে না এবং  
তাহাদিগের ধনাধিকারিতাও হইবে না ।  
যে সকল পুরুষের লিঙ্গচ্ছেদরূপ দণ্ড  
হইয়াছে, অথবা যে সকল নারীর রাজসও  
দ্বারা নাসিকাচ্ছেদন হইয়াছে, অথবা যাহারা  
মহাপাতকী ; তাহাদের মরণে অশৌচ  
গ্রহণ করিবে না । ৭১ সকল ব্যক্তি নিষ্ক-  
দ্দেশ হইয়াছে, রাজা তাহাদের পরিবার

\* কষ্টকালে উৎপন্ন পুত্র "কানীন"  
উপপত্তি কর্তৃক বিধবার গর্ভে উৎপাদিত পুত্র  
"গোলক" । উপপত্তি কর্তৃক গর্ভবার গর্ভে  
উৎপাদিত পুত্র "কুণ্ড" ।

তেষাং দৰ্ভদেহান্ বিদাহয়েৎ । ত্রিরাাত্রান্তে  
তৎসুতাদৈর্য্যপ্রোতত্বং পরিমোচয়েৎ ॥ ৮৪ ॥  
ততস্ত্বং পরিবারেভ্যঃ পুত্রাদিক্রমতো ধনম্ ।  
বিভজ্য নৃপতিদ্যাদিত্বা পাতকী ভবেৎ ॥  
৮৫ ॥ ন কোহপি রক্ষিতা যন্ত দীনস্তাপ-  
দগতস্ত চ । তশ্চৈব নৃপতিঃ পাতা যতো  
ভূসঃ প্রীতাপ্রভুঃ ॥ ৮৬ ॥ যদ্যাগাচ্ছনুদ্দিষ্টো  
বিভাগান্তেহপি কালিকে । তশ্চৈব দায়াঃ  
পুত্রাশ্চ ধনং তশ্চৈব নাক্তথা ॥ ৮৭ ॥ ন সমর্থঃ  
পুমান্ দাতুং পৈতৃকং শ্বাবরকং যৎ স্বজনা-  
য়াথবাশ্রমৈশ্চ দায়াদীন্মুমতিং বিনা ॥ ৮৮ ॥ যৎ তু

এবং ধন দ্বাদশ বৎসর পর্য্যন্ত রক্ষা করি-  
বেন । দ্বাদশ বৎসর অতীত হইলে, ঐ  
অনুদ্দিষ্ট ব্যক্তিদিগের কুশলয় দেহ দাহ  
করাইবেন । ত্রিরাত্রের পর ঐ ব্যক্তির  
পুত্রাদি দ্বারা প্রোতত্ব মোচন করাষ্টবেন ।  
অনন্তর নৃপতি, ঐ অনুদ্দিষ্ট ব্যক্তির ধন  
বিভাগ করিয়া, পুত্রাদিক্রমে যথাসম্ভব  
তাহার পরিবারদিগকে প্রদান করিবেন ;  
অন্তথা তিনি পাপী হইবেন । যাহার কেহ  
রক্ষক নাই, তাহার এবং দীন, বিপদগ্রস্ত-  
দিগের রাজাই রক্ষাকর্ত্তা হইবেন ; কারণ,  
রাজাই প্রজাগণের প্রভু । হে কালিকে ।  
অনুদ্দিষ্ট ব্যক্তি যদি বিভাগের পরেও  
আগমন করে, তাহা হইলে তাহারই স্ত্রী-  
পুত্র, তাহারই ধন ; ইহার অন্তথা হইবে  
না । অংশিগণের সম্মতি ব্যতীত পুরুষ  
জাতিও পৈতৃক শ্বাবর ধন স্বজনকে  
অথবা অল্প ব্যক্তিকে দান করিবে

স্বোপার্জিতং রিক্তং শ্রাবণং শ্রাবণেতরং ।  
অশ্রাবণং পৈতৃককং স্বেচ্ছয়া দাতুমর্হতি ॥  
৮৯ ॥ স্মিতে পুত্রৈহংক্যা পত্ন্যাং কন্যায়াং  
তৎসুতেহপি বা । জনকে চ জনন্তাং বা  
ভ্রাতৃর্ঘোবং স্বসর্গাপি ॥৯০॥ স্বার্জিতং শ্রাবণ-  
ধনমশ্রাবণধনকং যৎ । অশ্রাবণং পৈতৃককং  
দাতুং সর্গং স্বগে ভবেৎ ॥ ৯১ ॥ ধনমেবং  
বিধানেন দত্তং বা ধর্ম্মদাতৃ কৃতম্ । পুংসা  
তদন্তথা কর্তুং পুত্রদৈর্ঘ্যৈর্নৈব শক্যতে ॥৯২॥  
ধর্ম্মার্থং শ্রাপিতং রিক্তং দাতা রক্ষিতু-  
মর্হতি । ন প্রভুঃ পুনরাণাতুং ধর্ম্মো হস্ত  
যতঃ প্রভুঃ ॥ ৯৩ ॥ মূলং বা তদুপস্থিতং  
যথাসম্ভবমশ্বিকে । স্বয়ং বা তৎপ্রতিনিধি-

পারিবে নঃ ॥ যে শ্রাবণ বা অশ্রাবণ ধন  
স্বোপার্জিত, তাহা এবং পৈতৃক অশ্রাবণ  
সম্পত্তি স্বেচ্ছামত দান করিতে পারিবে ।  
পুত্র অথবা পত্নী ; কিংবা কন্যা, দৌহিত্র ;  
অথবা জনক, জননী ; কিংবা ভ্রাতা বা  
ভগিনী, বর্তমান থাকিলেও যে শ্রাবণ ও  
অশ্রাবণ ধন স্বোপার্জিত এবং পৈতৃক  
সকল অশ্রাবণ ধন, তাহা দান করিতে  
পারিবে । এইরূপ ধন, পুরুষ এইরূপে দান  
বা অস্ত্র কোম ধর্ম্মা কার্যে ব্যয় করিলে  
তদীয় পুত্রাদি তাহার অন্তথা করিতে  
পারিবে না । ধর্ম্মার্থে নিয়োজিত শ্রাপিত  
ধনের দাতাই রক্ষা করিবে, কিন্তু তাহা পুন-  
র্বার গ্রহণ করিতে পারিবে না ; কারণ,  
ধর্ম্মই সেই ধনের প্রভু । হে অশ্বিকে । স্বয়ং  
অথবা প্রতিনিধি দ্বারা সকল অঙ্গুলারে মূল-

ধর্ম্মার্থে নিয়োজয়েৎ ॥ ৯৪ ॥ স্বোপার্জিত-  
ধনশ্রাবণং দায়াদায়াপি চেকনী । দদ্যাৎ  
স্নেহেন তচ্চাত্মো নাশ্রথাকর্তুমর্হতি ॥ ৯৫ ॥  
যদি স্বোপার্জিতশ্রাবণমেকস্মৈ ধনহারিদাম্ ।  
দদাত্যন্তোচ দায়াদৈঃ প্রতিরোদ্ধুং ন  
শক্যতে ॥ ৯৬ ॥ একেন পিতৃবিশ্বেন যত্র  
বিশ্বমুপার্জিতম্ । পিত্রো সমাংশা দায়াদা  
ন ভাতৃর্হা বিনার্জকম্ ॥ ৯৭ ॥ পৈতৃকানি  
চ বিস্তানি নষ্টেহপ্যক্ষারয়েৎ তু যঃ ।  
দায়াদানাং তদ্বনেভ্য উদ্ধর্তা দ্যাংশমর্হতি ॥  
৯৮ ॥ পুণ্যং বিত্তকং বিদ্যা চ নাপ্রয়েদ-  
শরীরিণম্ । শরীরন্ত পিতৃর্ঘস্যো কিং ন

ধন বা উপস্থিত ধর্ম্মার্থে নিয়োজিত করিবে ।  
৮৯—৯৪ । ধনী যদি স্নেহ বশতঃ কোন  
উত্তরাধিকারীকে স্বোপার্জিত ধনের  
অর্দ্ধাংশ প্রদান করে, তাহা হইলে অস্ত্র  
কোন ব্যক্তি তাহার অন্তথা করিতে পারিবে  
না । যদি উত্তরাধিকারিগণের মধ্যে এক  
ব্যক্তিকেই স্বোপার্জিত ধনের অর্দ্ধাংশ  
প্রদান করে, তাহা হইলে অস্ত্র উত্তরাধি-  
কারীরা তাহার প্রতিরোধ করিতে পারিবে  
না । যেহেতু বহু ভ্রাতার মধ্যে এক ভ্রাতা,  
পৈতৃক ধন দ্বারা ধন উপার্জন করিয়াছে,  
সেইহেতু ঐ পৈতৃক ধনেই সকল ভ্রাতাই  
সমভাগী ; উপার্জক ব্যতীত উপার্জিত  
ধন অপর কেহ প্রাপ্ত হইবে না ; যে ভ্রাতা,  
পৈতৃক নষ্টপ্রায় উদ্ধার করে, উত্তরাধিকারি-  
গণের মধ্যে সেই ব্যক্তি হই অংশ গ্রহণ  
করিবে । শরীর-শুভ ব্যক্তিকে পুণ্য, ধন এবং

শ্রাৎ পৈতৃকং বস্তু ॥ ১০০ ॥ পৃথগ্ভৈঃ  
পৃথগ্ভৈর্মুজৈর্ঘটু শার্জিতম্ । সৰ্বং তং  
পিতৃসংক্রান্তং তদা সোপার্জিতং কুতঃ ॥  
১০০ ॥ অতো মহেশি স্মার্যাসৈর্ঘেন  
বন্ধনমর্জিতম্ । সোপার্জিতং তদেব শ্রাৎ  
স তৎস্বামী ন চাপরঃ ॥ ১০১ ॥ মাতরং  
পিতরং দেবি গুরুকৈব পিতামহান্ । মাতা-  
মহান্ করেণাপি গ্রহবন্মৈব দায়ভাকু ॥  
১০২ ॥ নিম্নমুদ্যানপি প্রাণৈর্ন তেষাং ধন-  
মাপ্নুয়াৎ । হতানামুদায়াদা ভবেয়ুর্ধন-  
ভাগিনঃ ॥ ১০৩ ॥ নপুংসকাঃ পঙ্গবশ্চ  
গ্রাসাচ্ছাদনমস্মিকে । যাবজ্জীবনমহন্তি ন

বিদ্যা আশ্রয় কবে না । এই শরীর যেহেতু  
পিতৃ-সম্বন্ধী, সুতরাং কোন ধন পৈতৃক না  
হইবে? মানবগণ পৃথগম ও পৃথগ্নন  
হইয়াও যাহা উপার্জন করিবে, তৎ-  
সমস্তই পিতৃসংক্রান্ত ; সোপার্জিত ধন  
কিরূপে মত্তব হয়? অতএব হে মহেশ্বরী ।  
যে ব্যক্তি নিজ পরিশ্রম দ্বারা যে ধন উপা-  
র্জন করিবে, তাহা তাহারই সোপার্জিত—  
সেই ব্যক্তি সেই ধনের স্বামী, অন্য কেহ  
নহে । হে দেবি । মাতা, পিতা, গুরু,  
পিতামহ বা মাতামহকে কর দ্বারাও গ্রহণ  
